

চামৃত হচ্ছে শ্রীচেতনা মহাপ্রভুৱ জীবনী ও শিক্ষা সম্বন্ধে গোমানিক গ্রন্থ। প্রায় ৫০০ বছর আগে পরমেশ্বর ভগবান গোর অধঃপতিত মানুযমের কৃষ্ণ-ভত্তি শিক্ষা দান করার শ্রীধাম মায়াপুরে অবতীর্ণ হন। শ্রীচৈতনা মহাপ্রভু যখন স কর্নছিলেন তখন ভারতের সমস্ত মনীষী ও পণ্ডিতেরা ব ভগবানরূপে চিনতে পেরে তার শরণাগত হয়েছিলেন। গাবত শ্রীচৈতনা মহাপ্রভুর শিক্ষায় ও আদর্শে অনুপ্রাণিত মানন্দে মর্যা হয়েছিল।

দাস কৰিবাজ গোস্বামী বিরচিত 'শ্রীচৈতনা চরিতামৃত''
অনুবাদ করে সারা পৃথিবীকে আজ ভগবৎ-চেতনায় উদ্বন্ধ
তনা মহাপ্রভুরই এক অতি অন্তরঙ্গ পার্যদ কৃষ্ণকৃপাশ্রীমৃতি
গারবিন্দ ভিভিবেদান্ত স্বামী প্রভুপাদ। এই গ্রন্থটি শ্রীল
ত Sri Caitanya Caritamrita-এর বাংলা অনুবাদ।
মিতের প্রতিটি শ্রোকের শব্দাথ, অনুবাদ এবং বিশদ তাৎপর্য
গার্যায় প্রকাশিত হয়েছে। যারা শ্রীচেতনা মহাপ্রভুর সম্বন্ধে
। এই গ্রন্থের মাধামে তারা শ্রীচৈতনা মহাপ্রভু এবং তার
গ্রন্থত তত্ত্ব ম্যান্থ হাদয়ক্য করতে মক্ষম হবেন।

আদিলীলা

গ্রীটেডিডান্য চারডার্থার প্রামি প্রভূপাদ




ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত

প্রীচৈতন্য চরিতামত

আদিলীলা



কৃষ্ণকৃপাশ্রীমৃতি শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ অন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংয়ের প্রতিষ্ঠাতা আত্রাণ

শ্রীওল-গৌরালো জয়তঃ

PORTOR SAID MAYOR THE DESIRED AND RESPONDE

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী কৃত

শ্রীচৈতন্য-চরিতামৃত

মাসিক হরেকুঞ্চ সমাচার

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ৷ জয়বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ৷৷

জগদ্ওরু শ্রীল ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ রচিত গ্রন্থাবলী ঃ

গ্রীমন্তগবদগীতা যথাযথ গীতার গান ত্রীমন্তাগরত (বারো খণ্ড) শ্রীটেতন্য-চরিতামৃত (চার খণ্ড) গীতাব রহস্য খ্রীচৈতন্য মহাপ্রভর শিকা ভক্তিরসামৃতসিল্ধ শ্রীউপদেশামৃত কপিল শিক্ষামৃত কুন্তীদেবীর শিক্ষা গ্রীঈশোপনিষদ লীলা পুরুদোন্তম ত্রীকৃকঃ আদর্শ প্রধা আদর্শ উত্তর আত্মভান লাভের পছা জীবন আসে জীবন থেকে বৈদিক সাম্যবাদ কৃষ্ণভক্তি সর্বোশুম বিজ্ঞান অস্তের সদ্ধানে ভগবানের কথা জান কথা ভক্তি কথা ভক্তি নতাবলী ভক্তিবেদান্ত রতাবলী বৃদ্ধিযোগ বৈষ্ণৰ শ্লোকাবলী ভগৰৎ-দৰ্শন (মাসিক পত্ৰিকা) হরেক্ষ সংকীর্তন সমাচার (মাসিক পত্রিকা)

विरुग्ध अनुमक्षारनत जना निम्न क्रिकानाम स्थाशास्याश करून ।

ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট বৃহৎ মৃদক্ষ ভবন পোঃ শ্রীমারাপুর (৭৪১ ৩১৩) মদীয়া, পশ্চিমবন্ধ অজন্তা আপোর্টমেন্ট, মুদাট ১ঈ, দোরলা, ১০ গুরুসদয় রোড, কলকাতা ৭০০ ০১১

শ্রীচৈতন্য-চরিতামৃত

আদিলীলা (১ম-১৭শ পরিচ্ছেদ)

কৃষ্ণকৃপাশ্রীমূর্তি শ্রীল অভয়চরপারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংখ্যে প্রতিষ্ঠাতা ও আচার্য কর্তৃক

মূল বাংলা ক্লোকের ল্লোকার্থ, সংস্কৃত শ্লোকের শব্দার্থ ও অনুবাদ এবং বিশদ ভাৎপর্য সহ ইংরেজী Sri Caltanya-Caritamrita-এর বাংলা অনুবাদ

অনুবাদক : জীমৎ ভক্তিচাক্র স্বামী মহারাজ

COLUMN TOWN THE PARTY OF THE PA

market and the state of the sta

NED DI NICEDOE

the state of



ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট

ছামত্যাপুর, কলকাতা, মুম্বাই, নিউইয়র্ক, <mark>লস্ *এছেলে*ন, লঙা, নিডনি, পারিম, রোম, ইংকং</mark>

Sri Chaitanya Caritamrita

Adi Lila (Bengali)

প্রকাশক ঃ ভক্তিবেদান্ত বুক ট্রাস্টের পক্ষে শ্যামরূপ দাস ব্রহ্মচারী

প্রথম সংস্করণ	2	3200-0,000 AL
कियोग मरकत्व	1	১৯৮ <u>৯</u> —২,০০০ কপি
ভূতীয় সংস্করণ	1	3335-0,000 年何
চতুর্থ সংকরণ	1	১৯৯৩ ত,৫০০ কশি
পথ্যম সংকরণ	1	১৯৯৪—৪,০০০ কপি
वर्क नरकत्रण		১৯৯৫—৩,০০০ কণি
সংশোধিত সপ্তম সংকরণ	1	२००२—२,००० कनि

or her files to hear for Callanya

was taking their Shortmanning L

এছবন্ধ : ২০০২ ভক্তিবেদাক বুক ট্রাস্ট কর্তৃক সর্বন্ধ সর্বেন্দিত

মুদ্রশ :
বীমায়াপুর চল গ্রেদ
বৃহৎ মুদল ভবন
বীমায়াপুর ৭৪১ ৩১৩
নদীয়া, পশ্চিমবদ

E-mall: shyamrup@pamho.net Web: www. krishna.com

উৎসর্গ

আমার যে সমস্ত সুহাদবর্গ ও অনুগত
জনেরা আমার গ্রন্থ অধ্যয়ন করতে ভালবাসেন
এবং যাঁরা আমাকে শ্রীটেতন্য-চরিতামৃত গ্রন্থ
ইংরেজী ভাষায় অনুবাদ করতে অনুপ্রাণিত
করেছেন, তাঁদের উদ্দেশ্যে এই গ্রন্থখানি
সমর্পিত হল।

SCHOOL STREET

— অভয়চরণারবিন্দ ডক্তিবেদান্ত স্বামী

সূচীপত্ৰ

Set Charlement Caritamarita.

angle o house or to the

THOUSEN STEE FROM DE SIND THOU

মান ভারতের পার্বার করিব করিব করিব করিব

STREET STATE WHEN HAVE BEEN!

STREET, STORY TOWN THE PROPERTY

The Sales

Water Street, Square Street

পরিচেদ	विषय	পৃষ্ঠা
	প্রাসন্তিক ডথ্য	*
	মুখবন	19
	প্রকাশকের নিবেদন	খ
	ভূমিকা	- 中
প্রথম	শুর্বাদি বন্দন-মঙ্গলাচরণ	5
क्छीत	বন্ধনির্দেশ-মন্দ্রপাচরণে শ্রীচৈতন্য-তথ্য-নিরূপণ	6.30
কৃতীয়	আশীর্বাদ-মঙ্গলাচরণে ঐতিতন্যাবভারের সামান্য	
· Transport	ও বিশেষ কারণ	224
চতুৰ	শ্রীচৈতন্যাবভারের মূলপ্রয়োজন-কথন	>60
প্ৰম	শ্রীনিত্যানন্দ-তত্ত্ব-নিরূপণ	269
वर्ष्ट	শ্রীঅনৈত-তত্ম-নিরূপণ	096
সপ্তম	পক্ষতত্ত্বাখ্যান-নিরূপণ	80%
व्यक्तम	প্রস্থকারের কৃষণ, গুরু ও বৈঝবের আজা গ্রহণ	680
म्बय	ভক্তি-কমবৃক্ষ	ere
प्रशंब	তৈতন্যবৃদ্ধের মূল কল ও শাখা-প্রশাখা	950
একাদশ	শ্ৰীনিত্যানন্দ স্কন্ধ ও শাখা	489
ছাদশ	শ্রীফারৈত আচার্য এবং শ্রীগদাধর পণ্ডিতের	
	শাৰা ও উপশাৰা	479
जरप्राप्तन	শ্রীচেতন্য মহাপ্রভুর জন্মলীলা	949
एकूर्य न	ত্রীচেতন্য মহাপ্রভূর বাল্যলীলা	804
शंधारणं	শ্রীচেতন্য মহাপ্রভূব পৌগ ত লীলা	P84
বোড়শ	প্রতিক্তন্য মহাপ্রভুর কৈশোরলীলা	৮৫৩
সপ্তসশ	প্রীচৈতন্য মহাপ্রভূর যৌবনলীলা	brbrá
	অনুক্রমণিকা	2006
	শ্রীল গ্রভূপাদের সংক্ষিত্ত জীবনী	2005

প্রাসঙ্গিক তথ্য

প্রীচৈতনা চরিতামৃত হচ্ছে সমস্ত বৈদিক শান্তের সারাতিসার। গ্রীচৈতনা-চরিতামৃতের প্রতিটি তথ্য ও সিভান্ত বৈদিক সাহিত্যের প্রামাণিক শান্ত-সিভান্তের দ্বারা প্রতিপন্ন হয়েছে। এই গ্রন্থ রচনার প্রীল কৃষ্ণদাস কবিরান্ধ গোস্বামী এবং গ্রন্থের ভাষ্য রচনার প্রীল প্রভূপাদ প্রমাণ হিসাবে যে সমস্ত শান্ত এবং প্রীমন্মহাপ্রভুত্ত ধারার বৈষদ্ধ আচার্যবৃদ্দের রচিত প্রস্থাবদী থেকে উদ্ধৃতি দিয়েছেল, সেই সমস্ত শান্তগ্রন্থের নাম নিমে উদ্বেশ করা হল।

चाधर्वटनम्-अरहिका অধৈত-চরিত্ত অনন্ত-সংহিতা वनुश्राम् অমৃতপ্রবাহভাষ্য আদি পুরাণ সংশালনিয়দ উপদেশায়ত উপনিষণ উজ্জাল-নীলমণি ৰুক-সংহিতা चटधर ঐতরেয় উপনিবদ क्टोशिनियम क्लिअखत्रन উপनियम কুর্ম পুরাণ কুৰুকগাঁমুত क्यमाभन কুঞ্চন্দৰ্ভ ক্রমসন্বর্ভ গোপীয়েমামৃত গোবিশ-লীপামত র্ণৌরচন্দ্রেদর চৈতনা উপনিষদ **চৈতলাচন্দ্ৰামৃত** বৃহয়ারদীয় পুরাণ বেদার্থ-সংগ্রহ

.

ক্রৈডনাচরিত মহাকাব্য ছাৰোদা উপনিবদ ভব্দস্ত তৈতিরীয় উপনিবদ দানকেশি কৌয়ুদী নামার্থ সূধাবিধ नातम-लंबनाज नातारूप উপनिष्म নারায়ণাথবশির উপনিবদ নারায়ণ-সংহিতা নরোত্তম-বিলাস পত্ম পুরাণ পরম-সংহিতা গরমান্দ্রা-সন্দর্ভ প্রমেয়-রতাবলী প্ৰশ্ন উপনিবদ প্রেয়-বিলাস পৌছর-সংহিতা বামন পুরাণ বায়ু পুরাণ বিদক্ষমাধ্য বিষ্ণু পুরাণ বৃহক্টোডমীয় ভঙ্ক ৰুহদারণ্যক উপনিবদ বৃহত্তাগৰভামৃত মণ্ডক উপনিবদ লঘূভাগবভামৃত

বেদান্ডসূত্র বৈষ্ণব-মঞ্জবা ব্রস্বাতর্ক ব্রহ্মবৈকর্ত পরাণ द्रवायांयन ব্ৰহ্মসংহিতা ব্ৰহ্মাণ পুৱাণ ভক্তিরত্বাকর ভক্তিরসামৃতসিদ্ধ ভক্তিসন্দর্ভ ভাগবং-সন্দৰ্ভ ভাবার্ব-দীলিকা মহাভারত মহাবরাহ প্রাণ মহা-সংহিতা মনুস্মৃতি মাণ্ডকা উপনিয়দ মুকুন্দমালা-স্তোত্র

ললিডমাবৰ শিব পরাণ খেতাখতর উপনিবল শ্রীচৈতন্য-ভার্নবত শীমন্তগ্ৰহণগীতা শ্রীমন্ত্রাগবত क्षक नुवान **সামু**দ্রিকা স্বামন্থৰ তথ্ শীতোপনিবদ संदर्भानी <u> বাঘতত্ব</u> **स्वाबक्क** হরিডস্টিবিলাস হরিভ**ভিসুধো**দয় হয়শীর্ব পক্ষরাত্র হয়শীবীয়-শ্রীনারায়শ-ব্যহন্তব

এখানে বর্ণিভ শ্রীচৈতনা মহাপ্রভুর শিক্ষার সঙ্গে ভগবদগীতার বর্ণিভ শ্রীকৃষ্ণের শিক্ষার বোন পার্থক্য নেই। ইটিচতন্য মহাপ্রভুর শিক্ষা হচ্ছে পরমেশ্বর ভগবান শ্রীকৃষেম শিক্ষার বাবহারিক আচরণ। ভগবদগীতার প্রীকৃকের চরম উপদেশ হচ্ছে, প্রত্যেকের উচিত ভগবান শ্রীকৃষ্ণের শরণাগত হওয়া। তা হলে, শ্রীকৃষ্ণ প্রতিশ্রুতি দিচ্ছেন যে, সেই ধরনের শরশাণ্ড ব্যক্তিদের সমস্ত দায়িত্ব তিনি গ্রহণ করবেন। পরম পুরুবোতম ভগবান তাঁর অংশ-প্রকাশ ক্ষীরোদকশায়ী বিশৃত্ব মাধ্যমে সমগ্র জড় জগতের রক্ষণাবেক্ষণ করছেন, কিন্তু সেটি তিনি প্রত্যক্ষভাবে করছেন না। বিশ্ব ভগবান যথন বলেন যে, তার তদ্ধ ভক্তের দারিত্বভার তিনি গ্রহণ করেন, তখন তিনি প্রতাক্ষভাবে তাঁকে পালন করেন। শিশু-সন্তান বেমন সর্বত্যেভাবে ভার পিতা-য়াভার উপর নির্ভরশীল হয় অধবা একটি গৃহপালিত পত বেমন ভার প্রভুর উপর নির্ভরশীল হয়, ঠিক ডেমনই কেউ যথন সেভাবেই ভগবানের উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল হন, তবম তাঁকে বলা হয়(তব্ধ ভক্ত) জগবানের শরণাগত হওয়ার পছা হক্তে—১) ভগবভুক্তির অনুকৃষ সব কিছু গ্রহণ করা, ২) ভগবভুক্তির প্রতিকৃষ্ণ সব কিছু বর্জন করা, ৩) ভগবান শ্রীকৃষ্ণ বে সর্বতোভাবে রক্ষা করবেন, সেই বিশাস হুন্যে পোৰণ করা, ৪) প্রমেশ্বর ভগবান শ্রীকৃবেদ্র কুপার উপর সর্বভোভাবে নির্ভর করা, ৫) ভগবানের স্বার্থ থেকে আলাদাভাবে নিজের স্বার্থ না থাকা এবং ৬) সর্বদা নিজেকে অভ্যন্ত দীন ও বিনীত বলে মনে করা।

ভাষান চান যে, এই ছয়টি পছা অনুশীলন করে আমরা যেন তার শরণাগত হই, কিন্তু অন্তবৃত্তি-সম্পন্ন এই জগতের তথাকথিত পশ্চিতেরা এই নির্দেশের তাংপর্য হাদয়দম করতে না পেরে, জনসংখ্যরণকে সেওলি বর্জন করতে শিকা দেয়। *ভগবদ্গীতায়* নবম অধ্যায়ের উপসংহারে ভগবান শ্রীকৃঞ্চ সরাসরিভাবে আদেশ করেছেন, "সর্বদা আমার্কে চিন্তা কর, আমার ভক্ত হও, আমার পূজা কর এবং আমার উপেশ্যে প্রণতি নিবেদন কুর।" এভাবেই সর্বদা মধ হয়ে থাকার ফলে, ভগবান বসছেন, সে নিশ্চিতভাবে তার অপ্রাকৃত খামে তাঁর কাছে ফিরে যাবে। কিন্তু আসুরিক মনোভাবাপন পৃতিতেরা মানুষকে পরমেশ্বর ক্যাবানের দিকে পরিচালিত না করে নির্বিশেব, অব্যক্ত, অবয়-তত্মের দিকে পরিচালিত করে তানের বিপথগামী করছে। নির্বিশেবপদ্মী মায়াবাদী দাশনিকেরা স্বীকার করে না যে, পরম-ডত্ত্বের চরম প্রকাশ হচ্ছেন প্রমেশ্বর ভগবান। কেউ যদি যথাযথভাবে সূর্যকে জানতে চাহ, তা হলে তাকে প্রথমে সূর্যালোকের সম্মুখীন হতে হবে, তারপর সূর্যমন্তল এবং অবশেষে সূর্যমন্তলে প্রবেশ করতে সক্ষম হলে, তখন সে সূর্যলোকের অধিষ্ঠাত দেবতার মুখোমুখি আসতে পারে। যথেষ্ট জানের অভাবে মারাবাদী দার্শনিকেরা ব্রহ্মজ্যোতির উধের্য থেতে পারে না। এই ব্রহ্মজ্যোতিকে সূর্যরন্দির সঙ্গে ভূলনা করা হয়েছে। উপনিবদে স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে যে, চোৰ ঝলসানো ব্রন্সজ্যোতির আবরণ অভিক্রম করতে না পারলে পরমেশ্বর ভগবানের প্রকৃত মুখমণ্ডল দর্শন করা यात्र ना।

শীটেতনা মহাপ্রভূ তাই সরাসরিতাবে ব্রজরাজসূত শ্রীকৃষ্ণের আরাকনা করার শিক্ষা দিয়ে গিয়েছেন। তিনি শিক্ষা দিয়েছেন যে, শ্রীকৃষ্ণের ধাম বৃদ্ধার্ক শ্রীকৃষ্ণেরই সমান, কারণ শ্রীকৃষ্ণ পরমতত্ত্ব হওয়ার ফলে, তিনি এবং তার নাম, রূপ, ওব, নীলা, পরিকর, ধাম ও বৈশিষ্ট্যের মধ্যে কোন পার্থকা নেই। সেটিই হচ্ছে পরমেশ্বর ভগবানের পরম প্রকৃতি। শ্রীটৈতনা মহাপ্রভূ আরও শিক্ষা দিয়েছেন যে, ব্রজবস্থুরা যেভাবে শ্রীকৃষ্ণের আরাধনা করেছেন, সেটিই হচ্ছে সর্বোত্তম সিদ্ধির স্তব্যে সর্বশ্রেষ্ঠ আরাধনা। এই ব্রজবস্থুরা (গোপিকারা অথবা গোপবালিকারা) সব রক্ষমের আশা-আকাজ্ঞা পরিত্যাগ করে শ্রীকৃষ্ণকে ভালবেসেছিলেন। শ্রীটৈতনা মহাপ্রভূ আরও শিক্ষা দিয়েছেন যে, শ্রীমদ্যাগকত হছে দিবাজ্ঞান সমন্বিত অমল পুরাণ এবং পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের শ্রীপাদপ্রয়ে জননা গ্রেমভাকি লাভ করাই হচ্ছে মানব-শ্রীবনের চরম উদ্দেশ্য।

শ্রীটেডন্য মহাপ্রভূর শিক্ষা সাংখ্য-যোগের মূল প্রণেডা শ্রীকলিলদেকের শিক্ষা থেকে অভিন্ন। এই প্রামাণিক যোগপক্ষতি শিক্ষা দিছে পরমেশ্বর ভগবানের রূপের উপর ধ্যান করতে। নির্বিশেব অথবা শূল্যের ধ্যান করার কোল প্রশ্নই ওঠে না। এফন কি আসন, প্রাণামাম আদি যোগের অতি কঠোর পহাওলি জনুশীলন না করেই পরমেশ্বর ভগবান শ্রীবিফুর অপ্রাকৃত রূপের ধ্যান করা যায়। এই ধ্যানকে বলা হয় পূর্ণ সমাধি। এই ধ্যানই যে পূর্ণ সমাধি। এই ধ্যানই যে পূর্ণ সমাধি তা প্রতিপন্ন করে ভগবানগীতার যত অধ্যায়ের শেষে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন যে, সমস্ত যোগীদের মধ্যে যে প্রেম ও ভক্তি সহকারে ভার হদরের অন্তর্জনে সর্বদাই ভগবানের ভিত্তা করে, সেই হক্তে সর্বশ্রেষ্ঠ।

শীতিতনা মহাপ্রভূ জনসাধারণকে অচিষ্টা-ভেদাভেদ-তত্ত্ব রূপ সাংখা দর্শনের মাধামে শিকা দিয়ে গিয়েছেন যাতে প্রতিপন্ন হয়েছে যে, পরমেশর গুণবান যুগপহভাবে তার সৃষ্টির সঙ্গে এক ও ভিন্ন। শ্রীতৈতনা মহাপ্রভূ শিকা দিয়েছেন যে, সমগ্র জনসাধারণের পক্ষে সাংখ্যযোগ ধ্যান অনুশীলনের ব্যবহারিক পত্ন। হছে কেবলমান্ত ভগবানের দিবা নাম কীর্তন করা। তিনি আরও শিকা দিয়েছেন যে, ভগবানের দিবানাম হছে ভগবানের শক্ষ অবতার এবং থেহেতু জগবান হছেন পরমতন্ত্ব, তাই তার দিবানাম ও দিবা রূপের মধ্যে কোন পার্থকা নেই। এভাবেই ভগবানের দিবা নাম কীর্তন করার মাধ্যমে শক্ষতরপ্র ধারা সরাসরিভাবে ভগবানের সামিধ্য লাভ করা যায়। এই অপ্রাকৃত শক্ষতরপ্র কীর্তনকারী ব্যক্তি অপরাধযুক্ত, নামাভাস ও গুজনাম বা চিম্ময় ক্তর—এই তিনটি ক্তরে জন্মাধ্যে উন্নতি সাধন করতে পারেন। অপরাধযুক্ত করে কীর্তনকারীর কড় জগতে নানা রক্ষমের সুখভোগ করার বাসনা থাকতে পারে, কিন্তু ন্বিতীয় করে তিনি সব রক্ষমের জড় কল্য থেকে মুক্ত হন। কেউ যখন চিম্ময় ক্তরে অধিষ্ঠিত হন, তখন তিনি সব চাইতে আকাঞ্চিত পদ—ভগবৎ-প্রমের করে লাভ করেন। শ্রীতৈতন্য মহাপ্রভূ শিক্ষা দিরেছেন যে, এটিই হছে মানব-জীবনের সিদ্ধির পরম কর।

বোগ অনুশীলনের মূল উক্ষেশ্য হচ্ছে ইন্দ্রিয়-সংবম করা। সমস্ত ইন্দ্রিয়ের কেন্দ্র হচ্ছে মন: ভাই সর্বপ্রথমে মনকে কৃষ্ণতাবনায় নিযুক্ত করে তা সংযত করার অনুশীলন করতে হয়। মনের স্থুল কার্যকল্যপ প্রকাশিত হয় বহিরেন্দ্রিরের মাধ্যমে এবং তা হয় আন অর্জন করার প্রচেষ্টায় অথবা ইচ্ছার দারা প্রভাবিত হয়ে ইন্সিয়ের কার্যকলাপের মাধামে। মনের সৃত্যু কার্যকলাপগুলি হক্ষে চিন্তা, অনুভূতি ও ইচ্ছা। চেতনার বৃত্তি অনুসারে জীব কলুবিত অধবা নির্মল হয়। মন যখন পরমেশ্বর ভগবান শ্রীকৃঞ্চে নিখদ হয় (প্রীকৃষ্ণের নাম, রূপ, ওণ, লীলা, পরিকর ও বৈশিষ্টা), তখন সৃক্ষ্ম ও ভূল সমস্ত কার্যকলাপ অনুসূচ্য হয়। ভগবদ্গীতার নির্দেশ অনুসারে চিত্তবৃত্তি নির্মণ করার পছা হচ্ছে মনকে পরমেশ্বর ভগবান শ্রীকৃক্ষের অপ্রাকৃত কার্যকলাপের চিন্তায় মধ্য করা, তাঁর মন্দির মার্ক্তন করা, তাঁর মন্দিরে গমন করা, অপূর্ব সুন্দর সম্জায় সন্দিত ভগবানের অপ্রাকৃত শ্রীবিগ্রাহ দর্শন করা, তাঁর অল্লাকৃত মহিমা শ্রবণ করা, ভগবং-প্রসাদ গ্রহণ করা, ভগবন্ধতের সক করা, ভগবানের শ্রীপাদপত্মে অর্পিত ফুল-তুলসীর মাণ গ্রহণ করা, ভগবানের সম্বৃত্তি বিধানের জন্য কর্ম করা, ভক্ত-বিষেধীদের প্রতি ক্রোধারিত হওয়া প্রভৃতি। মন ও ইপ্রিমের কাৰ্যকলাপ কংনই ভৰ করা যায় না, তবে চেতনার পরিবর্তন সাধনের মাধ্যমে এই সমস্ত কার্যকলাপশুলি পরিত্র করা যায়: *ভগবদ্গীতায়* (২/৩৯) সেই পরিত্রীকরণের নির্দেশ দিয়ে ভলবান শ্রীকৃষ্ণ অর্জুনকে নিষ্কাম কর্মযোগের শিক্ষা দান করে বলেছেন—"হে পার্থ। এই ধরনের বৃদ্ধিতে বৃক্ত হয়ে তুমি যখন কর্ম করবে, তখন তুমি সব রকমের কর্মবন্ধন থেকে মুক্ত হবে।" রোগাদির ফলে কখনও কখনও মানুবের ইল্লিয়তৃত্তি ব্যাহত হয়, কিন্তু সাময়িকভাবে ইপ্রিয়সুখ ভোগের প্রচেষ্টা খেকে বিরত হলেও রোগমুক্তির পর মানুব আবার ইন্দ্রিয়-তৃত্তির প্রচেউয়েয় যুক্ত হয়। মন ও ইন্দ্রিয়গুলিকে সংযক্ত করার প্রকৃত উপায় দা জানার ফলে, অরবৃদ্ধি-সম্পন্ন মানুষেরা জোর করে ইন্দ্রির ও মনের ক্রিয়া বন্ধ করতে চেটা করে, কিছ পরিশেষে তারা ইন্সিয়ের দাসত্বরণ করে ইন্সিয়সুখ ভোগের প্রবাহে প্ৰৰাহিত হয়।

বোলের আটাট পজতি—হম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার প্রভৃতি তাদেরই জনা
নির্দেশিক হয়েছে, যারা অভ্যন্ত গভীরভাবে দেহাঝ-বুদ্ধিয়ক। যে সমন্ত বৃদ্ধিমান মানুষ
কৃক্ষভাবনার অধিষ্ঠিত হয়েছেন, তাঁদের জোর করে ইন্দ্রিয়ের কার্যকলাপ বন্ধ করার চেন্টা
করতে হয় না। পকান্তরে, তাঁরা তাঁদের ইন্দ্রিয়েতলিকে প্রীকৃষ্ণের সেবার মুক্ত করেন।
একটি শিতকে নিষ্ক্রির করে ভার খেলা করার প্রবণতা বন্ধ করা যায় না। কিন্তু উন্নত
করনের কার্যকলাপে নিবৃক্ত করার মাধ্যমে তার দৃষ্টুমি বন্ধ করা যায়। দেই রকম মোণের
আটিট প্রক্রিরার মাধ্যমে জোর করে ইন্দ্রিয়ের কার্যকলাপ দমন করার পছা নিকৃষ্ট ভরের
মানুবদের জনা নির্দেশিত হয়েছে। কৃক্ষভাবনাদ্তের উন্নত কার্যকলাপে মুক্ত হওয়ার
মাধ্যমে উন্নত স্তরের মানুবেরা স্বাভাবিকভাবেই নিকৃষ্ট স্তরের জড়-জাগতিক কার্যকলাপ
থেকে বিরত্ত হন।

এভাবেই শ্রীটেডনা মহাপ্রভু কৃষ্ণভাবনামৃতের বিজ্ঞান শিক্ষা দিয়ে নিরেছেন। সেই বিজ্ঞান হঙ্গের পরমতন্ত্ব। মনোধর্মী শুদ্ধ জানীরা জড় আসন্ধি খেকে নিজেদেরকে দমন করার চেষ্টা করে; কিন্তু সাধারণত দেখা যায় যে, মন অভ্যন্ত বলবান হওমার দরন ভাকে দমন করা যায় না। পক্ষান্তরে, কৃত্রিমভাবে মনের প্রবৃত্তি দমন করার চেষ্টা করা হলে তা মানুষকে আরও বেশি করে ভোগা-বাসনায় লিশ্ব করে। কৃষ্ণভাবনায় বৃদ্ধ মানুষের এই বিপদের সম্ভাবনা থাকে না। তাই, মন ও ইন্দ্রিয়গুলিকে কৃষ্ণভাবনাময় কার্যক্রপানে যুক্ত করতে হয় এবং কিভাবে অনুশীলনের মাধ্যমে তা করতে হয়, সেই সম্বন্ধে প্রতিভন্য মহাপ্রভু আমাদের শিক্ষা দিয়েছেন।

সম্যাস প্রহণ করার পূর্বে প্রীচেতনা মহাপ্রভূ বিশ্বন্ধর নামে পরিচিত ছিলেন। বিশ্বন্ধর লাগটি তাঁকে উল্লেখ করে, যিনি সমগ্র প্রকাত পালন করেন এবং বিনি সমস্ত জীবনের পরিচালনা করেন। সমগ্র বিশ্বের এই পালনকর্তা ও পরিচালক মনুবাজাতিকে এই অনুপম পিকা দান করার জন্য প্রীকৃষ্ণটেতন্য রূপে আবির্ভূত হয়েছেন। প্রীচেতন্য মহাপ্রভূ হজেন জীবনের পরম প্রয়োজন সম্বাদ্ধে শিকা দান করার আনর্শ শিকক। তিনি হজেন মহাবদান্য কৃষ্ণপ্রেম-প্রদাতা। তিনি হজেন সমগ্র করণা ও সৌভাগোর পূর্ব আধার। প্রীমন্তানকত, ভগবদ্গীতা, মহাভারত ও উপনিষদ আদি শান্তসমূহে প্রতিপম হয়েছে যে, তিনি হজেন পরমেশ্বর ভগবান প্রীকৃষ্ণ স্বাহা। এই কলহের যুগ কলিবুগে তিনিই সকলের আরাধ্য। সকলেই তাঁর এই সংকীর্তন আন্দোলনে যোগ দিতে পারে। সেই জন্য কোনও বোগাভার প্রয়োজন হয় না। কেবলমাত্র তাঁর শিকা অনুসরণ করার মাধ্যমে যে কেউ পূর্ণাক মানুষে পরিগত হতে পারে। কেউ যদি প্রীচৈতন্য মহাপ্রভূর হারা আকৃষ্ট হওয়ার যথেষ্ট সৌভাগ্য অর্জন করে থাকে, তা হলে নিঃসন্দেহে তার জীবন সার্থক। পক্ষান্তরে বলা যার, যারা পরমার্থ সাধনের প্রয়াসী, তারা প্রিচিতন্য মহাপ্রভূর কুপা গ্রহণ করার মাধ্যমে অনারাসে মায়ার বন্ধন থেকে মৃক্ত হতে পারে। প্রীচৈতন্য মহাপ্রভূর কুপা গ্রহণ করার মাধ্যমে অনারাসে মায়ার বন্ধন থেকে মৃক্ত হতে পারে। প্রীচৈতন্য মহাপ্রভূর হে শিক্তা এই গ্রহে উপস্থানিত করা হয়েছে, তা স্বয়ং প্রীচিতন্য মহাপ্রভূর যে শিক্তা এই গ্রহে উপস্থানিত করা হয়েছে, তা স্বয়ং প্রীচিতন্য মহাপ্রভূর থে শিক্তা এই ব্যহে উপস্থানিত করা হয়েছে, তা স্বয়ং প্রীচিতন্য মহাপ্রভূত্ব থেকে অভিন।

জড় দেহে আজন বন্ধ জীব তাদের সমস্ত জড়-জাগতিক কার্যকলাপের মাধ্যমে ইতিহাসের পৃষ্ঠা বৃদ্ধি করে। শ্রীটেতল্য মহাপ্রভুর শিক্ষা মানান-সমান্ধকে এই ধরনের অনর্থক এবং অনিতা কার্যকলাপ থেকে বিরত হতে সাহায্য করহে। এই শিক্ষার প্রভাবে মানব-সমান্ধ পারমার্থিক কার্যকলাপের সর্বোচ্চ ভরে উনীত হতে পারে। এই ধরনের পারমার্থিক কার্যকলাপ প্রকৃতপক্ষে শুরু হয় জড় জগতের বন্ধন থেকে মৃত্যু হওয়ার পর। কৃষ্ণভাবনাময় এই ধরনের কার্যকলাপই হচ্ছে মানব-জীবনের চরম উদ্দেশ্য। জড় জগতের উপর আধিপত্য করার মাধ্যমে মিখ্যা প্রতিষ্ঠা অর্থনের যে প্রচেটা, তা অলীক। শ্রীচেতল্য মহাপ্রভুর শিক্ষার মাধ্যমে দিবাজান লাভ করা বায় এবং এই প্রকার জানের ছারা পারমার্থিক জীবনের পথে অপ্রসর হওয়া যায়।

সকলকেই তার কর্মের ফল অনুসারে সুখ অথবা দুঃখডোগ করতে হয়; জড়া-প্রকৃতির এই নিরমকে কেউই প্রতিহত করতে পারে না। যতকা কেউ সকাম কর্মে লিপ্ত থাকে, বতকা দে জীবনের চরম উদ্দেশ্য লাতে বার্থ হবে। আমি ঐকান্তিকভাবে কামনা করি বে, এই চৈতন্য-চরিতামৃত প্রয়ে শ্রীচৈতন্য মহাপ্রভুর শিক্ষা হাদরসম করার মাধ্যমে সমগ্র মানব-সমাজ পারমার্থিক জীবনের জ্যোতির্ময় জান লাভ করবে, যা ওছ আখার কর্মক্রেকে উন্মৃত করবে।

র্থ তৎ সৎ অভয়চরশারবিদ ভক্তিবেদান্ত স্থামী ১৪ই মার্চ, ১৯৬৮ শ্রীটোডনা মহাশ্রভুর আবির্ভাব-ভিথি শ্রীশ্রীপ্রাধা-কৃষ্ণ মন্দির নিউ ইয়র্ক

প্রকাশকের নিবেদন

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্থামী কৃত ঐতিতন্য-চরিতামৃত হচ্ছে শ্রীকৃষ্ণতৈতনা মহাপ্রভূর জীবনালেনা ও শিক্ষার এক প্রধান অবদান। প্রায় পাঁচলো বছর পূর্বে ভারতে যে মহান সামাজিক ও ধর্মীয় আন্দোলন শুক্ত হয়েছিল শ্রীকৈতন্য মহাপ্রভূ হচ্ছেন তার অপ্রদৃত। এই অন্দোলন প্রত্যক্ত ও প্রোক্ষভাবে শুধু ভারতেই নয়, সারা বিশ্বের ধর্মীয় ও দার্শনিক চিন্দ্রখারার পরবতী গতিকে প্রভাবিত করেছিল। শ্রীকৃষ্ণতৈতন্যের প্রভাবের এত কিছুতির জন্য সিংহভাগ কৃতিছের দাবিদার হচ্ছেন বর্তমান প্রছের অনুবাদক ও টীকাকার এবং আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রভিষ্ঠাতা-আচার্য (পারমার্থিক পর্যান্দর্শক) কৃষ্ণকৃপাশ্রীমৃতি শ্রীল অভয়চরগারবিদ্য ভক্তিবেদার স্বামী প্রভূপাদ।

এভাবেই শ্রীচৈতনা মহাপ্রভূ হচ্ছেন এক মহান ঐতিহাসিক গুরুত্বপূর্ণ ব্যক্তিয়। যাই হোক, ঐতিহাসিক বিশ্লেষণে আমানের প্রচলিত রীভিগত পদ্ধতি—সময়ের ফসল হিসাবে খানুবকে দেখা—এখানে বার্থ, কেন না শ্রীকৃষ্ণটোতনা হচ্ছেন এমন এক ব্যক্তিত্ব, যা উৎকর্ষভায় ঐতিহাসিক মিন্যাসের সীমিত গতি অতিক্রম করে।

পাশ্চান্ড্যের মানুষ যথম তার আবিদ্ধারী শক্তিকে গুড় বিশ্বরক্ষাণ্ডের আকৃতি অনুধাবনের প্রতি মনোনিবেশ করেছিল এবং নতুন সমূহ ও মহাদেশের অনেবংশ জলপথে বিশ্ব-পরিভ্রমণ করছিল, প্রাচ্যে তথ্ন শ্রীকৃষ্ণাট্ডেক্যাদেব মানুবের চিন্ময় প্রকৃতির সর্বোত্তম জানের বৈজ্ঞানিক উপলব্ধির এক অন্তর্মুখী বিশ্ববের সূত্রপাত ও পরিকাশনা করেছিলেন।

শ্রীকৃষ্ণতৈতন্যের শ্রীবনীর মুখ্য ঐতিহাসিক উৎস্তাল হচ্ছে মুরারিণ্ড ও সরপ দামোধর গোস্বামী কর্তৃক রক্ষিত কড়চা। প্রীকৃষ্ণতৈতন্যের অন্তরঙ্গ পার্বদ ও বৈদ্য মুরারিণ্ড শ্রীতেভন্যের সহ্যাস গ্রহণ পর্যন্ত প্রথম চরিশ বছরের জীবনের বিস্তারিত তথ্য জিপিক্স করেছিলেন। শ্রীতেভন্য মহাপ্রভুর আটচারিশ বছরের জীবনের অর্থনিষ্ট সময়ের ঘটনাবলী জিপিক্স করা ছিল তার অপর এক অন্তরঙ্গ পার্বদ করাপ দামোদর গোস্বামীর নথিভন্ত কড়চায়।

প্রীচেতন্য চরিভামৃত তিনটি ভাগে বিভক্ত এবং এই ভাগগুলিকে বলা হয় *দীলা*—
আদিলীলা, মধ্যলীলা ও অন্তালীলা। মুরারিগুপ্তের কড়চা হলে আদিলীলার ভিত্তি এবং
স্বালীলা ও অন্তালীলার পৃথানুপৃথ তথ্য সরবরাহ করা হয়েছে স্করপ দামোদরের কড়চা
থেকে।

আদিলীলার প্রথম দাদশ অধ্যার হচ্ছে সমগ্র রচনাকার্যের ভূমিকা। বৈদিক শান্ত্রীয় প্রমাণ উপ্রের করে কৃষণাস কবিরাজ প্রতিষ্ঠিত করেছেল যে, প্রীচৈডনা মহাপ্রভূ হচ্ছেল বর্তমান কলিবুগে ভগবানের অবতার। পাঁচ হাজার বছর পূর্বে এই যুগের সূচনা হয়েছে এবং জড়বান, ডভামি ও কলহ আধি হচ্ছে এই যুগের বৈশিষ্ট্য। গ্রন্থকার আরও প্রমাণ করেছেল যে, প্রীচৈতনা মহাপ্রভূ হচ্ছেন ভগবান প্রীকৃষ্ণ থেকে অভিন। তিনি ব্যাখ্যা করেছেল বে, প্রীচৈতনা মহাপ্রভূ এই অবঃ-পতিত মুগের পতিত স্বীবাদ্মাদের সংকীর্তন প্রচারের স্বারা মুক্ত হস্তে ভদ্ধ ভগবং-প্রেম দানের জন্য প্রবর্তীর্থ হয়েছেন। সংকীর্তনের

আক্ষরিক অর্থ হচ্ছে স্থিবরের মহিমা প্রচার' বিশেষ করে বিরাট জনসমাগমে মহামন্ত্র কীর্তন করা। অধিকন্ত, কৃষ্ণদাস কবিরাজ তাঁর দাদশ পরিচ্ছেদ সম্থানিত প্রস্তাকনায় ভগবান শ্রীচৈতন্যের ধরাধামে অবতীর্দের গুঢ় উদ্দেশ্য ব্যক্ত করেছেন এবং সেই সঙ্গে তিনি তাঁর সহযোগী অবতারদের ও প্রধান প্রধান ভতদের বর্ণদা করেছেন এবং তাঁর শিক্ষার সার সংক্রেপ করেছেন আদিনীলার অবশিষ্টাংশে, এয়োদশ পরিছেদে থেকে সপ্তাদশ পরিছেদে, গ্রহ্মাদশ পরিছেদে থেকে সপ্তাদশ পরিছেদে, গ্রহ্মাদশ পরিছেদে থেকে সপ্তাদশ পরিছেদে, গ্রহ্মার ভগবান শ্রীচৈতন্যের দিব্য ক্রম্মকাহিনী থেকে সন্ত্রাদ পর্যন্ত সংক্রেপে নিপ্ততাবে বর্ণনা করেছেন এই বর্ণনার মধ্যে তাঁর বাল্যকালের অলৌকিক ঘটনাবলী, অধ্যয়ন, বিবাহ ও প্রাথমিক দর্শন বিষয়ক ভর্কযুদ্ধ সহ তাঁর সুদূরবাধ্যে সংকীর্তন আন্দোলন প্রতিষ্ঠান এবং মুদ্রবাদ্য নাসকের নির্যান্তনের বিরুদ্ধে তাঁর আইন অমান্য আন্দোলন অন্তর্ভুক্ত।

তিনটি বিভাগের মধ্যে দীর্ঘতম মধ্যলীলায় সংসার-ত্যাদী সন্ত্রাদী, শিক্ষক, দার্শনিক, তার ও খোণীললে ভগবান প্রীকৃষটেতনা মহাপ্রভুর সারা ভারও পরিপ্রমন বিপদভাবে বর্ণনা করা হয়েছে। এই হয় বৎসর কাল ব্যালী সমরে, প্রীচৈতনা মহাপ্রভু উর প্রধান প্রধান দিবাদের মধ্যে তার শিক্ষা সন্ধার করেছেল। তিনি বিতর্কের ছারা তার সমরের শ্বরাচার্যবাদী, বৌদ ও মুসলমান সহ বহু খ্যাতিমান বাশনিক ও ব্রহ্মবাধীদের মত পরিবর্তন করেছিলেন এবং তালের হাজার হাজার অনুগামী ও শিক্ষাদের সংঘবদ্ধ করে তার আন্দোলনের ক্রমবর্ধমান ভক্তসংখ্যা আরও বাড়িয়েছিলেন। এই ক্রান্থে প্রভূমার জালাবাথপুরীতে বিশাল রথমানা উৎসবে প্রীচেতন্য মহাপ্রভুর অলৌকিক ক্রীর্তির অনেক চম্বর্থন ঘটনারপরির সমিকেল ঘটিয়েছেন

অন্তাদীলায় প্রীচৈতন্য মহাপ্রভূ তাঁর জীবনের শেষ আঠারো করে পুরীর বিখাত জগলাথ মন্দিরের নিকট নিভূতে যেতাবে কাটিয়েছেন তার বর্ণনা আছে। জীবনের এই অতিম পর্বে প্রীকৃষ্ণটেতনা চিদানন্দের ভাব-সমাধিতে গভীর থেকে গভীরে সিমজ্লিত হয়েছেন। প্রাচ্য বা পাশ্চাত্যের সব ধর্মীয় বা সাহিত্যের ইতিহাসে এর কোন তুলনা নেই তাঁর চিবছায়ী ও নিত্যবর্ধিত ধর্মীয় দিবাসুখ এই সময়ে তাঁর নিরন্তর সলী করাশ দামোদর গোলামীর চাক্ষ্ম কর্ণনা লেখচিত্রের মধ্যো বর্ণিত হয়েছে। তিনি আধুনিক মনোবিজ্ঞানী ও ধর্মীয় ভূয়োদর্শনের প্রশক্ষবাদীদের তদন্ত ও বর্ণনামুলক ক্ষমভার শৃষ্টি বিরোধিতা করেছেন

এই মহাকাব্যে প্রদেতা কৃষ্ণাস কবিরাজ গোস্বামী বোড়শ শতালীর আশেনালে কোন এক সময়ে জনপ্রহার্থ করেন এবং তিনি শ্রীটেতন্য মহাপ্রভুর বিশ্বন্ত অনুগাসী, রমুনাছ গোস্বামীর শিখ্য ছিলেন খাতনামা কঠোর বৈরাগালীল তপবী রঘুনাথ দাস স্বরূপ দামোদর গোস্বামী কথিত শ্রীটেতন্য মহাপ্রভুর সমস্ত লীলা কাহিনী ওনে স্কৃতিগটে ধরে রেখেছিলেন। শ্রীটৈতন্য মহাপ্রভু ও স্বরূপ দামোদরের অপ্রকটের পর রঘুনাথ দাস তার পূর্ণ তন্তি ভাজনদের বিচ্ছেদ-বাখা সহ্য করতে না পেরে গোর্থন পাহাড় থেকে বাপ দিয়ে আত্মহনন মানসে কুলাবনে এসেছিলেন ফেডাবেই হোক, কুলাবনে তিনি শ্রীটেতন্য মহাপ্রভুর দৃই অতি বিশ্বন্ত পার্যদ শ্রান্ত রূপ গোন্ধামী ও শ্রীল সনাতন গোন্ধামীর সাকাৎ

পেয়েছিলেন। তাঁরা উর আত্মহননের পরিকঙ্কনা থেকে উাকে বিরস্ত করেছিলেন এবং
উক্তে ভগবান শ্রীচেডন্য মহাপ্রভুর শেব জীবনের প্রেরণাদায়ক অপ্রাকৃত ঘটনাবলী তাঁদের
কাছে প্রকাশ করতে অনুপ্রাণিত করেছিলেন সেই সময় কৃষ্ণনাস করিরাজ গোস্বামীও
কৃষ্ণাবনে অবস্থান করছিলেন, রঘুনার্থ দাস গোস্বামী তাঁকে শ্রীচৈডন্য মহাপ্রভুর দিব্য
শ্রীবনের পূর্ণ ধারণা প্রদান করে সমৃত্য করেছিলেন।

এই সমধ্যের মধ্যে সমসাময়িক ও প্রায় সমসাময়িক কিছু পণ্ডিত ও ডক্ত প্রকৃষ্টেততন্তর কতিপর জীবনীমূলক রচনা লিখেছিলেন। সেণ্ডলি হল্পে মূরারি-পেশ্রের প্রীচেতনাচরিত, লোচন দাস ঠাকুরের চৈতনাম্যকল এবং চৈতনাজাগত সর্বশেষ প্রছাটি রচনা করেন বৃদ্ধাবন দাস ঠাকুরে, যিনি চৈতন্য মহাপ্রভুর জীবন-চরিতের মুখ্য প্রণেডারণে বিবেচিত হয়েছিলেন এবং অভ্যন্ত খ্যাতি লাভ করেছিলেন এই শুরুত্বপূর্ণ রচনার সমর, কুণাবন দাস ভর করেছিলেন যে, এই প্রছটি খুবই বৃহৎ আকারের হবে ভাই তিনি প্রীচিতনা মহাপ্রভুর জীবনের বব ঘটনার বিশ্বদ বর্ণনা পরিপ্রার করেছিলেন, বিশেষ করে অভ্যনীলা। মহাপ্রভুর অগ্রনীলা কাহিনী প্রবাদ বর্ণনা পরিপ্রার করেছিলেন, বিশেষ করে অভ্যনীলা। মহাপ্রভুর অগ্রনীলা কাহিনী প্রবাদ উদ্মীব হয়ে, বৃদ্ধাবনের ভভারা কৃষ্ণাস কবিয়ার গোলামীকে এই মনোরম সীলা-কাহিনী পৃঞ্জানুপ্রকলে বর্ণনা করে একটি পুরুষ্ণ প্রথমেন অনুরোধ করেছিলেন। তারা কবিরাজ গোলামীকে মহান্তা ও পণ্ডিত বলে প্রজ্ঞা করেকেন। এই অনুরোধ বলে এখং বৃদ্ধাবনের শ্রীমদনমোহন বিপ্রহের অনুমতি ও আশীর্বাদ করে তিনি প্রতিভান-কবিতাত্বত রচনাকার্যটি আরম্ভ করেন। এই প্রস্থৃটি সাহিত্য-শিলের উৎকর্যনার এবং দর্শনের বাধকতরা শ্রীচেতনা মহাপ্রভুর জীবনী ও শিক্ষায় ওপর আক্রেরের দিনে শ্রেষ্ঠ সাহিত্যকীর্তি বলে সর্বজন-থান্তা হয়ে উঠেছে।

কৃষণাস কৰিবাৰ ধ্যোৰামী খুবই পরিণত বয়সে ও ভগ্গৰায়া অবস্থায় এই গ্রহ্খানা বচনা ওক করেন। তার এই প্রয়ে ভিনি সেই কথার স্পষ্ট উপ্লেখ করে বলেছেন—
আমি একৰ বথেষ্ট কৃত্ব ও অসমর্থ হয়ে পড়েছি লেখার সময় এখন আমার হাত কাপে। আমি কিছুই সারণ করেতে পারি না, ভালভাবে আমি দেখাত ও জনতে পাই না। তবুও আমি লিখি এবং এটি অভ্যক্ত বিস্ময়কর " এমত দুর্বল অবস্থায় মধ্যমুগীয়া ভারতের এই শ্রেষ্ঠ সাহিত্যকীতি সম্পূর্ণ করা নিঃসন্দেহে সাহিত্যের ইতিহাসে এক অন্যতম বিসায়।

এই হাছটির ইংরেজী অনুবাদ ও ভাৎপর্য প্রচলা করেছেন বিশ্বে ভারতীয় ধর্ম ও দর্শনচিন্তার ক্ষেত্রে বিদর্ম পশুত ও শিক্ষক শ্রীল এ নি. ডক্তিবেদান্ত দ্বামী প্রভূপান। শ্রীল
প্রভূপানের এই ভাৎপর্য দৃটি বালো টীকা প্রছকে ভিন্তি করে রচিত হয়েছে একটি টীকার
ক্রচরিতা হচ্ছেন তাঁর শ্রন্থেয় ওক্তদেশ, বিখ্যাত বৈদিক পশুত, শিক্ষক ও শুভ ভক্ত শ্রীল
ভক্তিসিদ্ধান্ত সরস্বতী সোসামী । তিনি ভবিষ্যালাণী করেছিলেন, "এমন সময় আসকে
মখন বিশ্বের লোকেরা শ্রীচৈতন্য-চরিতামৃত পড়ার জনাই বাংলা ভাষা শিবরে।" অন্য
টীকাটি রচনা করেছেন শ্রীল ডক্তিসিদ্ধান্ত সহস্বতী মহাশয়ের পিতা যিনি আধুনিক ফুলে
শ্রীচেতন্য মহাপ্রতুর শিক্ষালারে অগ্রণী ভূমিকা নিয়েছিলেন, সেই শ্রীল ভক্তিবিনাদ ঠাকুর
মহাশন্ত ।

শ্রীল প্রভূপাদ নিজে ছিলেন শ্রীচৈতন্য মহাপ্রভূপ পরস্পরা ধারার অন্তর্গত একজন
মহাভাগবত এবং তিনিই প্রথম পণ্ডিত যিনি শ্রীকৃষ্টেতনাদেবের অনুগামীদের লিখিও প্রধান
শ্রধান সাহিত্য-কর্মের ধারাবাহিক ইংরেজী অনুবাদ করেছেন। তাঁর বংশা ও সংশৃত ভাষার
পাতিত্য এবং শ্রীচৈতন্যদেবের ধর্মদৃশাসনের সঙ্গে নিবিত্ত পরিচিতির এফন সূচার মেনবক্ষন
ঘটেছে যে, বিশ্বের ইংরেজী ভাষাভাষীদের তিনি এই অতিশার ওক্তবৃপূর্ণ রচনা শিল্পটি
যোগাতার সঙ্গে উপস্থাপন করতে পেরেছেন। অনায়াসে ও স্পষ্টভাবে তিনি কঠিন দার্শনিক
ধারণাওলি এফন প্রাক্তন ব্যাখ্যা করেছেন যাতে ভারতীয় ধর্ম-সংশ্বৃতির সঙ্গে সম্পূর্ণ
অপরিচিত পাঠকও এই গতীর জানসভারপূর্ণ বৃহদায়তন সাহিত্যকর্য বৃথতে এবং এর
মর্ম উপস্থান্ধি করতে সক্ষম হবে

ভক্তিবেগাত বুক ট্রাস্ট বংল চিত্র পোডিত সাত খতে সমগ্র প্রছটি প্রকাশ করে, সমসাময়িক মানুবের বৌদ্ধিক, সাংস্কৃতিক ও পারমার্থিক জীবনের প্রগতির পরিপ্রেক্ষিতে এর মুখ্য শুরুত্ব ধরেছে।

(১৯৬৭ সালের ১০ই এপ্রিল থেকে ১৪ এপ্রিল পর্যন্ত নিউ ইয়র্কের আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের মন্দিরে, শ্রীল কৃষ্ণদাস কবিরান্ধ গোস্বামী বিরচিত শ্রীচৈতনা মহাপ্রভুর প্রামাণিক জীবন চরিত 'শ্রীচৈতনা চরিতামৃত' প্রধ্বের উপর শ্রীল অভরচবণারবিশ ভাতিবেদান্ত স্বামী প্রভুগাদ প্রদন্ত পাঁচটি প্রাত্তকালীন বন্ধ্বতার উদ্ধৃতি।)

কৈতন্য শব্দির অর্থ হচ্ছে 'জীবনী-শক্তি', চরিত অর্থ 'চরিত্র' এবং অমৃত অর্থ 'অমরত্ব।' জীব হিসাবে আমরা চলাফেরা করতে পারি, কিন্তু একটি টেবিল তা পারে না, কারণ তার জীবনীশক্তি নেই. কোন রকম ক্রিয়া করার ক্ষমতা হচ্ছে জীবনীশক্তির লক্ষণ। সেই সূত্রে বলা যায় যে, জীবনীশক্তি বাতীত কোন ক্রিয়া হতে পারে না। প্রাকৃত অবস্থায় জীবনীশক্তি থাকলেও তা অমৃত নয়, অর্থাৎ তাতে অমরত্ব নেই। সূতরাং, কৈতনা-চরিতামৃত বলতে বোঝায়, 'বিভূ-চৈতনোর অমৃত্রর জীবন-চরিত'।

বিদ্ধ জীবনীশন্তির এই অমরত্ব প্রদর্শিত হয় কিন্ডাবে? এই জড় ব্রক্ষাতের কোন মানুহ অথবা প্রাণীর ছারা প্রদর্শিত হয় না, কেন না এই দেছে আমরা কেউই অমর নই। আমাদের জীবনীপত্তি আছে, আমাদের ক্রিয়া আছে এবং আমাদের স্বরূপে আমরা অমর। কিন্তু এই জড় জগতের যে বন্ধ অবস্থায় আমরা পতিত হয়েছি, তার ফলে আমরা অমরত্ব প্রদর্শন করতে পারি না কর্ক উপনিবদে কলা হয়েছে যে, জীব ও ভগবান উভাই নিতা ও তেতন কন্তা। কিন্তু জীব ও ভগবান উভাই অধিনশ্বর হওয়া সক্তেও তাদের মধ্যে পার্থকর রয়েছে। জীবলাপে আমরা অনেক ক্রিয়াকলাপের অনুষ্ঠান করি, কিন্তু আমাদের অভাগ্রকৃতিতে অধ্যপতনের প্রবর্গতা রয়েছে। ভগবানের এই ধরনের কোন প্রবর্গতা নেরছে। ভগবানের এই ধরনের কোন প্রবর্গতা নেরছে। তাবিক্রপক্ষে তার জড়া প্রকৃতির বারা নিয়ন্ত্রিত হন না। বাস্তবিক্রপক্ষে তার জড়া প্রকৃতি হক্ষে বছবিধ অচিন্ত্র শক্তির একটি প্রকৃত্রি

ভগবান ও আমাদের মধ্যে কি পার্থকা তা হানমাসম করতে এই উদাহরগটি আমাদের সাহায় করবে। মাটির উপর গাঁজিরে আকাশের দিকে ভাকাদে আমরা আপাতদৃত্বিতে কেবল মেঘ দেবতে পাই, কিন্তু সেই মেঘের আবরণ ভেদ করে আমরা যদি আরও উপরে যাই, তা হলে উজ্জল সূর্যের কিন্তুণ দেবতে পাব এই সম্বন্ধে একটি সূলর দৃষ্টান্ত আমার মনে পড়াছ : যকন আমি সান্দাশিস্কো খেকে বিমানে নিউ ইয়র্কে যাঁজিলাম, তখন আমাদের বিমানটি মেঘের উপর দিয়ে উড়ে যাজিলা, মেঘের উপর দিয়ে উড়ে যাজিলা, মেঘের উপর দিয়ে উড়ে যাজিলা, মেঘের উপর দিয়ে উড়ে যাজার ফলে আমরা সূর্যকে দেবতে পাজিলাম। কিন্তু যকন আমরা মেঘের নিচে নেমে ওলাম, তখন কর্ম ক্রিকে জার ক্রিকে কেবতে পোলাম না, তখন সূর্য মেঘে ঢাকা পড়ে গিয়েছিল। কিন্তু মেঘের উপরিভাগে সূর্য তখন প্রকাভাবে তার কিরণ বিতরণ করছিল। একটি মেঘ সমন্ত পৃথিবীকে আবৃত করতে পারে না, কারণ সেটি এই ব্ললাণ্ডের তুলনায় পরসাধু সন্দা, এমন কি তা সমগ্র যুক্তরাষ্ট্রকেও আবৃত করতে পারে না। বিমান থেকে

শহরের গগনচুমী বাড়িগুলিকে অত্যন্ত ছোট দেখার, তেমনই, ভ্যাবানের কাছে সমগ্র জাপতিব সৃষ্টি অত্যন্ত তৃত্ব বন্ধ জীবের মায়াবন্ধ হবার প্রবণতা ব্রয়ছে, কিন্ত ভগবানের সেই রকম প্রবণতা নেই সৃষ্ট যেমন মেদের দারা আবৃত হয় না, তেমনই ভগবানও মায়ার দারা আবদ্ধ হন না। ভগবান বেহেতু কখনও মায়ার দারা আবদ্ধ হন না, তাই তিনি নিত্যমুক্ত। অতি কৃত্র জীব হওয়ার ফলে আমাদের মায়াবন্ধ হওয়ার সম্ভাবনা রয়েছে তাই আমাদের বলা হয় বন্ধ জীব নির্বিশেষবাদী বা মায়াবাদী দাপনিকদের সিদ্ধান্ত হচ্ছে, এই জগতে আমরা যেহেতু মায়ার দ্বারা নিয়ন্ত্রিত, তাই ভগবানও যবন এখানে আনেন, ভখন তিনিও মায়ার অধীন হয়ে পড়েন এটিই হচ্ছে ভাদের দর্শনের প্রান্তি।

ভবি প্রীচেতনা মহাপ্রভূবে আমাদের মতো একজন মনে করা উচিত নয়। তিনি বিদ্যাল পরম জীবসভা ভাগবান শ্রীকৃকা স্বাহ। তিনি বংগনও মারারানী মেছের ছারা আবৃত হন না প্রীকৃকা, তাঁর অশে-প্রকাশ, এমন কি গুলি ওছা ভারতাও কংগনও মারার করেনে পতিত হন না প্রীচেতনা মহাপ্রভূ এই ধরাধামে অবতীর্ণ হয়েছিলেন কেবলমার কৃষ্যভন্তি প্রচার করার জন্য। পক্ষাত্তরে বলা যায়, তিনি হতেনে গ্রীকৃকা স্বাহ এবং জীবনের দিশা বিদ্যান কিছাবে তাঁর কাছে যাওয়া যায়। ঠিক যেমন একজন শিক্ষা তাঁর অক্ষম ছারকে হাতে ধরে শিক্ষা দেন, "এভাবে কেখ—ত্ম, আ, ই।" তা দেখে আমাদের কোকমা মতো কখনই মনে করা উচিত নয় যে, শিক্ষা অ, আ, ই, ই লিখছেন। তেমনই, ইনিও শ্রীচেতনা মহাপ্রভূ ভারতালে অবতীর্ণ হয়েছিলেন, কিছা আমাদের বোকার মতো মনে করা উচিত নয় যে, তিনি হচেনে একজন সাধারণ মানুব; আমাদের সর্বলাই মনে রাখা উচিত যে, প্রীচিতনা মহাপ্রভূ ইতেনে ভগবান প্রীকৃক্ষা স্বাহ্ এবং তিনি আমাদের কৃষ্যভন্তি শিক্ষা বিচেনে আমাদের কর্তব্য হচ্ছে সেই আলোকেই তাকে বিশ্বেষণ করা।

ভগবদৃগীতার (১৮/৬৬) শ্রীকৃষ্ণ বলেকে, "সমস্ত ধর্ম পরিত্যাগ করে আমার শরণাগত ইও। আমি ডোমাকে রক্ষা করব।"

আমরা বলি, "শরণাগত হতে হবে। কিছু আধার কত পামিছ রয়েছে।"

আর মায়া আমাদের বলছে, "সেটি কখনও করে। না, তা হলে তো তৃমি আমার কবল থেকে মুক্ত হয়ে যাবে আমার অধীনে থাক, আন আমি ভোমাকে অনবরত শদাযাতে চুগবিচুর্গ করব।"

এটি সত্য খে, মারা আমাদের সব সময় পদাঘাত করছে। এখন মারা বে কিতাবে পদাঘাত করে সেটি আমাদের বোঝা দরকার বার্দ্ধত যখন কর্মন্তীর সঙ্গে থৈকুন করতে যার, তখন গর্মন্তী তার মূখে পদাঘাত করে এডাবেই কুকুর, বিভাল ও অন্য সমস্ত পশুরা মৈপুনের সময় মারামারি করে এবং কোলাহল করে পোষা স্ত্রী-হাতির সাহাখ্যে জললের বুনো হাতি ধরা হয় স্ত্রী-হাতি পুরুষ হাতিটিকে ভূলিয়ে এনে খাঁদে কেলে। প্রকৃতির এই সমস্ত কৌশল পর্যবেক্ষণ করে আমাদের শিকা গ্রহণ করা উচিত।

আমাদের ফাঁদে ফেলার জন্য মামার বিবিদ রকমের কার্যকলাপ রয়েছে এবং এই মড়া প্রকৃতিতে মামার সব চাইতে শক্তিশালী শৃত্বদ হচ্ছে ন্ত্রীজ্ঞাতি। স্ত্রী, পুরুষ বলতে অবশ্য বাইরের পোশাক দেহটিকে বোঝায় প্রকৃতপক্ষে আমরা স্ত্রীও নই, পুরুষও নই। আমরা সক্ষমেই ইন্সি শ্রীকৃকের সেবক। আমানের বন্ধ জীবনে আমরা সকলে সুন্দরী রমনীরালী শৃথালের থারা আবদ্ধ হরে পড়েছি। এভাবেই প্রতিটি পুরুষই যৌন জীবনের থারা আবদ্ধ, তাই মারার বন্ধন থাকে মুক্ত হতে হলে যৌন বেগকে দমন করার শিক্ষা লাভ করতে হবে। অসংযত যৌন জীবন জীবকে সম্পূর্ণভাবে মারার বন্ধনে আবদ্ধ করে রাখে। বিভাবে মারামুক্ত হতে হর, সেই শিক্ষা শ্রীকৈতন্য মহাপ্রত্ দিয়ে গিয়েছেন। মার চবিশ বছর বয়সে তিনি সদ্যাস প্রহণ করেন তথন তার দ্বীর বয়স ছিল মার বোল বছর এবং মারের বয়স সম্ভর আর তিনি ছিলেন পরিবারের একমার পুরুষ। যথিও তিনি একজন রাক্ষণ ছিলেন এবং ধনী ছিলেন না, তবুও ভিনি সন্ধাস প্রহণ করেছিলেন। এভাবেই ভিনি পরিবারের বন্ধন থেকে নিজেকে মুক্ত করেছিলেন

আমন্ত্রা বদি সম্পর্ণরূপে কক্ষভাবনামর হতে চাই, তা হতে আমাদের মায়ার পথককে ভাল করতে হবে। আর বলি আমরা মায়ার রাজ্যেই বাকতে চাই, তা হলে আমাদের এফনভাবে জীবন যাপন করতে হবে, যাতে আমরা মায়ার অধীন হয়ে না পড়ি। সকলবেই বে সংসার ভাগে করতে হবে তা নয় ঐটিচেডনা মহাপ্রভার অন্তরক পার্যদের মধ্যে অনেকেই ছিলেন গৃহস্থ। যেটি পরিত্যাগ করতে হবে, তা হচ্ছে জড় জগৎকে ডোগ করার আকাবলা। ঐতিহতন্য মহাগ্রন্থ যদিও নিমন্ত্রিত শুদ্ধ গার্হস্থা জীবনকে অনুধোদন করেছেন, কিন্তু যাঁরা কর কিছু পরিত্যাগ করে ত্যাগীর ভূমিকা অবলম্বন করেছেন, তাঁদের ভেগা-বাসনাকে তিনি কখনই অনুমোদন করেননি সেই বিষয়ে তিনি ছিলেন অত্যন্ত কঠোর। তার এক সর্বত্যাদী ভক্ত ছোট ছরিদাস একবার কামার্ড দৃষ্টিতে এক রমণীর প্রতি ভাকিমেছিলেন ফলে মহাপ্রান্ত তংকদাৎ জাঁকে পরিস্তাাগ করেন এবং বলেন, "ভূমি আমার সক্ষে থেকে ত্যাগীর জীবন যাগন করছ, আর কামার্ড দৃষ্টিতে স্ত্রীলোকের বিকে তাকাছে ?" তিনি আর কখনও ছোট হরিদাসকে গ্রহণ করেননি। ছোট হরিদাস পরে প্রীচেতনা মহাপ্রভার বিরহে ব্যথিত হয়ে আত্মবিসর্জন দেন খ্রীচৈতন্য মহাপ্রভার অন্যান্য ভন্তবা তার কাছে গিয়ে ছোট হরিদাসকে ক্ষমা করার জনা আবেদন করেন। কিছ ন্ত্রীচৈডনা মহাপ্রভ উত্তর মেন, "ভোমরা সকলে তাকে কমা বারে তার সঙ্গে খাকতে পার, আমি একলটি থাকব (" আর স্লোট হরিনাসের আন্ত বিসর্ভানের সংবাদ যখন মহাপ্রভান কাছে পৌছা (মহাত্রভু অবশ্য অন্তর্যামী-সূত্রে সমস্ত ঘটনা পূর্ব থেকেই অবগত ছিলেন), তখন তিনি বলেছিলেন, "ভালই হয়েছে।" আবার দেখা যায়, মহাপ্রভু একবার যখন ক্তবলন বে, তার এক গৃহস্থ ভক্তের স্ত্রী গর্ভবতী, ডখন ছিনি সেই ভক্তটিকে একটি বিশেষ নাম দিয়ে নিৰ্দেশ দেন যে, শিশু ভূমিষ্ঠ হলে যেন ভাকে সেই বিশেষ নামটি দেওরা হয়। এতাবেই তিনি গৃহস্থদের নিয়ন্ত্রিত জীবন অনুমোদন করেছিলেন। কিন্তু জাপের জীবন গ্রহণ করে যায়া 'উপবাসের দিনে ভূবে ভূবে জল খাওয়ার' মতো ভোগ করার চেষ্টা করে, ভাদের প্রতি তিনি ছিলেন বছের থেকেও কঠোর। পক্ষান্তরে ৰক্ষা ষায়, তাঁর অনুগায়ীদের মধ্যে কোন রকম ভণ্ডামি তিনি বরদান্ত করতেন না।

প্রীচৈতন্য-চরিতামূভ থেকে আমরা জানতে পারি বিভাবে প্রীচৈতন্য মহাপ্রভূ মানুবকে মায়ার শৃঞ্চল থেকে মুক্ত হয়ে অমরত্ব লাভের শিক্ষা দান করেছিলেন। প্রীচৈতন্য-চরিতামূত বলতে ব্যেকায়, "বিভূ-চৈতন্যের অমৃতময় চরিত-মুধা'। বিভূ-চৈতন্য হতেহন

ভূষিকা 🕒

পরমেশ্বর ডগবান। তিনি হজেন পরাম সন্তাসম্পদ্ধ। অসংখ্য জীব রয়েছে এবং তারা সকলেই স্বতন্ত্র সন্তাসম্পদ্ধ। এই কথা বোঝা খুবই সহজ যে, আসানের চিন্তা ধারার এবং আকাশকায় আমরা সকলে শতর ব্যক্তি। পরমেশ্বর ভগবানেও শতর রাজিত সম্পন্তর ক্রিড করা করে ক্রেড ক্

এভাবেই আমালের চিন্তা করা উচিত নয় যে প্রীকৃষ্ণ হখন এই বাড় জগতে অবতরণ করেন, তখন ডিনি কড়া প্রকৃতির অধীন হয়ে যান। প্রীকৃষ্ণ ও তার অবতারগণ কখনই জড়া প্রকৃতির নিয়ন্ত্রগাধীন হন না তারা সর্ব অবস্থাতেই মৃক্ত। বাজৰিকপক্ষে প্রীমড়াগবতে নৈবী ওপ সম্বন্ধে বর্গনা করে বলা হয়েছে, রাড়া প্রকৃতির মধ্যে থাকলেও তিনি তার হারা প্রভাবিত হন না এমন কি ভগবানের ভক্তও যদি এই রকম মৃক্ত অবস্থা প্রাপ্ত বারেন, তা হলে ভগবানের সম্বন্ধে কি আর বলার থাকতে পারে।

মূল প্রশ্ন হচ্ছে, জড় জগতের মধ্যে বাস করেও কিন্তারে আমরা জড়-জাগতিক কলুছ থেকে মৃত্য থাকতে পারি? গ্রীল রূপ গোলামী এই বিবরে ব্যাখ্যা করে ব্যক্তানে হে, এই জগতে বাস করলেও প্রীকৃষ্ণের সেবা করার মাধ্যমে আমরা জড় কলুব থেকে মৃত্য থাকতে পারি। এখন ন্যায়সকতভাবে প্রশ্ন করা যেতে পারে, "কিভাবে আমি সেবা করতে পারি?" এটি কেবল গ্যানের বিষয় নয়, ধান হচ্ছে মনের ক্রিয়া। কিন্তু সেবা হচ্ছে প্রীকৃষ্ণের জন্য থাবহারিক কার্যের অনুলীলন কৃষ্ণসেবায় সব কিছু ব্যবহার করতে হবে। আমানের যা কিছু রয়েছে, বা কিছু ব্যবহার্য, সেই সবই প্রীকৃষ্ণের জন্য থাবহার করা উতিং কৃষ্ণসেবার কোন কিছুই অব্যবহাত রাখা উতিত নয়। আমরা আমানের সর কিছুই ভগবানের সেবার ব্যবহার করতে পারি—টাইপ-রাইটার, প্ররোক্ষেন, গাড়ি, এমন কিছুই ভগবানের সেবার ব্যবহার করতে পারি—টাইপ-রাইটার, প্ররোক্ষেন, গাড়ি, এমন কিছুই ভগবানের সেবার ব্যবহার করতে পারি—টাইপ-রাইটার, প্ররোক্ষেন, গাড়ি, এমন কিছুই ভগবানের সেবা। যগন আমানের মন ইন্দ্রিয়, বাক্যা, অর্থ ও শক্তি ভগবানের সেবার নিয়োজিত হয়, তখন আমরা আর জড়া প্রকৃতির মধ্যে আরক্ষ থাকি না। পারমার্থিক চেতনা বা কৃষ্ণভাবনামৃতের প্রভাবে আমরা জড়া প্রকৃতির ভব্ত অতিক্রম করতে পারি। ঘটি সত্য যে, প্রীকৃষ্ণ, তার অংশসমূহ এবং তার সেবাপরায়ণ ভক্তরা কেউই এই জড়া প্রকৃতির অন্তর্ভুক্ত নন, যদিও অন্তর্ভান-সম্পন্ন মানুক্রো মনে করে যে, ভারে জড়া প্রকৃতির অন্তর্ভুক্ত নন, যদিও অন্তর্ভান-সম্পন্ন মানুক্রো মনে করে যে, ভারে জড়া প্রকৃতির তন্তর্ভুক্ত নন, যদিও অন্তর্ভান-সম্পন্ন মানুক্রো মনে করে যে, ভারে জড়া প্রকৃতিতে রয়েছেন

শ্রীটৈতন্য-চরিতামৃত আমাদের শিক্ষা দান করে যে, আন্ধা অধিনশ্বর এবং চিৎ-জগতে আমাদের কার্যকলাপও অবিনশ্বর মায়াবাদীরা মনে করে যে, পরমতন্ত হচ্ছেন নির্বিশেব, নিরাকার। ভারা ভর্ক করে যে, সিদ্ধ অবস্থা প্রান্থির পর মৃক্ত আত্মার স্থার কথা বলার প্রয়োজন হর না। কিছু বৈধাব বা কৃষ্ণভক্তদের মতানুসারে, যখন কেউ সেই উপসন্ধির ন্তরে উর্নীত হয়, তথনই বধার্থ কথা কলা ৩ফ হয়। জীয়া বলেন, "পূর্বে আমরা যে সমত কথা বলেছি, সেই সৰই অৰ্থহীন ও অবান্তর এখন আমরা প্রকৃত কথা বলতে ন্তক করব, সেই কথা হছেছ কৃষ্ণকথা।" 'আত্ম-ভত্তমানী মৌন অবলয়ন করে' ভাদের धरे बृक्तित अवर्थत्त बाद्यावामीता धरे अवरक कनभारतत पृष्ठास पिरत थारक । यथन কলপানটি কলপূৰ্ণ বাকে না, তখন ভাতে শব্দ হয়, আর যখন ডা ঋলে পরিপূৰ্ণ থাকে. उन्न खारु अन्न नम २व ना। किन्न यामत्रा कि क्लिनि । बर्टनत नास्तत महन यामास्तत कि कुमना करा बाद । फर्कभाव गएठ त्रपुण कक्षत्र घाराष्ट्र त्रापुणा विठात करा। यार जवर বে দুটি বন্ধর মধ্যে সব চাইডে বেশি সাপুশ্য রয়েছে, সেটিই হচ্ছে সব চাইডে ভাল পুরুত। একটি জলের কলসি সজীব বন্ধ নয় তা চলাদেরা বরতে পারে না সুতরাং একটি জলের পারের সঙ্গে একজন পূর্ণ চেতন যানুবের তুলনা করা যায় মা। ভাই নীরব ধানেপদ্ধতি যথেষ্ট নয়। কেন? কারণ শ্রীকৃষ্ণ সম্বন্ধে আমাদের এত কিছু বলার আছে বে, কেবলমাত্র চবিশ ঘণ্টা সমন্বিত এক-একটি নিন সেই জন্য পর্যাপ্ত নর সূর্য যতক্ষ নীয়ৰ থাকে ভতক্ষাই সন্মান পায় , যখনই সে মুখ খোলে, তখনই ভার মুর্যন্তা প্রকাশ পায়। *প্রীটেতন্য-চরিতামুতে* আমরা দেখতে পাঁই যে, পর্যেশ্বর ভগবানের মহিমা কীর্তন করার মাধ্যমে অনাবিদ্বত অপূর্ব সমস্ত বিবয় উন্মোচিত হয়

ঐতিতন্য-চরিতাসূতের প্রারন্তে শ্রীল ক্ষাদাস কবিরাজ গোস্বামী নিখেছে।, "আমি আমার ওরবর্গকে আমার প্রথতি নিবেদন করি।" গুরু-পরস্পরার সম্বন্ধে নির্দেশ প্রদান করার জন্য তিনি এখানে বছরচন প্রয়োগ করেছেন এমন নয় যে, তিনি কোবাগ তাঁর ওঞ্জেবকেই প্রণতি নিবেদন করেছেন, ভগবান শ্রীকৃষ্ণ থেকে ওরু করে সমগ্র শুরু-পরস্পরাকেই তিনি প্রণতি নিবেদন করেছেন। এভাবেই পূর্বতন সমস্ত বৈধ্ববগণকে সর্বোচ্চ मधान धार्म्य स्त्रात स्त्रा धार्यात स्माराह्य राजात वस्त्रात स्त्रात स्त्रात स्त्रात स्त्रात পরস্পরাকে প্রণাডি নিবেদন করার পর গ্রন্থকার জ্ঞাথানের জঞ্চাদের, স্বয়ং জ্যাবানকে, তাঁর অবতারগণকে, ভগবানের প্রকাশদেরকে এবং শ্রীকুরের অন্তরদা বরুপ-শক্তিকে প্রথতি নিবেদন করেছেন। শ্রীটেডন্য মহার্রন্থ হচ্ছেন একাধারে ভগবান, গুরু, ভক্ত, অবতার, জন্তরনা শক্তি ও অংশ-প্রকাশের মূর্ডিমান পুরুষ - তাঁর জন্ত-স্বরূপে শ্রীনিত্যানন্দ প্রভ হক্ষেন ভগবানের প্রথম প্রকাশঃ অধৈত আচার্য হচ্চেন ভড়-অবভার, গদাধর হচ্চেন অন্তরন্ধা শক্তি, এবং ভক্তরূপে ভটস্থা জীবশক্তি হচ্ছেন শ্রীবাস তাই রামানুজাচার্যের क्ति। चनुमादः श्रेकृकद्क कवन्छ এकक्षणदि हिला कहा इय मा, छीटक ममस श्रकाममः নমেণ্ডিকভাবে উপলব্ধি করতে হয় বিশিষ্টাহৈত দর্শনে ভগবানের শক্তি, প্রকাশ খ অবতারদের বৈচিত্রের মধ্যে এক বলে বিবেচনা করা হয়েছে। পক্ষাপ্তরে বলা যায়, ভগবান এওলি থেকে ভিন্ন নন—সমস্ত কিছু নিয়েই ভগবান।

রকৃতপক্ষে, *শ্রীকৈতন্য-চরিতামৃত* শিক্ষানবিসদের জন্য ময়, তা হচ্ছে পরা বিদ্যার রাতকোত্তর শ্রেণীর পাঠ। আদর্শগভাতাবে, *তগবদ্গীতা* থেকে এই পাঠ শুরু হয় এবং ভারপর শ্রীমান্তাগরত হয়ে অবশোধে শ্রীচৈতন্য-চরিতামৃততে প্রবেশ করতে হয়। যদিও এই সমস্ত মহৎ গ্রন্থ একই পরম স্তব্ধে অধিন্তিত, তবুও তুলনামূলকভাবে বিচার করতে গেলে দেখা যায় বে, শ্রীচৈতন্য-চরিতামৃত হচেছ সর্বেচ্চে স্তবের। এর প্রতিটি প্রোকই নির্বিতভাবে রচিত

ঠৈতনা-চরিআস্তের বিভীয় প্রোকে গ্রন্থকার প্রীচিতন্য মহাগ্রন্থ এবং শ্রীনিভালাশ গ্রন্থকে তাঁর প্রণতি নিবেদন করেছেন। তিনি তাঁদেরকে জড় জগতের অঙ্ককার বিনাশকারী সূর্য ও চপ্রের সলে তুলনা করেছেন এই লীলায় সূর্য ও চপ্রে একই সলে উলিত হয়েছেন।

পাশ্চাত্য দেশে, যেখানে ত্রীচৈতন্য মহাপ্রভূব গুণমহিমা সম্বন্ধ তুলনামূলকভাবে আলাত, সেখানে কেউ জিজাসা করতে পারে, "কে এই শ্রীকৃষ্টেডলা?" *প্রীচেতনা* চনিতামূতের গ্রহাকার শ্রীল কৃষ্ণমাস কবিবাক গোস্বামী জাঁর প্রস্তের ভূতীয় রোকে সেই প্রথম উত্তর দিয়েছেন। সাধারণত, উপনিবসে সেই প্রয়তস্থাকে নির্বিশেষরূপে কর্মন করা হয়েছে কিন্তু উপোসনিবদে পরমতব্যের সবিশেষ রূপের বর্ণনা করে কলা হরেছে—

> दितपात्तन भारतम् मञ्जूमाभिश्चिः सूत्रम् । ७१ वर भ्रमभावृत् मञ्जूधर्मात्र मृहेरस् ॥

"হে প্রস্তু! হে সর্বজীনের পালক আপনার প্রকৃত মুখারবিন্দ উজ্জ্বল জ্যোতির হারা আবৃত হয়ে রমেছে। দরা করে সেই আবরণ উম্মোচন করে আপনার তক্ত ভণ্ডের কাছে নিজেকে প্রকাশ করন।" (প্রীসিশোপনিয়ন ১৫) নির্বিশেষবাদীনের ভগবানের দেহনির্গত রক্ষাজ্যোতির উপ্রের্গ গমন করে তার সবিশেষ রূপ দর্শন করার কমতা নেই। মিশোপনিয়ন হজে পরমেশ্বর ভগবানের উপেশ্যে ভবগান এই নায় যে, নির্বিশেষ ব্রক্ষাকে অধীকার কারা হয়েছে। উপনিবদে নির্বিশেষ ব্রক্ষারও বর্ণনা রয়েছে তবে সেই রক্ষাকে অধীকার কারা হয়েছে। উপনিবদে নির্বিশেষ ব্রক্ষারও বর্ণনা রয়েছে তবে সেই রক্ষাকে অধীকার কারা হয়েছে। উপনিবদে নির্বিশেষ ব্রক্ষারও বর্ণনা রয়েছে তবে সেই রক্ষাকে রিশ্বিশন ব্রক্ষার অধ্যাতি বলা হয়েছে। প্রীকৈতনা-চরিতামূতে আমরা জানতে পারি যে, প্রীচেতনা মহাপ্রভূ হচ্ছেন গ্রীকৃষ্ণ শর্ম। পক্ষাত্রের কার্যায়, প্রীকৃষ্ণতৈতনাই হচ্ছেন নির্বিশন ব্রক্ষার উৎস। পরমাত্মা, বিনি সমস্ত জীবের হালমে এবং বিশের প্রতিটি পরমাত্রের মধ্যে বিরক্ষার কারান। সেই হেতু, তিনি হচ্ছেন সমগ্র ঐশ্বর্য, বীর্য, মদা, জী, জান ও বৈরাণ্য সমন্বিত ইটুশ্বর্যাপ্য ভাবান। সংক্ষেপে আমাদের জানতে হবে যে, তিনি হচ্ছেন শ্রীকৃষ্ণ, পরমেশ্বর ভগবান এবং তার সমান বা তার থেকে মহৎ কোট নেই তার থেকে মহৎ কোন তন্ধ উপলব্ধি করার নেই তিনি হচ্ছেন প্রমান তা তার থেকে মহৎ কেট কেই।

শ্রীল রূপ গ্যোষামী ছিলেন শ্রীচৈতন্য মহাপ্রভূর একজন অন্তরঙ্গ ভক্ত। তাঁর পারমার্থিক জীবনের শ্রারন্তে মহাপ্রভূ তাঁকে ক্রমান্বয়ে দশ দিন ধরে শিক্ষা দান করেছিলন। তিনি একটি সুন্দার রোকে শ্রীচৈতন্য মহাপ্রভূর সম্বন্ধে লিখেছেন—

> नत्पां यश्चमानाम् कृषण्ययानाम् (छ । कृष्णम् कृष्टिजनानाम् भौतिष्टिय नयः ॥

"আমি পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণতৈতান্যর শ্রীচরণক্ষমতে প্রণতি নিবেদন করি, যিনি অন্য সমস্ত অবভরে, এমন কি বহুং শ্রীকৃষ্ণ অপেক্ষা অধিকতর উদার, কেন না তিনি নির্বিচারে কৃষ্ণগ্রেম দান করেছেন, বা পূর্বে কেন্ট কর্মনও দান করেননি।"

শ্রীকৃষেপ প্রতি শ্রপাগতি খেকে শ্রীচৈতনা মহাপ্রত্বর শিক্ষা ওয় হয়েছে। তিনি কর্মযোগ, জানবোগ বা হঠবোগের পহাকে অবলয়ন করার জন্য শিক্ষা দেননি তিনি তার শিক্ষা ওক্ন করেছেন জড় অন্তিশ্বের পরিসমান্তিতে, মেখানে সব রকম জড় আসন্তি সম্পূর্ণভাবে আদা করা হয়, সেখান থেকে। তগবদ্গীতায় শ্রীকৃষ্ণ ওক্ন করেছেন জড়ের সমে আশ্বার পার্যক্ত নিরূপণ করার মাধ্যমে এবং অন্তাদশ অধ্যায়ে তিনি শেব করেছেন সেখানেই, যেখানে আশ্বা ভণ্ডি সহকারে তার কাছে আশ্বাসমর্পণ করে মায়াবাদীরা এখন সমস্ত রকম কর্মার্যতি বর্জন করার কথা বলে কিন্তু সেখান থেকেই প্রকৃত আলোচনা কেবলমাত্র ওক্ন বর্জার কথা বলে কিন্তু সেখান থেকেই প্রকৃত আলোচনা কেবলমাত্র ওক্ন হয়। বেশান্ত-সূত্রের ওক্তওেই বলা হয়েছে, অধ্যাতো রক্ষাজিআসা—"এবন আমানের পরমতশ্ব সমস্ত অবভারের মধ্যে সবচেয়ে উলার অবতার বলে প্রশাস্তা, কিন্তুন শিক্ষা দান করে তিনি মহন্তম উপহার প্রদান করেছেন। প্রভাবের বলা যায়, ভিনি সমস্ত পোকোর ওক্স্তপূর্ণ জিল্লাসার উত্তর দান করেছেন।

জগবানের সেবা এবং তাঁকে উপদান্তি করার বিভিন্ন জর রয়েছে। নির্ভুলভাবে বলতে পেলে, যিনি ভগবানের অন্তিত স্বীকার করেন, তির্নিই ভগবভারির ভারে অধিষ্ঠিত ভগবান মহান—এই তন্ত্ৰটে স্বীকার করা ভাগ, কিন্তু ভগাবং-উপদক্ষির জন। সেটি যথেষ্ট নয় ব্রীচেডনা মহাপ্রভু একজন আচার্যক্রপে, একজন মহান শিক্ষকরণে শিক্ষা দান করেছেন বে, আমরা ভগবানের সঙ্গে এক বিশেষ সম্পর্কে সম্পর্কিত হতে গারি এবং ভগবানের বন্ধু, গিতা-মতো অধবা শ্রেমিকা হতে পারি। ভগবদগীছার বর্ণনা করা ইয়েছে, অর্জুন ব্রীকৃষের অন্তরত সধা ছিলেন বলে ব্রীকৃষ্ণ ভাকে ভার বিশ্বরূপ দর্শন করিয়েছিলেন। কিন্তু জীকৃককে সমস্ত প্রকাতের অধীধররাপে দর্শন করে, তিনি যে শ্রীকৃকের প্রতি বন্ধুর प्रदर्श चाहतम करतिहिला, त्येटै बना कार्बुन योतवात कीत्र कारह क्या डार्थना कार्तिहिलान কিন্তু মহাপ্রভূ আরও উচ্চতর তথ্ব প্রদান করেছেন। শ্রীচৈতন্য মহাপ্রভূর শিক্ষার মাধ্যমে আমরা শ্রীকৃষ্ণের অপ্রাকৃত সখা লাভ করতে গারি এবং তা লাভ হয় অন্তহীনভাবে। এই সব্য সন্তম-মিশ্রিত সধ্য নয়, তা হচেছ বিধি-নিধেধের বছনের অতীত সতঃস্কৃতি অনুরাধের সন্ত। আমরা ভগবানের সঙ্গে তার পিতা অথবা মাডারুপে সম্পর্কযুক্ত হতে পারি। এই কেবন *নীচৈতন্য-চরিতামুতেরই নয়, নীমশ্বাদনতেরও* দর্শন পৃথিবীতে এফন আর কোন শারা নেই, বেখানে ভস্ক ভাগবানের সঙ্গে পুরব্রপে আচরণ করেন। সাধারণত ভগবানকে সর্বদক্তিমান পিতারূপে দর্শন করা হয়, যিনি তাঁর সন্তানদের সমস্ত দাবি পুরণ করেন। সাধারণত, মহান ভক্তবাই গুঁদের ভগবন্ধতি সম্পাদন কালে কখনও কখনও ভগবানের সঙ্গে পুত্ররূপে আচরণ করেন তখন পুত্ররূপী ভগবান হয়ত কোন কিছুর জন্য আবদার করেন, আর পিডা অথবা ঘাডারূপে ভক্ত তাঁর সেই আবদার পুরণ করেন একং প্রভাবেই শ্রীকৃষ্ণকে সেবা করার মাধ্যমে ভক্ত ভগবানের পিতা অথবা মাতা হতে পারেন। তব্দ ভগবানের কাছ থেকে গ্রহণ করার পরিবর্তে তিনি ভগবানকে দান করেন

ভগবানের সঙ্গে ভন্তের এই সম্পর্কের একটি দৃষ্টান্ত হচ্ছে মা বশোদা, যিনি শ্রীকৃষ্ণকে বলছেন, "তুমি ভাল করে খাও, তা না হলে তুমি বাঁচকে না।" এভাবেই শ্রীকৃষ্ণ যদিও সব কিছুর অধীধর, তবুও তিনি তাঁর ভন্তের কৃপার উপর নির্ভর করে রয়েছেন। এটি ভগবং শ্রীতির এক অতুলমীয় দৃষ্টান্ত, যে ভরে ছক্ত মনে করেন যে, তিনি হচ্ছেন শ্রীকৃষ্ণের পিতা অধবা মাতা।

যাই হোক, প্রীচেতন্য মহাপ্রভূব মহন্তম দান হলে ভগবান প্রীকৃত্বকে প্রেমিকরূপে লাভ করার অনুপম শিক্ষা। এই স্তরে ভগবান উরু ভক্তর প্রেমে এত অভিভূত হয়ে পড়েন যে, তিনি তাঁলের সেই ভালবাসার প্রতিদান দিতে অক্ষমন্তা প্রকাশ করেন। শ্রীকৃত্ব ব্রজগোলিকাদের প্রতি এমনই কৃতক্র হয়ে পড়েছিলেন যে, তিনি তাঁলের সেই প্রেমের প্রতিদান দিতে অক্ষম হয়ে বলেছিলেন, "আমি ভোমাদের ভালবাসার প্রতিদানে কিছুই দিতে পারিনি, তোমাদের দেওয়ার মতো আমার কিছুই নেই।" ভগবন্ধভির এই রক্ষম অপূর্ব মাধুর্যমন্তিত তার একমার প্রীচেতনা মহাপ্রভূ দান করে বিরেছেন, পূর্বে ভাল কেন অবজার আথবা আচার্য এই অমৃক্য বস্তুটি দান করেননি তাই রূপ গোস্বামীর উত্তৃতি দিয়ে শ্রীল কবিরাজ গোস্বামী তার প্রছেব চতুর্থ রোকে লিখেছেন, "প্রীচেতনা মহাপ্রভূব হুক্তেন স্বয়ং শ্রীকৃষ্ণ, মিনি পীতবর্গ ধারণ করে শরীমাতার অন্যরাক্ত আবির্ভূত হুয়েছেন। তিনি ইঞ্ছেন মহান লাতা, কেন না সকলকে তার কৃত্বপ্রেম দান করবার জন্য তিনি অবতীর্ণ হুয়েছিলেন আপনার। সর্বদাই শ্রীচেতন্য মহাপ্রভূকে আপনাদের প্রদুয়ে গারণ কর্কন। তার মাধ্যমে শ্রীকৃষ্ণকে জালা সহজ হুবে।"

'ভগবং-প্রেম' কথাটি আমনা বহুবার ওনেছি। এই ভগবং-প্রেম কোন শুর পর্যন্ত বিকশিও হতে পারে তা আমরা বৈক্য-দর্শন থেকে জানতে পারি। ভগবং-প্রেমের তারিক আন নানা স্থানে ও নানা সাহিত্যে দেখতে পাওয়া যায়, কিন্তু প্রকৃতপক্ষে ভগবং-প্রেম যে কি, কিন্তাবে তাকে নিকশিত করা যায়, তা একমাত্র বৈক্ষয়-সাহিত্যেই দেখতে পাওয়া যায়। শ্রীচৈতন্য মহাপ্রভূ যে ভগবং-প্রেম দান করে গিয়েছেন, তা হঞ্জে সর্বোত্তম ও অভুননীয়া

অমন কি এই অড় অগতে প্রেম সম্বন্ধে আমাদের বন্ধ ধারণা নয়েছে। সেই ধারণা এদেছে কোথা থাকে। ভগবানের প্রতি জীবের যে সাভাবিক প্রেম রয়েছে, এটি তারই প্রকাশ। কন্ধ অবস্থান আমাদের অভিজ্ঞাতার পরিধির মধ্যে যা কিছু রয়েছে, সেই সরই প্রমেশ্বর ভগবানের মধ্যে বিদ্যমান, মিনি হচ্ছেন স্ব কিছুর পরম উৎস আমাদের স্বরূপে ভগবানের মধ্যে বিদ্যমান, মিনি হচ্ছেন স্বর কিছুর পরম উৎস আমাদের স্বরূপে ভগবানের মঙ্কে যে নিতা প্রেমের সম্পর্ক, সোটিই হচ্ছে মধার্থ প্রেম, আর জড় জগতের বদ্ধ অবস্থায় যে প্রেমের প্রকাশ দেখা যায়, তা কেবল প্রকৃত প্রেমের বিকৃত প্রতিক্রন মান্ত আমাদের মথার্থ প্রেম নির্বছিল্ল ও চিরস্থায়ী। কিছু সেই প্রেম যেহেতু এই প্রাকৃত ভগতে বিকৃত আকারে প্রতিক্রিত হয়েছে, তাই তা নিববছিল নয়, আর চিরস্থায়ীও নয় আমারা যদি মধার্থ অপ্রাকৃত প্রেম লাভ করতে চাই, তা হলে আমাদের প্রেমকে পরম প্রেমাম্পদ পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের প্রতি অর্পণ করতে হবে। সোটিই হচ্ছে কৃষ্ণভাবনামৃতের মুলনীতি।

এই ব্দড় চেতনার আমরা সেই সমস্ত বস্তুকে ভালবাসার চেন্টা করছি, যা ভালবাসার যোগা নয়। আমরা এবন আমাদের ভালবাসা ক্কুর ও বিভালের উপর অর্পণ করছি। ভার ফলে বিপদের ঝুঁকি নিতে হক্তে যে, কুকুর-বিভালের প্রতি অত্যধিক আসজির ফলে মৃত্যুর সমর ভাদের চিন্তার মর্য ধাকলে, পরের ক্ষয়ে আমাদের কৃকুর অথবা বিভালের পরিবারে ব্যক্তহণ করতে হবে। মৃত্যুর সমর আমাদের চেতনা আমাদের পরবর্তী জীবনকে নির্ধারিত করে। বৈধিক শালো জীলোকের সতীত্বের উপর কেন বিশেষ গুরুত্ব দেওয়া হরেছে, এটি ভার একটি কারণ। ত্রী যদি ভার পতির প্রতি অভ্যন্ত আসতে হয়, তা হলে মৃত্যুর সময় সে ভার কথা শারণ করবে এবং পরবর্তী জীবনে সে একটি পুরুত্ব পরীরে উরীত হবে। সাধারণত একজন পুরুবের জীবন একজন ন্ত্রীর থেকে উন্নত, কারণ পারপ্রথিক তথ্যজান লাভ করার লক্ষে পুরুবের লরীর অনেক বেশি অনুকৃষ্ণ

কিন্তু কৃষ্ণভাবনামৃত এতই অনুপম বে, ভাতে স্থাঁ ও পুরুবের মধ্যে কোন পার্যধ্য নেই। ভগবন্গীতার (৯/৩২) ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন, "কেউ যদি আমার শর্ণাগত হর, তা শে শ্রী, সূত্র, বৈশ্য অথবা নির্যোনির অন্তর্গত বেই হোক না কেন, সে অবশাই নিশ্চিতভাবে আমার সাহিধ্য লাভ করবে।" এটিই হচ্ছে শ্রীকৃষ্ণের প্রতিশ্রুতি।

প্রীচেতন্য মহাপ্রভু এই সম্বন্ধে বলেছেন যে, প্রতিটি দেশে ও প্রতিটি গাল্টেই ভগবং-রেমের উল্লেখ ররেছে। কিন্তু প্রকৃত ভগবং-প্রেম যে কি, তা কেউ জানে না। সেটিছ হচ্ছে অন্যান্য পাল্লের সঙ্গে বৈদিক শান্তের পার্থক্য। বৈদিক শান্তগুলি ভগবং-গ্রেম সাভের জন্য মানুবকে সঠিক পথে পরিচালিত করে অন্যান্য শাস্ত্রগুলি কিন্তাবে ভগবানকে প্রেম নিবেদন করতে হয়, সেই সম্বন্ধে কোন সংবাদ দান করেনি, এমন বি প্রকৃতপক্তে ভগবান কে, ভাও বর্ণনা করেনি: যদিও তারা তথুগতভাবে ভগবৎ-প্রেমের কথা প্রচার করে, কিছু সেই ভগবং-প্রেম যে কিভাবে সম্পাদন করতে হয়, সেই সকলে তাদের কিছুই ধারণা নেই। কিন্তু এখানে ঐতিহ্নত মহাপ্রভু ব্যবহারিকভাবে মাধুর্যমণ্ডিভ ভগবং-প্রেমের পছা প্রদর্শন করে গিয়েছেন - এটিডেন্য মহাপ্রস্ক শ্রীমতী রাধারাণীর ভূমিকা অবলখন করে রাধারাণী ফেচাবে শ্রীকৃষ্ণকে ভালবেসেছিলন, সেন্ডাবেই শ্রীকৃষ্ণকে ভালবাসার চেষ্টা করেছেন। রাধারাধী যে কিভাবে শ্রীকৃষ্ণকে ভালবাসভেন তা কৃষ্ণও বৃথতে পারেননি। তহি, রাধারাণীর সেই প্রেম অনুভব করার জন্য শ্রীকৃক্ষ রাধারাণীর ভাব অবলখন করে আ জানবার চেষ্টা করেছেন সেটিই হঞে ঐটিচতনা মহাপ্রভর অবভরণের মূল বছসা। প্রীচৈতন্য মহাপ্রভূ হক্ষেন খ্রীকৃষ্ণ, কিন্তু তিনি প্রীকৃষ্ণকে কিভাবে প্রেম নিবেদন ক্যাতে হয়, তা আমানেব প্রদর্শনের জন্য শ্রীমতী রাধারাণীর ভূমিকা প্রবলমন করেছেন। এভাবেই গ্রন্থকার পঞ্চম রোকে লিখেছেন, "আমি সেই পরফেশ্বর ভগবানের প্রতি আমার সম্রন্ধ প্রণতি নিজেন করি, যিনি রাবারাণীর চিন্তায় সম্পূর্ণভাবে নিমগ্ন।"

এখন প্রশ্ন উঠতে পারে যে, শ্রীমতী রাধারাণী কেং এবং রাধা কৃষ্ণ কিং রাধাকৃষ্ণ হচ্ছেন প্রমের বিনিময়—কিন্ত সাধারণ প্রেম নয়। কৃষ্ণের অনন্ত শক্তি, তার মধ্যে
তিনটি শক্তি প্রধান অন্তরন্ধা, বহিরঙ্গা ও ওটন্থা। অন্তরন্ধা শক্তির আবার তিনটি ভাগ রবেছে—সন্ধিৎ, হ্রাদিনী ও সন্ধিনী। হ্রাদিনী শক্তি হচ্ছে শ্রীকৃষ্ণের আনন্দদায়িনী শক্তি সমস্ত শ্রীবের এই জানন্দ আবাদন করার ক্মতা রয়েছে, কেন না সকলেই আনন্দ লাভের চেষ্টা ক্ষবছে সেটিই হচ্ছে জীবের স্বাভাবিক প্রবৃত্তি। বর্তমানে আমরা এই জড় বন্ধ অবস্থায় আননদায়িনী শক্তিকে উপভোগের চেষ্টা করছি জড় দেহের মাধ্যমে। দেহের সংযোগের ফলে জড় ইন্দ্রির-বিষয় থেকে আমরা আনন্দ লাভের প্রচেষ্টা করছি। আমাদের কখনই হাদরে পোবণ করা উচিত নর যে, শ্রীকৃষ্ণ, বিনি হচ্ছেন নিত্র চিত্রর, তিনিও এই জড় গুরের আনন্দ উপভোগের চেষ্টা করছেন। ভগবস্থীতায় শ্রীকৃষ্ণ এই জড় জগথকে অনিত্য ও দৃঃধ্যম বলে বর্ধনা করেছেন। তা হলে ক্লেম তিনি এই জড় স্তরে আনন্দের অনুসন্ধান করতে যাবেন। তিনি হচ্ছেন পরসাধ্যা, পর্ম চেতন এবং জার আনন্দ জড় ধারপার অতীত্র।

প্রীকৃষ্ণকে কিভাবে আনন্ধ দান করা যায়, তা জানতে হলে আমাদের জকন্মই জীয়ন্তাগবতের প্রথম নয়টি স্বন্ধ এবং তার পরে দশম স্বন্ধটি পাঠ করতে হবে। দশম করে শ্রীমন্তাগবতের প্রথম নয়টি স্বন্ধ এবং তার পরে দশম করেটি পাঠ করতে হবে। দশম করে শ্রীমন্তাগবতের প্রধানী ও অন্যানা প্রজন্মের দুর্ভাগাবণত, অন্তর্মক সাধানের নাম্বর্মের প্রান্ধানী শক্তির প্রকাশ করেছে দুর্ভাগাবণত, অন্তর্মক সম্প্রকাশিকার মাধ্রেমের প্রীমন্ত্রাগবতের দশম করে বর্ণিত চুটিনী শক্তি সমন্বিত শ্রীকৃক্ষের মাধ্রমাণীকে আলিক্ষ্য অথবা প্রকাশের করেছে চায়। কিন্তু সাধারণ মানুবেরা শ্রীকৃক্ষের রাধারাণীকে আলিক্ষ্য করেছে পারে না, করেণ তারা ভগবানের সেই অথাকৃত দীলা-বিলাসকে জাগতিক কামের পরিপ্রেক্ষিতে বিচার করে প্রান্তিবশত তারা মনে করে যে, শ্রীকৃক্ষ হক্ষেত্র তানের মতো সাধারণ একজন মানুব এবং একজন সাধারণ মানুব যেমন কামার্ত হরে একজন মৃক্টাকে আলিক্ষ্য করে, কৃষ্ণত বুঝি সেই রক্ষম ব্রন্ধাণিকানের আলিক্ষ্য করেন। এভাবেই কিছু মানুবও শ্রীকৃক্ষের প্রতি আকৃষ্ট হয়, ঝারণ তারা মনে করে যে, এটি এক্ষাই একটি ধর্ম যেখনে নির্দ্ধিয়া তাবৈধ গ্রীসকে লিপ্ত হওয়া যায়। সেটি কৃষ্ণভক্তি নয়, সেটিকে কলা হিয় প্রাকৃত সহজিয়া বা জড়-জাগতিক কাম।

এই ধরনের হ্রম থেকে মুক্ত হওয়ার জন্য আমানের রাখা-কৃষ্ণের তথ ভালভাবে অবগত হওয়া প্রয়োজন। প্রীকৃষ্ণের অপ্তরক্ষা শক্তিতে রাখা-কৃষ্ণের অপ্তান্ত দীনাবিলান সম্পাদিত হয়। অন্তরক্ষা শক্তিশের প্রাদিনী শক্তিকে জানা অসক্তব এই জড় জগতে প্রকৃষ্ণ কোন রকম আনন্দ উপভোগ করেন না, কিন্তু তার হ্রাদিনী শক্তি রয়েছে। অন্তর্মা যেহেতু প্রীকৃষ্ণের বিভিন্ন অংশ, তাই এই হ্রাদিনী শক্তি আমানের মধ্যেও রয়েছে। কিন্তু আমরা অভ্যের মাধ্যমে সেই শক্তিকে অস্থাদন করতে চেন্তা করি কিন্তু কৃষ্ণ এই রকম বৃধা প্রচেষ্ট করেন না। ব্রীকৃষ্ণের হ্লাদিনী শক্তির বিষয় হচ্ছেন শ্রীমতী রাধারাকী। প্রীকৃষ্ণ তার এই শক্তি প্রকাশ করেন রাধারাকীরাপে এবং তারপর তার সঙ্গে প্রেম বিনিমন্ত করেন। প্রীকৃষ্ণ তার বহিরক্ষা শক্তির মাধ্যমে আনন্দ উপভোগ করেন না। কিন্তু তার আহারাকীরাপে প্রকাশ করেন না। কিন্তু তার আহারাকীরাপে প্রকাশ করেন। এভাবেই শ্রীকৃষ্ণ তার অন্তরকা হ্লাদিনী শক্তিরে তার মাধ্যমে আনন্দ উপভোগ করেন। এভাবেই শ্রীকৃষ্ণ তার অন্তরকা হ্লাদিনী শক্তিকে উপভোগ করাবার জন্য নিজেকে রাধারাকীরপে প্রকাশ করেন ভাগবানের বহু অংশ-প্রকাশ ও অবভারনের মধ্যে এই হ্লাদিনী শক্তিকে স্থানালীরপে প্রকাশ করেন ভাগবানের বহু অংশ-প্রকাশ ও অবভারনের মধ্যে এই হ্লাদিনী শক্তিকে স্থানাল ও অবভারনের মধ্যে এই হ্লাদিনী শক্তিক স্থানাশ ও অবভারনের মধ্যে এই হ্লাদিনী শক্তি হচ্ছ সর্বেত্য ও প্রধান।

থানা নর যে, রাধারাণী শ্রীকৃষ্ণ থেকে ভিন্ন। রাধারাণীও শ্রীকৃষ্ণ, কেন না শক্তি ও শক্তিমানের মধ্যে কোন ভেদ নেই। শক্তি ব্যতীত শক্তিমানের বিশেষ কোন তাৎপর্য নেই এবং শক্তিমান ব্যতীত শক্তির কোন অন্তিত্ব নেই। তেমনই, রাধারাণী ব্যতীত শক্তিয়ে কোন ওকত থাকতে পারে না এবং শ্রীকৃষ্ণ ব্যতীত রাধারাণীর কোন অন্তিত্ব থাকতে পারে না। এই কারণে, বৈক্ষব-দর্শনে স্বর্তথ্যে পরমেশর ভগবানের অন্তর্জা শক্তির আরাধনা করা হর এভাবেই ভগবান ও তার শক্তিকে স্বর্বদেই রাধা-কৃষ্ণরূপে উরোধ করা হরেছে। তেমনই, নারাতপের উপাসকেরা প্রথমে সম্প্রীদেবীর নাম উচ্চারণ করেন, অর্থাৎ কার্মী-নারাত্বণ, তেমনই, রামচক্রের উপাসকেরা প্রথমে সীতাদেবীর নাম উচ্চারণ করেন। সীতা-রাম, রাধা-কৃষ্ণ, কার্মী-নারাত্বণ—সমস্ত ক্ষেত্রেই প্রথমে শক্তিকে সম্বোধন করা হয়।

রাধারাণী ও প্রীকৃষ্ণ একই তন্ত্ব, কিন্তু কৃষ্ণ যথন আনন্দ উপভোগ করতে চান, তিনি তথন নিজেকে রাধারাণীজনে প্রকাশ করেন। রাধারাণী ও প্রীকৃষ্ণের মধ্যে অপ্রাকৃত প্রেয় বিনিময়ই হতে প্রীকৃষ্ণের অন্তরজা চ্লাদিনী পাক্তির প্রকৃত প্রকাশ। আমরা বনিও বলি যে, 'যখন' প্রীকৃষ্ণ সেই বাসনা করেন, কিন্তু প্রকৃতপক্ষে তিনি যে কথন বাসনা করেন তা কেন্টেই কলতে পারে না। আমরা এভাবেই বলি তার কারণ হতে, জড় জগতের কা জীবনে আমরা মনে করি যে, সব কিছুরই একটা তরু রয়েছে, কিন্তু চিন্ময় জীবনে সব কিছুই পূর্ণ এবং তাই শুন্নও মেই, শেষও মেই বিন্তু তব্ও রাধা ও কৃষ্ণ এক হওৱা সম্বেও কিন্তাবে দুই রূপে প্রকাশিত হয়েছেন, তা হাদ্যালম করার জন্য এই 'কখন' এই প্রথাতি আপনা থেকেই মনে আদে। প্রীকৃষ্ণ যখন তার চ্লাদিনী শক্তিকে উপভোগ করতে চান, তবন তিনি নিজেকে রাধারাণীরতে প্রকাশ করেন। আর যখন তিনি রাধারাণীর নাধ্যমে নিজেকে জানতে চান, তবন তিনি রাধারাণীর সঙ্গে আবার এক ইয়ে যান এবং সেই সন্মিনিত রূপ হতেন প্রীচেতন্য মহাপ্রভূ। প্রীচেতন্য-চরিতায়তের প্রকাশ রোকে প্রাণ্ডা ক্রেছেন।

শ্রীকৃষ্ণ কেন শ্রীচেতন্য মহাপ্রভূর রূপ প্রহল করেন, তা পরবর্তী প্রোক্ত প্রকৃষ্ণ পুনরায় বাংলা করেছেন। শ্রীকৃষ্ণ শ্রীমতী বাধারাণীর প্রণয়ের মহিমা কি রকম তা জানতে চেয়েছিলেন, "শ্রীমতী রাধারাণী কেন আমালে এত ভালধনে? আমার মতে কি এমন বিশেব গুল রয়েছে, যা তাকে এভাবে আকৃষ্ট করে? আর কিভাবেই বা সে আমাকে ভালবাসে?" পরমেশ্বর ভাগবানরূপে শ্রীকৃষ্ণ যে কারও ভালবাসার প্রতি আকৃষ্ট হবেন, তা আপাতস্বিতি অভূত বলে মনে হয়। আমরা শ্রী অববা পুরুবের প্রেম আকাশ্যা বরি, কারণ আমরা অপূর্ণ এবং আমাদের মধ্যে কোননা-কোন কিছুর অভাব রয়েছে। পুরুবের মধ্যে শ্রীলোকের প্রেম, শক্তি ও আমশ্য অনুপহিত, ভাই একজন পুরুব একজন শ্রীকে চায়। কিন্ত শ্রীকৃষ্ণের বেলায় তেমন হয়। তিনি সর্বতোভাবে পূর্ণ। তাই শ্রীকৃষ্ণ বিশ্বরা প্রকাশ করেন, "কেন আমি রাধারাণীর ধারা আকৃষ্ট হই ত আর রাধারাণী যখন আমার প্রেম অনুভব করেন, তথন সেটি প্রকৃত্যক্ত কি রকম হ" সেই প্রেমের মাধুর্য আধানন করার জন্য শ্রীকৃষ্ণ আবির্ভূত হরেছিলেন, ঠিক যেভাবে সমূদ্রের দিগন্ত থেকে চঞ্চের উদর হয়। সমূদ্র-মন্থনের ফলে

ভূমিকা

e)

চন্দ্র উপিত হয়েছিল, সেভাবেই চিন্মা শ্রেম মছন করে শ্রীশ্রীচৈতনাচন্দ্রের উদ্যা হয়েছে। বাস্তবিকই, শ্রীচৈতন্য মহাশ্রভূর অসকান্তি ছিল চন্দ্রবিরদের মত্যে তথ্য কাক্ষনকর্ণ। শ্রীচৈতন মহাপ্রভূর আবির্ভাব প্রসঙ্গে এটি একটি অর্থবাঞ্জক উপমা। তাঁর আবির্ভাবের পূর্ব তাৎনর্ম পরবর্তী অধ্যায়গুলিতে বিয়োষণ করা হবে।

बीटिएखना महाधाजून खर्माणा द्यांचा निर्देशन कतान चन्न, द्यांचा कृष्णाम किन्ना महाधानी द्यामिकान थ्रष्ट्रक माणि स्थापक माण्या छोत ख्याणा निर्देशन करताका। द्यापका विद्यास करताका स्थापका विद्यास करताका स्थापका विद्यास करताका स्थापका थ्रु स्थापन करताका। द्यापका विद्यास करताका स्थापकार स्थापकार विद्यास करताका स्थापकार स्थापकार विद्यास व्यापकार विद्यास व्यापकार विद्यास व्यापकार कर्माणा स्थापका स्थापका

যখন জড় জগতের সৃষ্টির প্রয়োজন হয়, তখন বৈকুষ্টের সভর্বণ নিজেকে মহাবিকুরূপে প্রকাশিত করেন। এই মহাবিকু কারণ-সমূদ্রে শারিত হন এবং তার নির্ধানের
প্রভাবে নাসিকারত্ত্ব থেকে সমস্ত প্রখাণের প্রকাশ হয়। এভাবেই মহাবিকু থেকে সমস্ত
প্রসাণের উত্তব হর এবং সেণ্ডলি কারণ-সমূদ্রে ভাসমান থাকে। এই সম্বন্ধে বামনদেবের
দ্যালা-বিলাসের একটি কাহিনী রয়েছে বামনদেব হখন তিনটি পদকেশে বলি মহাবাজের
সমস্ত কিছু আবাসাথ করেছিলেন, তখন তার পদবিজ্ঞানের ফলে নগের আবাসতে প্রসাণের
আবরণ বিশীর্ণ হয় এবং সেই ছিল্লপথে কারণ-সমৃদ্র থেকে কারণ-বারি প্রবাহিত হয়ে
প্রসাণের প্রবেশ করে এবং কারণ-বারির সেই জললোতই হচ্ছে রঙ্গানদী। তাই গলার
কল হচ্ছে শ্রীবিকুর পাদপন্ন বৌতকারী মহাপবিত্র জল এবং হিমান্যা খেকে ব্যাপসাণ্য
পর্যন্ত সমস্ত হিন্দুদের শ্বারা পুঞ্জিত হয়

কারণ-সমুদ্রে শায়িত মহাবিক হছেনে বলরামের হাকাল, আর বলরাম হছেনে শ্রীকৃকের প্রথম প্রকাশ এবং বৃদ্ধাবন-লীলায় প্রীকৃকের জোষ্ঠ প্রাতা। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ করে কৃষ্ণ করে বাম বাম রাম হরে হরে—বাড়ণ অকর সমাধিত এই মহামত্রে রাম শব্দ ধারা বলরামকে সম্বোধন করা হয় নিত্যানন্দ প্রভু যেহেতৃ স্বরুষ্ণ বলরাম, তাই রাম শব্দ নিত্যানন্দ প্রভুকেও বোঝানো হয়। এভাবেই হরে কৃষ্ণ, হরে রাম কেবল কৃষ্ণ ও বলরামকেই সমোধন করে না, তা শ্রীকৈডন্য মহাপ্রভু এবং শ্রীনিত্যানন্দ প্রভুকেও সমোধন করে শ্রীকৈডন্য-চরিতামুতের বিষয়বন্ধ মুখাত জাগতিক সৃষ্টির অতীত তথ নিয়েই আলোচনা করে এই জড় সৃষ্টিকে বলা হয় মায়া, কারণ এর কোন নিত্য অন্তিত্ব নেই কারণ, তা কথনও প্রকাশিত এবং কথনও অন্তকাশিত, তাই তার নাম মায়া। কিন্তু অনিত্য এই জড় জগতের উধের্য এক পরা প্রকৃতি রয়েছে। সেই সম্বন্ধে ভগবন্গীতার (৮/২০) বলা হয়েছে—

शतक्रमाञ् जात्वाश्त्माश्चारकाश्चाकाश मनाजनः । कः म मर्तवृ ज्राजवृ नमाशम् न विनगाजि ॥

"ভবুও আন একটি প্রকৃতি রয়েছে যা নিতা এবং এই ব্যক্ত ও অব্যক্ত জগতের অতীত। তা হছে পরা প্রকৃতি এবং তার কর্বনও বিনাশ হয় না। এই জগতের সব কিছু বিনাশ হলেও সেই জগৎ অপরবর্তনীয় থাকে।" এই জড় জগৎ ব্যক্ত ও অব্যক্ত সমন্বিত, কিছু পরা প্রকৃতি ক্যক্ত ও অব্যক্ত অপরা প্রকৃতির অতীত। সৃষ্টি ও বিনাশের অতীত সেই পরা প্রকৃতি হছে চিং-শক্তি, যা সমস্ত জীবের মধ্যেই প্রকালিত। জড় দেহ নিকৃত্তা প্রকৃতিরাত জড় পদার্থ দিয়ে তৈরি। কিছু পরা প্রকৃতি সেই দেহকে সক্রিয় করে রেখেছে এই পরা প্রকৃতির লক্ষ্ণ হছে চেতনা। এভাবেই চিং জগতের সব কিছু পরা প্রকৃতির বারা গঠিত, ভাই সেবানে সব কিছুই চেতন এই জড় জগতে জড় বন্ধুগুলি চেতন নয়, কিছু চিং-জগতে প্রতিটি অনু-গরমাণ্ হছে চেতন। সেখানে একটি টেবিলও চেতন, ভূমি চেতন, গাছলালা চেতন—সমস্ত কিছুই চেতন।

অভ জগৎ যে কতদূর পর্যন্ত বিজ্ঞত, তা আমাদের পঞ্চে কলনা করা সম্ভব নয় এই ঋড় জগতে সৰ কিছুই গণ্মা করা হয় কছনার দ্বারা অথবা ৰোন ক্রটিযুক্ত প্রক্রিয়ার দারা, কিন্তু বৈদিক সাহিত্যে জড়াতীত জগতের সমস্ত তথা প্রদান করা হয়েছে যেহেতু পরীক্ষামূলক উপায়ে জড়া প্রকৃতির অতীত কোন তথ্য লাভ করা সন্তব নয়, তাই যারা পৰীক্ষায়লক গৰেষণালৰ আনে বিশ্বাস কৰে, ভারা বৈদিক সিদ্ধান্ত সন্ধন্ধে সন্দেহ পোষণ করতে পারে, কেন বা এই ধরনের মানুবেরা এমন কি হিসাব করতে পারে না যে, এই রক্ষাও কডদুর পর্যন্ত বিস্তুত, তারা এই রক্ষাণ্ডের বিষয় সক্ষেত অবগত নয় পরীকামূলক গবেষণার মাধ্যমে জড়া প্রকৃতির অতীত যে চিং-লগং, দেখানকার তথ্য সংগ্রহ করা সত্তব নয়। যা আমানের ধারণার অতীত, তা অচিন্তা। সেই অচিন্তা সম্বন্ধে তৰ্ক কৰা অধব। কয়না করা নির্থক। কোন কিছু যদি সচ্চিট্ট অচিন্তা হয়, তা হলে তা জন্মনা-কল্পনা হা পরীক্ষা-নিবীকার বিষয় নয়। আমাদের শক্তি ও ইস্টিয়ের কার্যকলাপ সীমিত। তাই মেই অচিয়ে বন্ধুর বিষয়ে জানার জন্য আমাদের বৈদিক সিদ্ধান্তের উপর निर्स्त कतरू হবে। পরা প্রকৃতি সমনীয় জান নিঃসংশয়ে গ্রহণ করতে হয়। যে বিষয় সম্বন্ধে আমাদের কোন আনই নেই, সেই সম্বন্ধে সংশয়গুপ্ত হয়ে তর্ক করা কি করে সম্ভব : অপ্রাকৃত বিষয়বস্তু হুদর্গক্ষ করার পছা ত্রীকৃষ্ণ স্বয়ং ভগবদ্গীতায় প্রদর্শন করেছেন। শ্রীকৃষ্ণ ভগ*বদ্দীতার* চতুর্য অধ্যায়ের ওক্ততে অর্জুনকে বলেছেন -

> हेमर विरुद्धात स्थानर स्थानस्थानस्थानम् । विरुद्धान् सन्दर्भ साम्ब्रह्मकर्वरस्थाने ॥

"আমি এই অব্যায় যোগ সূর্যদেব বিষশ্বনকে বলেছিলাম। বিষশ্বান তা মানব জাতির পিতা মনুকে বলেছিলেন এবং মনু তা ইন্ধাকুকে বলেছিলেন।" (গীতা ৪/১) এটিই হচ্ছে প্রশাসকার পদ্ম। তেমনই, শ্রীমন্তাগবতে বলা হয়েছে যে, শ্রীকৃষ্ণ এই ব্রন্মাণ্ডের প্রথম সৃষ্টজীব ব্রন্মার হলেয়ে এই জ্ঞান প্রদান করেছিলেন। ব্রন্মা তা তাঁর শিষ্য নার্মকে দান করেন, নারদ সেই জ্ঞান তাঁর শিধ্য ব্যাসদেবকে দান করেন এবং ব্যাসদেব তা দান করেন মধ্যাচার্যকে। তারপর মধ্যাচার্যের ধারার এই জ্ঞান মাধ্যবেল্ল পূরী প্রাপ্ত হন, সাধ্যবেল্ল পূরী তা ঈশ্বর প্রীকে দান করেন এবং প্রীচৈডন্য মহাপ্রভূ সেই জ্ঞান শ্রীপাদ ঈশ্বর পূরীর কাছ থেকে প্রাপ্ত হওয়ার লীলাবিদ্যাস করেন

কেউ হয়ত প্রশ্ন করতে পারে, প্রীচৈতনা মহাপ্রভূ যদি সমা শ্রীকৃক্ত হন, আ হলে তাঁর ওক্ন গ্রহণ করার কি প্রয়োজন ? তাঁর অবশাই গুরু প্রহণ করার প্রয়োজন নেই, কিন্তু যেহেতু তিনি আচার্যরূপে (বিনি আচরণ কররে মাধ্যমে শিক্ষা দান করেন) লীলাবিলাস করছিলেন, তাই তিনি ওঞ্চ গ্রহণ করেন। এমন কি শ্রীকৃষ্ণও ওঞ্চ গ্রহণ করেছিলেন, কেন না সেটিই হচ্ছে দিব্যজ্ঞান সাজের পছা। এভাবেই পরমেশ্বর ভগবান মনুবের কাছে আদর্শ দৃষ্টান্ত ভূলে ধরেন ৷ তবে আমাদের কখনই মনে করা উচিত নর বে, ভগবানের স্থানের অভাব ছিল বলে তিনি শুরু গ্রহণ করেছে। এভাবেই শুরু গ্রহণ করার মাধ্যমে তিনি কেবল পরস্পরার ধারায় সদ্ওক গ্রহণ করার প্রয়োজনীয়তার উপর গুরুত প্রকাশ করেছে। এভাবেই পরস্পরার ধারায় যে দিবাঞ্চান প্রকাশিত হয়েছে, ভা প্রকৃতপক্তে আসছে পরমেশ্বর ভগবান থেকে এবং সেই জান যদি অবিকৃত থাকে, তা হলে তা পূর্ব। এই আন যিনি প্রথমে দান করেছিলেন, সেই আদিপুরুষের সলে আমাদের সাক্ষাৎ সংযোগ না থাকলেও, শুরু-শিবা পরস্পরার ধারায় আমরা সেই একই জ্ঞান লাভ করতে পারি *ত্রীমন্তাগ্রতে* বর্ণনা করা হয়েছে যে, গরমতত্ত্ব পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ বক্ষার হালয়ে এই দিব্যস্তাম সঞ্চার করেছিলেন। তবে এটি জ্ঞান প্রাপ্ত হওরার একটি পছা, বা হৃদয়ের মাধ্যমে লাভ করা যায় এভাবেই জান লাভের দৃটি পছা রয়েছে—ভার একটি হচ্ছে, সমস্ত জীবের হাসয়ে পরমাত্মারণে বিরক্তমান পরমেশ্বর ভগবানের উপর নির্ভরশীল হওয়া এবং অন্যটি হচ্ছে ত্রীকৃষের প্রকাশ ত্রীগুরুদেবের উপর নির্ভরশীল হওয়া। এভারেই শ্রীকৃষ্ণ বাইরে থেকে এবং অন্তর থেকে এই স্থান প্রবাদ করেন। আমাদের কেবল তা হাহণ করতে হবে এভাবেই যদি জান লাভ করা হয়, তখন তা অচিন্তা কি চিন্তা, সেটি আর বিচার করার প্রয়োজন হয় লা।

শ্রীমন্তাগৰতে এই লড় জগতের অতীত বৈকৃষ্ঠলোক সৰকে বহু তথা প্রদান করা হয়েছে। তেমনই, শ্রীচেডনা-চরিতামৃত গ্রন্থেও বহু অচিগ্র তথা প্রদান করা হয়েছে। পরীক্ষামূলক গরেষণার মাধ্যমে এই জান লাভের প্রচেটা বার্থ পর্যবসিত হর, তা কেবল ঘর্ষামণ্ডলৈ গ্রহণ করতে হয়। বৈদিক শাস্ত্রমণ্ডে সর্বশ্রেষ্ঠ প্রমাণ হছে শল-প্রমাণ। বেদ উপলব্ধির জন্য শল হছে অতাও গুরুত্বপূর্ণ, কেন না তা শুল্ধ; সেই করা প্রামাণ অনুসাত্রে শ্বীকৃত। এমন বি এই জড় জগতে আমরা হাজার হাজার মাইল দূর থেকে টেলিফোন অথবা রেডিওর মাধ্যমে প্রেরিত নানা রকম সব্যাদ আমরা প্রহণ করি। এতাবেই আমানের দৈনন্দিন জীবনেও আমরা শল-প্রমাণকে শ্বীকার করি। সংবাদ প্রমাণকে আমরা চাকৃষ্ব দর্শন করতে না পারলেও শন্দের মাধ্যমে তার প্রেরিত সংবাদ আমরা প্রহণ করে থাকি। তাই, বৈদিক জনে আহরণের বিষয়ে শক্ষ জত্যন্ত ওক্তবপূর্ণ।

বেদের মাধ্যমে আমরা জানতে পারি থে, এই জড় জগতের উধের্য রয়েছে অসংখা চিত্ময় লোকে পূর্ব চিদাকাশ। এই জড় জগৎ ডর্মবারের সৃষ্টিত্র এক অতি কুছ অংশ মাত্র। কেবল এই ব্রহ্মাণ্ড নিয়েই ক্ষড় ক্ষগৎ পঠিত নয়। এই জগতে অসংখ্য ব্রহ্মাণ্ড রয়েছে। কিন্তু সেই অনন্ত কোটি ব্রহ্মাণ্ড নিয়ে গঠিত যে ক্ষড় ক্ষগৎ, তা ভগবানের সমগ্র সৃষ্টির ক্রক-চতুর্ঘাংশ মাত্র। বাকি জিন-চতুর্ঘাংশ স্থান রয়েছে চিনাকাশে। সেই চিনাকাশে অসংখ্য প্রহলেক ভাসছে এবং জানের বলা হয় বৈকৃষ্ঠলোক প্রতিটি বৈকৃষ্টেই নারায়ণ তার চতুর্বৃহ প্রকাশ বাসুনের, সক্ষর্বণ, প্রন্মুদ্ধ ও অনিক্রক্রপে অধ্যক্ষতা করছেন প্রীচৈতন্য-চল্লিতামূতের অটম ক্লোকে শ্রীল কৃষ্ণদাস কবিরান্ত গোস্বামী কর্না করেছেন যে, এই সক্ষর্বণই হচ্ছেল শ্রীনিজ্যানন্দ প্রভূ।

পূর্বেই উল্লেখ করা হয়েছে বে, মহাবিকুজেপে ভগবান এই জড় জগৎ প্রকাশ করেন সন্তান উৎপাদনের জন্য যেমন স্ত্রী ও পুরুব মিলিড ছয়, ডেমনই এই জড় জগৎকে সৃষ্টি করার জন্য মহাবিকু তাঁর মায়াশক্তি অথবা জড়া প্রকৃতির সঙ্গে মিলিড ছন। সেই কথা ভগবস্গীতার (১৪/৪) প্রতিপার করে শ্রীকৃজা বলেছেন—

> मर्वरवानिवृ (बॅगिरका मूर्णता मकवित याः । कामार अका मरम्रयानिवहर बीकसमा निका ॥

"হে কৌরোঃ এই জড় জগতে বিভিন্ন যোনিতে যে সমন্ত জীবের জন্ম হয়েছে, রম্মরূপী প্রকৃতিতে ভালের বীক্ত প্রদানকারী পিড়া হৃছি আমি।" বিঝু কেবল তাঁর দৃষ্টিপাতের মাধ্যমেই মানার পর্তসংখ্যর করেন সেটিই হচ্ছে চিম্ম প্রক্রিয়া অভ জগতে জীব তার দেহের বিশেষ কোন অঙ্গের বারা গর্ভসংগার করে, কিছু পরমেশন ভগবান একিফা বা মহাবিস্থা যে কোন অনের ছারা গর্ভসঞ্চার করতে পারেন কেবলমাত্র দৃষ্টিপাতের মাধ্যমে ভগবান শ্রীবিঞ্চ আড়া প্রকৃতির পর্ডে অসংখ্য জীব উৎপাদন করতে পারেন। ব্রক্স-সংক্রিভাতেও প্রতিপন্ন হয়েছে যে, প্রমেশ্বর ভগবানের চিন্ময় দেহ এতই শক্তিসম্পন্ন বে, সেই শরীরের বে কোন অঙ্কের ছারা তিনি অন্য যে কোন অঙ্কের কার্য সম্পাদন করতে পারেন। আমরা কেবল আমাদের হাত বা থকের দারা স্পর্শ করতে পারি, কিছ প্রীক্তা কেবল দৃষ্টিপান্ডের ছারাই স্পর্শ করন্তে পারেন আমবা আমাদের চন্দ্রর ছারা কেবল দর্শন করতে পারি, তার ছারা স্পর্শ বা খ্রাল গ্রহণ করতে পারি না। কিন্তু শ্রীকৃষ্ণ তার চক্তর বারা দ্রাণ গ্রহণ করতে এবং আহার্য গ্রহণ করতে পারেন। শ্রীকৃষ্ণকে যখন ভোগ নিবেদন করা হয়, ভখন আমরা ভাঁকে তা আহার করতে দেখি না; কিছু ডিনি কেবল তাঁর দৃষ্টিগাডের ছারা সেই খাদ্য প্রহণ করেন। চিৎ-জগতে যেখানে সব কিছুই চিন্দর, সেবানে সমস্ত কার্য যে কিডাবে সম্পাদিত হয়, তা আমরা কলনাও করতে পারি না। এমন নয় যে, শ্রীকৃষ্ণ আহার করেন না, অথবা আমরা বন্ধনা করি যে, তিনি আহার করেন; ডিনি প্রকৃতপক্ষে আহার করেন, কিন্তু তাঁর আহার আমাদের আহারের থেকে ভিন্ন ধরনের। আমরা যকন চিম্মর স্তবে অধিষ্ঠিত হব, তখন আমাদের আহারও তাঁর আহারের মধ্যে হবে। সেই রুয়ে দেহের প্রতিটি অঙ্গ অন্য যে কোন আঙ্গর বার্যে সম্পাদন केंद्रेटल भारत ।

সৃষ্টির জন্য ভগবান শ্রীবিফুর কোন কিছুর প্রয়োজন হয় না। ব্রন্ধাকে জন্মদান করার জন্য তার লক্ষ্মীর প্রয়োজন হয় না, কেন না বিফুর মাভিপথ থেকে উদ্ভূত এক পঞ্জের মধ্যে প্রকাশ জন্ম হয়। সম্প্রীদেবী ভগবানের শ্রীপাদশরে অংসীন থেকে জার সেবা করেন এই জড় জগতে সন্তান উৎপাদনের জন্য মৈথুনের প্রয়োজন হয়, কিন্তু চিৎ-জগতে পত্নীর সাহায্য বাতীত যত ইন্ধা সন্তান সন্ততি উৎপাদন করা যায়। সূতরাং, সেখানে কোন রক্ষ যৌনসক নেই যেহেতু চিং-শক্তি সম্বন্ধে আমানের কোন অভিজ্ঞতা নেই, তাই আমায়। যনে করি থে, ভগবানের নাভিপক্ষ থেকে ব্রহ্মার জন্ম কেবল একটি বানানো গল্প মাত্র। আমরা অবগত নই যে, ভগবানের চিন্ময় শক্তি এতই প্রকল যে, তার হারা যে কোন কার্য সম্পাদন করা সন্তব। জড় শক্তি কতকণ্ডলি নিয়মের উপর নির্ভরশীল, কিন্তু চিং-শক্তি সম্পূর্ণভাবে স্থাধীন

মহাবিকুর লোমকুপে অসংবা রন্ধাও বীজরুপে অবস্থান করে এবং তিনি যথন শাস ত্যাগ করেন, তখন তাদের প্রকাশ হয়। এই ব্রুড় জগতে সেই রক্তম কোন কিছুর অভিজ্ঞতা আমাদের নেই, তবে এই প্রপঞ্জে ঘর্ম তাদের মতো বিকৃত প্রতিবিশ্বের অভিজ্ঞতা আমাদের লোই। মহাবিকুর এক-একটি নিঃশাস যে কত দীর্ঘল্লয়ী, তা আমরা কর্মনাও করতে গারি না তার এক-একটি নিঃশাস-প্রশাসে সমত্ত ব্রন্থাতের সৃষ্টি হয় এবং লাম হয়। একা-সংহিতায় তার বর্ণনা রয়েছে। এগার আয়ু হচ্ছে ভগবানের এক-একটি নিঃশাসের সমান, আর আমাদের হিসাবে ৪৩২,০০,০০,০০০ বছরে ব্রন্থার বারো ঘণ্টা হয় এবং সেই হিসাবে রন্ধার আয়ুড়াল একশো বছরা আর এই আয়ুড়াল হচ্ছে মহাবিকুর এক-এনটি নিঃশাসের স্থিতিক্যানের সমান। তাই মহাবিকুর নিঃশাসের শক্তির ক্রন্থান করাও আমাদের পক্ষে সম্ভব নয় সেই মহাবিকুর হচ্ছেন শ্রীনিত্যানথ প্রভুব একটি অংশ-প্রকাশ মান্ত শ্রীনিত্যান করেছে।

দশম ও একাদশ শ্লোকে বীল কৃষ্ণদাস কবিরাজ মহাবিষ্ণুর অংশ-প্রকাশ গর্ভেদকশারী বিষ্ণু ও তাঁর ওংশ-প্রকাশ ক্ষীরোদকশারী বিষ্ণুর বর্গনা করেছেন গর্ভেদকশারী বিষ্ণুর নাভি থেকে উথিত একটি পরের উপর রক্ষা আবির্ভূত হন এবং সেই পর্যকৃষ্ণের নালের মধ্যে ছিল বহু গ্রহ্মওলী, তারপর রক্ষা সমগ্র মনেব-জাতি, পতজাতি—সমস্ত কিছু সৃষ্টি করেন। ক্ষীরোদকশারী বিষ্ণু এই রক্ষাণ্ডের মধ্যে অবস্থিত ক্ষীরসমূদে শারিত থাকেন এবং তিনি এই রক্ষাণ্ডের নিয়ন্তা ও পালনকর্তা। এভাবেই রক্ষা হচ্ছেন সৃষ্টিকর্তা, বিষ্ণু হচ্ছেন পালনকর্তা এবং ধবংসের সময় যখন ঘনিয়ে আসে, শিব তথন সমস্ত কিছু ধবংস করেন।

শ্রীচৈতন্য-চরিতামৃতের শ্রথম এগারো রোকে শ্রীল কৃষ্ণবাদ কবিরাক গোস্বামী আলোচনা করেছেন যে, শ্রীচেতন্য মহাপ্রত্ হচ্ছেন পরম পুরুবোষম ভগবান শ্রীকৃষ্ণ স্বরং এবং শ্রীনিত্যানন্দ প্রতু হচ্ছেন শ্রথম প্রকাশ বন্ধাম। তারপর বাদশ ও এরোদশ রোকে তিনি অবৈত আচার্যের বর্ণনা করেছেন এবং তিনি ছিলেন শ্রীচৈতনা মহাপ্রতুর আর একজন মুখ্য অনুগামী এবং মহাবিকুর অবভার। এভাবেই অবৈত আচার্যও ভগবান বা ভগবানের অংশ-প্রকাশ। অবৈত শলটির অর্থ হচ্ছে যা বৈত নয়, এবং ওার নাম এই প্রকার, কারণ তিনি পরমেশ্বর ভগবান থেকে অভির। তিনি আচার্য নামেও অভিহিত, কারণ তিনি কৃষ্ণভাবনার শিক্ষা প্রচার করেন। এই দিক দিয়ে বিচার করতে গোলে তিনি

ঠিক শ্রীচেতন্য মহাপ্রভুর মতোঃ শ্রীচৈতন্য মহাপ্রভু যদিও শ্রীকৃষ্ণ স্বয়ং, কিন্তু ডিনি জনসাধারণকে কৃষ্ণপ্রথেরে শিক্ষা দান করার জন্য ভক্তরূপে আবির্ভৃত হয়েছেন তেমনই, শ্রীঅহৈত প্রভু যদিও ভগবান, তবুও ডিনি কৃষ্ণভাবনার অমৃভ্যায় জ্ঞান দান করার জন্য আবির্ভৃত ক্রেছেন। প্রভাবেই ডিনিও ভগবানের ভক্ত-শ্ববতার

প্রীচৈতন্য-লীলার প্রীকৃষ্ণ পঞ্চতমূর্মণে প্রকাশিত হয়েছেন প্রীচেতন্য-চরিতামূতের চতুর্দশ প্রােফ প্রীল ক্ষান্য করিবাজ গোসামী পঞ্চত্যকে তার প্রণতি নিবেদন করেছেন। প্রীকৃষ্ণ ও তার পার্যদেরা যথাক্রমে প্রীকৃষ্ণচৈতন্য, প্রীনিস্ত্যানন্দ, প্রীঅধৈত আচার্য, প্রীগানধর, প্রীবাদ প্রভৃতি ভগবানের ভক্তরূপে আবির্ভৃত হয়েছেন। সর্ব অবস্থাতেই প্রীচেতন্য মহাপ্রভৃত হয়েছেন তার ওক্তদের শক্তির উৎস, তাই, আমরা যদি যথাযথভাবে কৃষ্ণভাবনামর কার্যকলাপ সম্পাদন করার জন্য প্রীচিতন্য মহাপ্রভৃত্ব শরণাগত হই, তা হলে আমানের সাক্ষন্ত অবশাভাবী। শ্লীল নরোত্যম দাস ঠাকুর গেয়েছেন---

"वीकृष्णेठण्या असू बता कत त्यारतः। जाया पिना रक महान् स्वाप-जरमातः । भविजभावन रहत् छव खबजातः। स्वा मय भविज अस सा भारति स्वातः ॥"

পঞ্চাদশ র্রোকে প্রীল কৃষ্ণদাস কবিরাজ গোষামী সরাসরিভাবে প্রীকৃষ্ণকে থাঁর প্রথতি
নিবেদন করেছেন। শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোষামী ছিলেন বৃদ্ধাবনবাসী একজন মহান
ভক্ত। প্রথম জীবনে তিনি তাঁর পরিবারের সঙ্গে গৌরবন্ধের বর্ধমান জেলায় কাটোয়া
নামক একটি ছেটি শহরে বসবাস কর্মতেন তাঁর পরিবারের প্রীপ্রীরাধা-কৃষ্ণের আরাধনা
হত এবং একবার মধন ভগবভুক্তি সম্বত্ধে ওাঁর পরিবারের মধ্যে ভূল বোখাবৃথি হয়,
তখন প্রয়ে শ্রীনিভানন্দ প্রভূর আদেশ পেয়ে শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোষামী গৃহত্যাগ
করে কৃষ্ণাবনে চলে খনে। তখন যদিও তিনি ছিলেন অভ্যন্ত বৃদ্ধ, কিছু তিনি সেই রাজেই
গৃহত্যাগ করে কৃষ্ণাবনের উদ্দেশ্যে যাত্রা করেন। তিনি যখন বৃদ্ধাবনে পৌঁছান, তখন
শ্রীচৈতন্য মহাপ্রভূর করেকজন প্রধান পার্যক গোষামীদের সঙ্গে তাঁর সাক্ষাৎ হয়।
বৃদ্ধাকনবাসী ভক্তরা তাঁকে শ্রীতৈতন্য-চরিতান্ত লিখতে অনুরোধ করেন। যদিও তিনি
অতি বৃদ্ধ বন্ধনে এই কাজ ওঞ্জ করেন, কিছু শ্রীচৈতন্য মহাপ্রভূর কৃপায় তিনি তা সম্পূর্ণ
করেন। আন্ধ শ্রীচেতন্য মহাপ্রভূর জীবন-চরিত ও দর্শন সম্বন্ধে এটিই হচ্ছে সব চাইতে
প্রামাণিক প্রস্থ।

বীল কৃষ্ণাস কবিরক্তে গোস্বামী যখন বৃন্ধাবনে অবস্থান করছিলেন, ডখন সেখানে কেনি সন্দির ছিল না। সেই সময় সদনমোহনজী, গোবিদজী ও গোপীনাথজীর মন্দির—এই তিনটি ছিল প্রধান। বৃন্ধাকনবাসী রূপে তিনি তিনটি মন্দিরের আরাধিত বিগ্রহত্তারের উদ্দেশ্যে তাঁর সম্রন্ধ প্রণতি নিবেদন করেন এবং তাঁদের কুপা প্রার্থনা করে বলেন, "আমি পদ্ম, তাই পারমার্থিক জীবনে আমার প্রগতি অভ্যন্ত মন্দ, তাই আমি আপনাদের কুপা প্রার্থনা করছি।" প্রীক্রৈতন্য-চরিভাস্তের পঞ্চল প্রোকে বীল কৃষ্কাস কবিরাজ গোস্বামী বদনমোহন বিপ্রহকে তাঁর প্রথমি নিবেদন করেছেন, যে বিগ্রহ আমাদের কৃষ্ণভাবনামুতে

অগ্রসর হতে সাহায্য করেন। কৃষ্ণভাবনাময় সেরা সম্পাদনে আমাদের প্রথম কর্তবা হচ্ছে শ্রীকৃষ্ণকে জানা এবং তাঁর সঙ্গে আমাদের সম্পর্ক সম্বন্ধে অবগত হওরা। শ্রীকৃষ্ণকে জানার অর্থ নিজেকে জানার অর্থ শ্রীক্রীমদনমোহন বিশ্রহকে আরাধনা করার মাধ্যমে এই সম্পর্ক জানা যায়, তাই শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রথমে এই বিশ্রহের সঙ্গে তাঁর সম্বন্ধ প্রতিষ্ঠা করেছেন।

এই সমন্ধ প্রতিষ্ঠিত হওয়ার পর বোড়শ গ্রোকে কৃষ্ণলাস কবিরজ্ঞ গোস্কামী অভিধেয় বিশ্রহ খ্রীখ্রীপোবিন্দজীকে তার প্রশতি নিবেদন করেন গোবিন্দজীকে বলা হয় অভিধেয় বিশ্রহ, কারণ কিভাবে রাধা ও ককের সেবা করতে হয় তা তিনি আমানের প্রদর্শন করেন। মদনমোহন বিগ্রহ "আমি ভোমার নিডা দাস" কেবল এটি প্রতিষ্ঠা করেন। কিছ প্রকৃতপক্ষে গোবিন্দর্জীই আমাদের সেবা গ্রহণ করেন। গোবিন্দলী নিজকাল বুন্দরনে বিরাজ করেন। নুন্দাবনের চিম্মা ধামে সমস্ত গৃহওলি চিন্তামণি কর নিয়ে নির্মাণ করা হয়েছে, সেখানকার গাড়ীওলি হচ্ছে অপর্যাপ্ত দুধ প্রদানকারী সুরস্তি গাড়ী এবং সেখানকার বৃষ্ণওলি হতের যে কোন বাসনা পুরুগকারী করবেন্দ। কুলাবনে জীকৃষ্ণ সুরতি গাভীয়ের নিয়ে বিচরণ করেন এবং তিনি শত-সহত্র গোপিকাদের ছারা সেবিত হন, খারা সঞ্চলেই হুজেনে সম্প্রীদেবী । শ্রীকৃষ্ণ যখন জড় জগতে অবতরণ করেন, তখন তার ধাম বৃদ্ধবনও তাঁর সঙ্গে অবতরণ করেন, ঠিক যেয়ন একজন বিশিষ্ট ব্যক্তিকে তার পরিকরবর্গ অনুসরণ করে । যেহেতু জীকৃষ্ণের সঙ্গে র্ডার ধামও অবতীর্ণ হয়, তাই বৃন্ধাবন এই রুড় রূগতের কোন স্থান নয়। ভালের। তাই ভারতবর্ষে অবস্থিত অভিন্ন গোলোক কুলাবন-স্করণ এই বুন্দাবনের আদ্রায় গ্রহণ করেন। কেউ খবশ্য বসতে পারে বে, দেখানকার বৃক্ষণ্ডলি (छ। कब्रवृक्ष नाः, किन्त शाक्षांमीता यथन स्मधास बिस्तन, छथन समानकात वृक्क्छनि विन করবৃদ্ধ। এখনও সেওলি করবৃষ্ণই আছে, তবে সকলের পক্ষে তা দর্শন করা সন্তব मरा अधन नम त्य, आमता त्मेरे कुक्छितित कार्क शिरा या देव्हा छारे मानि कतत्महे দর্শন করা যায় না। গোস্বামীরা এক-এক রাত্রে এক-একটি বৃক্তের নীড়ে অবস্থান করতেন এবং সেই বৃক্তানি তাঁদের সমস্ত প্রয়োজন চরিতার্থ করত। সাধারণ মানুষের কাছে তা অত্যন্ত আশ্চর্যজনক বলে মনে হতে পারে, কিন্তু ভগবন্ততিক মার্গে অগ্রসর হলে সেই সমস্ত তত্ত কলয়ক্ষ করা যায়


যে সমস্ত মানুষ জড় জগতের সৃথ ভোগ করার চেটা সম্পূর্ণভাবে বর্জন করেছেন, তাঁরাই প্রকৃত বৃন্দাবন দর্শন করতে পারবেন। শ্রীচৈতন্য মহাপ্রভুর এক মহান ভক্ত শ্রীল নরোত্তম দাস ঠাকুর গোয়েছেল—

> विषय ছाড़ियां करत **एक रत यन** । करव राम *१३३व वीतृनाकन* ॥


আমরা যতই কৃষ্ণভাবনামর হই, ওতই আমাদের উন্নতি হয়। তথন ততই সব কিছু চিময়রূপে প্রকাশিত হয়। এভাবেই শ্রীল কৃষ্ণদাস কবিয়াক্ত গোষামী ভারতবর্ষস্থিত এই বৃদ্ধাননকৈ চিং-জনান্তের গোলোক বৃদ্ধানন খেকে অভিন্ন বলে জানতেন এবং প্রীচেডনাচরিতামূতের বাড়েল স্লোকে তিনি বর্গনা করেছেন যে, বৃদ্ধাবনে কর্মবৃক্ষের নীচে মণি
মানিকা বচিত মার্র সিংহাসনে শ্রীমতী রাধারালী ও প্রীকৃষ্ণ বসে আছেন। সেখানে
শ্রীকৃষ্ণের প্রিয়তমা গোপিকারা নৃত্য-কীর্তনের মাধ্যমে, ভামুল ও সৃস্থাদৃ আহার্য নিবেদন
করার মাধ্যমে এবং তাঁদের ফুসমাসার সচ্ছিত করার মাধ্যমে তাঁদের সেবা করছেন।
আজ্বও ভারতবর্যে কৃষ্ণতন্তেরা ভাশ্র মাসে কুলন উৎসব উপলক্ষে সৃদৃশ্য সিংহাসনস্থিত
শ্রীপ্রীরাধা-কৃষ্ণের বিশ্রহ কুল দিয়ে সাঞ্জিয়ে নৃত্য-নীতাদির মাধ্যমে এই উৎসব পালন
করেন। সাধারণত বহু মানুষ সেই সময় ভগবানের উদ্দেশ্যে তাঁদের প্রস্কা নিবেদন করার
করা বন্দাবনে বান।

পত্রিশেষে প্রীল কৃষ্ণনাস কবিরাজ গোস্বামী গোশীনাথ বিপ্রহের নামে তাঁর পাঠকাদের কাছে তার আশীর্বাদ প্রদান করেছে।। শ্রীগোশীনাথজীর বিপ্রহ হচ্ছেন রক্ষগোপিকাদের প্রাণনাধরণে প্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণ হথন বংশীধ্বনি করেন, তথন সমস্ত গোপিকারা সেই ধ্রনিতে আকৃষ্ট হয়ে তাঁদের গৃহস্থানির কার পরিভাগ করে ঘণন তাঁর কাছে আসেন, তথন তিনি তাঁদের সঙ্গে রামনৃত্যে শিশু হন, ভগবানের এই সমস্ত লীলা-বিলাসের কাহিনী শ্রীমন্ত্রাগবতের দশম করে বর্গিত হয়েছে সমস্ত গোপিকারা ছিলেন শ্রীকৃষ্ণের শৈবকে খেলার সাধী এবং অনেকেই ছিলেন বিবাহিতা, কেন না প্রাচীন ভারতবর্বে বারো করে বর্গ অতিক্রম করার আগেই বালিকাগের বিবাহ হয়ে যেত ছেলেদের অবশ্য আঠারো বছরের আগে বিবাহ হত না। সূত্রাং, শ্রীকৃষ্ণের বর্গ তখন পনেরো-বোল হওয়ার তথনও তিনি ছিলেন অবিবাহিত তা সংগ্রেও, তিনি সেই সমস্ত গৃহবধুনের তাদের ঘর বিবাহে ব্যা হয় রামনৃত্য এবং তা হছে বৃন্ধাবনের সর্বোদ্বম অনুমাণিত করতেম এই নৃত্যকে বন্ধা হয় রামনৃত্য এবং তা হছে বৃন্ধাবনের সর্বোদ্বম লীলাবিলাস তাই শ্রীকৃষ্ণকে বন্ধা হয় রামনৃত্য এবং তা হছে বৃন্ধাবনের সর্বোদ্বম লীলাবিলাস তাই শ্রীকৃষ্ণকে বন্ধা হয় রামনৃত্য এবং তা হছে বৃন্ধাবনের সর্বোদ্বম লীলাবিলাস তাই শ্রীকৃষ্ণকে বন্ধা হয় গোলনাথ, কারণ তিনি হছেনে সমস্ত গোলিকানের প্রিয় প্রাণনাথ


শ্রীল কৃষ্ণনাস করিবান্তা লোখামী ভক্তদের জন্য গোলীনাথজীর আশীর্বাদ প্রার্থনা করে বলেনেন, "প্রজন্যোপিকাদের প্রান্ধনার শ্রীণোপীনাথজী শ্রীকৃষ্ণ তোমাদের আশীর্বাদ প্রাপ্ত হৈও।" শ্রীটেডন্য-চরিভামৃতের প্রশেষ্ঠা প্রথম করেনে যে, শ্রীকৃষ্ণ যেভাবে তার মধুর মুম্বলীধ্বনির বারা ব্রজগোলিকাদের চিত্ত আকর্মণ করেনিক্রন, তিনিও বেন সেভাবেই তার অপ্রাকৃত ধ্বনির বারা এই প্রস্থের পঠিকদের হন আকর্ষণ করেন।



কৃষ্ণকৃপাশ্রীমৃ**র্ডি শ্রীল অভয়চরপারবিদ্দ ভক্তিবেদান্ত সামী প্রভূপাদ** আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রতিষ্ঠাতা-আচার্য




শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্থতী শোস্থামী প্রভূপান শ্রীল অভয়চরপাববিদ্দ ভক্তিবেদান্ত স্থামী প্রভূপাদের পরসারাধ্য শুরুদের। সারা ভারত জুড়ে শ্রীচেতন্য মহাপ্রভূর বাণীর পুনরভূপানের কর্পধার এক চৌবট্টিটি সৌজীয় মঠের প্রভিষ্ঠতা আচার্য।




শ্রীল সৌরকিশোর দাস বাবাজী মহারাজ শ্রীল ভঞ্জিসিদ্ধান্ত সক্রমতী ঠাকুরের পরমারাধ্য গুরুদেব।




সচিদানৰ শ্ৰীল ভক্তিবিৰোদ ঠাকুৰ সাৱা পৃথিবী স্কুড়ে কৃষ্ণভাষনার অমৃত বিভর্গের শ্রধন পথ-প্রদর্শক।



শ্রীকৃষ্ণের ভক্তরাগ (শ্রীটেডনা মহাপ্রভূ), ডক্তস্বরূপ (শ্রীনিত্যানন প্রভূ), ডক্তাবতার (শ্রীকাষ্ণেত প্রভূ), ভক্তশক্তি (গদাবর প্রভূ), তম্ব ভক্ত (শ্রীবাস প্রভূ)—এই পঞ্চতত্ব-আয়ুক শ্রীকৃষ্ণকে প্রণতি নিকোন করি।



ভাবান শ্রীকৃষ্ণকে এই জগতে অক্তরণ করার আহান জানিয়ে শ্রীণ অকৈত আচার্য প্রভু প্রতিদিন তার উদ্দেশ্যে তুলসীমঞ্জরী ও বলকেন অর্গণ করতেন।




সীতা ঠাকুরাশী নানাবিশ আহার্য-বসন-ভূষণাদি নিয়ে শচীগৃতে এলেন। নবজাত শচীপৃত্রকে দেশে তিনি অভ্যন্ত আশ্চর্যান্থিত হলেন। কারণ তিনি দেখালেন শিশুটি অসবর্গ ব্যতীত হক্ত শেকুলের কৃষ্ণের সংখ্যা।




শিশু নিমাইয়ের হাত থেকে মাটি কেন্ডে নিঙ্কে শঙীয়াত৷ ভাকে জিজাসা করলেন 'মাটি কেন খাচ্ছ'?




মা কশোণা কৃষ্ণকে ভগবান বলে মনে করতেন না, সম্পূর্ণ অসহায় দুর্বল পুত্র জ্ঞানে কৃষ্ণের লালন-পালন করতেন।




শ্ৰীমতী রাষারাণীর ভাব অবলম্বন করে শ্রীচৈক্তন্য মহাপ্রভু আবির্ভূত হয়েছেল। তিনি মুগধর্ম হরিনাম সংকীর্তন প্রবং ভক্ত ভগবংগ্রেম প্রচার করেছেন।




ৰাহ্যজ্ঞান বিশ্বের পেশ্বের নির্মাই সা-বাবাকে বলতে লাগনেন, "নিষ্ক্রণ দাদা এনে আমার হাত ধরে টেনে নিয়ে পেল। আমাকে সন্মাদ নিতে বলল। আমি কলনাম গৃহস্থ হয়ে মা-বাবার সেবা করব, তাহলে লক্ষ্মী নারায়ণ ভূষ্ট হবেন। এই কথা শুনে দাদা জানালো, সাকে আমার কোটি কোটি প্রথাম জানিত।"




শ্রীটেতন্য মহাপ্রভূ চাঁদকাজীকে জালালেন, "আপনি যেহেতু 'হরি' 'কৃষ্ণ' 'নারায়ণ' নাম উচ্চারণ করেছেন ডাই নিঃসন্দেহে আপনি পরম ভাগ্যবান এবং পুণারান।"




দিবারপ্রয়েশের শ্রীনিজাক্তরতু শ্রীল কৃষ্ণরস কবিরাজ গোস্বামীকে নির্দেশ দিলেন, "কৃষ্ণনাস, ভয় কর না। বৃদ্ধারনে বাও, সেখানে ভোমার সবকিছু লাভ হবে "



ইতিডন্য মহাপ্রভূবে অপবিত্র হানে উপবেশন করতে দেখে প্রকাশানত সরস্থতী ওাঁকে অতাপ্ত সমান সহকারে সবার মধ্যে এনে কর্মানেন।



প্রীতিকন্য মহাপ্রভুর কাছ থেকে কোন্ত সূত্রের ব্যাখ্যা প্রবর্ণ করার পর থেকেই মারাবাদী সম্মানীদের মনোবৃধি সম্পূর্ণরূপে পরিবর্তিত হল এবং শ্রীতৈতন্য মহাপ্রভুর নির্দেশে তাঁরাও নিরস্তর কৃষ্ণনাম গ্রহণ করতে লাগ্যকেন।



কেবল অন্তবঙ্গ পার্যদদের নিয়েই ভগবান তাঁর সংকীর্তন আন্দোলন প্রচার করেন, প্রেমরস আহাদন করেন এবং জনসাধারণকে প্রেমধন দান করেন।

প্রথম পরিচ্ছেদ

গুর্বাদি-বন্দন-মঙ্গলাচরণ

শ্রীচৈতন্য মহাপ্রভূ হচ্ছেন শ্রীশ্রীরাধা-কৃষ্ণের মিলিত তনু। তিনি হচ্ছেন গভীর নিষ্ঠা সহকারে শ্রীল রূপ গোস্বামীর পদান্ধ অনুসরণকারী ভক্তদের জীবন। শ্রীল রূপ গোস্বামী ও শ্রীল সনাতন গোস্বামী হচ্ছেন শ্রীকৃষ্ণটোতন্য মহাপ্রভূব সব চাইতে অন্তরঙ্গ সেবক শ্রীল সরুপ দামাদ্র গোস্বামীর দুজন মুখ্য অনুগামী। শ্রীল রূপ গোস্বামীর দিয়া ছিলেন শ্রীল রাধুনাথ দাস গোস্বামী। শ্রীটৈতনা-চরিতামৃতের প্রণেতা শ্রীল কৃষ্ণদাস কবিরাজ্ঞ গোস্বামী হচ্ছেন শ্রীল রূপ গোস্বামী ও শ্রীল রাধুনাথ দাস গোস্বামীর পিয়া।

শ্রীল কৃষ্যদাস কবিরাজ গোস্বামীর শিষা ছিলেন শ্রীল নরোন্তম দাস ঠাকুর, যিনি শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুরকে তাঁর সেবকরণে স্বীকার করেছিলেন। শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুর শ্রীল জগরাথ দাস বাবাজী মহারাজকে শিষ্যরূপে স্বীকার করেছিলেন, যিনি ছিলেন শ্রীল ভাতিবিনোদ ঠাকুরের শুরুদেব। আবার শ্রীল ভাতিবিনোদ ঠাকুর আমার প্রমারাধ্য শুরুদেব ও বিষ্ণুপাদ শ্রীল ভাতিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভূপাদের শুরুদেব শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজকে শিষাত্বে বর্গ করেছিলেন।

আমবা থেহেতু খ্রীচেডন্য মহাপ্রভুর শিধ্য-পরম্পরার অন্তর্ভুক্ত, তাই খ্রীচেডন্য-চরিতামৃতের এই সংস্করণে ভগবৎ-প্রসাদ ব্যতীত আমাদের কৃদ্র মন্তিক্ষপ্রস্কৃত নতুন কোন কিছু থাকবে না। খ্রীচৈডন্য মহাপ্রভু ত্রিগুণাত্মিকা এই জড় জগভের অন্তর্ভুক্ত ন্ন। তিনি বদ্ধ জীবের অগোচর অপ্রাকৃত জগভের তম্ব। ধ্রদাবনত চিন্তে অপ্রাকৃত শব্দতরকের শরণাগতি ব্যতীত জড় বিষয়ের মহাপতিতেবাও সেই অপ্রাকৃত জগতের নাগাল পেতে পারে না, কেন না খ্রদাবনত চিন্তেই কেবল খ্রীচেডন্য মহাপ্রভুর বাণী হলবঙ্গম করা যায়। তাই এখানে যা বর্ণনা করা হবে, তাতে জড় মনের জন্ধনা-কন্ধনার কোন স্থান নেই, পক্ষান্তরে কা হচ্ছের বান্ধব চিন্তার করলাই কেবল হাছের বান্ধব চিন্তার আই প্রশান করা হবে, তাতে জড় মনের জন্ধনা-কন্ধনার কোন স্থান নেই, পক্ষান্তরে তা হচ্ছে বান্ধব চিন্তার অভিজ্ঞতা, যা পূর্বোক্ত শুরু-পরশ্বার ধারা স্বীকার করলেই কেবল হাদয়ঙ্গম করা যায়। এই পরস্পরার ধারা থেকে বন্ধ বিচ্চুত হলেও লাইক খ্রীচিতনা-চবিতামৃতের রহস্য হাদয়ঙ্গম করতে পারকেন না, যা হচ্ছে উপনিষদ, পুরাণ, বেদান্ত এবং বেদান্তের যথার্থ ভাষ্য শ্রীমন্ত্রাগ্বত ও শ্রীমন্ত্রগ্বদৃগীতা আদি সমস্ত বৈদিক শান্তের তত্ববেতা পরমার্থবাদীদের সর্বোচ্চ স্তরের পাঠ্যপুন্তক।

প্রীচৈতন্য-চরিতামৃতের এই সংস্করণটি তাঁদের উদ্দেশ্যেই সমর্পণ করা হয়েছে, যাঁরা হচ্ছেন পরমতথের অন্বেধণকারী আদর্শ জ্ঞানী ও ওণী পণ্ডিত। এটি মনোধর্মীদের অহমিকা-প্রসূত পাতিতা নয়, পক্ষান্তরে এটি হচ্ছে পূর্বতন আচার্যদের আদেশ শিরোধার্য করে তাঁদের সেবা করাই হচ্ছে আমাদের জীবনের যথার্থ উদ্দেশ্য। এই গ্রন্থটি ভগবং-কৃপায় প্রকাশিত শাস্ত্রসমূহ থেকে একটুও পৃথক নয়। তাই, গুরু-পরম্পরার ধারা অনুসরণকারী বে কোন ভগবস্তুক্ত কেবলমাত্র শ্রবণের মাধ্যমে এই গ্রন্থের সারমর্ম হন্দয়ক্ষম করতে সক্ষম হবেন।

্লোক তা

শ্রীটৈতন্য-চরিতামৃতের প্রথম পরিচেদটি শুরু হয়েছে চোদটি সংস্কৃত শ্লোক দিয়ে, খেগুলির মাধ্যমে পরমতত্ত্বের বর্ণনা করা হয়েছে। পরবর্তী তিনটি সংস্কৃত শ্লোকে বৃন্দাবনের তিন মুখ্য বিগ্রহ শ্রীশ্রীরাধা-মদনমোহন, শ্রীশ্রীরাধা-গোবিদদেব ও শ্রীশ্রীরাধা-গোপীনাথঞীর বর্ণনা করা হয়েছে। প্রথম চোদটি শ্লোকের প্রথমটি হচ্ছে পরমতন্ত্রের প্রতীক প্রকাশ এবং প্রকৃতপক্ষে সম্পূর্ণ প্রথম পরিচেছদটি এই একটি স্লোকে উৎসর্গীকৃত হয়েছে, যাতে শ্রীটৈতনা মহাপ্রভুর ছয়টি অপ্রাকৃত তত্ত্বে প্রকাশিত হওয়ার কর্ণনা রয়েছে।

তাঁর প্রথম প্রকাশকে শ্রীওফ়দেব রূপে বর্ণনা করা হয়েছে, যিনি দীক্ষাণ্ডক ও শিক্ষাণ্ডক রূপে আবির্ভূত হন। তাঁরা উভয়ই অভিন্ন, কেন না তাঁরা উভয়ই হচ্ছেন পরমতত্ত্বের প্রকাশ। তারপর ভগবন্ধক্তদের বর্ণনা করা হয়েছে। ভক্ত দূই প্রকারের—সাধক ভক্ত ও ভগবৎ-পার্যদ। তারপর ভগবানের অবতার, যাঁপের ভগবানের থেকে অভিন্ন বলে বর্ণনা করা হয়েছে। এই অবভারদের আবার তিনটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে— অংশ-অবতার, গুণ-অবতার ও শস্ক্যাবেশ-অবতার। এই সূত্রে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের স্বরূপ-প্রকাশ এবং তার অপ্রাকৃত লীলা-বিলাসের উদ্দেশ্যে ভিন্নরূপে বিলাস-বিগ্রহ প্রকাশের বর্ণনা করা হয়েছে। তারপর ভগবানের শক্তির আলোচনা করা হয়েছে। ভগবানের এই শক্তি তিন প্রকার—বৈকৃষ্ঠের লক্ষ্মী, ধারকার মহিবী এবং তাঁদের মধ্যে সর্বোত্তম ব্রজ্ঞধামের গোপিকারা। চরমে হচ্ছেন পরমেশ্বর ভগবান স্বয়ং, যিনি এই সমস্ত প্রকাশের মূল উৎস।

পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ ও তাঁর অংশ-প্রকাশসমূহ সবই ভগবানের সমপর্যায়ভূক এবং শক্তিমান পরমতন্ত; কিন্তু তাঁর ভক্তরা, তাঁর নিত্য পার্যদের। হচ্ছেন তাঁর শক্তি। শক্তি এবং শক্তিমান মূলত এক হলেও, যেহেতু তাঁনের কার্যকলাপ ভিন্নভাবে প্রদর্শিত হয়, ভাই তীরা যুগপৎ ভিষ। এভাবেই পরমতত্ব একই তত্তে বৈচিত্রারূপে প্রকাশিত হন। বেদান্তসূত্র অনুসারে এই ধার্শনিক তত্তকে বলা হয় *আচিন্তা-ভেদাভেদ-তত্ত্ব* বা ফুগপং ভিন্ন ও অভিন্ন তথ্ব। এই পরিচ্ছেদের শেষ দিকে উপরোক্ত সবিশেষ তত্ত্বের পরিপ্রেক্ষিতে খ্রীচৈডন্য মহাগ্রভু ও শ্রীনিত্যানন্দ প্রভুর অপ্রাকৃত স্থিতি কর্না করা হয়েছে।

শ্ৰোক ১

বন্দে গুরুনীশভক্তানীশমীশাবতারকান্। তৎপ্রকাশাংশ্য ডচ্ছক্তীঃ কৃষ্ণটেতন্যসংজ্ঞকম্ ॥ ১ ॥

ৰদ্দে—আমি বন্দনা করি; গুরুন্—গুরুবর্গকে; ঈশ-ভক্তান্—পরমেশ্বর ভগবানের ভক্তবৃদ্ধকে: ঈশম্—পরমেশ্র ভগবানকে: ঈশ-অবভারকান্—পরমেশ্র ভগবানের অবতারগণকে; তৎ—সেই পরমেশ্বর ভগবানের; প্রকাশান্—প্রকাশসমূহকে; চ—এবং; তৎ---পরমেশর ভগবানের; শক্তীঃ--শক্তিসমূহকে, কুটেডেন্য--শ্রীক্থরচৈডন্য; সংজ্ঞকম--নামক।

অনুবাদ

আমি দীক্ষা ও শিক্ষা ভেদে ওক্লবর্গের, পরমেশ্বর ভগবানের ডক্তবৃদ্ধের (শ্রীবাস আদি), পর্মেশ্বর ভগবানের অবতারগণের (শ্রীঅদ্বৈত আচার্য আদি), পর্মেশ্বর ভগবানের প্রকাশসমূহের (শ্রীনিত্যানন্দ আদি), প্রমেশ্বর ভগবানের শক্তিসমূহের (শ্রীগদাধর আদি) এবং শ্রীকৃষ্ণতৈতন্য নামক পরমেশ্বর ভগবানের বন্দনা করি।

গ্লোক ২

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দৌ সহোদিতৌ। গৌড়োদয়ে পুস্পবস্তৌ চিট্রৌ শন্দৌ তমোনুদৌ ॥ ২ ॥

নন্দে— আমি বন্দনা কবি; শ্রীকৃষ্ণতৈত্ব্য—শ্রীকৃষ্ণতৈতন্য মহাপ্রভূকে; নিড্যানন্দৌ—এবং শ্রীনিত্যানন্দ প্রভূকে; সহ-উদিতৌ—একই সময়ে উদিত; গৌড়-উদয়ে—গৌড়দেশের পূর্ব দিগান্তে: পুল্পবন্তৌ—সূর্য ও চন্দ্র একত্রে; চিত্রৌ—বিস্ময়করভাবে; শন্দৌ—মঙ্গপ্রপাতা; তমঃ-নৃদৌ--অন্ধকার-নাশক।

অনুবাদ

গৌড়দেশের পূর্ব দিগন্তে একই সময়ে অতি বিশ্বয়করভাবে সূর্য ও চক্রের মতো বাঁরা উদিত হয়েছেন, সেই পরম মঙ্গলপ্রদাতা এবং জন্তান ও অনুকারনাশক খ্রীকৃষ্ণতৈতন্য মহাপ্রভূ ও শ্রীনিত্যানন্দ প্রভূকে আমি বন্দনা করি।

যদৰৈতং ব্ৰক্ষোপনিষদি তদপ্যস্য তনুভা ৰ আত্মান্তৰ্যামী পুরুষ ইতি সোহস্যাংশবিভবঃ। ষ্টেপ্ৰহৈৰ্যঃ পূৰ্ণো য ইহ ভগৰান স স্বয়ময়ং ন চৈতন্যাৎ কৃষ্ণাজ্জগতি পরতত্ত্বং পরমিহ II ৩ II

গং—যা; অধৈতম্—অদৈত; ব্ৰহ্ম—নিৰ্বিশেষ ব্ৰহ্ম; উপনিষদি—উপনিবদে; তং—ডা; অপি—অবশ্যই; অসা—তাঁর; তনুভা—দিব্য দেহনিগতি রশ্মিছটা; য:—যিনি; আত্মা— প্রমারা; অন্তর্যামী—অন্তর্যামী; পুরুষঃ—পরম ভোক্তা; ইতি—এভারেই; সা—তিনি; অস্যা—তার; অংশ-বিভবঃ—অংশ বৈভব; য**়ৈখা**র্যিঃ—বড়ৈশ্বর্যের দ্বারা; পূর্ণঃ—পূর্ণ; মঃ াধনি, ইহ—এখানে; ভগবান্—পরমেশ্বর ভগবান; সঃ—তিনি; স্বয়য্—স্বয়ং; অয়ম্— এট: ন—না, কৈতন্যাৎ—চৈতনা থেকে; কৃষ্ণাৎ—শ্রীকৃষ্ণ থেকে; ক্সাতি—জগতে; পর— শ্রেষ্ঠ, তত্ত্বম্—তত্তঃ পরম্—ভিন্ন; **ইহ**—এখানে।

অনুবাদ

উপনিষদে যাঁকে নির্বিশেষ ব্রত্মারূপে বর্ণনা করা হয়েছে, তা তাঁর (এই খ্রীকৃষ্ণচৈতন্যের) অপকান্তি। যোগশান্তে ঘোগীরা যে পুরুষকে অন্তর্যামী পরমাত্মা বলেন, তিনিও তাঁরই

শ্ৰোক ৭

(এই শ্রীকৃষ্ণটৈতন্যের) অংশ-বৈচব। তত্ত্ববিচারে বাঁকে বড়েবর্থপূর্ণ ভগবন করা হয়, তিনিও ব্যাং এই শ্রীকৃষ্ণটৈতন্যেরই অভিন্ন বরুগ। এই জগতে শ্রীকৃষ্ণটেতন্য থেকে ভিন্ন পরতত্ত্ব আর কিছু নেই।

শ্লোক ৪ আনপিতিচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ সমপয়িতৃমুলতোক্ষ্যকরসাং ক্রুক্তিব্রিয়য় । হরিঃ পুরতসুন্দরদ্যতিকদহসন্দীপিতঃ সদা লদমককরে স্মুক্ত বং দ্টানক্ষনঃ ॥ ৪ ॥

অন্তিতি—থা অর্থিত হয়নি; চরীয়—পূর্বে; চিরাং—কংবাল পর্যন্ত, করুপরা—করুপাবলন্ত; অবতীর্থাঃ—অবতীর্থ হয়েছেন, কলৌ—কলিযুগে, সরপরিতৃত্ব—ধান করার জনা; উরত্ত উয়াও, উজ্জ্বল-রসাম্—উজ্জ্বল রসময়ী, ক্রেন্টি—বীয় ভক্তি; জিরত্ব—সম্পদ্ধ হরিঃ— পরমেশ্বর ভগবান, পুরুট—বর্গ থেকেন্ড: সুন্দর—সুন্দরভর, মুন্টি—বৃষ্টি: কর্মত্ব—সম্প্রাপিতঃ—সম্প্রাপিতঃ সদা—সর্বদা, হামর-কন্দরে—হান্তের শুহাতে; স্কুরতু—প্রকাশিত হোন; বঃ—তোমাদের: শতীনন্দনঃ—শতীয়াভার পুরু।

चन्नाम

পূর্বে বছকাল পর্যন্ত যা অর্ণিত হানি এবং উন্নত ও উজ্জ্বল রসময়ী নিজের ভতিসম্পদ্ধ দান করার জন্য যিনি করুপারশত কলিমুগে অবতীর্ণ হয়েছেন, মিনি স্বর্ণ থেকেও সুন্দর দ্যুতিসমূহ দারা সমৃদ্ধানিত, সেই শচীনাদান জীহারি সর্বদা ভোমাদের হনত্ত-কন্দরে স্ফুরিড হোম।

अपन क

রাধা কৃষপ্রণায়বিকৃতির্ক্লাদিনীশক্তিরস্মান দেকাদ্মানাবলি ভূবি পূরা দেহভেদং গতৌ তৌ ৷ তৈতন্যাধ্যং প্রকটমধুনা তদ্ধয়ং চৈক্যমাধ্যং রাধাভাবদ্যতিস্বলিত্য নৌমি কৃষ্ণস্কলপম ॥ ৫ ॥

রাধা শ্রীমতী রাধারাদী, কৃষ্ণ শ্রীকৃষ্ণের, প্রদায়—প্রণয়ের, বিকৃতিঃ—বিকার, ত্লাদিনী দক্তিঃ স্থাদিনী শতি , অস্মাৎ এই হেডু, এক-আত্মানী—বরনাত একায়া বা অভিন্ন, অপি হওয়া সন্তেও ভূবি—পৃথিবীতে; পুরা—অনাদিকাল থেকে; দেহ-ভেদয্—ভিন্ন দেহ, গতৌ—ধারণ করেছেন, তৌ রাধা ও কৃষ্ণ উভয়ে, টেডনা-আশ্বয়—শ্রীচৈতনা নামে, প্রকটয়—প্রকটিত হরেছেন, অধুনা—এবং, ভং-ছর্গ্য—সেই দুই দেহ,চ—এবং, ঐক্যম্ একতে, আগুম্ মৃক হয়ে; রাখা—শ্রীমতী রাধারাণীর, ভাব ভাব; দ্যুতি— কাণ্ডি, সুবলিজম্ বিভূষিত; নৌমি আমি প্রগতি নিবেদন করি, কৃষ্ণ-স্বরূপম্ নিনি শ্রীকৃষ্ণস্করণ তাঁকে।

वन्तम

শ্রীরাধিকা শ্রীকৃষ্ণের প্রশাসের বিকার-ক্রমণা, সুডরাং শ্রীমন্তী রাধারাদী শ্রীকৃষ্ণের ব্লাদিনী শক্তি। এই জন্য শ্রীমন্তী রাধারাদী ও শ্রীকৃষ্ণ একাজা হলেও ডারা অনাদিকাল প্রেক্র গোলোকে পৃথক কেই থারণ করে আছেন। এখন সেই দৃষ্ট চিত্রর কেই পুনরার একত্রে মুক্ত হরে শ্রীকৃষ্ণতৈতন্য নামে প্রকট হয়েছেন। শ্রীমন্তী রাধারাদীর এই ভাব ও কান্তিচুক্ত শ্রীকৃষ্ণতিতন্য নামে প্রকট হয়েছেন। শ্রীমন্তী রাধারাদীর এই ভাব ও কান্তিচুক্ত শ্রীকৃষ্ণতিতন্য নামে প্রকটি হয়েছেন। শ্রীমন্তী রাধারাদীর এই ভাব ও কান্তিচুক্ত

ছোক ও শ্রীরাধারাঃ প্রণরমহিমা কীদৃদো বানয়েবা-স্থাদ্যো বেনাজুতমধুরিমা কীদৃদো বা মদীয়ঃ । সৌখ্যাস্যা সদন্তবতঃ কীদৃশং বেডি লোভা-

ভক্কবাঢ়াঃ সমজনি শচীগর্ভসিক্ষৌ হ্রীন্দুঃ ॥ ৬ ॥

শ্রীনাধারাঃ—শ্রীমতী রাধারানীর, প্রবয় মহিমা—প্রেমের মাহাব্যা, কীদৃশঃ—কি রকম, বা—
এথবা, জনরা—তার (শ্রীমতী রাধারানীর) বারাই, প্রব—বোবল; আবাদায়—আবাদানীয়;
বেন—সেই প্রেমের বারা; অনুভ-মধুরিয়া—অত্যাল্যর্য মাধুর্য, কীদৃশঃ—কি রকম; বা—
এথবা, মনীয়ঃ—আমার, সৌব্যক্—সূব্য, চ—এবং; অস্যাঃ—শ্রীরাধার, মহ-অসুভবতঃ—
আমার মাধুর্যের অনুভব-বন্যত, কীদৃশ্য—কি রকম, বা— অথবা, ইতি—এভাবেই,
বোভাৎ—বোভকশত, তৎ—তার (শ্রীমতী রাধারানীর); ভাব-আঢ়াঃ—ভাবযুক্ত হয়ে,
সমক্রনি—আবিভূত হয়েছেন, শ্রী-গর্ভ-সিব্যৌ—শ্রীমতী শ্রীদেবীর গর্ভরাপ সমুদ্রে, হরি—
শ্রীকৃষ্ণ, ইন্মুঃ—তক্র।

অনুবাদ

শীরাধার শ্রেমের মহিষা কি রক্ষ, ঐ প্রেমের দার্র শীরাধা দ্বামার যে অন্তও মাধুর্য শ্রামাদন করেন, সেই মাধুর্যই বা কি রক্ষ এবং আমার মাধুর্য আসাদন করে শ্রীরাধা নে সুখ অনুভব করেন, সেই সুখই বা কি রক্ষ—এই সমন্ত বিষয়ে লোভ জন্মানোর ফলে শ্রীরাধার ভাবদুক্ত হয়েছেন।

ক্লোক ৭ সকর্ষণঃ কারণতোয়শায়ী গর্ভোদশায়ী চ পয়োদ্ধিশায়ী ।

체수 53]

শেষণ্ট মস্যাংশকলাঃ স নিজ্যা-নন্দাধ্যরামঃ শরণং সমান্ত ॥ ৭ ॥

সকর্ষণঃ লরব্যামের অধিপতি নারায়ণের বিতীর বৃহ মহাসকর্ষণ, কারণ-ভোমশারী—কারণ সমুদ্রের জলে শায়িত প্রথম পুরুষাবভার কারণোদকশায়ী বিষ্ণু: গর্ভোদশায়ী—গর্ভোদক-সমুদ্রে শারিত বিতীয় পুরুষাবভার গর্ভোদকশারী বিষ্ণু: চ—এবং প্রয়োকিশারী—ক্ষীর সমুদ্রে শারিত তৃতীয় পুরুষাবভার ক্ষীরোদকশারী বিষ্ণু: শেষঃ—শেষরাগ, অনস্তদেব, চ—এবং, বসা—বার, অংশ—শুংশ, কলাঃ—অংশের অংশ; সঃ—তিনি: নিভ্যানগার্থাঃ— গ্রীনিভ্যানন্য নামক, রামঃ—তীবসরাম, শরণম্—কালর; মন—কামার, কার—হোন।

ञन्सार

সন্ধর্ণ, কারগোরকশায়ী বিকু, গর্মোনকশায়ী বিকু ও অনস্তদের বার অংশ ও কলা, সেই খ্রীনিড্যানক নামক বলহাম কামার আগ্রায় হোল।

ক্লোক ৮
মারাতীতে ব্যাপিবৈকুর্ছকোকে
পূর্টেশ্বর্যে শ্রীচতুর্ব্যহমধ্যে।
ক্লপং যস্যোজ্ঞতি সম্বর্ধণাখ্যং
তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ৮ ॥

মানা-অভীতে—মানাস্থিন অভীত, ব্যাপি—সর্ববাংশক; বৈকৃষ্ঠ-লোকে—চিং-রূপং বৈপৃষ্ঠগোলে: পূর্ব-মান্তবে—সমগ্র ঐশ্বর্থ সমন্বিত, শ্রীচতুর্কৃত্ববেশা—বাস্থানে, সমন্বন, প্রদান ও অনিক্ষ—এই চতুর্বাহের মধ্যে, স্লাস্—স্থান, বালা—নাল, উন্তাতি—প্রকাল প্রায়ে, সম্বর্থ-আখান্—সম্বর্ধন নামক, তম্—ভাকে, শ্রীমিত্যানন্দ-রমেন্—শ্রীনিত্যানন্দ-প্রকাল বলরামকে: প্রপদ্যে—প্রকৃতি করি।

অনুবাস

মায়াতীত, সর্বব্যাপক বৈকৃষ্ঠলোকে বাদুদেব, সম্বর্ধণ, রাদুদ্দ ও অনিরুদ্ধ—এই পূর্ণ ঐশ্বর্ধ সময়িত চতুর্ব্যাহের মধ্যে যিনি সম্বর্ধাক্রপে বিরাক্তমান, সেই নিত্যানক্ষ-শ্বরূপ বলরামের শ্রীচন্ত্রশ-কমধ্যে আমি প্রপত্তি করি।

শ্লোক ৯
মামাভর্তাজান্তসংঘাপ্রয়াঙ্গঃ
লেতে সাক্ষাৎ কারণাস্থোবিমধ্যে 1
যস্যৈকাংশঃ শ্রীপুমানাদিদেবস্কং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে 1 ৯ 1

মারাজর্তা—মারাশন্তির পতি, জন্তাও-সংধ—ব্রন্ধাতসমূহের, জাল্লয়—আশ্রয় অকঃ
ার বীথক, শেক্তে—তিনি লরন করেন; সাক্ষাৎ—সাক্ষাংভাবে, কারণ-অক্ষেধি-মধ্যে—
াবন সমূদের মাকাবানে, কয়—বার, এক অংশঃ—এক অংশ, শ্রীপৃথান লরম পূরুষ,
আদি-দেবঃ—আদি পূরুবাবতার, ভ্রম্—ভাকে, শ্রীনিত্যানক্ষরামম্—শ্রীনিত্যানক্ষ-রাগ্র

অনুবাদ

রক্ষাওসমূহের আশ্ররজন এবং মায়াশন্তির অধীপার কারণ-সমূহে শায়িত আদিপুরুষ কারপোলকশায়ী বিষ্ণু ঘাঁর এক অংশ, সেই শ্রীনিস্ঠানক-রূপী ব্লরামের শ্রীচরণ-ক্ষালে ফামি প্রপত্তি করি।

শ্লোক ১০

যস্যাংশাংশঃ শ্রীল-গর্ডোদশায়ী

যয়াডাব্রং লোকসংঘাতনালম্ ৷
লোকস্তম্বুঃ সৃতিকাধামধাতুভং শ্রীনিত্যানন্দরামং প্রপ্রের ॥ ১০ ॥

ফ্যা—খাঁর, অংশ-রংশঃ—অংশের অংশ; শ্রীশ-রার্ড-উদ্দশান্থী—গর্চ্চোদকলাটি বিষ্ণু: বৃৎ— গাঁব নাতি-অক্সম্—নাতিপত্ম; লোক-সংঘাত—লোকসমূহের, নালম্—নাল, বা বিশ্লামস্থান; লোক-সন্থীঃ—গোকপ্রাট্ট প্রখাব; সৃতিকা-খাম—অগ্নাস্থান, খাতৃঃ—সৃত্তিকভার, তম্—সেই, শ্রী নিত্যানক-রামম্—গ্রীনিভানধ-স্কলে বলরামকে, প্রশাস্তা—আমি প্রণাম করি

অনুবাদ

গাঁর নাজিপজের লাল লোকসন্তা প্রকার সৃতিকাধান ও লোকসমূহের বিপ্রামন্থান, সেই গর্ভোদকলায়ী বিষ্ণু খাঁর অংশের জংশ, সেই শ্রীনিড্যানক-হামকে আমি সভাদ্ধ প্রণতি নিবেদন করি।

(南本 22

যস্যাংশাংশংশঃ পরাত্মখিলানাং পোষ্টা বিষ্ণুর্ভাতি দুগ্ধান্ধিশায়ী। কৌণীভর্তা যংকলা সোহপ্যনন্ত-স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ১১॥

বসা খাঁও, **অংশ অংশ-অংশ:**— অংশাতি অংশের অংশ, পর-আত্মা পর্যযাত্মা, খাঁনানাম্ সমস্ত জীবের, পোষ্টা—পালনকর্তা, বিষ্ণঃ—শ্রীবিষ্ণু, ডাতি—প্রতিভাত হন, দুগা-অন্তি শারী ক্ষীবোদকশায়ী বিষুদ্ধ ক্ষৌণীভর্জা পৃথিবী ধরণকাবী য**ং**— যাঁও, কলা

(आक ५७)

অংশের অংশ: সং—তিনি, **অপি—**অবশাই; অনস্কঃ—শেষনাগ; স্তম্—সেই; শ্রীনিত্তানত্ত রাষম্—জীনিত্যানত্ত-রূপী বলরামকে; **প্রপদ্যো**—আধি প্রপত্তি করি।

चनुवाध

ঘাঁর অংশতি-অংশের অংশ হচ্ছেন কীরসমূত্রে গান্তিত কীরেজকশারী বিঞ্। সেই কীরেজকশারী বিঞ্ হচ্ছেন সমস্ত জীবের হুলয়ে বিরাজমান পরমান্তা ও সমস্ত প্রকাশের পালনকর্তা এবং পৃথিবী ধারপকারী শেবনাথ হচ্ছেন বার কলা, সেই প্রীনিত্যালয়কাণী কলবায়ের নীচরণ-কমকে আমি প্রশন্তি করি।

প্লোক সং

মহাবিকুর্জগৎকর্তা মায়রা বঃ স্কত্যদঃ। তস্যাবতার এবার্মকৈতাচার্য উপারঃ ॥ >২ ॥

হতাবিকা:—নিমিত কারণের আধায় মহাবিকা: জলংকর্ডা—জড় জগতের সৃষ্টিকর্তা; মায়মা—মায়া শক্তির হারা; বঃ—ফিনি; সৃজতি—সৃষ্টি করেন; অধ্য—সেই ব্রলাও: ক্রন্তু— ঠার; অবভারঃ—অবভার; এব—শ্রুবশাই, জন্তু—এই; অধ্যক্ত জাচার্যঃ—অবৈভ জচার্য, উপারঃ—পর্যাধার ভগবান।

অদুৰ্বাদ

যে মহাবিদ্ধ মায়াশক্তির হারা এই জগৎকে সৃষ্টি করেন, ডিনি জড় জগতের সৃষ্টিকর্তা। জীমাকৈ জাচার্য ঈশ্বর তারিট জকতার।

খোক ১৩

অবৈতং হরিণদৈতাদাচার্যং ভক্তিশংসনাৎ ৷ ভক্তাবতারমীশং তমধ্যৈতাচার্যমান্তরে ॥ ১৩ ॥

আবৈত্য— অবৈত্ত, হবিশ —শ্রীহবির সঞ্চে, আবৈতাৎ—অভিন্ন তত্ত্ হওগার জনা, আচার্যম্—আচার্য নামে খাতে, ভবিদ-শংসমাৎ—ডভিতত্ব শিকা দেওগ্রার কনা, ভব্ত-অবতারম্—ভক্তনশৈ অবতার; উপন্—পর্মেশ্বর ভগবানকে, তন্—ভাবে, আবৈত-আচার্যম্—শ্রীমান্তে আচার্যকে, আশ্রায়ে—আমি আশ্রয় করি।

<u>भनुराम</u>

জ্ঞাবান গ্রীহরি থেকে অভিন্ন কন্ত্ব বলে ভাঁর নাম অহৈত এবং তক্তিতথ্ব শিক্ষা দেন বলে ডিনি আচার্য নামে খ্যাত, সেই ভক্তাবতার ভাইতচার্য ঈশ্বরকে জামি আগ্রয় করি।

(学)本 28

পঞ্চত্তামূকং কৃষ্ণং ভক্তরূপস্থরূপকম্ । ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকম্ ॥ ১৪ ॥ পঞ্চ-তন্ত্র-আন্তর্কর্—পাঁচটি অপ্রাকৃত তথ্ সমবিত, কৃষ্ণম্ শ্রীকৃষ্ণকে, **ভফ্ত রূপ**—
ভক্তরূপে, ব্রুক্তক্ত্র ব্রুক্তে, ডফ্ড-অবভার্য্য—ডফ্ড-অবভার্য, ডফ্ড-আখ্যম্
ভক্তরূপে খ্যাত, নুমামি—প্রশৃতি নিবেদন করি, ডক্ত-শক্তিকম্—ডফ্ডকে প্রথম পর্মেশ্বর ভগবানের শক্তি।

অনুবাদ

ভক্তরূপ, ভক্তস্বরূপ, ভক্তাবভার, ভক্ত ও ভক্তশক্তি—এই পঞ্চতদ্বাদ্দক শ্রীকৃষ্ণকে প্রগতি নিবেষণ করি।

জোক ১৫ জনতাং সূরতৌ পলোর্মম মন্দমতের্গতী । মংসর্বস্থানাডোজো রাধামদনমোহদৌ ॥ ১৫ ॥

ব্যক্তাম্—ক্ষমবৃক্ত হোল, সূরতৌ—গরম কৃপালু, পলোঃ—পলু, মম—আমার, মন্দ-মডেঃ
—মন্দমতি-সম্পান, পতী—কারেন, মধ—আমার, সর্বব—সব কিছু, পদ-মড়োজৌ—খাঁদের
পাদপন্ন: রাধা-কান-মোহনৌ—শ্রীমতী রাধারাণী ও শ্রীমদনমোহন।

শ্ৰন বাদ

আমি পৰু ও মন্দমতি; বাঁরা আমার একমাত্র গতি, বাঁদের পাদপন্ন আমার সর্বস্থান, সেই পর্য কৃপালু রাধা-ফালযোহন অয়যুক্ত হোন

्रमाक ५७

हीद्रम्वृत्मात्रण्यक्रक्रक्रमाथः-जीमम्बद्गाणात्रनिश्हाननस्थि । जीमम्बाधा-शिनरगावित्मरमस्यो स्राष्ट्रानीषिः स्वद्रभारती स्वत्राभि ॥ ১५ ॥

দ্বীৰাৎ—জ্যোতির্ময় লোভাবিশিষ্ট, বৃদ্ধা-ক্ষরণ্য—বৃদ্ধাবনের অরণ্যে, কল্প ক্ষর-ক্ষরণুক্ষ, জন্ম-ক্ষরণুক্ষ, জন্ম-ক্রমন্ত্রে, নিংহা-সনক্রে সিংহা-সনক্রে সিংহা-সনক্রে সিংহা-সনক্রে সিংহা-সনক্রে সিংহা-সনক্রে তির্নিষ্ট, রাজ্য-ক্রীমতী রাধারাণী, শ্রীক গোবিদ্ধদেবৌ—এবং শ্রীক গোবিদ্ধদেবা, প্রেষ্ঠ-জ্ঞানীত্তিঃ—ক্ষতরঙ্গ পার্বদবৃদ্ধের দ্বারা, সেব্যমানৌ সেবিত হচ্ছেন, স্ম্বানি—গ্রামি স্করণ করি।

অনুৰাদ

জ্যোতির্মন শোকাবিলিট কুমাবনের অরগ্যে কর্মকৃষ্ণতালে রম্মান্দিরস্থ সিংহাসনের উপরে উপরিষ্ট জীলীরাধা-খোকিন ঠানের অন্তরণ পার্যদবৃদ্ধ (সবীগণ) কর্তৃক সেবিত হচ্ছেম। আমি তাদের করণ করি।

(화학 5월]

())) 4

শ্রীমান্ রাসরসারস্ত্রী বংশীবটওটস্থিতঃ । কর্মন্ বেণুস্বলৈর্গোপীর্গোপীনাথঃ শ্রিমেহস্ক নঃ ॥ ১৭ ॥

শ্রীমান্ পরম সুন্ধর; রাস-রাসনৃতা, রস-রমের; আর**ন্ত্রী—প্রবর্তক, বংশীনট** কর্শীনট; ডট-তটে, স্থিতঃ—স্থিত; কর্ষন্—আকর্ষণ করেন; কেপু-বেপুর; স্থান্য-ধ্যানির দ্বারা; গোপীঃ—গোপবাঞ্জিকারা, খোপীমাধঃ—শ্রীগোপীনাধ; শ্রিছে—সঙ্গণ; অন্তু—বিধান করুন; নঃ—আমানের

অনুবাদ

রাসন্তা রংসর প্রবর্তক কলেঁবেট-ভটছিত পরম সুকর ব্রীগোপীনার বেণুঞ্চনি হারা গোলীগণকে আকর্ষণ করেন। তিনি অযোধের মূলক বিধান করুন।

(製金 22

कार कार बीटिंग्डन्। कार निजानक। कार्यादिकास कार (गीतकस्मृत्यः ॥ ১৮ ॥

লোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রভূ ও প্রীনিত্যানক প্রভূর জয় হোক। নীমাকৈতচকের ক্ষয় হোক। ক্ষয় হোক সমস্ত গৌরতজবৃদ্ধের।

(ब्रॉक ১৯

এই তিন ঠাকুর গৌড়ীয়াকে করিয়াছেন আত্মসাৎ। এ তিনের চরণ কন্দৌ, তিনে মোর নাথ ॥ ১৯ ॥

যোকার্থ

বৃদাবদের এই ডিন বিশ্রহ (মদনমোহন, গোকিছ ও গোপীনাথ) গৌড়ীর বৈক্ষবদের (এটিচতনা মহাপ্রভুর ভক্তবৃদ্ধের) হাময় কর করেছেন। আমি তামের বীপাদপার কননা করি, কেন না তারা আমার হাময়ের দেবতা।

प्राथशर्थ

ত্রীতিতন্য-চরিতান্তের প্রশেষ ক্ষাবনের কিন প্রধান বিগ্রহ প্রীরাধা মদনমেহন, শ্রীরাধা গোলীনাথজীকে ঠার সম্রদ্ধ প্রথতি নিকেন করেছেন। এই কিন চাকুর হচ্ছেন গৌড়ীয় বৈক্ষবদের জীবন গৌড়ীয় বৈক্ষবদের বৃন্ধাবনে বাস করার এক স্বাভাবিক প্রথাতা রয়েছে। অভান্ত নিষ্ঠা সহকারে প্রীচেতনা মহাপ্রভুর খদর্শিত পত্ন অনুসরণকারী গৌড়ীয় বৈধ্ববেরা পর্মেশ্বর ভগবানের সঙ্গে অপ্রাকৃত সম্পর্কে সম্পর্কিত হওয়ার উদ্দেশ্যে মহামন্ত্র কীন্টন করেন। তার প্রভাবেই ভগবানের সঙ্গে ভন্তের ভবিনানের

বিকাশ হয় এবং চরমে তা শুদ্ধ ভগবৎ-শ্রেমে পর্যবসিত হয়। ভত্তির ক্রম-বিকাশের তিনটি স্তরে এই তিন ঠাকুরের অ্যরাধন্য হয় খ্রীচৈতন্য মহাপ্রভুর অনুগামীরা ওওান্ত নিষ্ঠা সহকারে সেই পদ্মা অনুসরণ করেন।

গৌডীয় বৈক্ষণদের অস্ট্রাসপাক্ষর বৈদিক মান্ত্র শ্রীকৃষ্ণ থে মদনমোহন গোবিন্দ ও গোপীজনবগ্রহ কপে জারাধিত হন, তা হচ্ছে তাঁদের পরম সাধ্য বস্ত্র। যিনি কামদের মদনকে মোহিত করেন, তিনি হচ্ছেন মদনমোহন, যিনি ইন্তিয়সমূহকে ও গাড়ীদের আনন্দ দান করেন, তিনি হচ্ছেন গোবিন্দ এবং গোপীজনবগ্রহত হচ্ছেন ব্রজগোপিকাদের অপ্রাকৃত প্রেমিক। ভক্তাপের সঙ্গে শ্রীকৃষ্ণের বিভিন্ন লীলা অনুসারে তার মদনমোহন, গোবিন্দ, গোপীজনবগ্রহত আদি অসংখ্য নাম গ্রেছে

এই তিন ঠাকুর—মননমোহন, গোবিস ও গোপীজনবঞ্চন্ডের বিশেষ বিশেষ ওগাবলী রুরেছে। প্রযোধন ভগবানের সঙ্গে আমাদের হারিয়ে যাওয়া সম্পর্কের পুনঃপ্রতিষ্ঠা করার সমর মদনমোহনের আর্থনা হয় , পরমেশ্বর ওগবানের সত্তে নিডা সম্পর্কের বেয়ন র্বক্রম ধারণাই বর্তমান বন্ধ অবস্থার আমাদের নেই। বে নিজে স্বাধীনভাবে চলাফেরা করতে পারে না, তাকে কল হয় *প্রেলা*ঃ আর ঋড় কার্যকলাপে অভান্ত গাড়ীনভাবে মধ্য ২ওয়ার ফলে বার বৃদ্ধি নিপর্যন্ত হয়েছে, তাকে কলা হয় সম্পর্যক্তঃ এই ধরনের মানুষদের কর্তবা হছে, মলোধর্ম-প্রসূত আন অথবা স্কাম কর্ম প্রচেষ্টায় সাফলা লাভের চেট্টা না কৰে, কেবলমাত্ৰ প্ৰযোজন ভগবানের শরণাগত হওয়া প্রমেশ্বনের ঝাছে এই প্রণাগতিই হচ্ছে জীবনের পূর্বতা লাভের একমাত্র উপায় পারমার্থিক জীবনের প্রারম্ভে আমার্মের কর্মনত হতে মদনমোহনের আরাধনা করা, যাতে তিনি ঋড ইপ্রিয়াসুখ ভোগের আসতি থেকে মুক্ত করে আমাদের আকর্ষণ করেন প্রারম্ভিক প্রবের ডফাদের মদনমোধনের সঙ্গে এভাবেই সম্পর্কিত হওয়া বিশেষ প্রয়োজন কেউ যখন গভীর আসন্তি সহকারে ভগবানের সেবা করার বাসনা করেন, তখন ডিনি অপ্রাঞ্চত সেবার স্তরে শ্রীগোবিস্পরেবর আরাধনা করেন। গোবিন্দ হঞেন সমস্ত আনন্দের উৎস। শ্রীকৃষ্ণ ও তার ভস্তাদের কৃপায় কেউ ধনন ভগবন্ধক্তির ৩% স্করে উনীত হন, এখন তিনি ব্রস্কাসনাদের আনন্দবিগ্রহ গোপীজনবন্নভ ক্রপে ইক্রিকের প্রতি আকৃষ্ট হন।

ভগবছান্তর এই ভাবকৈ শ্রীচেঙলা মহাপ্রভূ তিনটি স্তার বিরেখণ করেছেন। এই তিন বিভিন্ন গোগামীগণ বৃন্দাবনে প্রমারাধ্য এই বিশুহরেরের প্রতিষ্ঠা করেছেন। এই তিন বিশ্রহ শ্রেমানকার গৌড়ীয় বৈশ্রমানে অভ্যন্ত প্রিয়, তাই ঠানা দিনে অন্তত একবার ঠাদের দর্শন করতে থান। এই তিনটি মন্দির ছাড়াও বৃন্দাবনে অন্য বহু মন্দির প্রতিষ্ঠিত হয়েছে, যেমন শ্রীল শ্রীব গোস্বামীর রামান্দানর মন্দির, শ্রীল গোক্ষামীর গামান্দানর গোক্ষামীর গোক্ষামীর গোক্ষামীর গোক্ষামীর গোক্ষামীর গোক্ষামীর গোক্ষামীর গোক্ষামীর গামান্দান ক্রিমান ক্রমান ক্রিমান ক্রিম

হিমান্যয়ের দক্ষিণ পাদদেশ থেকে বিশ্ব্য পর্যন্তের উন্তর ভাগ পর্যন্ত ভারতের এই

শ্ৰোক ২৫]

অঞ্চলকে গৌড়ীয়ক্তপে চিহ্নিত করা হয়। এই জক্বলিকৈ বলা হয় আর্থানর্ড বা আর্থানের বসতির স্থান। ভারতবর্ধের এই অংশতিকে পাঁচটি প্রথেশে (পক্ষ-সৌড়দেশ) ভাগ করা হয়েছে সারস্বত (কাশ্মীর ও পঞ্জাব), কান্যকুক্ত (বর্তমান লক্ষ্ণৌ শহরসহ সমস্ত উত্তরপ্রদেশ), মধ্যগৌড (মধ্যপ্রদেশ), মৈথিল (বিহার ও বঙ্গভূমির কিয়দংশ) এবং উৎকল্ব (বস্তুমির কিয়দংশ ও সমগ্র উডিব্যা)। বঙ্গদেশকে কখনও কখনও গৌড়দেশ বুলা হয়। প্রথমত এর কিয়বংশ মিথিলার অন্তর্ভুক্ত ভার ভিতীয়ত এটি ছিল হিন্দু কজা লক্ষ্ণ্ণ সেনের রাজধানী, যার নাম ছিল গৌড় প্রবেতীকালে এই প্রাচীন রাজধানী গৌড়পুর নামে পরিচিত হয় এবং কালক্রমে তা মায়াপুর নাম ধারণ করে।

উড়িষ্বান ওক্তদের বলা হয় উড়িয়া, বঙ্গদেশের ভক্তদের বলা হয় সৌড়ীয় এবং দৰিল প্রারতের শুন্ধদের বলা হয় প্রার্বিত্ব শুক্ত আর্যাবর্তকে বেমন পাঁচটি প্রদেশে বিভক্ত করা হয়েছে, কেমনই লান্ধিনাতারেও পাঁচটি প্রদেশে বিভক্ত করা হয়েছে, বাদের বলা হয় পদ্মারিও চারটি গুদ্ধ বৈক্তব সম্প্রদারের বারক চারজন বৈক্তব আচার্য এবং মারাবাদী সম্প্রদায়ের আচার্য প্রীপাদ সাক্ষরাচার্য এই পক্ষরাবিত্ব প্রদেশে আবির্ভূত হয়েছিলেন। গৌড়ীয় বৈক্ষরণা কর্তক বীকৃত এই চারজন বৈক্ষর আচার্যের মধ্যে প্রীরামানুক্রাচার্য আবির্ভূত হন অক্ষপ্রদেশের দক্ষিণ ভালে মহাভূতপুরী নামক স্থানে, প্রীরিষ্য স্থামী আবির্ভূত হন সামান্ধার জেলার বিমানগিরিব সামিকটে পাক্ষকর অঞ্চলে, প্রীরিষ্য স্থামী আবির্ভূত হন পাতা অঞ্চলে এবং নিশ্বার্কাচার্য আবির্ভূত হন পাতা অঞ্চলে এবং নিশ্বার্কাচার্য আবির্ভূত হন পাতা অঞ্চলে এবং নিশ্বার্কাচার্য আবির্ভূত হন দক্ষিণ প্রায়ে

শ্রীচিতনা মহাপ্রতু মধ্বাচার্যের ধারায় দীক্ষাপ্রত্য করেন, কিন্তু ওার অনুপামী বৈক্ষবের তত্বগাদীদের স্থাকার করেন না, যারা নিজেদের মধ্যে সম্প্রদায়ত্বক বলে দাবি করে। মধ্বানৃগ ওত্বগাদীদের সক্রে ওাদের পার্থবা স্পষ্টরূপে প্রতীয়মান করার জনা বম্বদেশের বৈক্ষবেরা নিজেদের গৌতীয় বৈক্ষব বলে পরিচায় দেন। শ্রীমধ্যাচর্মে শ্রীগৌড়পূর্বনেশ নামেও পরিচিত এবং ভাই গৌড়ীয় বৈক্ষব সম্প্রদায়ের তক্তগণ মাধ্য-গৌড়ীয় সম্প্রদায় নামেও পরিচিত হতে পারেন। আমাদের পরমারাধ্য ওরুমহারাক্ষ ও বিষ্ণুগাদ শাধ্যে গরিচিত হতে পারেন। আমাদের পরমারাধ্য ওরুমহারাক্ষ ও বিষ্ণুগাদ শ্রীশ্রীমন্ত ভিরিদ্ধার সনহতী গোস্বোমী প্রভূপাদ মাধ্য গৌড়ীয় সম্প্রদায়ে পীকায়হণ করেছিলেন

ক্লোক ২০

এছের আরম্ভে করি মঙ্গলাচরণ'। ওরু, বৈষ্ণৰ, ভগবান্,—ভিনের স্মরণ ॥ ২০ ॥

শ্লোকার্ঘ

এই গ্রন্থ রচনার প্রারন্তে আমি প্রীওক্রদেক, বৈক্ষবকৃত্ব ও পরমেশ্বর ভগবানের শারণের মাধ্যমে মঙ্গলাচরণ করছি। শ্লোক ২১ তিনের শ্বরণে হয় বিছুবিনাশন। অনায়াসে হয় নিজ ৰাঞ্ডিতপূরণ ॥ ২১ ॥

খ্ৰাকাৰ্থ

এই তিন বিশ্বহের অরশে সমস্ত বিশ্ব দূর হয় এবং অনায়াসে নিজের মনোবাঞ্চা পূর্ণ মন।

> শ্রোক ২২ সে সদলাচরণ হয় তিবিধ প্রকার : বস্তুনির্দেশ, আশীর্বাদ, সমকার ॥ ২২ ৫

> > লোকার্থ

এই মকলাচনণ হচ্ছে ভিদ প্রকার—ভত্তবন্ধ সম্বন্ধে নির্দেশ, আশীর্বাদ ও সঞ্জন্ধ প্রণাম।

শ্লৌক ২৩

প্রথম দুই শ্লোকে ইউদেৰ-নমস্কার । সামান্য-বিশেষ-রূপে দুই ড' প্রকার ॥ ২৩ ॥

গ্ৰোকাৰ্থ

প্ৰথম দৃষ্টি জোকের সাধ্যমে ইউদেবকৈ সাধারণভাবে ও বিশেবভাবে প্ৰথমি নিৰেদন করা করেছে।

> প্লোক ২৪ তৃতীয় প্লোকেতে করি বস্তুর নির্দেশ । যাহা ইইডে জানি পরতঞ্জের উদ্দেশ ॥ ২৪ ॥

> > প্ৰোকাৰ

ভৃতীয় রোকে পর্য তত্ত্বস্ত সক্ষতে নির্দেশ প্রধান করা ম্যোছে। এই বর্গনার সাধ্যমে পর্যভত্তকে দর্শন করা সাম।

> ক্লোক ২৫ চতুর্থ প্লোকেডে করি জগতে আশীর্বাদ ৷ সর্বর মাগিয়ে কৃষ্ণচৈতন্য-প্রসাদ ! ২৫ ॥

> > <u>লোকার্থ</u>

সকলের জন্য শ্রীকৃষ্ণটেডন্য মহাপ্রভূর আশীর্বাদ প্রার্থনা করে, চতুর্থ প্লোকে আমি সমগ্র জগতের প্রতি ভগবানের করুণার কথা বর্ণনা করেছি (व्यपि ১

(2) 中 也8.]

গুৰ্বাদি-বন্দন-সঙ্গলাচরণ

क्षिक २७

সেঁই প্লোকে কহি বাহ্যাক্তার কারণ। পঞ্চ বর্ত প্লোকে কহি মূল-প্রয়োজন ॥ ২৬ ॥

টোকার্ঘ

সেই প্লোকে আমি শ্রীচৈতনা মহাগ্রভুর অবভরণের বাহ্য কারণ বর্ণনা করেছি। কিছু পঞ্চ ও বন্ধ প্লোকে তার অবভরণের মুখ্য কারণ বিশ্লেষণ করেছি।

स्रोक ३१

এই হয় প্লোকে কহি চৈডনোর তবা ৷ আর পঞ্জাকে নিড্যানকের মহন্ত যু ২৭ য়

লোকার্থ

এই হয়টি প্লোকে আমি ঐতিভতন্য মহাপ্ৰভুদ্ধ তক্ত বিশ্লেষণ করেছি এবং তার পরক্তী। পাঁচটি প্লোকে শ্রীমনিত্যাদক প্রভুদ্ধ মহিমা কর্বনা করেছি।

(訓本 シト

আর দূই গোকে অকৈত-তত্ত্বাখ্যান । আর এক গোকে পঞ্চতত্ত্বে ব্যাখ্যান ॥ ২৮ ॥

্ৰোকাৰ্

তার পরের দৃটি শ্লোকে শ্রীজাঁছত আচার্য প্রকৃত্ত ছবু বিশ্লেষণ করেছি এবং তার পরের শ্লোকে পঞ্চতত্ত্বের (ভগবাম, ভগবামের স্বাংশ-প্রকাশ, অবতার, শক্তি ও ভক্ত) বর্ণমা করা হয়েছে:

শ্লোক ২৯

এই টৌদ্দ শোকে করি মদলাচরণ। তঁহি মধ্যে কহি সব বস্তুনিরূপণ ॥ ২৯ ॥

প্ৰোকাৰ্থ

এই চোনটি সোকে মঙ্গলাচরণ করা হয়েছে এবং তার মাধ্যমে পরসভবকে নিরূপণ করা হয়েছে।

গ্ৰোক ৩০

সৰ খোতা বৈষ্ণবেরে করি' নমস্কার। এই সৰ শ্লোকের করি অর্থ-বিচার ॥ ৩০ ॥ কোকার্য

আমি সমস্ত বৈক্ষৰ শ্ৰোভাষের শ্ৰীপাদগন্তে আমার সঞ্জন প্রণতি নিবেদন করে এই সমস্ত শ্লোকের নিগৃত অর্থ বিশ্লেষণ করছি।

(関係 の)

সকল বৈক্ষৰ, শুন করি' একমন । তৈতন্য-কৃষ্ণের শাস্ত-মত-নিরূপণ ॥ ৩১ ॥

য়োকার্থ

আমি সমস্ত বৈক্ষৰ পঠিককে অনুৰোধ করছি, তাঁরা বেন একাপ্ত চিত্তে জীকৃষ্ণচৈতস্য সহকে পাত্তে নিরুপিত এই সমস্ত মতামত পঠি করেন এবং প্রথণ করেন।

ভাৎপর্য

প্রতিত্বা মহাপ্রত্ হক্ষেন পর্যতক্ প্রীকৃষ্ণ করং সেই ওপু প্রামাণিক শাল্পপ্রমাণের ভিত্তিতে নিজপিত হমেছে। কখনও কখনও মানুব শাল্পপ্রমাণ কাজীত তাদের থামুখেরালী আবেক-প্রকাতর ভিত্তিতে কোন মানুবকে ভগবান বলে প্রহণ করে থাকে, কিন্তু প্রীকৈতন্য-ক্রিতানুতের প্রকাতা শাল্পস্রমাণ উল্লেখ করে ওরি সমস্ত উল্লিখ মধার্থতা প্রতিপন করেছের এভাবেই তিনি প্রতিপন করেছেন বে, প্রীকৈতন্য মহাপ্রভূই হক্ষেন প্রমেশ্বর ভগবান

শ্লোক ৩২

কৃষ্ণ, ওক্ত, ভক্ত, শক্তি, অবতার, প্রকাশ । কৃষ্ণ এই ছয়রূপে করেন বিলাস ॥ ৩২ ॥

য়োকার্থ

প্রিকৃষ, ওলনেব, ভক্ত, শক্তি, অবভার ও অংশ-প্রকাশ—এই ছাটি রুপে ভগবাস শ্রীকৃষ্ণ ভার সীলাবিলাস করেন। এই ছাটি ভর্ট এক।

> শ্লোক ৩৩ এই ছয় তত্ত্বের করি চরণ বন্দন। প্রথমে সামান্যে করি মজলাচরণ ॥ ৩৩ ॥

> > হ্লোকার্থ

জামি সর্বপ্রথারে এই হয় তত্ত্বের শ্রীপালপত্ত বন্দনা করি এবং তাঁলের শুভ আলীর্বাদ প্রার্থনা করে সঙ্গলাচরণ করি।

ভগবানের সৃষ্টিশক্তির এই বর্গনাটি ব্রহ্মসংহিতা ,৫ ৪৮) থেকে উদ্ধৃত হয়েছে, যা ব্রহ্মা বয়াং ভগবানকৈ উপলব্ধি করার পর রচনা করেছিলেন মহাবিষ্ণু যথন শ্বাস জাল করেন তথন প্রশান্তের চিত্ময় বীজ জার লোমকূপ থেকে নির্গত হয়। আধুনিক পারমাণবিক গবেবলার যুগে, পারমাণবিক বৈজ্ঞানিকেরা হয়ত এই তথ্যটি থেকে অন্তত একটু আভাস পাবেন যে, পর্যাশর্ম ভগবানের দেহনির্গত চিত্ময় পর্মাণ্ থেকে বিচ্চাবে এক একটি ব্রহ্মাণ্ড সৃষ্টি হয় এবং তা নিয়ে গবেবণা করতে পারবেন

শ্লোক ৭২

কাহং ত্যো-মহদহং-খ-চরাগ্নিবার্ড্-সংবেষ্টিতাশুঘট সপ্তবিতম্ভিকায়ঃ । কেদৃখিধাহবিগণিতাশুপরাণ্চর্যা-বাতাধ্বরোমবিবরস্যা চাতে মহিত্বম ॥ ৭২ ॥

ক—কোলনা, অহম—আমি; তমঃ কড়া প্রকৃতি, মহৎ—মহং-ডবঃ অহম—এংছাব; খ— আকাশ, চম—বায়ু, অশ্বি—আধান, বাঃ—জলঃ ভু—পৃথিবী, সংকেষ্টিত—পরিবেষ্টিত: অধ্ব-ঘট—একটি ঘটের মতো রক্ষাও, সপ্ত-বিভল্তি—সাত বিঘত, কায়ঃ—দেহ ক— কোলনা, কদ্ব—এই রকম বিধা—মতন, অনিগণিত—অসংগ্য, অধ্ব—রক্ষাও, পরাবু-চর্বা—পরমাণুর মতো অমগদীল বাত-অধ্ব—বায়ুর ছিন্ত, রোম—দেহের লোম বিবরনা— রঞ্জের, চ—ওঃ তে—আপনার; মহিত্বম—মহিমা

অনুবাদ

"প্রকৃতি, মহৎ-তথ্য, অহরার ও পঞ্চভূত-নির্মিত আমার হাতের মাপের সাত বিঘত সীর্য এই দেহের অন্তর্গত আমি বা কোথায়, আর সমস্ত ব্রহ্মাণ্ড পরমাণুরূপে দাঁর লোমবিবরে পরিভ্রমণ করে, সেই রকম যে আপনি, সেই আপনার মহিমাই বা কোথায় গ অর্থাৎ, আমার ক্রলাণ্ড-বিগ্রহ আপনার মহিমার তুলনার বিদ্রু দায় "

তাৎপর্য

শ্রীকৃষ্ণের গোবংস এবং গোপসখাদের হয়ণ করার পর প্রস্না নিরে এসে যখন দেখালেন গোবংস এবং গোপবালাকেরা তখনত শ্রীকৃষ্ণের সঙ্গেই ঘূরে বেড়াঞ্ছে, তখন তিনি জার নিজের ড়ল বৃথতে পেরে এড়াথেই ভগবানের মহিমা কীর্ত্তন করেছিলেন (ভাগবত ২০ ১৪ ১১) বন্ধ জীব, এখন কি সে যদি প্রদাণের পরিচালক প্রসার মহো মহণ্ড ২২ তবৃও পর্যাম্থার ভগবানের সঙ্গে তার কোন তুলনাই হয় না কোন ন তগবান তার পেরের জ্যোনকুপ থোকে নিগতি চিন্মার নিন্ম স্বারা অসংখা প্রস্নাত সৃষ্টি করতে পারেন জড় বৈজ্ঞানিকদের উচিত ভগবানের তুলনায় আমাদের নগণ্ডা সম্বন্ধে প্রসায় যা বলেছেই, সেই সংবন্ধে নিক্ষা গ্রহণ করা। ক্ষমতার গর্মে গরিত মানুষ্যানের প্রস্নার এই প্রার্থনা ছেবেল কিছু জানবার আছে

শ্রোক ৭৩

অংশের অংশ যেই, 'কলা' তার নাম। গোবিন্দের প্রতিমৃতি শ্রীবলরাম। ৭৩॥

শ্লোকার্থ

অংশের অংশকে বলা হয় কলা। খ্রীবলরাম হচ্ছেন গোবিদের প্রতিমূর্তি

ক্লোক ৭৯

শ্লোক ৭৪

তার এক স্বরূপ—শ্রীমহাসন্ধর্ণ। তার অংশ 'পুরুষ' হয় কলাতে গণন ॥ ৭৪ ॥

হোকার্থ

বলরামের একটি বরূপ হচ্ছেন শ্রীমহাসকর্ষণ এবং তাঁর এক অংশ পুরুষাবতারকে কলা বা অংশের অংশ বলে গধনা করা হয়।

শ্ৰোক ৭৫

ঘাঁহাকে ড' কলা কহি, তিহো মহাবিষ্ণ। মহাপুক্ৰবাৰতারী তেঁহো সৰ্বজিষ্ণ ॥ ৭৫ ॥

য়োকার্থ

যাঁকে আমরা কলা বলি, তিনি হচ্ছেন মহাবিষ্ণ। তিনি হচ্ছেন মহাপ্রুষ, যিনি আন্য সমস্ত পুরুষের উৎস এবং সর্ববাধি।

> শ্লোক ৭৬ গতের্জাদ-কীরোদশায়ী দৌহে 'পুরুষ' নাম । সেই দুই, যাঁর অংশ,—বিষ্ণু, বিশ্বধাম ॥ ৭৬ ॥

> > শ্লোকার্থ

গর্ভেদকশায়ী ও স্থীরোদকশায়ী উভয়কেই বলা হয় পুরুষ ভারা হচ্ছেদ সমন্ত ক্রলাণ্ডের আশ্রয় প্রথম পুরুষাবভার কারগেদকশায়ী বিশুর সংগ

ভাৎপর্য

পুরুষের লকণ প্রভাগরতামৃত প্রস্থে বর্ণিত ছয়েছে। পরয়েশ্বর ভগবানের অবতারদের বর্ণনা করার সময় প্রস্থকার বিষ্ণু পূরাণ (৬/৮/৫৯) থেকে উদ্বৃতি নিয়ে বলেছেন, "আমি পুরুষেত্রম শ্রীকৃষ্ণকে আমার সম্রদ্ধ প্রথতি নিবেদন করি, যিনি সর্বদাই প্রভ জগতের বৈতভাব সমন্বিত হয়তি সমস্ত কলুব থেকে সর্বতোভাবে মৃত্যু, যাঁর অংশ-প্রকাশ মহাবিষ্ণু প্রকৃতির প্রতি দৃষ্টিপাতের হারা জড় জগৎকে প্রকাশিত করেন, যিনি নিজেকে বিভিন্ন চিনায় রূপে প্রকাশিত করেন, কিন্তু তা সন্বেও তাঁর প্রতিটি রূপই এক এবং অভিন্ন, যিনি সমস্ত জীবেব অধীশ্বর, যিনি সর্ব অবস্থাতেই জড়া প্রকৃতির কলুব থেকে মৃত্যু, তিনি যখন এই জড় জগতে আবির্ভূত হুন, তখন তাঁকে আমাদেরই মতো একজন বলে মনে হুলেও তাঁর চিনায় রূপে নিতা আনন্দময় " এই বর্ণনার সার সংকলন করে শ্রীল রূপে গোস্বামী সিদ্ধান্ত করেছেন যে, পরমেশ্বর ভগবানের যে অংশ-প্রকাশ জড়া প্রকৃতির সঙ্গে সহযোগিতা করেন, তিনি হুছেন পুরুষ।

শ্লোক ৭৭

বিক্টোন্ত ত্রীপি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ । একন্ত মহতঃ স্রস্ট দ্বিতীয়ং দ্বশুসংস্থিতম্ । ভূতীয়ং সর্বভূতস্থং তানি জ্ঞান্ত বিমৃচ্যতে ॥ ৭৭ ॥

বিষ্ণোঃ শ্রীবিষ্ণুর, তু অবশাই, ব্রীবি—তিন, রূপাণি—রূপ, পুরুষ-আখ্যানি—পুরুষ নামে খ্যাত; অথো—কিডাবে, বিদুঃ—তারা জানতে পারেন, একম্—ঠানের মধ্যে একজন, তু—কিন্ত; মহতঃ ক্রম্থ—সহং তথের প্রস্তা, দ্বিতীয়ম্—দ্বিতীয় তু—কিন্ত; অও-সংস্থিতম্—ব্যাণের অভ্যন্তরে স্থিত, তৃতীয়ম্—তৃতীয়, সর্ব-তৃতস্থম্—সমস্ত জীবের অভ্যন্ত, তানি—সেই ভিন জনকে, জাদা—ক্রেনে, বিমুচাতে—মৃক্ত হন

অনুবাদ

"নিত্যধায়ে বিষ্ণু জিনটি রংপকে বলা হয় পুন্দা। প্রথম মহৎ-তত্ত্বের বন্ধা কার্ণোদকশায়ী ঘহাবিঞ্, বিত্তীয় গড়েঁদকশায়ী যিনি প্রতিটি রক্ষাণ্ডে অবস্থান করেন এবং ভৃতীয় জীরোদকশায়ী বিষ্ণু, যিনি প্রতিটি জীবের অন্তর্যামী প্রমান্তা এই ডিনটি তত্ত্ব জানতে পারলে রাড় জগাতের বন্ধন থেকে মুক্ত হওলা যায়।"

তাৎপর্য

এই প্লোকটি লযুজাগবতামৃত গ্রন্থ (পূর্বাধণ্ড ২/৯) থেকে উদ্ধৃত সাত্মত-তন্ত্রের একটি মৌক

শ্লোক ৭৮

যদ্যপি কহিলে তাঁরে কৃষ্ণের 'কলা' করি । মংস্য-কুর্মাদ্যবতারের তিহো অবতারী ॥ ৭৮॥

গ্লোকার্থ

যদিও কারণোদকশায়ী বিফুকে শ্রীকৃষ্ণের কলা বলা হয়, তবুও তিনি হচ্ছেন সংস্য, কুর্ম ও অন্যাস্য অবভারদের অবভারী

শ্লোক ৭৯

এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্থ ভগৰান্ স্বয়ম্। ইন্দ্ৰারি-ব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে ॥ ৭৯ ॥

এতে—এই সমস্ত, চ—এবং, অংশ কলাঃ—প্যংশ অথবা কলা, প্সেঃ— পুরুষাবভারদের, কৃষ্ণঃ ভূ কিন্ত শ্রীকৃষ্ণঃ ভগবান্—প্যাদিপুরুষ ভগবান; স্বয়ম্ স্বয়ং, ইক্র-আবি ইন্দ্রের শত্রু, ব্যাকৃত্যম উপদ্রুত, লোকম্ বিশ্ব, মৃত্য়ন্তি সুখী করেন, যুগো যুগো প্রতি যুগো

(আদি ৫

(संकि 1/8)

অনুবাদ

"ভগবাদের এই সমস্ত অবতারের। হচ্ছেন পুরুষাবতারের অংশ অথবা কলা। কিন্তু এক্রিয় হচ্ছেন স্বয়ং পরমেশ্বর ভগবান। ইচ্ছের শত্রুদের দ্বারা বিশ্ব যখন প্রশীড়িত হয়, তথন ভগবান ভার অংশ-কলার দ্বারা যুগে যুগে বিশ্বকৈ রক্ষা করেন।"

তাৎপর্য

এই প্লোকটি শ্রীমন্ত্রাগরত (১/৩/২৮) থেকে উদ্ধৃত

CHITTO BO

সেই পুরুষ সৃষ্টি স্থিতি-প্রলয়ের কর্তা। নানা অবতার করে, জগতের ভর্তা ॥ ৮০ ॥

শোকার্থ

সেই পুরুষ (কারণোদকশায়ী বিষ্ণু) হচ্ছেন সৃষ্টি, স্থিতি ও প্রক্ষয়ের কর্তা তিনি নামা অবভারে নিজেকে প্রকাশ করেন, কেন না তিনিই হচ্ছেন জগতের পালায়কর্তা

(利本)

সৃষ্ট্যাদি-নিমিতে যেই অংশের অবধান। সেই ড' অংশেরে কহি 'অধতার' নাম ॥ ৮১ ॥

त्रशंकार्थ

মহাপুরাষ নামক ভগবানের যে অংশ সৃষ্টি, ছিতি ও প্রলয়কার্য সাধন করার জন্য আরির্ভূত হন ভাবে কলা হয় অবভার

শ্লোক ৮২

আদ্যাবতার, মহাপুরুষ, ভগবান্ ৷ সর্ব-অবতার-বীজ, সর্বাশ্রয়-খাম ॥ ৮২ ॥

ক্লোকাৰ্থ

সেই মহাপুরুষ পরমেশার জগবান থেকে অভিয়। তিনি ইচ্ছেন আদ্যাবতার অন্য সমস্ত অবভারদের বীজ এবং সব কিছুর আশ্রয়।

টোক ৮৩

আদোহিবভারঃ পুরুষঃ পরস্য কালঃ স্বভাবঃ সদস্থানশ্চ ৷ দ্রবাং বিকারো গুল ইন্দ্রিয়ালি বিরাট্ স্বরাট্ স্থাস্কু চরিষ্ণু ভূমঃ ॥ ৮৩ ॥ ভাদাঃ অবতারঃ—থাদি অবতার, পুরুষঃ—মহাবিষ্ণু, পরস্যা-পরমেশ্বের কালঃ
—কাল, শ্বভাবঃ—কভাব, সং-অসং—কার্য ও কারণ, অনঃ ৮—এবং মন, দ্রবাম --পজমহাভূত, বিকারঃ—বিকার অথবা জহজার, গুণঃ—প্রকৃতির গুণ ইন্দ্রিয়াণি—ইন্দ্রিয়সমূহ,
বিরটে—বিবাটরূপ, শ্বরটি
সম্পূর্ণরূপে ধানীন, স্থাস্ত্—স্থাবর, চবিষ্ণু—জক্ষ, ভূমঃ—
পরমেশ্বর ভগবানের

অনুবাদ

"কারণান্তিশায়ী পুরুষ্ট ভগবানের আদ্যাবতার। কাল, স্বভাব কার্য কারণরূপ প্রকৃতি, মন আদি মহৎ-চন্দ্, মহাভূত আদি অহজার, সত্ত আদি ওপ, ইন্দ্রিয়সমূহ, বিরাট, স্বরাট, স্থাবর ও অক্য সবই তার বিভৃতি-স্কুল।"

ভাৎপর্য

এবতারসমূহ ও ওানের লক্ষণ বর্ণনা করে *লয়ভাগকভান্*ত এ**নে** বর্ণিত হয়েছে যে, ত্রীকৃষ্ণ যখন লও জগতের সৃষ্টিকার্মের জন্য ভারতরণ করেন, এখন ঠাকে বলা হয় অবতার অকতার দৃষ্টি প্রকার-শরুণাবিদ্ধী ভাক্ত ও তদেকাধারাপ (ভগবান স্বাং) তদেকাধারাপের দুষ্টাও হাছেন শেষ এবং শশুনানিষ্ট ভক্তের দুষ্টাও হচেনে জীকনোনা পিতা বসুদেব। জীল বলদেষ বিদ্যাভূষণ ঠার ভাষে বলেছেন যে, এড় প্রগৎ হক্ষে আংশিকভাবে ভগ্রামের রাজ্যা, যেখানে ভগবান কোন বিশেষ কার্য সম্পাদন করার জন, মাঝে মাঝে অবতরণ করেন দ্রীকৃষ্ণ তার যে অংশবেতারের দ্বারা এই কার্য সম্পাদন করেন, তিনিই হচেইন সমস্ত অবতারের আদি উৎস মহাবিষ্টঃ। অনভিঞ্জ দর্শবৈধা অনুমান করে যে গুড়া প্রসৃতি ৪৬ সৃষ্টির কারণ ও উপাদান উভাই সরবরাহ করে এনং জীব এই প্রকৃতির ভোক্ত কিন্তু ভগবস্তুতেরা, গাঁলে পৃথানুপৃথাভাবে সন কিছু বিচার কারছেন, তাঁন হান্সক্ষম করতে পারে: যে, জড়া প্রকৃতি স্বতপ্রভাবে জড় উপাদানগুলি স্ববরাহত করতে পারে না এবং ক্ষড় সৃষ্টির কারণত ২তে পারে না স্বয়পুরুষ মহাবিশ্বর দৃষ্টিপাতের প্রভাবে কড়া প্রকৃতি হাত উপ্সাদান্তলি সরবরাই কবার শক্তি প্রাপ্ত হয় এবং ঠার শক্তির দ্বারা আবিট হয়ে প্রকৃতি জড় জগৎ প্রকাশের কারণ হয়। জড় সৃষ্টির কারণকরে এবং জড় উপাদা গুলির উৎসক্ষপে জন্তা প্রকৃতির যে ক্ষমতা তা সম্ভব হয় পর্যেশ্বর ভগবাদের দৃষ্টিপাড়ের মাধামে পর্মেশ্ব ভগবানের যে সমস্থ বিভিন্ন প্রকাশ মড় শক্তিকে আবিষ্ট করে, তাঁদের বলা হয় অংশ-প্রকাপ বা অবভারে একটি আলোকবর্তিকা থেকে বছ আলোকবর্তিকা স্বালাবার দুটায়টি এখানে দেওয়া যায় , ভগবানের সব কাটি খংশ-প্রকাশ বা অবতার তাঁরই মতো শক্তিমান ৩৫, কিন্তু মায়ার নিয়ন্ত্রণ কার্যে যুক্ত থাকায় ভাঁদের কখনও কখনও মায়িক বা মায়ার সঙ্গে সম্পর্কত্ত বলে বর্ণনা করা হয় এই মোকটি *শ্রীমাধ্রাণক*ত (২/৬/৪২) থেকে উপুড়।

শ্ৰোক ৮৪

জগৃহে পৌরুষং রূপং ভগবান্মহদাদিভিঃ । সম্ভতং ধোড়শকলমাদৌ লোকসিসক্ষয়া ॥ ৮৪ ॥ জগৃহে—থাবণ করেছিলেন, পৌরুষম্—পুরুষাবতার, দ্ধাপন্—ক্রপ, ভগবান্—খরমেশ্বর ভগবান মহৎআদিভিঃ— মহৎ তত্ত্ব আদির ছারা, সন্তুতম্—সৃষ্টি করেছিলেন, যোদ্ধশ বোল, কলম্ শক্তি, আমৌ—আদিতে, লোক—শুড় জগৎ, মিসুক্ষমা সৃষ্টি কর্বে জনা

অনুবাদ

"সৃষ্টির আদিতে পরমেশ্বর দ্বগবান জড় সৃষ্টির সমস্ত উপাদান সহ পূরুধারতার রূপ ধারণ করেছিলেন। জড় জগৎ সৃষ্টি করার জন্য তিনি প্রথমে ঘোলটি প্রধান শক্তি সৃষ্টি করেছিলেন।"

ভাৎপর্য

এই লোকটি শ্রীমন্ত্রাগরত (১/৩/১) থেকে উদ্ধৃতঃ গ্রীমধনাচার্য শ্রীমন্ত্রাগরতের তাৎপর্যে বলেছেন যে, নিপ্ললিখিত ঘোলটি চিনাম শক্তি চিৎ-জগতে বিবাজমান (১) শ্রী. (২) ভূ. (৩) লীলা, (৪) কান্তি, (৫) কীর্তি, (৬) তৃষ্টি, (৭) গ্রীঃ, (৮) পৃষ্টি, (৯) সতা. (১০) জালাজ্ঞান, (১১) জামা উৎকবিশী, (১২) বিমলা, (১৩) যোগমামা, (১৪) গ্রহী, (১৫) ঈশানা ও (১৬) অনুগ্রহা শ্রীবলনের বিদ্যাভূষণ লগুলাগবতামূত গ্রন্থের টীকায় উল্লেখ করেছেন যে, উপরোক্ত শক্তিগুলি নামটি নামেও পরিচিত—(১) বিমলা (২) উৎক্ষিণী, (৩) গুলা (৪) ক্রিয়া, (৫) ঘোগা, (৬) গ্রহী, (৭) সতাা, (৮) ঈশানা ও (৯) অনুগ্রহা শ্রীল জীব ব্যোসামী বিবচিত ভাগবত-সন্দর্ভে (শ্লোক ১০৩) তালেন শ্রী, পৃষ্টি, গ্রীঃ, কান্তি, কীর্টি কৃষ্টি ইলা জ্বাা, বিদ্যাবিদ্যা, মায়া, সন্ধিৎ, সন্ধিনী ভূদিনী, শুক্তি, মৃতি, বিমলা, খোগা, গ্রহী, ঈশানা, অনুগ্রহা আদি নামে বর্ণটা করা হয়েছে পরমোন্তর শ্রেষ্টার প্রকাশ করে এই সমস্ত্র শক্তি বিভিয়ন্তানে কার্যকরী হয়

য়োক ৮৫

যদ্যপি সর্বাশ্রয় উিহো, তাঁহাতে সংসার । অন্তরাদ্মা-রূপে তিঁহো জগৎ-আধায় ॥ ৮৫ ॥

য়োকার্থ

যদিও ভগবাদ হচ্ছেন সৰ কিছুর আশ্রয় এবং যদিও সৰ কমটি ব্রহ্মাও তাঁর মধ্যে বিরাক্ত করছে, তিনিই আধার পরমাত্মারূপে সৰ কিছুর আধার।

(関す 69

প্রকৃতি-সহিতে তাঁর উভয় সম্বন্ধ । তথাপি প্রকৃতি-সহ নাহি স্পর্শগন্ধ ॥ ৮৬ ॥

শ্লোকার্থ

যদিও প্রকৃতির সঙ্গে তাঁর দুই প্রকার সম্পর্ক রয়েছে, তবুও প্রকৃতির সঙ্গে তাঁর কোন রকম যোগাযোগ নেই

ভাৎপর্য

শ্রীনিত্যানন্দ-তত্ত-নিরূপণ

শ্রীল কথ গোষামী লম্বাগবিতামৃত গ্রন্থে জড় ওগের অতীত চিন্মা স্তরে ভগবানের চিন্মা বিশ্বি সভারে বলেছেন যে, জড়া প্রকৃতির নিয়ন্তা ও অধ্যক্ষরণে জড় ওলওলির সঙ্গে শ্রীনিশৃন যে সভার, তাকে বলা হয় যোগ কারাধাক্ষ খেমন কারাদি নন, তেমনই বিশ্বনারী জড়া প্রকৃতির পরিচালক ও পরিদর্শকরণে লর্মধ্ব জাবান শ্রীবিশ্বর সঙ্গোলার বাদেন শ্রীবিশ্বর বাংশালা সর্ব অবস্থাতেই তালের জড়া প্রকৃতির ওল্গুলির কোন সম্বর্ধ নেই। শ্রীবিশ্বর সাংশালা সর্ব অবস্থাতেই তালের ক্ষাবার কলায় বাংশন, তারা কথনই জড় ওলের থাবা মুক্ত হয়ে লড়েন না এখন তর্ক উঠতে পারে যে, জড় ওলের সঙ্গে মহাবিশ্বর কোন সম্পর্ক থাকতে পারে না, কারণ উবে থানি সেই সম্পর্ক থাকত, তা হলে শ্রীমন্তাগবতে বর্ণনা করা হত না যে, মায়া (এভ প্রকৃতি) জীবকে ভগবহ বিনুধ করার প্রশংসাহীন কাঞ্চে লজিকা হয়ে ভগবানের প্রভাগি দিনিয়া থাকেন তার উত্তরে বলা যেতে পারে যে, ওল শব্দের অর্থ নিয়ন। বিশ্বন করা ও শিব এই জড় জগতে তিনটি গুণের নিয়ন্তর্বকে অবস্থিত এবং ওলের সঙ্গে উদ্বের সম্বন্ধকে বলা হয় যোগা কিন্তু ভার অর্থ এই নয় যে, তারা প্রকৃতির ওলের দাবা আবন্ধ হয়ের করে শ্রীবিশ্বর সর্ব অবস্থাতেই এই ওলের নিয়ন্ত্র। তার ওলবন্ধ হয়ের করে প্রবন্ধক হয়ের প্রার্থন করের শ্রীবিশ্বর সর্ব অবস্থাতেই এই ওলের নিয়ন্ত্র। তার

যদিও পর্যান্তর ভগবানের দৃষ্টিপাতের ফলে প্রকৃতিতে উপাদান ও নিমির কারণের প্রকাশ হয় এবং সেই সূত্রে ভগবানের দৃষ্টিপাতের সঙ্গে তামের সম্বন্ধ থাকলেও ভগবান করা ও হাতা প্রকৃতির ওগের মারা প্রভাবিত হন না। ভগবানের ইচ্ছাশান্তির প্রভাবে জাড় করা ও বিজ্ঞা ওপাত বিকার সাধিত হয় কিন্তু শ্রীবিষ্ণুর কোন প্রকার জাড় বিকারের সাধাত হয় কিন্তু শ্রীবিষ্ণুর কোন প্রকার জাড় বিকারের সাধাত নি

গোক ৮৭

এতনীশনমীশস্য প্রকৃতিস্থোহণি তদ্ওগৈঃ। ন মুজ্যতে সদামুখ্যের বৃদ্ধিস্তদাশ্রমা ॥ ৮৭ ॥

এতং এই ঈশনম্—এশর্য, ঈশস্য—ভগবানের প্রকৃতিস্থা—গ্রন্থা প্রকৃতিতে প্রিত অপি –যদিও, তংগুলৈ —জড় ওলেব দ্বাবা, স বৃদ্ধাতে —কখনও প্রভাবিত হন না, সদা— সর্বদ আবৃত্তিঃ —ভার সীয়ে শতিতে অবস্থিত, মধা— নেমন, বৃদ্ধিঃ বৃদ্ধিঃ তং—ভার; আজ্ঞয়া—ভত্তগণ।

অনুবাদ

"জড়া প্রকৃতিতে অবস্থিত হওয়া সত্ত্বেও প্রকৃতির ওপের বলীভূত না হওয়াই হচ্ছে জগবানের ঐশ্বর্য তেমনই, যাঁরা তাঁর শরণাগত হয়ে তাঁদের বৃদ্ধিকে তাঁর উপর নিবদ্ধ করেন, তাঁরা কখনও প্রকৃতির ওপের দারা প্রভাবিত হন না"।

ভাৎপর্য

এই প্লোকটি শ্রীমন্ত্রাগবত (১/১১/৩৮) থেকে উদ্ধত

শ্ৰোক ৮৮

এই মত গীতাতেহ পুনঃ পুনঃ কয় : সর্বদা ঈশ্বর-তন্ত অচিন্তাশক্তি হয় ॥ ৮৮ ॥

লোকার্থ

এড়াবেঁই গীতাতেও বারবার বর্ণনা করা হয়েছে যে, ঈশ্বরতত্ত সর্বদাই অচিন্তা শক্তিসম্পন্ন

শ্রোক ৮৯

আমি ড' জগতে বসি, জগৎ আমাতে । না আমি জগতে বসি, না আমা জগতে ॥ ৮৯ ॥

যোৱার্থ

(ভগৰান ঞ্ৰীকৃষ্ণ বলেছেন—) "আমি জড় জগতে অৰম্ভিত এবং জড় জগৎ আমাকে আশ্রম করে বিরাজ করছে। কিন্তু সেই সঙ্গে আমি এই লাড় লগতে অবস্থিত নই এবং ফড় ছাগংও আমাতে অবস্থিত নর

জাeসর্য

পর্মেশ্বর ওপরানের ইচ্ছাশভির ধারা মত্রিয় না হলে কেয়া কিছুরই অস্তিত্ব সম্ভব নায় তহি সমগ্র জগৎ ভগণানের শক্তিকে আশ্রয় করে বিরাজ করছে। কিন্তু, তাই বলে কারও মলে কর উচিত না যে ক্ষড় জগৎ পরমেশ্বর ভগনান থেকে অভিয় যেখ আকালের আশ্রয়ে থাকতে পারে, কিন্তু তা বলে মেঘ ও আকাশ এক বস্তু নয় । তেমনই, ওলম্বরী জড় প্রকৃতি এবং জড় জগতের সমস্ত দ্রবা কখনই ভগবানের সঙ্গে এক নয় সামা বা জড়া প্রকৃতিকে ভোগ কবরে প্রকৃত্য ভগবাটোর নেই - ডিনি মখন জড় জগতে অবতর্গ করেন তখন তিনি জার চিত্রয় প্রকৃতি নিয়ে এখানে আসেন। তিনি কখনই ক্রডা প্রকৃতির ওণের দারা প্রভাবিত হন না। ডিং-জগৎ ও জড় জগৎ, উভয় জগতেই তিনি সর্বানা সমস্ত শক্তির নিয়তা নির্মল পরা প্রকৃতি সর্বদাই তার মধ্যে বিরাজ করে। ভগবান ভাব লীলাবিসাসের জন্য এই জড় জগতে বিভিন্ন মাপে আবিষ্ঠত হন এবং অন্তর্হিত হন কিন্ত তবুও তিনি সর্ব অবস্থাতেই সমগ্র জড় সৃষ্টির আদি উৎস

পর্থেশার জগবান থেকে স্বতন্ত্রভাবে এই জড় জগতের অক্তিত্ব থাকান্তে পারে না, কিন্তু ভগবান দ্রীনিকুঃ মায়ার সংস্পর্শে এলেও কখনও মায়ার অধীন ইন না। তাঁর সচ্চিদানন্দম্যা আদি শ্বন্ধপ কখনই জড়া প্রকৃতির ব্রিগুণের অধীন হন না , সেটিই হঞ্ছে পরমেশ্বর ভগবানের অচিত্র। শক্তির বৈশিল্পা

আদি ৫

শ্লোক ৯০

অচিন্ত্য ঐশ্বৰ্য এই জানিহ আমার । এই ভ' গীভার অর্থ কৈল পরচার গ ৯০ ॥ 023

যোকার্থ

"হে অর্জুন জেনে রেখো বে, আমার অচিন্তা ঐশ্বর্য এই রকম।" ভগবদ্গীতার প্রীকৃষ্ণ এট অর্থই প্রচার করেছেন।

গ্রোক ১১

সেই ড' পুরুষ যার 'অংশ' ধরে নাম ৷ চৈতনোর সঙ্গে সেই নিত্যানদ-রাম । ৯১ ॥

লোকার্থ

সেঁই মহাপুরুষ (কারশোদকশায়ী বিষ্ণু) থার অংশরালে পরিচিত, সেঁই নিজ্যানন বলরাম হক্তেন প্রীটেডলা মহাপ্রভুর অন্তরন্ধ পার্বদ।

প্ৰোক ১২

এই ড' নবম শ্লোকের অর্থ-বিবরণ । দশম শ্রোকের অর্থ শুন দিয়া মন ॥ ১২ ॥

খোকার্থ

এডাবেই আমি নবম প্লোকের অর্থ বিশ্লেষণ করেছি। এখন আমি দশম স্লোকের অর্থ নিবোরণ করব। দয়া করে মদোযোগ সহকারে ডা এবের করুন।

> শ্ৰোক ১৩ यज्ञारमारमः श्रीज-शर्खामगांगी যরাজ্যক্তং লোকসংঘাতনালম । লোকস্তন্তঃ সৃতিকাধাম খাড়-দ্বং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ১৩ ॥

যুসা খাৰ, অংশ-অংশঃ---অংশের অংশ, শ্রীল-শর্ভ-উর-শামী--গড়েনিকশায়ী বিষ্ণ: মং----খার নাতি-অক্তম—নাজিপথা, লোক-সংঘাত---লোকসমূহের, নালম্--নাল, যা বিশ্রামস্থান, লোক স্রস্ট্য-লোকস্টা ব্রক্ষাথ, সৃতিকাধাম-জন্মস্থান, ধাত্য-সৃষ্টিকর্তার তম্-সেই, হী নিত্যানন্দ রামম্—শ্রীনিত্যানন্দ স্বরূপ বলরামকে, প্র**পদ্যে** আমি প্রণাম করি

অনুবাদ

যাঁর নাভিপদ্ধের নলে লোকস্রষ্টা ব্রহ্মার সৃতিকাধাম এবং লোকসমূহের বিশ্রামন্থান, সেই গর্ডোদকশায়ী বিষ্ণু যাঁর অংশের অংশ, সেই নিত্যানন্দ রামকে আমি সভ্রদ্ধ প্রথতি निट्यमन कवि।

টোচা আ: ১/২১

আদি ৫

ভাৎপর্য

মহাভাবতেক শান্তিপর্বে উপ্লেখ কবা হয়েছে যে, যিনি প্রদান্ত তিনিই আনিকদা তিনি বন্দারও পিতা এভাবেই গর্ভোদকশায়ী বিষ্ণু ও জীরোদকশায়ী বিষ্ণু হছেন কমলয়োনি বন্দার আন্তান্ত আংশ প্রকাশ প্রদার ব্রহ্মারে স্থিকারের মুদ্রিকারের নির্দেশ দিয়েছিলেন ব্রহ্মার জন্মের পূর্ণ বর্গনা শ্রীমন্ত্রাগবতে (৩/৮ ১৫-১৬) দেওয়া হয়েছে

তিন পুরুষাবতারের রূপ বর্ণনা করে লছুভাগবতামৃত গ্রন্থে উল্লেখ করা হয়েছে যে, গর্ডোদকলায়ী বিষ্ণুর রূপ চতুর্ভুজ এবং তিনি থবন প্রসাতের গগ্ধার প্রবিষ্ট হয়ে ক্ষানসমূদ্রে শানন করেন, এখন তিনি ক্ষীরোদকশায়ী বিষ্ণুরূপে পরিচিত হন, যিনি হচ্ছেন সমস্ত জীবেধ পরমায়া, এমন কি দেবতাদেরও। সাভুত-তত্ত্বে বলা হয়েছে যে, তৃতীয় পুরুষাবতার ক্ষীরোদকশায়ী বিষ্ণু পরমায়ারূপে সকলেরই হাদেরে বিরাজযান। গর্ভোদকশায়ী বিষ্ণুর্হ লীলাবিলাদের জন। ক্ষীরোদকশায়ী বিষ্ণুরুরপে প্রকাশিত হন

ক্লোক ৯৪

সেই ড' পুরুষ অনন্তব্রহ্মাণ্ড সৃঞ্জিয়া । সব অণ্ডে প্রবেশিলা বহু-মূর্তি হঞা ॥ ৯৪ ॥

য়োকার্থ

অনন্ত ব্রহ্মাণ্ড সৃজন করে প্রথম প্রামাবতার গার্ডেদেকশায়ী বিষ্ণুক্রপে প্রতিটি ব্রহ্মাবেওর মধ্যে প্রবেশ করেন।

শ্লোক ৯৫

ভিতরে প্রবেশি' দেখে সব অন্ধকার। রহিতে নাহিক স্থান করিল বিচার ॥ ৯৫ ॥

য়োকার্থ

ত্রজাণ্ডে প্রবেশ করে তিনি দেখলেন সব কিছুই অন্ধ্রুরাজ্য় এবং দেখানে থাকবার মতো কোন স্থান নেই। তখন ডিনি বিবেচনা করলেন।

গ্লোক ৯৬

নিজাগ-স্বেদজল করিল সৃজন । সেই জলে কৈল অর্ধ-ব্রদাশু ভরণ ॥ ৯৬ ॥

লোকার্থ

তখন তিনি তাঁর দেহের শ্বেদজল সৃষ্টি করলেন এবং মেই জলে ব্রহ্মাণ্ডের অর্ধভাগ পূর্ণ করলেন শ্লোক ৯৭

ব্রহ্মাণ্ড প্রমাণ পঞ্চাশৎকোটি-যোজন । আয়াম, বিস্তার, দূই হয় এক সম ॥ ৯৭ ॥ ভইত

্ৰেপ্ৰাকাৰ্থ

ব্রন্দাত্তের আয়তন হচ্ছে পথাশ কোটি ঘোজন তার দৈর্ঘ্য ও প্রস্থ এক ও সমান।

(制) 为6

জালে ভরি' অর্থ তাঁহা কৈল নিজা-বাস। আর অর্থে কৈল চৌদ্ধভূবন প্রকাশ ॥ ৯৮ ॥

য়োকার্থ

ব্রহ্মাণ্ডের অর্থস্তার জলে পূর্ণ করে তিনি সেখানে তার নিজের আবাসস্থল তৈরি করলেন এবং বাকি অর্থাংশে চতুর্মশ ভূবন সৃষ্টি করলেন।

ভাৎপর্য

চতুর্দশ জুবনের বর্ণনা <u>শ্রীমন্তাগবতের দ্বিতীয় স্পন্ধের পঞ্চম অধ্যায়ে বর্ণিত হলেছে</u> সাতেটি উপর্যলোক হলেছ ১) জু, ২) খুবঃ, ৩) স্বঃ ৪) মহঃ, ৫) জন, ৬) তপ ও ৭) সভা নিয়ালোকগুলি হলেছ ১) ভল, ২) অওল ৩) বিশুল ৪) নিতল, ৫) তলাতল ৬) মহাতল ও ৭, সুভা নিয়া লোকগুলিকে একরে বলা হয় পাওলে উপরের দিকে ভূবলোক থাকে সভালোক পর্যন্ত লোকগুলিকে বলা হয় বর্গালোক এবং ভূলোককে বলা হয় মর্তালোক এওংবেই সমগ্র ব্রক্ষাণ্ডকৈ বলা হয় ত্রিলোক

প্লোক ১৯ তাহাঁই প্ৰকট কৈল বৈকুণ্ঠ নিজ-ধাম। শেষ-শায়ন-জালে করিল বিশ্বাম ॥ ১৯ ॥

লোকার্থ

সেখানে তিনি তাঁর নিজধাম বৈকৃষ্ঠ প্রকাশ করলেন এবং শোষশয্যয় জলে শয়ন করলেন।

> শ্লোক ১০০-১০১ অনন্তশ্য্যাতে তাঁহা করিল শয়ন । সহস্র মন্তক তাঁর সহস্র বদন ॥ ১০০ ॥ সহস্র চরণ হস্ত, সহস্র-নয়ন । সর্ব-অবতার-বীজ, জগৎ-কারণ ॥ ১০১ ॥

শ্লোক ১০৭

996

সেখানে তিনি জনস্তুশযায় শয়ন করসেন। ওগবান অনস্ত সহস্র মন্তক, সহস্র বদন, সহস্র হস্তু, সহস্র পাদ এবং সহস্র নয়ন-বিশিষ্ট তিনি সমস্ত্র অবভারদের বীশ্র এবং জড় জগতের কারণ।

ভাৎপর্য

গার্ডেসকশারী বিষ্ণু তাঁর স্বেদজনে শেহলযায়ে শারন করেন *শ্রীমন্ত্রাগবত* ও চারটি *বেদে* তাঁর কর্ননা করে বলা হয়েছে—

> महत्रभीवीं भूतवाः महत्वाचाः महत्वभावः । म छुप्रिः विषरणा वृद्धानाजिक्तं नगानुनाम् ॥

"অনন্ত শ্যাশায়ী বিকৃত্ত সহক্র মন্তক, সহস্র চন্দু, সহস্র হন্ত-পদ এবং তিনিই হচ্ছেন এই জড় এগতের সমস্ত অবভারদের উৎস।"

(अंकि ३०३

তাঁর নাডিপল্ল হৈতে উঠিল এক পল্ল । সেই পল্লে হৈল বন্ধার জন্ম-সন্ত ॥ ১০২ ॥

গ্ৰোকাৰ্থ

ভার নাডিপত্র থেকে একটি পত্র প্রকাশিত হল। সেই পত্র হচ্ছে একার জযাহান।

ক্লোক ১০৩

সেই পদ্মনালে হৈল টোন্দভূবন। তেঁহো ফ্রন্সা হঞা সৃষ্টি করিল সৃজন ॥ ১০৩॥

গ্লোকার্থ

সেই পাছের নালে তিনি চোদ্দভূধন সৃষ্টি করকেন। এতাবেই ব্রহ্মা হয়ে পরমেশ্বর ভগবান ব্রহ্মাও সৃষ্টি করকোন

(湖南 208

বিষ্ণুরূপ হ্রেল করে জগৎ পালনে ৷ গুণাতীত-বিষ্ণু স্পর্ল নাহি মায়া-গুণে ॥ ১০৪ ॥

শ্লোকার্থ

বিষ্ণুরূপে তিনি জগৎ পালন করেন জীবিষ্ণু মায়াতীত হওয়ার ফলে, জড় ওণ তাঁকে স্পর্শ করতে পারে না।

তাৎপর্য

প্রীবলদের বিদ্যাভূষণ বলেছেন যদিও বিষ্ণু হচ্ছেন জড় জগতের সন্বগুণের অধিষ্ঠাভূদের, তথুও তিনি কথনও সত্তওণের দ্বারা প্রভাবিত হন না কারণ, তিনি তার ইচ্ছাশক্তি দ্বারা সেই ওণকে পরিচালিত করেন। শান্ত্রে বলা হয়েছে যে প্রমেশ্বর ভগবানের ইঞ্চাশন্তির প্রভাবে সমস্ত জীবের সর্বমঙ্গল সাধিত হয় বামন প্রাণে বলা হয়েছে, সেই বিষ্ণু নিজেকে ব্রহ্মা ও শিবরূপে প্রকাশ করে বিভিন্ন গুণগুলি পরিচালনা করেন

যেহেতু প্রীবিষ্ণু সম্বন্ধণ বিস্তার করেন, তাই তার একটি নাম সম্বন্ধন। স্পীরোদকশায়ী বিষ্ণুর বিবিধ অবভারগণত সম্বন্ধন নামে পরিচিত তাই সমস্ত বৈদিক শান্তে বর্ণনা করা হয়েছে যে, শ্রীবিষ্ণু সব বক্ষয় শুণ থেকে মুক্ত প্রীমন্ত্রাগরতে দশম স্কন্ধে বলা হয়েছে—

> हतिर्दे निर्धनः माकार भूकषः शकुरणः भतः । म मर्वपृत् উপक्षष्ठे जः एजविर्धना एतरः ।

'পর্মেশন ভগবান শ্রীহরি সর্বদাই জড় গুণের কলৃষ থেকে মৃক্ত, কেন না তিনি জড় জগতের অতীত। তিনি ব্রক্ষা আদি সমস্ত দেবতাদের জ্ঞানের উৎস এবং তিনি সব কিছুর সাক্ষী তাই যিনি পর্মেশন শ্রীনিযুক্ত আবাধনা করেন, তিনিও জড় জগতের কল্য থেকে মৃক্ত হন।" (ভাগবত ১০/৮৮ ৫) শ্রীবিষ্ণুর আরাধনা করার ফলে জড় জগতের কল্য থেকে মৃক্ত হওগা যায়, তাই তাঁকে সত্তমু বলা হয়, যা পূর্বে বর্ণিত হয়েছে।

> শ্লোক ১০৫ রুদ্ররূপ ধরি' করে জগৎ সংহার । সৃষ্টি-স্থিতি-প্রদয়—ইচ্ছায় খাঁহার ॥ ১০৫ ॥

> > যোকার্থ

ক্রান্ত্রকণ ধারণ করে তিনি জগৎ সংখ্যার করেন। এখাবেই তার ইচ্ছায় সৃষ্টি, ছিতি ও প্রধান সাধিত হয়।

তাহপর্য

মাছেশর বা শিব সাধারণ শ্রীব নন আবার তিনি শ্রীবিষ্ণুর সমকক্ষত নন বিষ্ণু ও শিবের তুলনা করে ব্রঞ্জাসংহিতায় বলা হয়েছে যে, বিষ্ণু হচ্ছেন দুধের মতো এবং শিব হচ্ছেন দবির মতো। দবি দুধেরই বিকার, কিন্তু তা হলেও তা দুধ নয়

শ্রোক ১০৬

হিরণাগর্ভ, অন্তর্যামী, জগৎ-কারণ। খার অংশ করি' করে বিরাট কল্পন ॥ ১০৬ ॥

প্ৰোকাৰ্থ

তিনি হচ্ছেন প্রমাত্মা হিরণাগর্ভ, সমস্ত জগড়ের কারণ। তাঁর অংশকেই বিরটিরূপে করনা করা হয়

শ্লৌক ১০৭

হেন নারায়ণ, যাঁর অংশের অংশ। সেই প্রভু নিত্যানন্দ—সর্ব-অবতংস ॥ ১০৭॥ [कार्नि 🔅

য়োকার্থ

সমস্ত্র অবভারদের উৎস সেই নারায়ণ হচ্ছেন শ্রীনিত্যানন্দ বলরামের অংশের অংশ

শ্লোক ১০৮

দশম প্রোকের অর্থ কৈল বিবরণ। একাদশ প্রোকের অর্থ শুন দিয়া মন ॥ ১০৮॥

গ্লোকার্থ

এন্ডাবেই আমি দশম ভ্রোকের অর্থ বিশ্লেষণ করেছি। এখন দমা করে মনোযোগ সহকারে একাদশ শ্লোকের অর্থ প্রবণ করুন।

রোক ১০৯

যস্যাংশাংশাংশঃ পরাদ্মাখিলানাং পোস্টা বিষ্ণুর্ভাতি দুগ্ধান্ধিশায়ী । কৌণীভর্তা যংকলা সোহপ্যনন্ত-ন্তং খ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ১০৯ ॥

হল্য—খার অংশ-অংশ-অংশঃ—অংশতি অংশের অংশ, পর-আদ্যা—পরসাধান, অধিলান্য—সমন্ত প্রীরের পোস্টা—পালনকর্তা, বিন্দুঃ—গ্রীরিকৃঃ, জাতি—প্রতিতাত ২০, দুগ্ধ-অদ্ধি-শামী—গদীরোদকলায়ী বিষ্ণুঃ, স্কৌণীন্তর্তা—পৃথিনী ধারণকারী, যং—খাও কলা— হংগ্রের অংশ- সঃ—তিনি অপি—অবশাই, অনন্তঃ—শেষনাগ তম্ —সেই, শ্রীনিত্যানন্দ-রামম্—শ্রীনিত্যানন্দ-কালী বলরামকে; প্রপদ্যো—ফামি প্রপত্তি করি

অনুবাদ

মান অশোডি অংশের অংশ হচ্ছেন কীরসমুদ্রে শায়িত জীরোদকশায়ী বিষ্ণু সেই কীরোদকশায়ী বিষ্ণু হচ্ছেন সমস্ত জীবের হাদয়ে বিরাজমান প্রমান্থা ও সমস্ত প্রজাতের পালনকর্তা পৃথিবী ধারণকারী শেষনাগ হচ্ছেন যার কলা, সেই গ্রীনিড্যানন্দ-কপী বলরায়ের শ্রীচরণ-ক্যালে আমি প্রপথি করি

শ্লোক ১১০

নারায়ণের নাভিনাল মধ্যেতে ধরণী। ধরণীর মধ্যে সপ্ত সমৃত্ত যে গণি॥ ১১০॥

গ্লোকার্থ

নারায়ণের নাভিপক্স থেকে উথিত পজ্মের নাম্পে ধরণী অবস্থিত। ধরণীর মধ্যে সাতটি সমুত রয়েছে (制本 >>>

তাঁহা ক্ষীরোদধি মধ্যে 'শ্বেতদীপ' নাম। পালয়িতা বিকু,—তাঁর সেই নিজ ধাম ॥ ১১১॥

649

য়োকার্থ

সেখানে কীতসমূত্রের মধ্যে রয়েছে জগতের পালনকর্তা শ্রীবিফুর ধাম ছেত্রীপঃ

ভাংপর্য

সিঞ্জান্ত শিরোমণি নামক জ্যোতিষ লাগ্নে নিম্নলিখিতভাবে সাতটি সমুখ্রের বর্ণনা করা ধ্যেছে ১) লবণসমূদ্র, ২ জীরসমূদ্র, ৩) দণিসমুদ্র, ৪) ঘৃতসমূদ্র ৫) ইন্দুরস সমূদ্র, ৬) মদাসমূদ্র ও ৭) স্বাদৃজল-সমূদ্র লবণ-সমুদ্রের দলিশে রয়েছে জীরসমূদ্র, থেগানে এলা আদি দেবতাদের দ্বারা বৃক্তিও সর্বাদ্রয় গীরেদকশায়ী বিষ্ণু বাস করেন

> শ্লোক ১১২ সকল জীবের ভিঁহো হয়ে অন্তর্যামী। জগৎ-পালক ভিঁহো জগতের স্বামী॥ ১১২॥

> > ক্লোকার্থ

তিনি সমস্ত জীবের পর্যাথা। তিনি এই জড় জগৎ পালন করেন এবং তিনি হচ্ছেন সমস্ত জগতের পতি

ভাৰপৰ্য

লগুভাগ্বতামৃত গ্রন্থে (পূর্ব ২/০৬-৪২) বিষ্ণুধর্মোন্তর শান্তের উদ্ধৃতি দিয়ে এই এখাতের
মন্ত্রাত বিষ্ণুলোকের বর্ণনা করে বলা ছয়েছে "শিবের আলম করেলাকের উপরিভাগে
চার লক্ষ মাইল পরিমিত বিদ্যুলোক নামক সর্বলোকের অগম্য একটি লোক আছে। তার
উপরিভাগে সুমারক প্রদিকে লবন সমৃদ্রের মধ্যভাগে জালের মধ্যে অবস্থিত বৃহদাকার
রথম মধ্যে সেবারে যান এই লোকে ওনার্থন বিষ্ণু লক্ষ্মীর সঙ্গে শেষশযায়া বর্ধার
চার মাস নিহিত থাকেন সুমেরক প্রদিকে করিসমৃদ্রের মধ্যে ওপরর্থ অন্য পূরী আছে,
গ্রান্তে ভগবান শ্রীবিষ্ণু লক্ষ্মীর সঙ্গে শেষামনে উপরেশন করে বিকাল করেন সেবানেও
গ্রন্থ বর্ধার চার মাস নিস্তাপ উপতোগ করেন। তারই দক্ষিণ দিকে ক্ষমিসমৃদ্রের মধ্যে
পূই লক্ষ মাইল পরিমিত স্বেডজীপ নামক বিখ্যাত পরম সুন্দর একটি দ্বীপ আছে " ক্রন্সাত্ব
প্রাণ, বিষ্ণু পূর্ণান, মহাভারত ও প্রয়া পূরাণ আদি শান্তে স্বেডজীবের বর্ণনা রয়েছে
শ্রীমন্ত্রাগবতে (১১,১৫/১৮) বর্ণনা করা হয়েছে—

শেতদ্বীলপতৌ চিত্তং ওজে ধর্মময়ে ময়ি। ধারয়ন্ শেততাং ঘাতি ষড়ুর্মিতহিতো নরঃ॥ তথ্য

হোক ১১৯)

"হে উদ্ধব। তোমার জানা উচিত যে, শেতদ্বীপে আমার বিষ্ণুরূপ আমার থেকে অভিন। কেউ যদি শ্বেতদ্বীপ পতিকে তাঁর হৃদয়ে ধারণ করেন, তা হলে তিনি ক্ষুধা, তৃষ্ণা, জন্ম, মৃত্যু, শোক ও মোহ---এই ছয়টি দুঃখ-দুর্দশা থেকে মৃত্যু হন। এভাবেই তিনি তাঁর চিশ্ময় স্থরূপ প্রাপ্ত হতে পারেন।"

(副本 220

যুগ-মন্বস্তারে ধরি' নানা অবতার । ধর্ম সংস্থাপন করে, অধর্ম সংস্থার ॥ ১১৩ ॥

য়োকার্থ

যুগো যুগো এবং মহস্তরে মদন্তরে অধর্ম সংহার করে ধর্ম সংস্থাপন করার জন্য তিনি নানারূপে অবতরণ করেন।

ভাংপর্য

অধর্মের বিনাশ করে ধর্ম সংস্থাপন করার জন্য ক্ষীরোদকশায়ী বিশ্বু বিভিন্ন রূপে অবভরণ করেন। প্রত্যেক মধন্তেরে (এক-একঞ্জন মনুর আয়ুদ্ধাল হচ্ছে ৭১×৪৩, ২০, ০০০ বছর) ভগবান অবভরণ করেন ব্রহ্মার এক দিনে একে একে চোপজন মনুর আবিভাব ও ভিরোভাব হয়।

রোক ১১৪

দেবগণে না পায় যাঁহার দরশন । কীরোদকতীরে যাঁই' করেন স্তবন ॥ ১১৪ ॥

গ্লোকার্থ

দেবতারাও তাঁর দর্শন লাভ করতে পারেন মা, তাই তাঁকে দর্শন করার জন্য তাঁরা ক্ষীরসমূলের তীরে গিয়ো তাঁর স্তব করেন

ভাৰপৰ্য

স্বর্গের দেবতারাও স্বেডবীপে শ্রীবিষ্ণুকে দর্শন করতে পারেন মা সেই দ্বীপে গমন করতে অক্ষম হয়ে, তারা ক্ষীরসমূদ্রের তীরে গিয়ে বিশেষ প্রয়োজনে তাকে অবভরণ করার জন্য আবেদন করে তাঁর স্থব কবেন

শ্রোক ১১৫

তবে অবতরি' করে জগৎ পালন । অনস্ত বৈভব তাঁর নাহিক গণন ॥ ১১৫ ॥

<u>লোকার্থ</u>

ডখন তিনি জগৎ পালন করার জন্য অবতরণ করেন। তাঁর অনস্ত বৈভব কখনও নিরূপণ করা যায় না। (割) > >>

সেই বিষ্ণু হয় খাঁর অংশাংশের অংশ। সেই প্রভূ নিত্যানন্দ—সর্ব-অবতংস া ১১৬ ॥

শ্ৰোকাৰ্থ

সেঁই শ্রীবিকু হচ্ছেন সমস্ত অবতারের উৎস শ্রীমন্নিত্যানন্দ প্রভুর অংশের অংশের অংশ।

ভাৎপর্য

শ্বেতজীলাধিপতি বিশ্বন সৃষ্টি করার এবং ধ্বংস করার অসীম ক্ষমতা রয়েছে শ্রীমনিডানেন্দ প্রভূ, যিনি হচ্ছেন সন্ধর্যণের আদিরূপ স্বয়ং শ্রীবলদেব, তিনিই হচ্ছেন দ্বেতজীলাধিপতিয় আদিরূপ

(श्रीक 559

সেই বিষ্ণু 'শেষ'-রাপে ধরেন ধরণী। কাঁহা আছে মহী, শিরে, হেন নাই জানি ॥ ১১৭ ॥

য়োকার্থ

সেঁই বিষ্ণু শেষরতে তার মন্তবে ধরণী ধারণ করেন। তিনি জানেন না সেওলি কোধার রয়েছে, কেম না তিনি তাঁর মন্তবে ভালের অন্তিম্ব অনুভব করতে পারেম মা।

শ্লোক ১১৮

সহত্র বিস্তীর্ণ যাঁর ফগার মণ্ডল । সূর্য জিনি' মণিগপ করে ঝলমল ॥ ১১৮ ॥

যোকার্থ

ভার হাজার হাজার বিস্তীর্ণ ফলায় সূর্যের চেয়েও উচ্ছল মণিসমূহ ঝলমল করে।

(अ)क ১১৯

পঞ্চাশংকোটি-যোজন পৃথিবী বিস্তার । খার একফপে বহুহ সর্যপ-আকার ॥ ১১৯ ॥

ফ্ৰোকাৰ্থ

পঞ্চাশ কোটি যোজন পরিমিত ব্রহ্মাণ্ড তাঁর একটি ফণার উপর একটি সর্যের দানার মতো বিরাজ করে.

তাৎপর্য

শ্বেওধীপাধিপতি নিজেকে শেধনাগরূপে প্রকাশ করেন, যিনি তাঁর জনন্ত ফগায় সমস্ত ভূবনগুলি ধরেণ করেন। এই সমস্ত এক-একটি বিশাল ভূবন তাঁর মাধায় এক-একটি

COO.

নর্বের দলার মতো বিরাজ করে। বৈজ্ঞানিকদের অনুমিত মাধ্যাকর্ষণ শক্তি সঙ্কর্যদের শক্তির মাংশিক বিশ্লেষণ 'সন্ধর্মণ' নামটির সঙ্গে মাধ্যাকর্ষণের নামগত সম্পর্ক রয়েছে শ্রীমন্তাগবতে (৫,১৭/২১) শেষনাগের উপ্লেখ করে বলা হয়েছে—

> যমাধ্রসা স্থিতিজ্ঞানংয়নং এতি-বিহীনং ব্যনস্তম্যাঃ ন বেদ সিদ্ধার্থনিব কচিৎ স্থিতং ভূমণেলং মূর্ণসহস্থামনু॥

"হে ভগনান বেদের মন্ত্র যোষণা করে যে, আগনি হচ্ছেন সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের করিব কিন্তু প্রকৃতপক্ষে আগনি এই সমন্ত সীমার অতীও এবং তাই আগনার নাম অনস্থ আপনার হাজার হাজার ফণায় অসংখা ভ্রম সর্যের দানার মতো বিনাজ করছে এবং তারা এতই নগণা যে, তাদের ভার পর্যন্ত আগনি অনুভব করতে পারেন না "ভাগবতে (৫/২৫/২) গ্রারও বলা হ্যোছে—

যদোদং জিডিমগুলং ভগৰভোহনত্তমূর্তেঃ সহস্রশিরস একস্মিয়ের শীর্মনি প্রিয়মানং সিকার্থ ইব লক্ষ্যতে ।

শ্রীভানন্তদের সহস্র সহস্র ফ্রণানিনিষ্ট - গ্রার প্রতিটি ফ্রণান্তে রয়েছে এক একটি ফ্রিভিয়ন্ডন, যেওলি সর্বের দানার মতো প্রতিভাত হয় "

(स्रोंक) ३०

সেঁই ত' 'অনন্ত' 'শেষ'—ভক্ত-অবতার । ঈশ্বরের সেবা বিনা নাহি জানে আর ॥ ১২০॥

য়োকার্থ

সেই অনস্তশেষ হচ্ছেন ডগৰানের জন্ত-অবতার। ভগরান জীকৃষ্ণের সেবা ছাড়া তিনি আর কিছু জানেন না।

ভাৎপর্য

শ্রীল জীব গোপামী তার কৃষ্ণসন্ধর্তে শেষনাগের বর্ণনা করে বলেছেন—"শ্রীআনন্তনের সহস্র সহস্র বদন বিশিষ্ট এবং সম্পূর্ণরূপে স্বাধীন। তিনি পরমেশ্বর জগবানের সেবায় উদা্থ হয়ে সর্বলা তার সম্পূর্থে থাকেন সম্ভর্মণ ইচ্ছেন বাসুদেবের প্রথম অংশ এবং যেহেতু তিনি কয়ং প্রকাশিত হন, সেহেতু তাঁকে বলা হয় ফবাট বা সম্পূর্ণরূপে প্রাধীন তাই তিনি অনস্ত অর্থাৎ বাল, দেশ, সীমা রহিত তিনি সহস্র বদন শেষরূপেও এর্তমান " স্কম্ম পুরাদে, অযোধান মাহাত্মা অধ্যায়ে বর্ণিত হয়েছে যে সকলের সমক্ষে দেববান্ত ইস্ত্র শেষরূপধারী সত্যপ্রতিক্ত লক্ষ্মণকে বলতে লাগলেন, "আপনি আপনার দনাতন বিযুগ্ধামে গমন কর্মন, যেখানে আপনার ফণানোভিত শেষমূর্তিও উপস্থিত আছেন" এই বল্পে দেববান্ত ভূতার ধারণে সমর্থ শেষকপী লক্ষ্মণকে পাতালে প্রেরণ করে সুরলোকে গমন

করলেন এই উদ্বৃতিটি থেকে বোঝা যায় যে, চতুর্বৃথের সন্ধর্যণ শ্রীরামচন্দ্রের সঙ্গে লক্ষ্ণনরূপে অবতরণ করেন। শ্রীবামচন্দ্র যথন অপ্রকট হন, শেষ তথন লক্ষ্ণণ থেকে পৃথক হয়ে স্থীয় ধাম পাতালে গমন করেন এবং লক্ষ্ণণ বিষ্ণুধাম বৈকৃষ্টে গমন করেন। লগুলাগবতামৃত এপ্রে নিম্নলিখিত বর্ণনাটি দেওয় হয়েছে—"দ্বিতীয় চতুর্বৃথের সন্ধর্মণ ভূগারী শেষ এর সঙ্গে মিলিত হয়ে শ্রীবামচন্দ্র কপে অবতীর্ণ হয়েছেন শেখেব দৃষ্টি ক্রপ রয়েছে একটি হছে ভূগারী এবং অপরটি হঙ্গে ভগারাকের শ্যাক্রিপ সেবক থে শেষ ভূগারণ করেন তিনি হছেন সন্ধর্মণের আবেশ অবতার সেই জনা তাঁকেও কথাও কথাও সম্বর্মণ বলা হয়। শাধ্যান্ত্রপ শেষ সর্বাদাই ভগারানের নিত্য সেবক বলে অভিমান করেন "

গ্রোক ১২১

সহল্র-বদনে করে কৃষ্ণগুপ গান। নিরবধি গুপ গান, অন্ত নাহি পান ॥ ১২১॥

হোকার্প

সহস্র বন্ধনে তিনি এক্সেরে মহিমা কীর্তন করেন, কিন্ত এভাবেই নিরয়ের কীর্তন করেও তিনি ভগবানের মহিমার অন্ত পান না

শ্লোক ১২২

সনকাদি ভাগবত শুনে বাঁর মুখে ! ভগবানের শুণ কাহে, ভাসে প্রেমসূথে ॥ ১২২ ॥

ধ্যোকার্থ

সনক আদি চার কুমার তাঁর মুখ থেকে শ্রীয়ন্তাগবত শ্রবণ করেন এবং তাঁরা ভগবং-প্রেমের দিব্য আনন্দে মহা হয়ে। তার পুনরাবৃত্তি করেন

শ্লোক ১২৩

ছত্ৰ, পাদুকা, শ্যা, উপাধান, ৰসন । আরাম, আবাস, যজ্ঞসূত্ৰ, সিংহাসন ॥ ১২৩ ॥

শ্লোকার্থ

ভিনি ছব্ৰ, পাদুকা, শ্য্যা, উপাধান, বসন, বিআমের আসন, আবাস, যজ্ঞসূত্ৰ, সিংহাসন আদি প্ৰপে নিজেকে প্ৰকাশ করে শ্রীকৃষ্ণের সেবা করেন।

শ্লোক ১২৪ এত মৃতিভেদ করি' কৃষ্ণসেবা করে। কুষ্ণের শেষতা পাঞা 'শেষ' নাম ধরে॥ ১২৪॥

প্ৰোক ১৩২]

৩৩২

শ্রোকার্থ

বিভিন্ন মূর্তি ধারণ করে ডিনি শ্রীকৃষ্ণের সেবা করেন। শ্রীকৃষ্ণের সেবার চরম সীমা প্ৰাপ্ত হয়ে তিনি শেষ নাম দরেছেন

শ্ৰোক ১২৫

সেই ড' অনস্ত, যাঁর কহি এক কলা। হেন প্রভু নিত্যানন্দ, কে জানে তার খেলা ॥ ১২৫ ॥

য়োকার্থ

অনন্ত খার অংশের অংশ বা কলা, তিনি হচ্ছেন খ্রীনিজ্যানন্দ প্রভু । সুতরাং খ্রীনিজ্যানন্দ প্রভুর দীলা কে বুঝতে পারে?

(अप्रैक) २७

এসব প্রমাণে জানি নিত্যানন্দতত্ত্বসীমা । তাঁহাকে 'অনন্ত' কহি, কি তাঁর মহিমা 🐧 ১১৬ 🗓

এট সমস্ত সিদ্ধান্ত থেকে আমরা নিত্যানক প্রভূব ডব্বের সীমা অবগত হতে পারি, কিছু র্টাকে অনন্ত বলার কি মহিমাণ

শ্ৰোক ১২৭

অথবা ভক্তের বাক্য মানি সত্য করি' 1 সকল সন্তবে তাঁতে, যাতে অবতারী 🛭 ১২৭ 🖠

য়োকার্থ

আমি কিন্তু এই গুলু সত্য বলেই স্বীকান করি, কেন ন্য এই সৰ জন্তেন বাকা । যেহেত তিনি হচ্ছেন সমস্ত অবভারের অবতারী, তাই তার পক্ষে সবই সত্তব

(制本 25年

অবতার-অবতারী—অভেদ, যে জানে ৷ পূর্বে যৈছে কৃষ্ণকে কেহো কাহো করি' মানে ॥ ১২৮ ॥

গ্ৰোকাৰ্থ

তাঁরা জানেন যে, অবতার ও অবতারীর মধ্যে কোন পার্থক্য নেই পূর্বে যেমন বিভিন্ন মানুষ বিভিন্ন তত্ত্বক্রপে শ্রীক্ষকে দর্শন করেছিলেন।

গ্রোক ১২৯

কেহোঁ কহে, কৃষ্ণ সাক্ষাৎ নরনারায়ণ। কেহো কহে, কৃষ্ণ হয় সাক্ষাৎ বামন 🛭 ১২৯ ॥ গ্লোকার্থ

ত্রীনিজ্যানন্দ তত্ত্ব নিরূপণ

কেউ বলেন যে, শ্রীকৃষ্ণ সাক্ষাৎ নর-নারায়ণ, আবার কেউ বলেন, শ্রীকৃষ্ণ সাক্ষাৎ বামনাবতার।

শ্রোক ১৩০

কেহো কহে, কৃষ্ণ ক্ষীরোদশারী অবভার । অসম্ভব নহে, সভ্য বচন সৰার 🛭 ১৩০ 🏗

প্ৰোকাৰ্থ

কেউ বলেন যে, প্রীক্ষক হচ্ছেন ক্ষীরোদকশামী বিশ্বর অবতার সেই সব উভিটি সত্য, তা অসত্তব নয়,

শ্লোক ১৩১

কৃষা যবে অবতরে সর্বাংশ-আগ্রয় । সর্বাংশ আসি' ভবে কৃঞ্চেতে মিলয় 🗓 ১৩১ 🏾

যোকার্থ

সমস্ত্র অংশের আশ্রেয় পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ বখন অবভরণ করেন, তখন ভার সমস্ত অংশ তার সঙ্গে এনে মিলিত হন

গ্রোক ১৩২

ফেই খেই রূপে জানে, সেই ভাহা কহে। সকল সন্তবে কৃষ্ণে, কিছু মিখ্যা নহে ॥ ১৩২ ॥

যিনি খেডাবে জীকুথাকে জানেন, ডিনি সেডাবেই তার কথা বলেন, জীকুঞার পক্তে সর্বই সম্ভব, ডাই ভা মিথ্যা না।

ভাৎপর্য

এই সম্পর্কে হায়দ্রাবাদে যথন আমরা হরে কৃষ্ণ মহামন্ত্র প্রচার করছিলাম, তখন আমাদের দক্ষম সন্ম্যাসীকে কেন্তে করে একটি ঘটনার কথা উল্লেখ করা যায়। ভালের একজন বলেছিল, 'হরে রাম' বলতে শ্রীবলরামধ্যে সম্বোধন করা হচ্ছে, আর আনা একজন প্রতিবাদ করে বলেছিল যে, 'হরে রাম' মানে হঞে শ্রীরামচন্দ্র, অবশেষে তারা তাদের সেই তর্কের সিদ্ধান্ত জানার জন্য আমার কাছে আসে এবং আমি বলেছিলাম যে, কেউ যদি বলে 'হবে রাম'-এর 'রাম' হচ্ছেন শ্রীরামচন্দ্র আর কেউ যদি বলে 'হরে রাম' এর 'রাম' হচ্ছেন শ্রীবলবাম, তা হলে তাদের দুজনেই ঠিক, কেন না শ্রীবলবাম ও শ্রীরামচন্দ্রের মধ্যে কোন পার্থক্য নেই . প্রীচৈতনা চরিতামূতের এখানেও দেখা যাছে, খ্রীল কৃষ্যদাস কবিরাজ গোস্বামীও সেই সিদ্ধান্তই করেছেন --

ক্লোক ১৯৫)

त्यहें त्यहें कार्ल जात्न, त्यहें छोड़ा करह 1 मकल अस्तत कृरक, किছू प्रिशा नरह 1

কেউ যদি 'হরে রাম' মন্ত্রে রামচন্দ্রকে সম্বোধন করেন অথবা রামচন্দ্রকে বােঝন, তা হলে তা ভূল নম, তেমনই কেউ বদি বলেন যে, 'হরে রাম' মানে শ্রীবলরাম, তা হলে তিনিও ঠিক যারা বিযুক্তন্ত সন্তব্ধে অবগত, তাঁরা এই সমস্ত বিষয় নিমে তর্ক করেন না

লগুভাগবতামৃত গ্রন্থে শ্রীল রূপ গোস্বামী শ্রীকৃষ্ণকে বৈকৃষ্ঠলোকে বাসুদেন, সন্ধর্য।
প্রদান্ধ ও অনিকল্পরাণে প্রকাশকারী নারামণ এবং কীরোদকশার্মী বিমৃত, উভাই নলে বর্ণনা করেছেন শ্রীকৃষ্ণ নারামণের অবতার বলে যে ধারণা, তা তিনি গণ্ডন করেছেন কোন কোন করেছেন কোন করেছেন কোন করেছেন কোন করেছেন কোন করেছেন কোন করেছেন করেছেন আদিপুরুষ ওগবান এবং শ্রীকৃষ্ণ ওাব অবতার এমন কি শামরাচার্মিও তার ভাগবদ্বাধিতার ভাষো নারামণারে পরাম্পান জগবান বলে স্বীকার করেছেন, যিনি দেবকী ও বসুদেবের পুত্র কৃষ্ণজ্বলে আহির্ভূত হয়েছেন তাই এই বিষয়টি হানগন্ধম করা বেশ কঠিন ২৩০ পারে। কিন্তু শ্রীল রূপ গোন্ধামীর অনুসামী লৌড়ীয় নৈয়ক সম্প্রদায় ভাগবদ্বাধিতায় এই তথ্ প্রতিষ্ঠা করেছেন যে, সন কিন্তুই শ্রীকৃষ্ণ খোকে প্রকাশিত হয়। শ্রীকৃষ্ণ ধরাং ভাগবদ্বাধিতায় বলেছেন অহং সর্বান্ধ প্রভাৱ—"আমিই সন কিন্তুর উৎস" 'সন কিন্তু বলতে নারামণকেও বোঝানো হয়েছে। তাই শ্রীল রূপ গোন্ধামী লাখুভাগবভাস্ত গ্রেছ প্রমাণ করেছেন যে, শ্রীকৃষ্ণ অ্যাধিপুরুষ ভগবান—নারামণ নম। এই প্রসাদ তিনি শ্রীমন্তাগবভাবে (৩ ২ ১৫, একটি শ্লোকের উল্লেখ করেছেন —

স্বশাপ্তরাপেরিওটেরঃ স্বরাপে-রাজার্দায়ানের্ভুক্তিপিতাগা । পরাবদেশো মহদংশয়ুক্তো হার্যোহপি জার্যো জারান যথারিঃ ॥

'থখন গসুদেকের মাতো জগনাকের গুদ্ধ ভক্ত কমে আদি ভয়ংকর অসুবদের দারা উৎপীত্তিত হব, তথা শ্রীকৃষ্ণ বৈকৃত্বপতি নারায়ণ আদি সমস্ত প্রীলা অবতারদের সঙ্গে মৃত্য হন এবং তিনি এজ হওয়া সংখ্যে জনাগ্রহণ করেন, ঠিক যেয়ন অবণি কাণ্টের ম্বর্ধণের ফলে আগুনের প্রকাশ হয়।" দেশলাই অথবা অন্য কোন আগুন ছাড়াই কেবল অরণি কাণ্টের ধারা যজাদি জ্বালানো হত অরণি কান্ঠ থোকে মেমন আগুনের প্রকাশ হয়, তেমনই ভক্তদের সঙ্গে অভক্তদের সংঘার্থের ফলে পরমেশ্বর ভগবান আবির্ভূত হন। শ্রীকৃষ্ণ মথন আবির্ভূত হন, তথন তিনি নারায়ণ, বাসুদের, সম্বর্ধণ, অনিকৃষ্ণ ও প্রদ্যুদ্ধের মতো তার সমস্ত অবতারদের দিয়ে পূর্ণরূপে অবতবণ করেন শ্রীকৃষ্ণ সর্বদাই নৃসিংহ, বরাহ, বামন, নর-নারায়ণ, হয়প্রীব, অজিত আদি অবতারদের সঙ্গে যুক্ত। কৃন্ধবান শ্রীকৃষ্ণ কথনও কথনও এই সমস্ত অবতারদের লীলা প্রদর্শন করেন।

রক্ষাও পুরাশে বলা হয়েছে, "সেই একই প্রমেশ্বর ভগবান, যিনি বৈকৃষ্টে চতুর্ভুজ নাবায়ণরূপে পরিচিত, সমস্ত জীবের প্রম বন্ধু এবং শ্বীরসমূত্রে শ্বেওদ্বীপপতি এবং যিনি হচ্ছেন পুক্ষোন্তম, তিনিই নন্দ মহারাজের পুত্ররূপে আবির্ভূত হয়েছিলেন। আগুনে বিভিন্ন আকারের স্ফুলিন্দ রয়েছে, আদের কোনটি খুব বড়, আবার কোনটি ছোট স্কুন্ত স্ফুলিন্দগুলিকে জীবের সঙ্গে তুলনা করা হয়েছে, আর বৃহৎ স্ফুলিন্দগুলিকে শ্রীকৃষ্ণের অবভারদের সঙ্গে তুলনা করা হয়েছে সমস্ত জবভারই শ্রীকৃষ্ণের প্রকাশ এবং তাঁদের লীলাক্তে তাঁরা পুনরায় শ্রীকৃষ্ণের সঙ্গে ঐক্য প্রাপ্ত হন "

সূতরাং বিভিন্ন প্রাণে প্রীকৃষ্ণকে কখনও নারায়ণ, কখনও ফ্লীরোদকশায়ী নিস্থা কখনও গর্ভোদকশায়ী বিষ্ণু এবং কখনও নৈকৃষ্টনাথ বলে বর্ণনা করা হয়েছে। যেহেতু প্রীকৃষ্ণ সর্ব অবস্থাতেই পূর্ণ তাই মূল-সন্ধর্ষণ শ্রীকৃষ্ণে রয়েছেন এবং যেহেতু সমন্ত অবভার মূল সমর্মণ থেকে প্রকাশিত ২য়েছেন, তাই বুবাতে হবে যে, তাঁর পরম ইঞ্চার প্রচাবে তিনি বিভিন্ন অবভারদের প্রকাশ করতে পারেন, এমন কি শ্রীকৃষ্ণের উপস্থিতিতেও তাই মহান ক্ষমিনা নিভিন্ন নামে শ্রীকৃষ্ণের মহিমা কীর্তন ক্রেন্ডেন এভানেই সমস্ত অবভারের অবভারী আদিপ্রস্থাক যখন ক্র্যান্ড অবভার বলে বর্ণনা করা হয়, তথন তাতে কোন ভূল হয় না।

শ্লোক ১৩৩ অতএব শ্রীকৃষ্ণটৈতন্য গোসাঞি । সর্ব অবতার-শীলা করি' সবারে দেখাই ॥ ১৩৩ ॥

ব্যোকাপ

তাই শ্রীটেডনা মহাপ্রভু সমস্ত অবত্যানের সমগু শীলা সবাইকে দেখিয়াছেন।

শ্লোক ১৩৪

এইরূপে নিত্যানদ 'অনন্ত'-প্রকাশ । সেইখাবে—কহে মুঞি চৈতন্যের দাস ॥ ১৩৪ ॥

লোকার্থ

এডাবেই শ্রীনিত্যানন্দ প্রভুৱ অনস্ত প্রকাশ রয়েছে সেই অপ্রাকৃত ভাবের আবেগে ডিনি বলেন যে, তিনি হচ্ছেন শ্রীচৈডন্যের দাস

লোক ১৩৫

কছু শুৰু, কছু সখা, কছু ভূত্য-লীলা । পূৰ্বে যেন তিনভাবে ব্ৰঞ্জে কৈল খেলা ॥ ১৩৫ ॥

শ্লোকার্থ

কখনও গুরু রূপে, কখনও সখারূপে এবং কখনও ভৃত্যরূপে তিনি প্রীট্যৈতন্য মহাগ্রভুর সেবা করেন ঠিক ফেভাবে বলরাম পূর্বে এজে এই তিনভাবে প্রীকৃষ্ণের সঙ্গে লীলাখেলা করেছিলেন শ্লোক ১৩৬

ব্য হঞা কৃষ্ণসনে মাথামাথি রণ। কড়ু কৃষ্ণ করে জাঁর পাদ-সন্বাহন ॥ ১৩৬ ॥

ঞ্লোকার্থ

ব্য হয়ে কখনও জীবলরাম মাথা দিয়ে শ্রীকৃষ্ণের সঙ্গে লড়াই করেন। কখনও প্রীকৃষ্ণ বলরামের পাদ-সমাহন করেন।

শ্লোক ১৩৭

আপনাকে ভূত্য করি' কৃকে প্রভূ জানে। কৃষ্ণের কলার কলা আপনাকে মানে॥ ১৩৭॥

য়োকার্থ

তিনি নিজেকে ভূতঃ বলে যনে করেন এবং শ্রীকৃষ্ণকে প্রভু বলে ছানেন এভাবেই তিনি নিজেকে শ্রীকৃষ্ণের কলার কলা বলে মনে করেন।

(利本)05

ব্ৰায়মাণৌ নৰ্দক্টো যুযুধাতে পরস্পরম্ ৷ অনুকৃতা ক্তৈজজ্বংস্চেরতঃ প্রাকৃতীে যথা ৷৷ ১৩৮ ৷৷

ব্যায়মানৌ—বৃথের মতো হয়ে, নর্মন্তৌ—গর্জন করতে করতে; যুবুখাতে—তারা দৃজনে লড়াই করতেন, পরস্পরম্—পরস্পরের সঙ্গে, অনুকৃত্য—অনুকরণ করে ক্রান্ডঃ—শক্ করতেন, জত্ন—পণ্ডসমূহ; চেরতু৷—খেলা করতেন, প্রাকৃত্যে—সাধারণ বালকদের মতো, মধা—ঠিক যেমন

অনুবাদ

"সাধারণ বালকদের মতো তারা দূঁই ভাই বৃধের মতো গর্জন করতে করতে পরস্পারের সঙ্গে যুদ্ধ করতেন এবং কখনও তারা বিভিন্ন পশুদের ডাঙ্কের অনুকরণ করতেন "

ভাৎপর্য

এই ল্লোকটি ও পরবর্তী প্লোকটি ভাগবত (১০/১১/৪০ ও ১০/১৫/১৪) খেকে উদ্ধৃত ,

রোক ১৩৯

কৃচিৎ ক্রীড়া-পরিপ্রান্তং গোপোৎসক্রোপবর্ত্ণম্। স্বয়ং বিশ্রাময়ত্যার্থং পাদসম্বাহনাদিভিঃ ॥ ১৩৯ ॥

কৃষ্টিৎ—ক্ষমণত ক্ষমণত, ক্রীড়া খেলা করে, পরিশ্রান্তম্—অত্যন্ত পরিশ্রান্ত হয়ে, গোপ-উৎসক্ষ—গোপবালকের কোলে, উপবর্হণম্—বালিশের মতো ঘাথা রেখে, স্বয়ম্—স্বয়ং শ্রীকৃষ্ণঃ বিশ্রাময়তি বিশ্রাম করিবে আর্মম্ তাঁর বড় ভাই, পাদ-সন্থাহন-আদিভিঃ— পাদ সম্বাহন আদির দারা।

অনুবাদ

"কখনও কখনও শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ মাতা বলরাম খেলতে খেলতে পরিশ্রাপ্ত হয়ে যথন কোন গোপবালকের কোলে মাথা রেখে শয়ন করতেন, তখন শ্রীকৃষ্ণ স্বয়ং তাঁর পাদ-সম্বাহন করে সেরা করতেন "

শ্লোক ১৪০

কেয়ং বা কুত আয়াতা দৈবী বা নাৰ্য্তাসূরী । প্রায়ো মায়ান্ত মে ভর্তুর্নান্যা মেহপি বিমোহিনী ॥ ১৪০ ॥

কা—কে; ইয়ম্—এই, বা—অথবা, কুডঃ—কোথা থেকে; আয়াতা—এসেন্ডেন, দৈবী— দেবতা কি ন', বা—অথবা; নারী—শ্রীলোক, উত্ত—অথবা, আসুরী—আসুরিক, প্রায়ঃ—প্রায়ই, মারা—মায়াশক্তি, অন্ত—তিনি নিশ্চমই হবেন, মে—আমার, ভর্তুঃ—প্রভূ শ্রীকৃদের, ন—না, অন্যা—অন্য কেউ, মে—আমার, অপি—তাবশ্যই, বিয়োহিনী— বিমোধিনী

व्यगुर्वाप

"এই মায়া কে এবং তিনি কোথা থেকে এসেছেন । ইনি কি দৈবী, মানুৰী, না আসুরী ! তিনি নিশ্চাই আমার প্রভু শ্রীকৃত্যের মায়াশক্তি, কেন না তিনি ছাড়া আর কে আমাকে বিমোহিত করতে পারেন ৷"

ভাৎপর্য

পর্যান্ধর ভগবান শ্রীকৃষ্ণের ব্রনীড়াবিলাস ব্রম্মার চিত্তে সন্দেহের উদ্রেক করে এবং তাই শ্রীকৃষ্ণের পরম ঈশ্বরত্ব পরীক্ষা সরলে জন, ব্রশা তার মোলান্ডির প্রভাবে শ্রীকৃষ্ণের গোলস্থা ও গোবংসদের হরণ করেন আল ভার উত্তরে শ্রীকৃষ্ণা সমস্ত গোবংস ও গোপস্থাদের পুনরায় সৃষ্টি করেন কৃষ্ণসৃষ্ট গোবংসদের প্রভি গাভীদের অস্বাভাবিক প্রেই দর্শন করে, শ্রীকলদের ভা বৃষ্ণাতে পেরে বিশ্বিত হয়েছিলেন (ভাগবত ১০ ১০/৩৭)

শ্লোক ১৪১

যস্যান্ত্রিপদ্ধজরজোহখিললোক-পালৈ-মৌল্যুত্তমৈর্থ্ডমুপাসিত-ভীর্থতীর্থম্ । ব্রন্ধা ভবোহহমপি যস্য কলাঃ কলায়াঃ শ্রীশ্চোদ্বহেম চিরমস্য নৃপাসনং ক্ষুণ ॥ ১৪১ ॥

যস্য—খাঁব আত্মি পদ্ধস্ক—শ্রীপাদপত্ম, রজঃ—ধূলিকণা, অবিল লোক—সমগ্র বিশ্ব-ব্রুকাণ্ডেক, পালৈঃ—পালনকর্তাদের দ্বারা, মৌলি-উত্তমৈঃ –খড়ান্ত মূল্যবান মুকুট শোভিত

লেক ১৪১<u>]</u>

প্রোক ১৪৮1

ভাদের মস্তব্যে, খৃতম্ ধারণ করেন, উপাসিত উপাসিত তীর্থ-তীর্থন্ম তীর্থসমূহের তীর্থস্করপ, রক্ষা একা, ডবঃ শিব, অহম্ অপি—আমিও, বস্যা—খার, কলাঃ— অংশ, কলায়াঃ—কলার, শ্রীঃ—লক্ষ্মীদেরী, চ—এবং, উদ্বহেম—আমরা বহন করি, চির্ম্—চিরকাল; অস্যা—ভার, নৃপ-আসনম্—রাজসিংহাসন; ক—কোথায়,

অনুবাদ

"সমন্ত বিশ্ব-ব্রজাতের পালনকর্তারা সমন্ত তীর্থের তীর্থস্বরূপ বার পদরক্ত তাঁদের মুক্ট শোভিত মন্তকে ধারণ করেন এবং ব্রজা, শিব, আমি বলদেব ও লক্ষ্মী—আমরা কেউ অংশ, কেউ অংশের অংশরূপে যাঁর পদরক্ষ চিরকাল মন্তকে ধারণ করি, তাঁর কাছে সামান্য রাজসিংস্কানের কি মাহাব্যা ।"

ভাৎপর্য

কৌরবেরা শ্রীকৃষ্ণের নিদা করে বলদেবকে গ্রাদের পক্ষভূত করার চেটা করলে, বলদেব তথ্য রুষ্ট হয়ে গ্রাদের এই কথা বলেছিলেন (ভাগবত ১০/৬৮/৩৭)।

য়োক ১৪২

একলে ঈশ্বর কৃষ্ণ, আর সব ভৃত্য । যারে যৈছে নাচায়, সে তৈছে করে নৃত্য ॥ ১৪২ ॥

ছৌকার্থ

একমাত্রে জীকুমাই হচ্ছেন পরম ঈশ্বর এবং জন্য সকলেই কাঁর সেবক তিনি যেভাবে নির্দেশ দেন, জারা সেভাবেই নৃত্য করেন।

প্রোক ১৪৩

এই মত তৈতন্যগোসাঞি একলে ঈশ্বর । আর সব পারিষদ, কেহ বা কিছর ॥ ১৪৩ ॥

লোকার্থ

এডাবেই ফ্রীটেডন্য মহাপ্রভূ হড়েন একমাত্র নিয়ন্ত্র। অন্য সকলে তার পার্যদ অধবা ভূতা।

(別)本 \$88-\$84

গুরুবর্গ,—নিত্যানন্দ, অন্ধৈত আচার্য। শ্রীবাসাদি, আর হত—লঘু, সম, আর্য ॥ ১৪৪ ॥ সবে পারিষদ, সবে লীলার সহায়। সবা লঞা নিজ-কার্য সাধে গৌর-বায় ॥ ১৪৫ ॥

শ্লোকার্থ

তার ওকবর্গ নিত্যানন্দ প্রভু, অধৈত আচার্য প্রভু, শ্রীবাস ঠাকুর এবং অন্যান্য সমস্ত ডক্তবৃদ্দ, তার কনিষ্ঠ, সমকক অথবা তার থেকে বড় যাঁরা তার লীলায় সহায়তঃ করছেন,তারা সকলেই তার পার্যদ। তাঁদের নিয়ে শ্রীবৌরাঞ্চ মহাপ্রভু তার নিজের উদ্দেশ্য সাধন করেন।

লোক ১৪৬

অবৈত আচার্য, নিত্যানন্দ,—সূই অঙ্গ । দুইজন লঞা প্রভুর যত কিছু রঙ্গ ॥ ১৪৬ ॥

প্ৰোকাৰ

শ্রীঅহৈত আচার্য প্রস্কু ও শ্রীনিত্যানন্দ প্রস্কু হচ্ছেন ডগবানের দুটি অঙ্গ এবং তাঁর প্রধান পার্যনঃ তাঁলের দুজনকে নিয়ে শ্রীতৈতন্য মহাপ্রতু বিভিন্নভাবে তাঁর লীলাবিলাস করেন

গ্লোক ১৪৭

অবৈত-আচার্য-গোসাঞি সাক্ষাৎ ঈশ্বর । প্রভূ ওরু করি' মানে, তিহো ড' কিছর ॥ ১৪৭ ॥

त्यांकार्थ

শ্রীঅবৈত আচার্য প্রাক্ত হল্পেন সাক্ষাৎ পরমেশ্বর ভগবান যদিও শ্রীতৈতন্য মহাপ্রভূ তাঁকে গুরুরূপে সম্মান করতেন, তবুও অধৈত আচার্য হচ্ছেন তাঁর ভূজ্য।

ভাৰপৰ্য

খ্রীচৈতনা মহাশ্রভ অন্তৈত প্রভূবে পিতার মতো সন্দান করতেন, কারল অবৈও আচার্য প্রভূ দিলেন থার পিতার থেকেও ব্যাসে বড়, তব্ব অবৈও আচার্য প্রভূ সব সময় নিজেকে শ্রীচৈতনা মহাশ্রভর দাস বলে অভিমান করতেন অন্তৈত আচার্য প্রভূ এবং শ্রীচৈতনা মহাশ্রভর দীক্ষাগুর দ্বার প্রভাব আচার্য প্রভূব দিয়া মাধ্যেন্দ্র পূরী ছিলেন নিভালেন প্রভূবও ওরু: এভানেই শ্রীচেতনা মহাশ্রভুর মুল্লভারেন্দে অন্তৈত প্রভূ সর্বদাই প্রভাবিক কারণ গুরুদেবের ওক্তরাভালের গুরুদেবের মডেই সন্মান করা উচিত। এই সমস্ত কারণে শ্রীচৈতন মহাশ্রভু অন্তৈত আচার্য প্রভূবে গুরুর মণ্ডো সন্মান করতেন কিন্তু অন্তৈত আচার্য প্রভূব আচার্য প্রভূব করণা দাসকলে যনে করতেন

(制本 286

আচার্য-গোসাঞির তত্ত্ব না হায় কথন। কৃষ্ণ অবতারি যেঁহো ভারিল ভূবন ॥ ১৪৮॥ 580

শ্লোক ১৫৫]

শ্রোকার্থ

আহৈত আচার্য প্রভুর তত্ত্ব ভাষায় বর্ণনা করা যায় না তিনি ঞ্রীকৃষ্ণকে অবতরণ করিয়ে সমস্ত্র জগৎ উদ্ধার করেছেন।

> শ্লোক ১৪৯ নিত্যানন্দ-স্বরূপ পূর্বে ইইয়া সক্ষ্মণ । লঘুপ্রতা হৈয়া করে রামের সেবন ॥ ১৪৯ ॥

> > গ্ৰোকাৰ্থ

শ্ৰীনিত্যানন্দ স্বরূপ পূর্বে লক্ষ্ম্পরূপে অবতীর্ণ হয়েছিলেন এবং কনিষ্ঠ প্রাডারূপে জীরামচন্দের সেবা করেছিলেন।

ভাহপর্য

শঙ্কর সম্প্রদায়ে সম্বাসীদের মতো ক্রন্সচারীদেরও বিভিন্ন নাম রয়েছে। প্রত্যেক সন্নাসীরই রুজ্ঞভারী সম্ভবারী থাকে। সেই প্রস্ক্রভারীদের চরে রক্ষমের নাম রয়েছে—সক্ষপ আনন্দ, প্রকাশ ও চৈতন্য - জীনিতানন্দ প্রভু সন্মাস গ্রহণ না করে ব্রহ্মচারী-জপে ছিলেন। ব্রঞ্জান্তারীজ্ঞান উরে নাম ছিল নিজ্যানন্দ স্বরূপ সেই সূত্রে বোঝা যায় গে, ডিনি নিল্ডমাই তীর্ল অথবা আত্রম উপাধিযুক্ত সন্নাসীদের তথ্যবধানে ছিলেন, কেন না সমপ হঞে এই **পরতের সায়াসীদের সেবক এখাচারীর উপাধি**

শ্ৰোক ১৫০

রামের চরিত্র সব,--দুঃখের কারণ। স্বতন্ত্ৰ লীলায় দুঃখ সহেন সক্ষণ ॥ ১৫০ ॥

যোকার্থ

শ্রীরামচন্দ্রের কার্যকলাপ ছিল সৃঃখময়, কিন্তু লক্ষ্মণ বডঃপ্রবৃত্ত ইয়ে এই সূঃখ সহ্য करतिहरूनम

(ब्राक १५)

নিষেধ করিতে নারে, যাতে ছোট ভাই। মৌন ধরি' রহে লক্ষ্মণ মনে দুঃখ পাই' 🍴 ১৫১ 🗓

শ্ৰোকাৰ্থ

ছোট ভাই বলে তিনি শ্রীরামচন্তকে তার সংকল্প থেকে নিষেধ করতে পারেননি, তাঁই মনে দুঃখ পেলেও তিনি কোন প্রতিবাদ করেননি।

শ্ৰোক ১৫২

কৃষ্ণ-অবভারে জ্যেষ্ঠ হৈলা সেবার কারণ ৷ কৃষ্ণকে ক্রুইল নানা সুখ আস্থাদন ॥ ১৫২ ॥ গ্ৰোকাৰ্থ

গ্রীকৃষ্ণ যখন অবতরণ করলেন, তখন তিনি (বলরাম) তাঁর বড় ভাইরূপে তাঁকে নানা রকম সুখ আশ্বাদন করাবার জন্য প্রাণশুরে তাঁর মেৰা করেছিলেন

শ্ৰোক ১৫৩

त्राय-अन्त्रान-कृष्ण-ताटभत्र चारमविटमण । অবতার-কালে দোঁতে দোঁহাতে প্রবেশ ॥ ১৫৩ ॥

*र*श्चीकार्थ

গ্রীরাম ও গ্রীলক্ষ্মণ চ্চেনে হথাক্রমে গ্রীকৃষ্ণ ও বলরামের অলে-বিলেয় প্রীকৃষ্ণের ও বলরামের অবভারে জারা দূজন ভাঁদের দেহে প্রবিষ্ট হন।

ভাৎপর্য

লঘুডাগৰতামৃত প্ৰস্থে বিযুগধর্মোতারের উল্লেখ করে বিশ্লেষণ করা হয়েছে যে শ্রীরামচন্দ্র বাস্পেবের অবভার, লগাল সমর্যগের ভারভার, ভারত প্রসূত্রের অবভার এবং শক্রেম अनिकासिक अवकार । *नाम मुलारम वर्गना* कर्ना इस्त्राह्य स्थ, सामहत्व इस्त्रान सामाग्रम वार्यः লগাল, ভৱত ও শক্ষয় মধাক্রমে শেষ, চক্র ও শ**ৰ**ি কল প্রান্তের রামনীতায় লগালে, ভারত ও শঞ্জেলক শ্রীরামন্ত্রপ্রের তিনজন পরিচারক বলে বর্ণনা করা হয়েছে।

ৰোক ১৫৪

সেই অংশ লঞা জ্যোষ্ঠ-কনিষ্ঠাভিমান। অংশাংশি-রূপে শাল্রে কররে ব্যাখ্যান ॥ ১৫৪ ॥

য়ৌলার্থ

কৃষ্ণ ও বলনাম কনিষ্ঠ-জ্যেন্ডরূপে প্রকাশিত হন। কিন্তু শাল্রে বর্ণনা করা হয়েছে যে, ঠারা হচ্ছেন পরমেশ্বর জগবান এবং তার প্রকাশ।

> (ब्रोक ३५६ রামাদিমূর্তিবু কলানিয়মেন ডিগ্রন নানাবতারমকরোম্ভবনেষু কিন্তু 1 কৃষ্ণঃ স্বয়ং সমভবৎ পরমঃ পুমান যো গোৰিক্মাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৫৫ ॥

রাম-আদি---শ্রীরামচন্দ্র প্রভৃতি অবতার, মৃতিমূ---বিভিন্ন রূপে, কলা নির্মেন---অংশের অংশের ভাব আদির দারা, তিষ্ঠন্—বিরাজিত হয়ে, নানা—বিভিন্ন, অবতারমৃ— অবতার অকরোৎ—প্রকাশ করেছিলেন, ভূবনেযু—এই জগতের বিভিন্ন লোকে, কিন্ত-কিন্তু, কম্মন্ধ শ্রীকৃষ্ণ, স্থাম স্বয়ং, সমস্তবং—আবির্ভত হয়েছিলেন, পরমাধ পরমা [আদি d

পুমান -পূঞ্জব, যঃ—যিনি, গোবিন্দম্—ভগবান গোবিন্দকে, আদি-পুরুষম্ আদিপুরুষকে, ত্য--তাঁকে, অহম - আমি, ভজামি---ভজনা করি

অনুবাদ

"কলাবিভালে রামাদি মৃতিতে ভগবান জগতে নানা অবভার প্রকাশ করেছিলেন, কিন্তু যে পরমপ্রকার স্বয়ং কৃষ্ণক্রপে প্রকট হন, সেই আদিপুরুষ গোবিস্ককে আদি ভজনা কৰি।"

ভাৎপর্য

এই ম্যোকটি ব্ৰহ্মসংহিতা (৫/৩৯) থেকে উদ্বত

484

শ্ৰোক ১৫৬

শ্রীটেডন্য—সেই কৃষ্ণ, নিড্যানন্দ—রাম ্ নিজ্যানন্দ পূর্ণ করে তৈতন্যের কাম 11 ১৫৬ ॥

त्याकार्थ

প্রীচৈতন্য হচ্ছেন প্রীকৃষ্ণ এবং শ্রীনিড্যানন্দ হচ্ছেন শ্রীবদরাম। প্রীনিড্যানন্দ শ্রীচৈডন্য মহাপ্রভুর সমস্ত ইচ্ছা পূর্ণ করেন

রোক ১৫৭

নিত্যানন্দ-মহিমা-সিম্ব অনস্ত, অপার 1 এক কণা স্পর্লি মাত্র,—সে কুপা তাঁহার ॥ ১৫৭ ॥

লোকার্থ

শ্রীনিত্যানন্দ প্রভুষ মহিমারূপ সমূদ্র অমস্ক ও অপার । তার কুপারেট কেবল আমি ভার একবিন্দ স্পর্গ করতে পারি।

त्रक इत्र

আর এক শুল তাঁর কৃপার মহিমা ৷ **अथम जीरवरत रुज़रिल उथर्वत्रीमा ॥ ३**৫৮ ॥

তাঁর কৃপার আর একটি মহিমা দয়া করে শ্রবণ করুন। তিনি অধম জীবকে সর্বোচ্চ ক্তরে উন্নীত করলেন।

८३८ कांक

বেদওহা কথা এই অযোগা কহিতে 1 তথাপি কহিয়ে তাঁর কৃপা প্রকাশিতে ॥ ১৫৯ ॥ শ্ৰোকাৰ্থ

এই সমস্ত কথা প্রকাশ করা উচিত নয়, কেন না এগুলি হচ্ছে বেদের গুহাতম ডছ। তবুও তিনি যে জীবকে কিজাবে কুপা করে গিয়েছেন, সেই কথা প্রকাশ করার জন্য আমাকে এই সমস্ত কথা বলতে হচ্ছে

হৌক ১৬০

উল্লাস-উপরি দেখোঁ তোমার প্রসাদ। নিত্যানন্দ প্রভু, মোর ক্ষম অপরাধ ॥ ১৬০ ॥

য়োকার্থ

হে নিত্যানন্দ প্রভু, গভীর আনন্দে আত্মহারা হয়ে আমি তোমার কপার কথা লিখছি দরা করে আমার অপরাধ তমি কমা কর।

ব্রোক ১৬১

অবধৃত গোসাঞির এক ডুডা প্রেমধাম ৷ মীনকেতন রামদাস হয় তাঁর নাম ৷৷ ১৬১ ৷৷

য়োকার্থ

শ্রীমীনকেতন রামদাস নামক শ্রীমিত্যাসন্দ প্রভর একজন সেবক ছিলেন, যিনি ছিলেন छगवर-द्वीरयत चार्धातचक्रण।

শ্ৰোক ১৬২

আমার আলয়ে অহোরাত্র-সংকীর্তন । ভাহাতে আইলা ভেঁহো পাঞা নিমন্ত্ৰণ ॥ ১৬২ ॥

রোকার্থ

আমার গুহে দিবা-রাত্রি সংকীর্তন হচ্ছিল এবং তাই নিমন্ত্রিত হয়ে ডিনি মেখামে এপ্ৰেছিলেন -

> ভোক ১৬৩ মহাপ্রেমময় তিঁহো বসিলা অঙ্গনে । সকল বৈষ্ণৰ জাঁৰ বন্দিলা চরণে 🏗 ১৬৩ 🗈

> > য়োকার্থ

মহাপ্রেমে মগ্ন হয়ে তিনি আমার অজনে এনে বসলেন এবং সমস্ত বৈষ্ণব তার শ্রীচরণ वन्त्ना कडूटनन।

[আদি ৫

শ্ৰেক ১৬৪

নমন্ধার করিতে, কা'র উপরেতে চড়ে । প্রেমে কা'রে বংশী মারে, কাহাকে চাপড়ে ॥ ১৬৪ ॥

চোকার্থ

ত্তাকৈ প্রণাম করতে গেলে ভগবৎ-প্রেমের আনন্দে তিনি কখনও কাঁচ্ছে চড়লেন কাউকে আবার তাঁর বংশী দিয়ে আঘাত করলেন অথবা কাউকে চাপড় মারলেন

শ্লোক ১৬৫

যে নয়ন দেখিতে অঞ্চ হয় মনে যার। সেই নেকে অবিচ্ছিত্র বহে অঞ্চধার ॥ ১৬৫ ॥

হোকার্থ

মীনকেতন রামদাসের নমন দর্শনে দর্শকের চন্দু দিয়ে আপনা খেকেই প্রেমাঞ্চ নির্গত হতে থাকে, কেন না মীমকেডাই রামদাসের নমন-মুগল দিয়ে প্রকল ধারাম প্রেমাঞ্চ বর্ষিত হজিলা

ক্লোক ১৬৬

কড়ু কোন আচে দেখি পুলক-কদস্ব ৷ এক আচে জাড্য তাঁর, আর আচে কম্প ৷৷ ১৬৬ ৷৷

শ্লোকার্থ

কখনও তাঁর দেহের কোন অঙ্গে কদন্ত ফুলের মতো পুলক প্রকাশিত হছিলে। কখনও তাঁর দেহের কোন অঙ্গ স্তৃত্তিত হছিলে এবং অস্যু কোন অঙ্গ কম্পিত হছিল।

প্রোক ১৬৭

নিজ্যানন্দ বলি' হবে করেন হলার । ভাহা দেখি' লোকের হয় মহা-চমধকার য় ১৬৭ ॥

শ্ৰোকাৰ্থ

তিনি যখন জীনিত্যানন্দ প্রভূর নাম নিয়ে হুকার করছিলেন, তখন তাঁর চারপাশের মানুষের ক্রদম বিশ্বয়ে চমধকৃত হচ্ছিল

> শ্লোক ১৬৮ গুণাৰ্গৰ মিশ্ৰ নামে এক বিপ্ৰ আৰ্য । শ্ৰীমূৰ্তি নিকটে তেঁহো করে সেবা-কার্য ॥ ১৬৮ ॥

ক্লোকার্থ

শ্রীনিজ্যানন্দ-তত্ত্ব-নিরূপণ

ত্তপাৰ্ণৰ মিশ্ৰ নামক এক ব্ৰাহ্মণ জগবানের শ্রীবিশ্রহের সেবা করছিলেন।

শ্লোক ১৬৯

অঙ্গনে আসিয়া ভেঁহো না কৈল সম্ভাব। ভাহা দেখি ক্রেন্ধ হঞাে বলে রামদাস ॥ ১৬৯॥

য়োকার্থ

মীনকেডন রামদাস যথন অলেনে বসেছিলেন, তখন সেই ব্রান্থাণ সেখানে এসে তাঁকে সন্মান প্রদর্শন করচেন না। ভা দেখে মীনকেডন রামদাস ফ্রন্থ হয়ে ধদকেন—

(割本)90

'এই ত' বিতীয় সূত নোমহরবণ । বলদেব দেখি' যে না কৈল প্রত্যান্সম' ॥ ১৭০ ॥

গ্রোকার্থ

"এখানে আমি দ্বিতীয় রোমহর্ষণ স্তকে দেখনি, যে বলরামকে দর্শন করে উঠে দাঁড়িরে। শ্রদ্ধান করেনি।"

त्थिक ५१५

এত বলি' নাচে গাম, করয়ে সম্ভোষ। কৃষ্ণকার্য করে বিপ্র—না করিল রোষ॥ ১৭১॥

য়োকার্থ

এই বলে তিনি প্রাণস্থরে নৃত্য ও কীর্তন করতে লাগলেন, কিন্তু সেঁই রাম্মণ কুন্ধ হলেন না, কেন না তিনি তখন শ্রীকৃষ্ণের সেবা করছিলেন।

ভাহপর্য

মীনকেতন বামনাস ছিলেন শ্রীনিত্যানন্দ শ্রভ্ব এক মহান ডক্ত তিনি যথন শ্রীল কৃষ্ণদাস কলিবাজ গোষামীর গৃহে আসেন, ডখন ওণার্গব মিশ্র নামক পূজারী গৃহে খ্রাপিড শ্রীবিগ্রহের পূজা করছিলেন এবং তিনি শ্রজ্বা সহকারে মীনকেতন বামদাসকে সম্ভাষণ করেননি। এই রক্ষম একটি ঘটনা ঘটেছিল, যখন নৈমিষারণা সম্বেত ঋষিদের সভায় রোমহর্ষণ সূত শ্রীমন্তাগবত পাঠ করছিলেন। সেই সময় বপদেব সেই সভায় উপস্থিত হন, কিন্তু বাাসাসনে উপবিষ্ট রোমহর্ষণ সূত তাঁর আসন খেকে উঠে বলদেবকে শ্রদ্ধা প্রদর্শন করেননি। ওণার্শব মিশ্রের ব্যবহারে প্রকাশ পাছিলে যে, তিনি নিত্যানন্দ প্রভূব প্রতি যথেষ্ট শ্রদ্ধাপ্রায়ণ ছিলেন না এবং তা মীনকেতন রামদ্যে মোটেই পছল করেননি। সেই জন্য মীনকেতন রামদ্যের এই ব্যবহার কথনই ভক্তদের কাছে দোষযুক্ত নয়

লোক ১৮১)

শ্লোক ১৭২

উৎসবাস্তে গেলা তিহো করিয়া প্রসাদ। মোর প্রাতা-সনে তাঁর কিছু ইইল বাদ ॥ ১৭২ ॥

শ্লোকার্থ

উৎসব শেষে মীনকেজন রামদাস যখন সকলকে আশীর্বাদ করে চলে গেলেন, তখন আমার ভাইয়ের সঙ্গে তাঁর কিছু কথা কাঁটাকাটি হয়।

শ্লোক ১৭৩

চৈতনাপ্রভূতে তাঁর সূদৃঢ় বিশ্বাস। নিত্যানন্দ-প্রতি তাঁর বিশ্বাস-আভাস ॥ ১৭৩ ॥

গ্ৰোকাৰ্থ

গ্রীতিতন্য মহাপ্রজুর প্রতি আমার ভাইয়ের মৃঢ় বিশ্বাস ছিল, কিন্তু নিত্যাসণ প্রভুর প্রতি তাঁর ডেমন বিশ্বাস ছিল লা।

त्यांक ३98

ইহা জানি' রামদাসের দুঃখ হইল মনে। তবে ড' ভাতারে আমি করিনু ভর্ৎসনে ॥ ১৭৪ ॥

য়োকার্থ

ভা ভেনে রামদাস অন্তরে ব্যবিত হয়েছিলেন। সেই স্কন্য আমি আমার ভাইকে ভর্মনা করেছিলাম

শ্লোক ১৭৫

দূই ভাই একতন্ সমান-প্রকাশ । নিত্যানন্দ না মান, ভোমার হবে সর্বনাশ ॥ ১৭৫ ॥

শ্লোকার্থ

আমি তাকে বলেছিলাম, "সেই দূই ভাইয়ের তনু এক; তাঁদের প্রকাশ অভিন্ন। তুমি যদি নিত্যানশ প্রভূকে না মান, ডা হলে ভোমার সর্বনাশ হবে

হোক ১৭৬

একেতে বিশ্বাস, অন্যে না কর সন্মান। 'অর্থকুকুটী-ন্যায়' তোমার প্রমাণ ॥ ১৭৬ ॥

লোকার্থ

"ভূমি যদি তাঁদের এক জনকে বিশ্বাস কর কিছু অন্য জনকে সম্মান না কর, তা হলে ভোমার সেই প্রমাণ অর্থকুরুটি-ন্যার এর মতো শ্রোক ১৭৭

কিংবা, দৌহা না মানিঞা হও ড' পাষণ্ড। একে মানি' আরে না মানি,—এইমত ডণ্ড ॥ ১৭৭ ॥

ক্লোকাৰ্থ

"এক স্থানকে মেনে অপর জনকে না খেনে তও হওয়ার থেকে দুজনকেই না মেনে পাষ্ঠ রওয়া ভোর।"

রোক ১৭৮

কুন্ধ হৈয়া বংশী ভান্ধি চলে রামদাস । তৎকালে আমার ভাতার হৈল সর্বনাশ ॥ ১৭৮ ॥

গ্ৰোকাৰ্থ

কুন্দ্র হয়ে রামদাস তার বাঁলি ভেলে সেখান খেকে চলে সেলেদ এবং তখন আমার ভাইয়ের সর্বনাশ হল।

গ্রোক ১৭৯

এই ত' কহিল তাঁর সেবক-প্রভাব । আর এক কহি তাঁর দয়ার স্বভাব ॥ ১৭৯ ॥

গ্লোকার্থ

এভাবেই আমি শ্রীনিত্যাদক প্রভুর সেবকের প্রভাব বর্ণনা করলাম। এখন আমি তাঁর দমার স্বভাব বর্ণনা করব।

त्यांक ३५०

ভাইকে ভংগিনু মুঞি, শঞা এই গুণ। সেই রাজে প্রভূ যোরে দিলা দরশন ॥ ১৮০ ॥

গ্লোকার্থ

আমার ডাইকে আমি ভর্মনা করলাম, সেই গুণের প্রভাবে সেই রাত্রে শ্রীনিজ্যানন্দ প্রভু স্বয়ে আমাকে দর্শন দিলেন।

(到本) 55

নৈহাটি নিকটে 'ঝামটপুর' নামে গ্রাম । তাঁহা স্বশ্নে দেখা দিলা নিত্যানন্দ-রাম ॥ ১৮১ ॥

শ্লোকার্ঘ

নৈহাটির কাছে ঝামটপুর নামক গ্রামে স্বপ্নে শ্রীনিত্যানন্দ প্রভূ আমাকে দর্শন দিলেন।

আদি ৫

ভাৎপর্য

এখন ঝামটপুর প্রাধ্যের ঝাছে রেল লাইন আছে কেউ যদি সেখানে যেতে চান, ডা হলে চিনি কাটীয়ো ধাইনে ট্রেনে করে সামার নামক স্টেশনে যেতে পারেন। সেই স্টেশন থেকে ঝামটপুর খুব একটা দুরে নয়

শ্রোক ১৮২

দশুবং হৈয়া আমি পড়িনু পায়েতে। নিজপাদপত্ম প্রভু দিলা মোর মাথে॥ ১৮২॥

প্লোকার্থ

দণ্ডবং প্রগতি নিবেদন করে আমি জার পায়ে পড়কাম এবং তথন তিনি ভার শ্রীপাদপত্ত আমার মাধার উপর রাখলেন।

শ্লোক ১৮৩

'উঠ', 'উঠ' বলি' মোরে বলে বার বার । উঠি' তার রূপ দেখি' হৈনু চমংকার ॥ ১৮৩ ॥

শ্লোকার্থ

তিনি আসাকে বাসবার বলতে লাগলেন, 'বঠ! ওঠ!" উঠে তাঁর স্থাপ নর্গন করে আমি চমৎকৃত হলাম

শ্লোক ১৮৪

শ্যাম-চিক্লণ কান্তি, প্রকাণ্ড শরীর ৷ সাক্ষাৎ কন্দর্প, গৈছে মহামল-বীর ॥ ১৮৪ ॥

ধ্যোকার্থ

এই জ্যোকে বর্ণনা করা হয়েছে যে, ভগবানের অল ও অংশসমূহ চিদ্যালদময়; এর সঙ্গে মায়ার কোন সমৃদ্ধ নেই

হোক ২৫

'অংশ' না কহিয়া, কেনে কহ তাঁরে 'অঙ্গ'। 'অংশ' হৈতে 'অঙ্গ', যাতে হয় অন্তর্জ ॥ ২৫ ॥

শ্লোকাথ

শ্রীতারৈত আচার্যকে কেন অংশ না বলে অল বলা হল স তার কারণ হচ্ছে 'খাল' শব্দে অধিক অন্তরকতা প্রকাশ পেয়েছে

শ্লোক ২৬

মহাবিষ্ণুর অংশ—অহৈত গুণধাম। উশ্বরে অভেদ, তেঞি 'অহৈত' পূর্ণ নাম। ১৬ ॥

গ্ৰোকাৰ্থ

সমত্ত হেশের আধার শ্রীঅবৈত হক্তেন মহাবিশ্বর প্রধান অল তাঁর পূর্ণ নাম হচ্ছে অবৈত, কেন না তিনি সর্বতোভাবে ভগবানের থেকে অভিয়

শ্লোক ২৭

পূর্বে থৈছে কৈল সর্থ-বিশ্বের সৃজন ৷ অবতরি' কৈল এবে ভক্তি-প্রবর্তন ॥ ২৭ ॥

শ্লোকার্থ

পূর্বে তিনি থেমন সমগ্র বিশ্বের সৃজন করেছিলেন, এখন অবতরণ করে তিনি ডগবছড়ি প্রবর্তন করলেন।

শ্ৰোক ২৮

জীব নিপ্তারিল কৃষ্ণভক্তি করি' দান ৷ গীতা-ভাগবতে কৈল ভক্তির ব্যাখ্যান ॥ ২৮ ॥

ক্লোকাৰ্থ

তিনি কৃষ্যভক্তি প্রদান করে সমস্ত জীবদের উদ্ধার করলেন ভগবস্তুক্তির আলোকে তিনি ডগবন্দীতা ও শ্রীমন্তাগবত ব্যাখ্যা করগেন।

000

্লোক ৩৪]

ভাৎপর্য

শ্রীমান্তৈত প্রভূ যদিও শ্রীবিধুন্ধ অবতার, তবুও বন্ধ জীবদের মঙ্গল সাধনের জন্য তিনি পরমেশ্বর ভগবানের সেবকরতে নিজেকে প্রকাশ করেছেন এবং তার সমস্ত কার্যকলাপের মাধামে ডিনি নিজেকে ভগবানের নিভাদাসকলে প্রকাশ করেছেন। শ্রীচৈওনা মহাপ্রভ এবং শ্রীনিত্যানন্দ প্রভূত এভাবেই লীলাবিলসে করেছেন, মদিও তারা হচ্ছেন বিষ্ণুতত্ত্ব শ্রীজৈতনা মহাপ্রভু, শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীএখৈও প্রভু মদি ওঁদের সর্ব শক্তিমান বিষ্ণুস্থরূপ এই জড় জগতে প্রদর্শন করছেন, তা হলে মানুৰ আরম্ভ অধিক মানুয়ে নিবিশেষকাদী অন্তিতবাদী ও অহংগ্রহ উপাসক হয়ে যেতো যা এই থগের প্রভাবে ইভিমধোট হয়ে গিয়েছে । খাই প্রমোধর ভগবান, ডাঁর বিভিন্ন অবধার ও ডাঁর বিভিন্ন প্রকাশ ভতারতে লীবাবিভাস করে বন্ধ জীবদের শিক্ষা দিয়ে গিয়েছেন, কেমন করে ভগবন্ধভিত্র অপ্রাকৃত স্তুনে উটাত ২০০ ২ঃ - এটাড়ত আচার্য প্রভাবিশেসভাবে নম্ম জীবনের ভগবস্তুতি সম্বন্ধে শিখন দিয়েছেন আচ্চৰ কথাটির অৰ্থ হছে 'শিক্ষক' এই ধরনের শিক্ষকের উদ্দেশ্য জীবকে কুম্বভন্তে পবিণত করা - শ্রীঅহৈত আচার্য প্রভুর পদায় অনুসরণকারী আদর্শ শিক্ষানের সানা পৃথিবী হ্রাড়ে কৃষ্ণভাবনামূত প্রচার করা ছাড়া প্রার কোন উদ্দেশ্য নেই প্রকৃত অন্তার্শার মধার্থ মোগ্যন্তা হচ্ছে তিনি নিজেকে পরমেশ্রর ভগবানের দাসকলে উপপ্রাপিত করেন। এই ধানের আদর্শ আচার্য কথনই নিজেদের ভগবান বলে প্রচাবকারী। নাত্রিক আসুরিক কার্যকলাপ বরদরের করেন না আচার্যের প্রধান কর্ত্বক হতেছ নিজেনের ভগরত রলে প্রচারকারী এবং সরল ভানসাধ্যরণকে প্রভারণাকারী ভগুনের মুখেশ খুলে CHESTIL

> শ্রোক ২৯ ভক্তি-উপদেশ বিনু তাঁর নাহি কার্য ৷ অতএব নাম হৈল 'অহৈত আচাৰ্য' ৷৷ ২৯ ৷৷

> > त्याकार्थ

ন্তগবন্ধতি শিক্ষা দেওয়া হাড়া তার আর কোন কান্ত নেই, তাই তার নাম অধৈত আচার্য।

গ্রোক ৩০

বৈক্ষবের গুরু তেঁহো জগতের আর্য । দুইনাম মিলনে হৈল 'অবৈত-আচার্য' ॥ ৩০ ॥

শ্ৰোকাৰ্থ

তিনি হচ্ছেন সমত বৈষ্ণবের গুরু এবং তিনি হচ্ছেন জগতের সর্বাধিক পূজা ব্যক্তি। এই দৃটি নামের মিলনের ফলে তার নাম হয় অনৈত আচার্য।

ভাহপর্য

খ্রীক্রটেরত জাচার্য হচ্ছেন বৈষ্ণথানে প্রধান গুরু এবং তিনি সমস্ত বৈষ্ণবাদের পরমপুরা। মট্যত আচার্যের পদান্ত অনুসরণ করা ওলমঞ্জ বৈষ্ণবদের অবশ্য কর্তব্য, কেন না তার দলে ভগনানের প্রেমময়ী সেধার যুক্ত হওয়া যাম

গ্রোক ৩১

কমল-নয়নের তেঁহো, মাতে 'অঞ্চ', 'অংশ'। 'কমলাক' করি ধরে নাম অবতংস ॥ ৩১ ॥

য়োকার্থ

নেহেড় তিনি হচ্ছেন কমলনয়ন পর্মেশ্বর ডগবানের অল বা অংশ, ডাই তার আর এकটি साथ कशलांक।

> য়োক ৩২ ঈশ্বসারপা পায় পারিয়দগণ । চতুর্জুজ, পীতবাস, যৈছে নারায়ণ ॥ ৩২ ॥

> > त्यांचार्थ

তার পার্যদেরা জগবানের মতো রূপ প্রাপ্ত নারায়ণের মতো তারা সকলেই চতুর্ভুজ এবং পীতবসন পরিহিত।

শ্লোক ৩৩

অদ্বৈত-আচার্য-জন্মবের অংশবর্য ৷ তার তন্ত-নাম-থপ, সকলি আশ্বর্য ॥ ৩৩ ॥

ঝোকার্থ

শ্রীঅবৈত আচার্য হচ্ছেন পরযোধর ভগবানের মুখা অংশ। তার তত্ত্ব, নাম ও গুণাবলী অভাস্ত আশ্চর্যজনক।

শ্ৰোক ৩৪

খাঁহার তুলসীজলে, খাঁহার ভ্রমারে। স্বগণ সহিতে চৈতলোর অবতারে ॥ ৩৪ ॥

গ্ৰোকাৰ্থ

তিনি তুলসীপর ও গঙ্গান্তল দিয়ে খ্রীকৃষ্ণের আরাধনা করেন এবং শুঙাব করে তাঁর অবভরণের জন্য প্রার্থনা করলেন ভাই, শ্রীটেতন্য মহাপ্রভ ভার পার্যদদের সঙ্গে অবভরণ করেছিকেন

শ্লোক ৩৫

যার দারা কৈল প্রভু কীর্তন প্রচার । যার দারা কৈল প্রভু দ্বগৎ নিস্তার ॥ ৩৫ ॥

গ্ৰোকাৰ্থ

তাঁর (শ্রীঅবৈত আচার্য) দ্বারা প্রীচৈতন্য মহাপ্রতু সংকীর্ত্তন আন্দোলনের প্রচার করেছিলেন এবং তার দ্বারাই তিনি সমস্ত জগৎ উদ্ধার করেছিলেন।

শ্ৰৌক ৩৬

আচার্য গোসাঞির গুণ-মহিমা অপার ৷ জীবকীট কোধায় পাইবেক তার পার ৷৷ ৩৬ ৷৷

যোকার্থ

শ্রীজাবৈত আচার্যের ওণমহিমা অন্তহীন। নগদ্য স্ত্রীব কিভাবে ভার পার পারেণ

শ্লোক ৩৭

আচার্য গোলাঞি চৈতন্যের মুখ্য অন । আর এক অঞ্চ ভার প্রভু নিত্যানন ॥ ৩৭॥

য়োকার্থ

শ্রীতিরত আচার্য প্রজু ইচ্ছেন শ্রীচৈতনা মহাপ্রভুর মুখ্য আল । তার আর একটি অক হচ্ছেন শ্রীনিত্যানন্দ প্রভু।

শ্ৰোক ৩৮

প্রভূর উপার এীবাসাদি শুক্তগণ ৷ হস্তমুখনৈত্র-অঙ্গ চক্রাদ্যন্ত্র-সম ৷৷ ৩৮ ৷৷

হোকার্থ

শ্রীবাসাদি অন্তব্দ হচ্ছেন তার উপাদ। তারা হচ্ছেন তার হস্ত, মুগ, চোগ ও চন্ত্র আদি অগ্রের মতো।

শ্লোক ৩৯

এসৰ লইয়া চৈতন্যপ্ৰভূৱ বিহার । এসৰ লইয়া করেন বাঞ্জিত প্ৰচার ॥ ৩৯ ॥

শ্লোকার্থ

এদের সৰুজকে নিয়ে শ্রীচৈতন্য মহাপ্রভু তাঁর নীলাবিলাস করেছেন এবং এদের সকলকে নিয়ে তাঁর বাসনা অনুসারে প্রচার করেছেন **अंकि 80**

ত্রীঅভৈত-তত্ত-নিরূপন

মাধবেন্দ্রপুরীর ইঁহো শিষ্য, এই জ্ঞানে । আচার্য-গোসাঞিরে প্রভু শুরু করি' মানে ॥ ৪০ ॥

লোকার্থ

"শ্রীতাছৈত আচার্য প্রফু শ্রীল মাধবেন্দ্র পূরীর শিব্য", এই মনে করে শ্রীচেতন্য মহাপ্রভু ভাঁকে ভাঁর শুরুর যাতো মান্য করণ্ডেন।

ভাৎপর্য

শ্রীমাধনের পূরী হচ্ছেন শ্রীমকাচার্যের ধারায় এক মহল বৈষ্ণৰ আচার্য। শ্রীল মাধনেন্ত পূরীর দুজন প্রধান লিখা হচ্ছেন—শ্রীমাধর পূরী ও শ্রীতান্তেও প্রস্তু এই সূত্রে গৌতীয় বৈষ্ণান-সম্প্রদায় মধ্য-সম্প্রদায়ের সঙ্গে সম্পর্কায় ও বি তত্ম গৌরগানাক্রেলালীনিরা ও প্রক্রেম-রত্নাবলী আদি প্রামানিক প্রস্তে প্রীকৃত হয়েছে গোপাল ওর গোপামীও তা শ্রীকার করেছে। গৌরগানাক্রেমানীনিরা প্রস্তে পরিগানাক্রিমানীয় বৈষ্ণান-পর ম্পরার ধারা বর্ণনা করে বলা হয়েছে— এখা হচ্ছেন পরব্যোমনাথ বিষ্ণার লিয়া। তার লিখা হচ্ছেন নারদ নারদের লিখা বাসদেবের লিখা ওগাদেব গোধামী ও মধ্যাচার্য প্রামানত আচার্য হচ্ছেন মধ্যাচার্যের লিয়া এবং নারহির প্রধানত আচার্যের লিয়া মাধ্য হচ্ছেন মধ্যাচার্যের লিয়া এবং নারহির প্রধানত আচার্যের লিয়া মাধ্য হচ্ছেন মধ্যাচার্যের লিয়া এবং নারহির পর্যানত আচার্যের লিয়া আধ্যাত্তির লিয়া আনার্যান্ত প্রামানির লিয়া। জ্যান্ত্রির লিয়া গ্রামানির প্রামানির লিয়া। জ্যান্ত্রির লিয়া গ্রামানির লিয়া। জ্যান্ত্রির লিয়া গ্রামান্ত্রির লিয়া। গ্রামানির লিয়া। জ্যান্ত্রির লিয়া যিনি পুরুয়োন্ত্রমের লিয়া। জ্যার মাধ্যের পূরী হচ্ছেন লাখনীপতির লিয়া।

শ্ৰোক ৪১

লৌকিক-লীলাতে ধর্মহর্মান-রক্ষণ। স্তুডি-ডক্তের করেন তাঁর চরগ বন্দন ॥ ৪১ ॥

প্ৰোকাৰ্থ

ধর্মের মর্যাদা রক্ষা করার জান্য লোকাচারে লীলাবিলাস করে, শ্রীতৈতন্য সহাপ্রভু শ্রদ্ধাপূর্ণ স্তুতি ও ডক্তি সহকারে অধৈত আচার্য প্রভুর চরণ বন্দমা করেছেন।

শ্লোক ৪২

চৈতন্যগোসাঞিকে আচার্য করে 'প্রভূ'জ্ঞান । আপনাকে করেন ভার 'দাস'-অভিমান ॥ ৪২ ॥

শ্লোকার্থ

শ্রীঅধৈত আচার্য প্রভু কিন্তু শ্রীটৈতন্য মহাপ্রভূকে তাঁর প্রভু বলে মনে করেন এবং নিজেকে শ্রীটৈতন্য মহাপ্রভুর দাস বলে মনে করেন।

তাৎপর্য

ভক্তিরসামৃতসিম্ব গ্রন্থে শ্রীল রূপে গোম্বামী ভগবস্তুতির মহিমা বিশ্লেষণ করে বলেছেন—

> প্রস্নানন্দো ডবেদেয় চেৎ পরার্ধগুণীকৃতঃ। নৈতি ডভিনুখান্তোধেঃ পরমাণুতুলামপি॥

"এক উপলব্ধির আনন্দকে মদি কোটি কোটি গুণ বর্ধিত করা খায়, তা ছলেও তা ভক্তি সমুশ্রের এক পরমাণুর সমান হতে পারে না," (ডঃ রঃ সিঃ ১/১/৩৮) তেমনই, ভারার্থ দীপিকার বর্ণিত হয়েছে—

> ত্বৎক্রপায়তলাথোধোঁ বিহরন্তো মহামুদঃ ! কুবজি কৃতিনঃ কেচিচ্চতৃর্বগং তুগোপমন্ ॥

"খালা পরসাধন ভগবানের অপ্রাকৃত কথামৃত আপালন করেন, তাঁদের কাছে ধর্ম, অর্থ, কাম ও মোগদ—এই চতুর্বর্গ তুলবং প্রতিভাত হয়।" খারা জড় সুখন্ডোগের বাফনা থেকে মুক্ত হয়ে পরমেশ্বর ভগবান প্রীকৃষ্ণের প্রেমমানী সেকার মুক্ত হয়েছেন, তাঁদের নির্বিশেষ এতিতবাদের প্রতি কোন আকর্ষণ আকে না পক্ত-পূক্তাণে কার্তিক-মাহান্যে। ভগবস্তাকে মনোভাব বর্ণনা করে কলা হয়েছে—

नमः स्व त्यांकाः न त्याकानिधः वा न कानाः वृश्येश्हः वत्त्रमामश्रीहः । देनः एक नथुनीथ शाभाव्याकाः भग त्य यनभगिनश्रकाः विध्योनाः ॥

कृरनगाञ्चरकी वक्षभूरेडीव थहर । एसा ध्यांकिरकी चलिखारकी कृरडी ह ; एशा ख्यांचित बनार हम द्यांच म स्याध्य कारश स्थार्थ मारसामतह ॥

"হে ভগবান নির্নিশেশ প্রথাজ্যেতিতে লীন হয়ে যাওয়ার আকাংক্ষা করার পেকে নিরপ্তর বৃদ্ধাবনে ভোগার শৈশবালীলা স্মরণ করা অনেক অনেক গুণ গ্রেম বলে আমরা মনে করি। তেগনার বালালীলা বিলাসকালে ভূমি কুরেরের দৃই পুত্রকে উদ্ধার করেছিলে এবং ভোগার মহান ভরে পরিশত করেছিলে। তেমনই, আমি বাসনা করি যে, ভাগাকে দৃতিদান করার পরিবর্তে ভূমি যেন ভোমার শ্রীলাধপায়ে ভভিদান কর।" নারায়ণ-ভোত্র অধায়ের হয়পীযীয় শ্রীলারায়ণ-বৃহত্তরে বর্ণনা করা হয়েছে—

न धर्भः कामभर्षः वा स्माकः वा वतसम्भव । आर्थस्य एव भागस्क नामस्माजिकामस्म ॥

"হে প্রভূঃ আমি ধর্মপবায়ণ মানুষ হতে চাই না, আমি অর্থনৈতিক উন্নতি সাধন করে

ইন্দ্রিয়সৃগ ভোগ চাই না, এমন কি আমি মুক্তিও চাই না। হে বরদেশ্বর, ভোষার কাছ থেকে যদিও এই দবই পাওয়া যেতে পারে, তবুও আমি এওলি প্রার্থনা করি না। আমার একমাত্র প্রার্থনা হচ্ছে, আমি যেন নিরস্তর ভোষার শ্রীগাদপদ্মের সেবাতেই যুক্ত থাকতে পারি " শ্রীনৃদিংহদেব প্রহ্লাদ মহারাজকে দব রকম বর দিতে চেয়েছিলেন কিন্তু প্রশ্নাদ মহারাজ সেখালি প্রহণ করেননি, কেবল ভগবানের শ্রীপাদপদ্মের সেবাতেই যুক্ত থাকতে চেয়েছিলেন ভেমনই, ওদ্ধ ভক্তরা প্রহ্লাদ মহারাজের মতো কেবল ভগবন্তক্তিই আকাল্যা করেন। ভগবন্তকেরা শ্রীরামচন্ত্রের সেবায় নিত্যযুক্ত হনুমানের প্রতিও তাঁদের শ্রদ্ধা নিক্ষেন করেন। মহান ভক্তা হনুমান প্রার্থনা করেছিলেন—

छववद्वकिरम छरेमा "शृहतामि न मुख्या । छवान श्रकुतहर नाम हैंछि वज्र विमुशास्त्र ॥

'আমি মৃক্তি চাই না অথবা ব্ৰক্তে লীন হয়ে মেতে চাই না, যার ফলে আমি খে প্রভূব দাস, এই ধারণা সম্পূর্ণরূপে নই হয়ে যায়।' তেমনই, *নারদ-পঞ্চরাতে* বর্ণিত হয়েছে—

> धर्यार्थ-काम-स्माटकवृ त्माक्षा भय कनाठन । इदशामभक्रकमादिशं क्षीविकः मीग्रजाः सम ॥

"আমি কখনত ধর্ম, ভার্থ, কাম ও মোক্ষকাপ চতুবর্গ কামন। করি না আমি কেবল পর্মোশ্বর ভগবানের শ্রীপাদপয়ের সেবায় নিরপ্তর যুক্ত থাকতে চাই " মহারাজ কুদাশেশর তার বিখ্যাও মুকুলমালা-স্তোক্ত গ্রন্থে বন্দনা করেছেন—

> नारः वरम भगकमनसार्वश्वभवश्वस्तराज्ञः कृष्डीभावशः शक्वमणि हस्त नात्रकः नाभस्तकृष् । तमा-तामा-पृष्ठभूभका-नमस्न नावित्रष्ठः ভारत श्रास कृतम् स्वरत्न सावसमारं स्वरुक्त् ॥

"২ে ভগবান আমি ভববন্ধন থেকে মৃক্ত হওয়ার জন্য তোমার বন্ধনা করি না এই এড় জগতের নারকীয় পরিবেশ থেকে রক্ষা পেতেও চাই না, এমন কি আমি সৃন্ধর উদানে সৃন্ধরী স্ত্রী উপভোগ ফরতে চাই না আমি কেবল চাই, আমি যেন নিরপ্তর তোমার সেবানন্দে মন্ন থাকতে পারি।" (মৃকুলমালা-জ্যেন্ত ৪) জীমন্ত্রাগবতে তৃতীয় এবং চতুর্থ ক্ষান্তেও এই রকম বহু দৃষ্টান্ত রয়েছে, যেগানে ডক্ত কেবল জগবানের সেবাতেই যুক্ত ইওয়ার প্রার্থনা করেছে এবং এছাড়া আর কিছু প্রার্থনা করেননি (ভাগবত ৩/৪/১৫, ৩/২৫/৩৪, ৩/২৫/৩৬, ৪/৮/২২, ৪/৯/১০ এবং ৪/২০/২৪)

শ্লোক ৪৩ সেই অভিমান-সূখে আপনা পাসরে । কৃষ্ণদাস' হও—জীবে উপদেশ করে ॥ ৪৩॥

শ্লেক দক

ಅಗರ

শ্লোকার্থ

সেই অভিমানের আনন্দে তিনি সম্পূর্ণভাবে আত্মবিস্মৃত হন এবং সমস্তে জীবকে উপদেশ দেন, "তোমরা হছে শ্রীটৈতন্য মহাপ্রভুর দাস "

ভাহপর্য

চিন্ময় ভগবস্তুক্তি এতই আনশ্রদানক যে, ভগবান স্বয়ং ভক্তরূপে লীলাবিলাস করেন। তিনিই যে প্রমেশ্বর সেই কথা ভূলে গিয়ে, তিনি সমস্ত জগৎকে শিক্ষা দেন, কিভাবে শরমেশ্বর ভগবানের সেবা করতে হয়।

শ্রোক ৪৪

কৃষ্ণাস-অভিযানে যে আনন্দসিদ্ধু ! কোটী-বন্ধসুখ নহে তার এক বিন্দু ॥ ৪৪ ॥

য়োকাণ

নিভেকে কৃষ্ণদাস বলে জানার মধ্যে জগগ্নে যে আনন্দসিদ্ধুর সঞ্চার হয়, ব্রস্থানন্দ কোটি কোটি ওশ বর্ধিত হলেও তার এক বিন্দুর সমান হতে পারে না।

প্ৰোক ৪৫

মুক্তি যে চৈতন্যদাস, আর নিত্যানন্দ। দাস-ভাব-সম নহে অন্যন্ত আনন্দ ॥ ৪৫ ॥

<u>লোকার্থ</u>

তিনি বলেন, "নিত্যানন্দ ও আমি হচ্ছি আঁটৈজনোর দাস।" দাস্যভাব আশ্বাদন করার যে আনন্দ তা আর কোথাও পাওয়া যায় না।

শ্লোক ৪৬

পরমপ্রেয়সী লক্ষ্মী হৃদয়ে বসতি । তেঁহো দাস্য-সূপ মাগে করিয়া মিনতি ॥ ৪৬ ॥

য়োকার্থ

ভগৰানৈর পরম প্রেয়সী লক্ষ্মীদেবী ভগবানের হাদয়ে বাস করেন। সেঁই দাস্যস্থ লাভ করার জন্য তিনিও মিনতিপূর্বক ভগবানের কাছে প্রার্থনা করেন।

গ্ৰোক ৪৭

দাস্য-ভাবে আনন্দিত পারিষদগণ । বিধি, ভব, নারদ আর শুক্, সনাতন গ্র ৪৭ ॥ হোকার্থ

বক্ষা, শিব, নারদ, ওক ও সন্যতন আদি শ্রীকৃষ্ণের সমস্ত পার্যদেরা দাস্যভাবে আনন্দিত।

হোক ৪৮

নিত্যানন্দ অবধৃত সবাতে আগল। চৈতন্যের দাস্য-প্রেমে হইলা পাগল॥ ৪৮ ॥

শ্লোকার্থ

ন্ত্ৰীনিত্যানন্দ অবধ্ত ন্ত্ৰীটেডজা মহাপ্ৰভূৱ সমস্ত পাৰ্যদদের মধ্যে সৰ্বাঞ্চান্য তিনি শ্ৰীটৈডনোর মাস্ত্ৰেমে পাগল হয়েছিলেন

য়োক ৪৯-৫০

শ্রীবাস, হরিদাস, রামদাস, গদাধর।
মুরারি, মুকুন্দ, চন্দ্রেশেখর, বক্রেন্দ্রর ॥ ৪৯ ॥
এসব পশ্রিতলোক পরম-মহত্ত্ব।
চৈতন্যের দাস্যে সবায় কর্মে উন্মন্ত ॥ ৫০ ॥

য়োকার্থ

শ্রীবাস, হরিনাস, রামদাস, গলাধন, মুরারি, মুকুন্স, চন্দ্রশেধর, বরেন্দার এরা সকলেই মহাপণ্ডিত ও অত্যন্ত মহৎ, কিন্তু শ্রীতৈতন্য মহাপ্রভূর দাস্য এদের সকলকে আনন্দে উম্মত করে

त्यांक ८५

এই মত গায়, নাচে, করে অট্টহাস ৷ লোকে উপদেশে,—'হও চৈতন্যের দাস' ॥ ৫১ ॥

ব্ৰোকাৰ

এন্ডাবেঁই তাঁরা নৃত্য-গীত করেম, পাগলের মতো অট্রহাস্য করেন এবং সকলকে উপদেশ দেন, "কৈতন্যের দাস হও "

য়োক ৫২

চৈতন্যগোসাঞি মোরে করে গুরু-জ্ঞান। তথাপিছ মোর হয় দাস-অভিমান ॥ ৫২ ॥

শ্লোকার্থ

শ্রীঅধৈত আচার্য প্রভূ মনে মনে ভাবেন, "শ্রীচৈতন্য আমাকে ওরু বলে মনে করে, কিন্তু তবুও আমি অনুভব করি যে আমি তার দাস।

975

হোক ৬১]

শ্ৰেক ৫৩

কৃষ্ণপ্রেমের এই এক অপূর্ব প্রভাব। গুরু-সম-লঘুকে করায় দাস্যভাব ॥ ৫৩ ॥

য়োকার্থ

ক্ষাপ্রেমের এই এক অপূর্ব প্রভাব যে, ডা ওরু, সম ও লঘু সকলকে ত্রীকৃষ্ণের প্রতি দাস্যভাবে আবিষ্ট করে।

তাৎপর্য

ভগবন্ধক্তি দৃষ্ট প্রকার—পাঞ্চরাত্তিক ও ভাগবত, পাঞ্চগাত্রিক বিধি অনুসারে ভগবন্ধক্তি সম্ভ্ৰম ও ঐশ্বর্য প্রধান, কিন্তু রাধা কুষের আনাধন বিশুদ্ধ প্রেমেন ক্ররে অবস্থিত এফন কি বাঁরা শ্রীক্ষের গুরুবর্গের ভূমিকায় অভিনয় করেন, ওাঁরাও প্রীতি সহকারে তাঁর সেবা কনার সুযোগের অপেকা করেন ভগবানের গুরুবর্গের দাসান্তাব সহকারে ভগবানের সেবা করার তাৎপর্য প্রদয়সম করা অভান্ত কঠিন, কিন্তু শ্রীকৃষ্ণের প্রতি তাঁদেন বিশেষ সেবার মাহান্মোর মাধ্যমে তা অভান্ত সরলভাবে বোঝা যায় তার একটি উজ্জল দুয়াও হক্তে শ্রীকৃথের প্রতি মা যশোদার সেবাভাব নারায়ণজপে ভগবন কেবল তার সম অথথা লঘু যে সমস্ত পর্যেদ তাঁদেরই সেবা গ্রহণ করেন, কিন্তু কৃষ্ণকরেশ তিনি তাঁর দিতা-মাতা, গুরুবর্গ এবং অসান্য গুরুজনদের, অথবা গুরু সম ও লঘু পার্যদদের সকলেনট্ সেবা গ্রহণ করেন তার এই লীপা অভান্ত অন্তত

(数) 本(数)

ইহার প্রমাণ শুন-শাল্পের ব্যাখ্যান। মহদনুভৰ যাতে সৃদৃঢ় প্ৰমাণ ॥ ৫৪ ॥

শ্ৰোকাৰ্থ

कात श्रमाण भारत वर्णिक इंट्राट्स, जा श्रदण करून, या महाशृक्तवरमंत উপलक्षित दावाध সমর্থিত হয়েছে।

(国)年 66-69

অন্যের কা কথা, ব্রজ্ঞে নন্দ মহাশয়। ডার সম 'গুরু' কুফোর আর কেহ নয় ।। ৫৫ ॥ গুদ্ধবাৎসলো ঈশ্বর জ্ঞান নাহি তার ! তাহাকেই প্রেমে করায় দাস্য-অনুকার 🛭 ৫৬ 🛭

শ্রোকার্থ

ব্রজ্ঞে নন্দ মহারাজের থেকে সম্মানিত গুরুজন প্রীকৃষ্ণের আর কেউ নেই ক্রফের প্রতি শুদ্ধ বাৎসল্য প্রেমের প্রভাবে তিনি ভূলে গিয়েছেন যে, শ্রীকৃষ্ণ হচ্ছেন পরমেশ্বর ভগবান। চিম্মা ভগবৎ-প্রেমে তিনি নিজেকে শ্রীকৃন্ধের দাস বলে মনে করেন, সূতরাং অন্যের আর কি কথা।

শ্ৰোক ৫৭

তেঁহো রভি-মভি মাগে কৃষ্ণের চরণে ৷ তাহার শ্রীমৃথবাণী ভাহাতে প্রমাণে ॥ ৫৭ ॥

তিনিও মীকৃষ্ণের চরণে রতি ও ভক্তি প্রার্থনা করেন। তাঁর শ্রীমুখের বাণীই হচেছ তার প্রমাণ।

ক্ষোক ৫৮-৫৯

শুন উদ্ধৰ, সভ্য, কৃষ্ণ—আমার ভন্যা : তেঁহো ঈশ্ব-ছেন যদি তোমার মনে লয় ॥ ৫৮ ॥ তথাপি তাঁহাতে রহু মোর মনোবৃত্তি। তোমার ঈশ্বর-কৃষ্ণে হউক মোর মতি ॥ ৫৯ ॥

লোকার্থ

"হে উদ্ধৰ আমার কথা শোদ । এই কথা সত্য যে, প্রীকৃষ্ণ আমার পুত্র, কিন্তু তুমি বদি মনে কর নে হচ্ছে ভগবান তবুও তাঁকে আমি পুত্র বলেই মনে করব ভোষার দশ্বর প্রীকৃক্ষের প্রতি আমার চিত্ত যেন আকৃষ্ট হয়

(副年 七0

मनत्मा द्वत्यां नः मुः कृष्धभाषापूजाञ्चराः । वारणश्चिशामिनीर्नाभाः काग्रख्यश्चामिष् ॥ ७० ॥

মনসং—মনের, বৃত্তয়ঃ—বৃত্তি (ডিগ্রে অনুভৃতি ও ইঞা), নং—আমানের, স্থাঃ—হোক, কৃষ্ণ--শ্রীকৃষ্ণের, পাদ-অনুস্ক--শ্রীপাদপদ্ম, আশ্রয়াঃ--খারা আশ্রয় লাভ করেছেন, বাচঃ —বাকাসকল অভিধানিনীঃ—কীওঁন করে, মালাম্—তাঁব দিবা নামের: কায়ঃ—দেহ তৎ—ভার কাছে, প্রাহুপ-আদিষ্—প্রণতি আদি নিবেদন করে

অনুবাদ

"আমাদের সমন্ত মনোবৃত্তি ত্রীকৃষ্ণের শ্রীপাদপল্লকে আশ্রয় করুক, আমাদের বাক্যসকল ভার নামকীর্তন করুক এবং আমাদের দেহ তাঁর অভিবাদনে প্রযুক্ত হোক।

শ্ৰোক ৬১

কর্মভির্নামানানাং যত্র কাপীশ্বরেচ্ছমা । মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে ॥ ৬১ ॥

শ্লোক ৬৭]

কর্মভিঃ—কর্মের দ্বারা; দ্রাম্যমাণানাম্—জড় জগতে যারা প্রমণ করছে তাদের, মত্র— যেথানেই, ক জ্ঞপি— যে কোন স্থামে, ঈশ্বর ইচ্ছয়া—গরমেশন ভগবানের ইচ্ছার দ্বারা; মজল-আচরিতিঃ শুভ অনুষ্ঠানের ধারা; দানৈঃ দানের দ্বারা, রতিঃ—আসন্তি, নঃ – আমাদের, কৃষ্ণে—গ্রীকৃষ্ণের প্রভি, ঈশ্বরে—গরমেশ্বর জগবান

অনুবাদ

'কর্মখল অনুসারে ঈশ্বরের ইচ্ছায় জড় জগতের যেখানেই আমরা এমণ করি না কেম, দান আদি শুভ অনুষ্ঠানের ছারা পরম পুরুষ কৃষ্ণের প্রতি আমাদের রতি বর্ধিত হোক।"

তাৎপর্য

শ্রীমন্ত্রাগরত (১০ ৪৭/৬৬-৬৭) থেকে উদ্বৃত এই শ্লোক দৃটি মথুরা থেকে আগত উদ্ধরের প্রতি নন্দ মহানাজ প্রমুখ বৃদাবন্যাসীদের উক্তি

শ্লোক ৬২

শ্রীদামাদি ব্রজে যত সখার নিচন । ঐশ্বর্য-জান-হীন, কেবল-সখ্যময় ॥ ৬২ ॥

গোকার্থ

শ্রীদায়াদি ব্রজে শ্রীকৃষ্ণের যত সখা রয়েছেন, শ্রীকৃষ্ণের প্রতি তানের সখ্যভাব সম্পূর্ণ দির্মল এবং তার ঐশ্বর্য সম্বন্ধে তাদের কোন জনে নেই।

শ্লোক ৬৩

কৃষ্ণসঙ্গে যুদ্ধ করে, স্কন্ধে আরোহণ। ভারা দাস্যভাবে করে চরণ-সেবন।। ৬৩ ॥

লোকার্থ

যদিও তারা শ্রীকৃষ্ণের সঙ্গে যুদ্ধ করেন এবং ছার কাথে চড়েন, তবুও সেই সলে ভারণ আবার দাস্যভাবে ভার চরণ-কমন্দের সেবাও করেন।

গ্রোক ৬৪

পাদসংবাহনং চকুঃ কেচিত্তস্য মহাত্মনঃ। অপরে হতপাশানো ব্যস্তানৈঃ সমবীজয়ন্ ॥ ৬৪ ॥

পাদ-সংবাহনম্ পাদসংবাহন, চকুর কাবতে লাগলেন, কেচিৎ---ডাঁথের কেউ, তদ্য---শ্রীকৃষ্ণেব, মহা-আত্মানঃ--- গরমেশ্বর ভগবানের, অপরে অন্যরা, হত-পাশ্মানঃ----সেবাবিত্মরূপ পাপ থেকে নিভামৃক্ত, ব্যক্তনৈঃ---হাতপাশ্য দিয়ে, সমবীজয়ন্---অভ্যন্ত আরামদায়কভাবে হাওয়া করেছিলেন

অনবাদ

"পরমেশ্রর ডগবান শ্রীকৃষ্ণের কোন কোন স্থা তার পাদসংবাহন করতে লাগলেন এবং অন্যরা যাঁরা সেবাবিয়ুরূপ পাপ থেকে নিত্যমূক্ত, তারা পাল্লব রচিত হাতপাখার হারা তাকে হাওয়া করতে লাগলেন "

ভাৎপর্য

ভালবনে ধেনুকাসুরকে বধ করার পর কৃষ্ণে ও বলরাম কিন্তাবে তাঁর সখাদের সঙ্গে বনে খেলা করছিলেন, তা *শ্রীমান্তাগ্যত* (১০/১৫ ১৭) থেকে উদ্ধৃত এই শ্লোকটিতে ধর্ণনা করা হয়েছে

শ্লোক ৬৫-৬৬

কৃষ্ণের প্রোয়সী ব্রক্তে যত গোপীগণ । যার পদধ্লি করে উদ্ধব প্রার্থন ॥ ৬৫ ॥ যা-সবার উপরে কৃষ্ণের প্রিয় নাহি আন । ভাহারা আপনাকে করে দাসী-অভিমান ॥ ৬৬ ॥

য়োঞার্থ

এমন কি বৃদ্দাবদে শ্রীকৃত্যের প্রেয়সী ব্রজ্ঞগোপিকারা, যাঁদের পদধূলি উদ্ধব প্রাথমা করেছিলেন এবং কৃষ্ণের কাছে যাঁদের থেকে প্রিয় আর কেউ নেই, তারাও নিজেদের শ্রীকৃষ্ণের দাসী বলে মনে করেন

শ্লোক ৬৭

বজজনার্তিহন্ বীর যোগিতাং নিজ-জনন্মর।ধ্বংসন্স্মিত । ডজ সথে ভবংকিশ্বরীঃ স্ম নো জলক্ষহাননং চারু সর্শ্য ॥ ৬৭ ॥

ব্ৰজ্ঞজন আৰ্ডিহন্—হে ব্ৰজবাসীদের সন্তাপহাবী বীর—হে বীর, খোষিতাম্ ব্যনীগদের নিজ্ঞ—নিজ্ঞাপ জ্ঞান—পার্গদদের স্ময়—গর্ব, ধ্বংসন—কাংস করে স্মিত—যার স্মিত হাসা, ডজ্ঞা—ভঞ্জনা কর সংখি—হে সংখ, ভবং-কিন্ধরীঃ—ভোমাব দাসী, স্ম—এবশাই নঃ —আসাদের, জ্ঞান্ত্রক্ত্মাননম্—মুক্তায়, চারু—মনোহর দর্শন—কয়া করে দেখাও

অনুবাদ

্রে বজবাসীদের সন্তাপহারী। হে রমশীগণের পর্ম নায়ক। হে নিজ ভক্তগণের গর্ব দূরকারী শ্বিত হাসাময়। হে সুখে। আমরা তোমার কিন্ধরী। দয়া করে তোমার মুখপদ্ম আমাদের দর্শন করিয়ে আমাদের মনোবাঞ্চা পূর্ণ কর।

ডাৎপর্য

এই শ্লোকটি *শ্রীমন্ত্রাগথত* (১০/৩১/৬) থেকে উদ্ধৃত। রাসনৃত্যের সময় শ্রীকৃষ্ণ যখন এওর্হিত হয়ে যান, তখন কৃষ্ণবিধহে গোলীরা এডাবেই ক্রন্দন করেছিলেন।

শ্ৰোক ৬৮

অপি বন্ত মধুপূর্যামার্যপুরোহধুনাস্তে শারতি স পিতৃগোহান সৌম্য বন্ধুশ্চে গোপান্। কচিদপি স কথাং নঃ কিন্তরীপাং গৃণীতে ভূজমণ্ডকসুগন্ধং মুর্ম্যাম্যৎ কদা নু॥ ৬৮ ॥

অলি অবশ্যে, বত অন্শোচনার বিষয়, মধু-পূর্যাম্ মধুরা নগরীতে; আর্থ-পূত্রঃ—নপ মহারাজের পূঞ্, অধুনা—এখন, আল্কে—বাস করছেন, অরজি—অরল করেন, সঃ তিনি, পিতৃ-গোহান্ পিতৃগ্রের, সৌম্যা—হে মহাম্যা (উদ্ধব); বন্ধুন্—তার বন্ধুদের, চ—এবং, গোপান্—গোপবালকদের, কৃতিং কখনও কখনও, অলি—অথবা, সঃ—তিনি, রপান্—কথা নঃ—আমাদের, কিন্ধরীগাম্—দাসীদের, গুলীতে—বর্ণনা করেন, ভূক্তম্—বাহ্ন অধ্যক্ষ-সুনান্ধ্য্—এগুরুর সুগান্ধযুক্ত, মৃশ্লি মস্তবেং আধাস্যং—রগারেন, কলা—কথনও, নু—হয়ত।

অনুবাদ

"হে উদ্ধন এটি অত্যন্ত অনুশোচনার বিষয় যে, কৃষা এখন মথুরার বাস করছেন। তিনি কি তার পিতৃগৃহের কথা তার বন্ধুদের কথা এবং গোপবালকদের কথা করেন করেন স হে মহাস্থান্। তিনি কি কখনও আমাদের কথা, এই কিছরীদের কথা বলেন স করে তিনি অওক সুগদ্ধপুক্ত তার হত আমাদের মন্তব্যে ধারণ করবেন স

ভাহপর্য

এই প্রোকটি *দ্রীয়ান্ত্রাগবতের* (১০/৪৭/২১) *দ্রমর-গীতা না*য়ক অধ্যায় থেকে উদ্ধৃত। উদ্ধব যখন বৃন্দাবনে আসেন, তখন কৃষ্ণবিরহে আকৃষ্ণ শ্রীসতী রাধারাণী এন্তাবেই নিদাল করেন

শ্ৰোক ৬৯-৭০

ত্ৰ-স্বার কথা বস্তু,—গ্রীমতী রাখিকা। সবা হৈতে সকলাংশে পরম অধিকা ॥ ৬৯ ॥ তেঁহো খাঁর দাসী হৈএল সেবেন চরণ। যাঁর প্রেমণ্ডশে কৃষ্ণ বন্ধ অনুক্ষণ ॥ ৭০ ॥

লোকার্থ

অন্য গোপিকাদের কি আর কথা, এমন কি তাঁদের মধ্যে সর্বশ্রেষ্ঠা যে শ্রীমতী রাধারাণী যিনি তাঁর প্রেমের শ্বারা শ্রীকৃষ্ণকে অনুক্ষণ বেঁখে রেখেছেন, তিনিও দাসী হয়ে তাঁর চরণমেবা করেন

শ্রোক ৭১

শ্রীঅধৈত-তত্ত-নিরূপণ

হা নাথ রমণ প্রেষ্ঠ রুগসি ক্রাসি মহাভূজ । দাস্যান্তে কৃপণারা মে সংখ দর্শর সরিধিম্ ॥ ৭১ ॥

হা—হে, নাথ প্রভু, নমণ -হে আমার পতি, প্রেষ্ট—হে প্রিয়তম, ক অসি ক অসি—
তুমি কোথায়, তুমি কোথায়, মহা ফুজ—হে মহাবাৎ, সামাঃ—দাসীন, তে তোমার,
কুপণায়াঃ—তোমার বিরয়ে অভ্যন্ত কাতরা, মে—আমাকে, সাথে—হে সংখ, দর্শন—
দর্শন দান কর, সন্নিধিম্—তোমার সায়িধ্য।

व्यनुवांश

"হে নাথ, হে রমণ, হে প্রিয়তম। হে মহাবাহো। ভূমি কোথায়। তুমি কোথায়। হে সংখ। ভোমার বিরহে অভ্যস্ত কাতরা এই দাসীকে ভোমার সহিধ্য দান কর।"

ভাৎপ র্য

এই লোকেটি শ্রীমন্তাগরত (১০/৩০ এ৯) থেকে উদ্ধৃত নাসন্ত্যের সময় শ্রীকৃষ্ণ যগন অনু সমস্ত্র গোলিকানের ফেলে রেখে কেবল শ্রীমন্তী রাধারাণীকে নিয়ে চলে যান, তখন সমস্ত্র গোলিকারা কৃষাবিরহে কাতর হয়ে বিলাপ করছিলেন শ্রীমন্তী নাধারাণী তখন শ্রীকৃষ্ণকে অনুরোধ করেন তাঁকে কাথে করে বেপানে ইচ্ছা হয় সেপানে নিয়ে যেতে তখন শ্রীকৃষ্ণ শ্রীমন্তী রাধারাণীর কাছ থেকে অন্তর্হিত হয়ে যান এবং ৬শন শ্রীমাতী রাধারাণী এডাবেই বিলাপ করেছিলেন।

শ্লোক ৭২

দারকাতে রুশ্মিণ্যাদি যতেক মহিনী। তাঁহারাও আপনাকে মানে কৃষ্ণদাসী॥ ৭২॥

গ্ৰোকাৰ্থ

बातकाम क्रिकेश अभूच महिषीताच निरक्तामत्रक कृष्णमानी वरण मान करतन।

গ্লোক ৭৩

চৈদাার মাপনিত্মদাত-কার্মকের্ রাজস্বজের ভটশেখরিডাজ্মিরেণুঃ। নিন্যে মৃণেক্স ইব ভাগমজাবিষ্ণা তত্ত্বীনিকেত চরণোহস্ত মমার্চনার ॥ ৭৩ ॥

তৈদ্যায় শিশুপালকে, মা—আমাঞে, অপন্নিতুম্—অর্পণ করতে, উদ্যত—উদ্যত, কার্মুকেশ্বু বাঁর ধনুর্বাণ, রাজসু ক্রাসদ্ধ প্রমুখ রাজাদের মধ্য থেকে, অক্তেয়—অংজয়,

আদি ৬

ভট সৈন্যসমূহেব, শেষবিভজব্ধি-বেণুঃ যাঁব পদরজ হচ্ছে ওাঁদের মুকুটমণি: নিম্যে— বলপূর্বক গ্রহণ করেন, মৃগাইক্রঃ সিংহ, ইব—মডন, ভাগম্—ভাগ অজ্ঞা—ছাগল, অবি—এবং ভেড়াব; বৃথাৎ—মধ্য থেকে; তৎ—সেই; শ্রী-নিকেড—লক্ষ্মীদেবীর আশ্রয়ের, চরণঃ—চরণকমল; অস্তু—হোক; মম—আমার, অর্চনায়—জাবাধা

অনুবাদ

"জরাসন্ধ প্রমুখ রাজারা যখন উদাত ধনুর্বাণ নিয়ে সেখানে দাঁড়িয়েছিল এবং আমাকে নিশুপালের কাছে অর্পণ করতে যাতিহল, তথম ডিনি বলপূর্বক আমাকে তানের মধ্য থেকে ছিনিয়ে নেন, ঠিক যেমন একটি সিংহ ছাগল ও ভেড়ার পাল থেকে শিকার ছলে নেয়। তাঁর গ্রীপাদপথের রজ তথম অজেন সৈন্যদের শিরোভ্যন হয়েছিল সেই শ্রীপাদপত্ত যা হচ্ছে লক্ষ্মীদেবীর আশ্রয়, তা চিরকাল আমার আরাধ্য হেকে।"

ভাৎপর্য

শ্রীমন্তাগণতের (১০/৮৩ ৮) এই শ্লোকটি মহিখী ক্ষমিণী কর্তৃক উল্লেখ্য

গ্লোক ৭৪

তপশ্চরন্তীমাজার স্থপাদস্পর্শনাশনা । সখ্যোপেত্যাগ্রহীৎ পাণিং সাহং তদ্গৃহমাজনী ॥ ৭৪ ॥

তপঃ—ংপশ্চর্যা চরন্তীম্—অনুষ্ঠান করে, আজ্ঞায়—জেনে, সংপাদ-স্পর্গন—তার পাদস্পদের, আশ্যা—বাসনাসহ, সখ্যা—ভার সধা অর্জনসহ, উপেত্য—এসে, অ্ঞান্টীৎ— গ্রহণ করেছিলেন, পাণিম্ —আমার হস্ত, সা—সেই রমণী, অহম্—আমি, তৎ—তান, গৃহ-মান্তনী—শৃহ মার্জনকরেন্ট্রী।

অনুবাদ

"আমি যে তার প্রীপানপদ্ম স্পর্শ-লালসায় তপস্যা করছিলাম, তা জেনে তিনি তার সখা অর্জুনের সঙ্গে এসে আমার পাণি গ্রহণ করেছিলেন। তবুও আমি সেই খ্রীকৃষ্ণের গৃহসার্জনিকারিনী একজন দাসী "

ভাহপর্য

এই শ্লোকটি শ্রীমন্ত্রগাবস্ত (১০ ৮৩ ১১, থেকে উদ্ধৃত স্থামন্তপঞ্চকে যাদর ও কৌরব মহিলারা একত্রে যখন কৃষ্ণকথা আলোচনা ক্যছিলেন, তখন কৃষ্ণমহিমী কালিন্দী এসে শ্রৌপদীকে এই কথা বলেন।

ঞ্লোক ৭৫

আত্মারামস্য তস্যেমা বয়ং বৈ গৃহ্দাসিকাঃ। সর্বসঙ্গনিবৃত্ত্যাকা তপসা চ বভূবিম ॥ ৭৫ ॥

আত্মারামস্য— সর্বত্যেভাবে আত্মতুপ্ত প্রসেশ্বর ভগবানের, তস্যু তাব, ইমাঃ— সমস্ত; বয়ম্—আমরা; বৈ- অবশ্যই, গৃহস্কাসিকাঃ—গৃহদাসী, সর্ব জমস্ত, মঙ্গ—সঙ্গ, নিবৃত্যা— পূর্ণরূপে পরিভাগে করে, **অদ্ধা** সরাসরিভাবে, **তপ্সা** -তপশ্চর্যার প্রভাবে, চ—ও, বভূবিম আমরা হয়েছি

অনুবাদ

"বহু ওপস্যার প্রভাবে সর্বসঙ্গ পরিত্যাগ করে আমরা এই আজারাম পরমেশ্বর ভগবানের দাসীত্ব লাভ করেছি।"

ভাহপর্য

ওই সময়ে ওই প্রসঙ্গে ট্রৌপদীর প্রতি কৃষ্ণমহিষী লক্ষ্ণার এই উদ্ভিটি *শ্রীমন্ত্রাগরত* (১০/৮৩/৩৯) থেকে উদ্বৃত।

শ্লোক ৭৬-৭৭

আনের কি কথা, বলদেব মহাশয়।
যার ভাব—শুদ্ধসখা-বাৎসল্যাদিময়। ৭৬॥
তেঁহো আপনাকে করেন দাস-ভাবনা।
কৃষ্ণদাস-ভাব বিনু আছে কোন জনা॥ ৭৭॥

লোকার্থ

অন্যের কি কথা, শুদ্ধ সখ্য ও বাৎসল্য রসে শ্রীকৃচ্ছের সঙ্গে সম্পর্কমুক্ত ভগবান ইলাদেব পর্যন্ত নিজেকে শ্রীকৃষ্ণের ভৃত্য বলে মনে করেন। কৃষ্ণদাসত্ত্বের ভাবনাবিহীন কে আছে?

ভাহপর্য

যদিও বলদেব শ্রীকৃষের জন্মের পূর্বে আলির্ভূত হয়েছিলেন এবং সেই সূত্রে তিনি হচ্ছেন গ্রীকৃষ্ণের প্রদেশ্য জ্যেষ্ট প্রতা তবুও তিনি শ্রীকৃষ্ণের নিতা সেশবের মতো আচনগ করতেন চিং-জগতে প্রতিটি বৈকৃষ্ঠলোকে চতুর্বৃহ নামক শ্রীকৃষ্ণের প্রকাশ বিশ্বজ্ঞান তাঁরা হছেন কলনেবেন ঝাংশ-প্রকাশ শ্রীকৃষ্ণাই পর্যোশ্বর, তাই চিং-জগতে সকলেই নিজেকে শ্রীকৃষ্ণের দাস বলে মনে করেন সামাজিক দিক দিয়ে কেউ শ্রীকৃষ্ণের থেকে জ্যেষ্ট হতে পারেন বা শ্রীকৃষ্ণের ওরুজন হতে পারেন, কিন্তু শ্রকৃতপক্ষে সকলেই তাঁর সেবায় যুক্ত অতএব চিন্নায় জগৎ ও জড় জগতের সমস্ত গ্রহমগুলীতে কেউই শ্রীকৃষ্ণকে ভোগ করতে বা ভূতা করতে সমর্থ নন প্রকাশ্তরে, সকলেই শ্রীকৃষ্ণের সেবায় যুক্ত তাই, শ্রীকৃষ্ণের সেবায় যিনি যত গভীরভাবে যুক্ত, তাঁর শ্রেষ্ঠত তত বেশি, অপরবদ্দেহ শ্রীকৃষ্ণের সেবায় যিনি যত গভীরভাবে যুক্ত, তাঁর শ্রেষ্ঠত তত বেশি, অপরবদ্দেহ শ্রীকৃষ্ণের স্লেব্র আমঙ্গল আহান করে জড় জগতে মামাবদ্ধ জীবেরা যদিও ভগবানের সলে এক হয়ে যাওয়ার অথবা ভগবানের সঙ্গে প্রতিযোগিতা করাব চেন্টা কবছে, তবুও সকলেই প্রতাক্তরে অথবা পারোক্ষভাবে শ্রীকৃষ্ণের সেবায় যুক্ত জীব যতই কৃষ্ণসেবায় বিমুখ হয়, ততই সে মৃতকল্প হয়ে পড়ে তাই, কেউ যথা গুছে কৃষ্ণভাবনার বিকাশ করেন, তিনি তৎক্ষণ্যৎ শ্রীকৃষ্ণের নিত্যদাসত্ম লাভ করেন

[আদি ৬

শ্লোক ৮৪] শ্রীঅবৈত তত্ত্ব-নিরূপণ

면접이

শ্লোক ৭৮

সহস্র-বদনে থেঁহো শেষ সন্ধর্যণ। দশ দেহ ধরি' করে কৃষ্ণের সেবন ॥ ৭৮ ॥

শ্লোকার্থ

সহস্র বদন লোব সক্ষর্যণ লগ রূপে ধারণ করে শ্রীকৃষ্ণের সেবা করেন।

শ্লোক ৭৯

অনন্ত ব্রক্ষাতে রুদ্র—স্দাশিবের অংশ। গুণাবতার ভেঁহো, সর্বদেব-অবতংস ॥ ৭৯ ॥

<u>রোকার্থ</u>

সদাশিবের অংশ রুদ্র, যিনি অনন্ত ব্রহ্মান্তে বিরাজ্যান, সমস্ত দেবভারের অসদার-স্বরূপ ডিনিও শ্রীকৃত্যের শুশাবভার

ডাৎপর্য

রাদ্র বা শিবের এগারটি প্রকাশ রয়েছে - তাঁরা হচ্ছেন - অহৈনকপাং, অভিএয় বিরুপাণ্ড রৈগও হের ধর্মনাপ, দেবহোষ্ঠ এছেক সাধিত্র, জয়ন্ত, পিনাকী ও অপরাজিত 🔟 ছাড়ান্ত তার আটটি মৃতি নমেছে—পৃথিবী জল, ডেজ, বানু আকাল সূর্য, চল্ল ও সোলধাজী সাধারণত সকল রুত্রই পঞ্চমুখ ত্রিনয়ন এবং দশ বাং কোন কোন স্থানে রুত্রকে প্রসার মতো জীব বলে বর্ণনা করা হয়েছে। কিন্তু রুছকে যখন পরমেশ্বর ভগবানের অংশক্রপে বর্ণনা করা হয়, তথম তাঁকে শেষের সঙ্গে তুলনা করা যায় সুতরাং দির যুগগৎভাবে শ্রীনিযুদ্ধ স্বাংশ এবং সৃষ্টি ধ্বংসকারী বিভিন্নাংশ জীব। শ্রীনিযুদ্ধ অংশরূপে তিনি হুগেনে হর এবং তিনি সব রক্ষা ভড় গুণের অতীত, কিন্তু ঘখন তিনি তমোগুণের সংস্পর্ণে আসেন, তথন অভাত্তিক বানুষ্টের কাছে অভ গুণের দ্বারা আপাতত প্রভাবিত বলে প্রতীয়ামান হন। *শ্রীমন্ত্রাগবত ও রক্ষাসংছিতায়* তা বিশ্লেষণ করা হয়েছে। *শ্রীমন্ত্রাগবতের* দশম ক্ষাে বলা হয়েছে যে প্রকৃতি যথন সামা অবস্থায় থাকেল, তখন ৫৪৪ তার সঞ যুক্ত থাকেন, কিন্তু প্রকৃতি যখন গুগের প্রভাবে শুন্ধা, তখন তিনি দূর থেকে তার সঞ্চ করেন *ইখাসংহিতায়* বিশ্ব ও শিবের সম্পর্ককে দুধ ও দইয়ের সঙ্গে ভূলনা করা ২য়েছে দুশ বিকার বিশেষের যোগে দখিতে পরিণত হয়, কিন্তু দুধ এবং দ**ই**য়ের উপাদান এক হলেও তাদের ফ্রিয়া ভিন্ন তেমনই, শিব যদিও বিমৃদ্ধ অংশ, কিন্তু তথুও সং হারকার্যে মুক্ত থাকায় তিনি পবিবর্তিত হন বলে মনে করা হয় ঠিক যেমন দুধ দ্ধিতে পরিণত হয় পুলাণে বর্ণিত হয়েছে যে, কোন করে শিব ব্রহ্মার কলটি থেকে এবং কখনও নিৰুজ পলাট থেকে প্ৰকাশিত হ্ন। কল্পবসানে সম্বৰ্ধণ থেকেও কালাগ্নি কুপ্ৰেধ জন্ম হয়। *বায়ু পুরাণে* বৈকুষ্ঠের অশুর্ভুক্ত শিবলোকে সর্বকারণ-স্বন্ধপ ও তমোগুণ সম্বন্ধ রহিত যে সদাশিব, তাঁকে স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণের বিলাস বলা হয়েছে ক্ষিত আছে

যে, সদাশিব (শস্ত্র) হচ্ছেন বৈকুঠের সদাশিবের (বিষ্ণুর) অংশ এবং তাঁর প্রেয়সী মহামায়া ইচ্ছেন রমাদেবী বা লক্ষ্মীর অংশ মহামায়া হচ্ছেন স্কল্প জগতের উৎস বা জন্মদাত্রী

গ্ৰোক ৮০

তেঁহো করেন কৃষ্ণের দাস্য-প্রত্যাল। নিরস্তর কহে শিব, 'মুঞি কৃষ্ণনাস' ॥ ৮০ ॥

প্ৰোকাৰ্থ

তিনিও কেবল শ্রীকৃষ্ণের দাস্য প্রত্যালা করেন শ্রীস্থালির নিয়ন্তর বলেন, 'আমি কৃষ্ণাস।"

শ্লোক ৮১

কৃষ্ণপ্রেমে উত্মত, বিহ্নল দিগন্থর । কৃষ্ণ-শুগ-লীলা গাম, নাচে নিরন্তর ॥ ৮১ ॥

মোকার্থ

কৃক্টোমে উক্তর হয়ে তিনি বিহুল হন, দিগছর হয়ে দৃত্য করেন এবং শ্রীকৃষ্ণের গুণ ও সীলা গান করেন

শ্লোক ৮২

পিতা-মাতা-শুক্ল-সখা-ভাব কেনে নয় । কৃষ্ণপ্রেমের স্বভাবে দাস্য-ভাব সে করয় ॥ ৮২ ॥

শ্ৰোকাৰ্থ

পিতা, মাতা, গুরু আপবা সখা সকলেরই ভাব দাস্যভাব-যুক্ত। সেটিই হচ্ছে কৃষ্ণপ্রেমের স্বভাব।

গোক ৮৩

এক কৃষ্ণ-সর্বসেব্য, জগৎ-ঈশ্বর ৷ আর যত সব,—ভার সেবকানুচর ৷৷ ৮৩ ৷৷

শ্লোকার্থ

শ্রীকৃষ্ণ হৈছেন সমস্ত জগতের একমাত্র ঈশ্বর, ডিনি সকলের সেব্য। বাস্তবিকপক্ষে, অন্য সকলেই ডার দাসানুদাস

গ্লোক ৮৪

সেঁই কৃষ্ণ অবতীর্ণ— চৈতন্য ঈশ্বর ৷ অতএব আর সব, তাঁহার কিন্ধর ৷৷ ৮৪ ৷৷

(अंकि ७५)

রোকার্থ

সেই কৃষ্ণ প্রমেশ্বর ভগবান ঐটচতন্য মহাপ্রভুরূপে অবতীর্ণ হয়েছেন। অতএব আর সকলেই তার কিছব।

শ্লোক ৮৫

কেই মানে, কেই না মানে, সব তাঁর দাস। যে না মানে, তার হয় সেই পাপে নাশ ॥ ৮৫ ॥

শ্ৰোকাৰ্থ

কেউ তাঁকে মানে আবার কেউ তাঁকে মানে দা, ভবুও সকলেই তাঁর দাস যে তাঁকে মানে না, সেই পাপে ভার সর্বনাল হয়।

ভাৎপর্য

জীব ঘখন তার করণে বিশ্বত হয়, তথন সে জড় জগতের ভোক্কা হওয়ার চেষ্টা করে। কথনত কথনত বিশ্রস্ত হয়ে সে মনে করে যে, পরমেশ্বর ভগবনের দেবায় যুক্ত হওয়া সর্বোধ্য কর্ম নয়। পঞ্চাপ্তরে, সে মান করে ভগবানের সেবা খ্রড়া আরও অনেক কিছু করণীয় আছে। এই ধরনের মূর্য মানুষ জানে না যে, যে অবস্থাতেই সে থাকুক না কেন, প্রতাক্ষভাবে অথবা পরোক্ষভাবে তাবে পরমেশ্বর ভগবানের সেবায় যুক্ত না হয়, তখন সর রক্ষ এটাজল তাকে গ্রাস করে, কেন না পরমেশ্বর ভগবানে বা শ্রীতিতনা মহাপ্রভুব সেবা করাটি হচ্ছে অণুসপুল জীবের নিতাবৃত্তি। জীব যেহেতু অণুসপুল, তাই এড় জগহরে ভোগাকরার প্রধান করা প্রস্তাবনামূভ জাগরিত হয়, তখন আর সেবার প্রধান করান ভগবানের সেবায় যুক্ত হয়। লাভ জগবরে ভাগা করান ভালা ওকা করে। করি যুখন তার ওজ় কৃষ্ণভাবনামূভ জাগরিত হয়, তখন আর সে জাড়ের সেবায় যুক্ত না বাবকে ভগবানের সেবায় যুক্ত হয়। পঞ্চান্তরে জীব যুখন তার বর্জন বিশ্বত হয়, তখন মার তার বর্জন বিশ্বত হয়, তখন সেবায় বৃক্ত হয়। পঞ্চান্তরে জীব যুখন তার বর্জন বিশ্বত হয়, তখন সেবায় বৃক্ত হয়। পঞ্চান্তরে জীব যুখন তার বর্জন বিশ্বত হয়, তখন সেবায় বৃক্ত হয়। পর্যান্তরে জীব যুখন তার বর্জন বিশ্বত হয়, তখন সেবায় বৃক্ত হয়। পর্যান্তরে জীব যুখন তার বর্জন বিশ্বত হয়, তখন সেবায় বৃক্ত হায় প্রসান্তরে জীব যুখন তার বর্জন বিশ্বত হয়, তখন সেবায় বৃক্ত হায় প্রসান্তরে আরম্বাটি হতের অন্যোক্য ওবস্থাত অবস্থাত সেবায়ের লাসই থাকে, কিন্তু সেই অবস্থাটি হতের অন্যোক্য কল্পনিত অবস্থা

শ্লোক ৮৬

চৈতন্যের দাস মুঞি, চৈতন্যের দাস। চৈতন্যের দাস মুঞি, তার দাসের দাস।। ৮৬॥

শ্ৰোকাৰ্থ

আমি শ্রীটেডন্য মহাপ্রভুর দাস, শ্রীটেডন্য মহাপ্রভুর দাস আমি শ্রীটেডন্য মহাপ্রভুর দাস এবং তাঁর দাসের অনুদাস। শ্লোক ৮৭

এত বলি' নাচে, গায়, হুদার গম্ভীর। ক্লগেকে বসিলা আচার্য হৈঞা সৃস্থির ॥ ৮৭ ॥

শ্ৰোকাৰ্থ

এই বলে অন্তৈত আচার্য প্রস্তু ক্ত্য করদেন, গান করলেন এবং গন্তীরভাবে ভ্রার করলেন। তার পরেই ডিনি স্থির হয়ে বসলেন

শ্রোক ৮৮

ভক্ত-অভিমান মূল শ্রীবলরামে। সেই ভাবে অনুগত তাঁর অংশগণে॥ ৮৮॥

ধ্যোকার্থ

ছক্ত অভিমানের উৎস হচ্ছেন শ্রীবলরাম। তার আগুলত অংশেরাও সেই ভাবের হারা প্রভাবিত।

> শ্লোক ৮৯ জার অবভার এক শ্রীসন্ধর্বণ : ভক্ত বলি অভিযান করে সর্বক্ষণ ॥ ৮৯ ॥

> > যোকার্থ

শ্রীসকর্মণ যিনি হচ্ছেন তাঁর অবভার, তিনি সর্বক্ষণ চিজেকে ভগরাদের ভক্ত বলে অভিযান করেন

> শ্লোক ৯০ তার অবতার আন গ্রীমৃত সক্ষ্ণ।

শ্রীরামের দাস্য তিহো কৈল অনুক্রণ ॥ ১০ ॥

ক্লোকার্থ

তাঁর আর এক অবতার অপূর্ব সৌন্দর্য ও ঐশ্বর্য সম্ম্রিত লক্ষ্মণ সর্বক্ষণ শ্রীরামনজের সেবা করেন।

> শ্লোক ৯১ সন্ধর্মণ অরতার কারণান্ধিশায়ী। তাঁহার হৃদয়ে ডক্তভাব অনুযায়ী॥ ৯১॥

> > শ্লোকার্থ

কারণ-সমুদ্রশায়ী বিষ্ণু হচ্ছেন সঞ্চর্ধনের অবতার এবং তাঁর হৃদয়ে শুক্তভাব নিরন্তর বিরাজমান।

গোক ৯৯1

শ্লোক ৯২

তাঁহার প্রকাশ-ভেদ, অন্বৈত-আচার্য । কায়মনোবাক্যে তাঁর ভক্তি সদা কার্য ॥ ৯২ ॥

প্লোকার্থ

অহৈত আচার্য হচ্ছেন তার আর এক প্রকাশ। কায়মনোবাক্যে ডিনি সর্বনাই ভক্তিযুক্ত সেবায় রত

শ্ৰোক ৯৩

ৰাক্যে কৰে, 'মুঞি চৈডন্যের অনুচর'। মুঞি তাঁর ডক্ত—মনে ডাবে নিরন্তর ॥ ১৩ ॥

ক্লোকাৰ্থ

মুখে তিনি বলেন, "আমি শ্রীটেডন্যের অনুচর" এবং মনে মনে তিনি নিরন্তর ভাবেদ, 'আমি তার ভক্ত।"

ঝোক ৯৪

জল-তুলসী দিয়া করে কায়াতে সেবন । ডক্তি প্রচারিয়া সব তারিলা ভূবন ॥ ৯৪ ॥

গ্ৰোকাৰ্থ

গন্ধাজন ও তুলসীপত্র অর্পণ করে ডিনি গুলি দেই শারা জগবাদের সেবা করেছেন এবং ভগবস্তুন্তি প্রচার করে সমস্ত জগব উদ্ধার করেছেন

শ্লোক ১৫

পৃথিবী ধরেন থেই শেষ-সন্ধর্ম । কামব্যুহ করি' করেন কুকোর সেবদ ॥ ৯৫ ॥

য়োকার্থ

শেষ-সম্বর্গণ, যিনি তাঁর মস্ত্রকে পৃথিবীকে ধারণ করেন, ডিমি কারব্যুহ প্রকাশ করে মীকৃষ্ণের সেবা করেন

শ্লৌক ৯৬

এই সব হয় শ্রীকৃষ্ণের অবভার । নিবস্তর দেখি সবার ভক্তির আচার ॥ ১৬ ॥

শ্লোকার্থ

এরা সকলেই হচ্ছেন শ্রীকৃষ্ণের অবতার, তবুও আমরা সব সময় দেখতে পাই যে তাঁরা তাঁর তত্তের মতো আচরণ করছেন। প্লোক ৯৭

এ-সবাকে শান্ত্রে কহে 'ডক্ত-অবতার' ৷
'ডক্ত-অবতার'-পদ উপরি সবার ৷৷ ৯৭ ৷৷

ছোকার্থ

এদের সকলকে শাল্পে বলা হয় ভক্ত-অবভার এই ভক্ত-অবভার পদ হচ্ছে সর্বৈতিম। ভাৎপর্য

পর্মেশ্বর ওগবান বিভিন্নভাবে অবতরণ করেন, কিন্তু ভক্তরণে তাঁর অবতরণ হীপের কাছে সমন্ত রৌশ্বর্য সমন্ত্রিত তাঁর অন্যান্য সমস্ত্র অবতারদের থেকেও অধিক মঙ্গন্ধম সর্ব ঐশ্বর্য সমন্ত্রিত ভগবানের থবতারের তত্ম ক্ষর্যক্ষম করতে গিয়ে বন্ধ জীবেরা কগনও কলাও বিভ্রান্ত হয়ে পড়ে। শ্রীকৃষ্য এই জগতে অবতীর্ণ হয়ে বহু অলৌকিক লীলাবিলাস করেছিলেন, কিন্তু তা মঙ্গেও গুড়বাদীরা তাঁকে চিনতে পারে না কিন্তু চৈতনা মহাপ্রভূলপে তাঁব অবতরণে তিনি অধিক রৌশ্বর্য প্রকাশ করেননি এবং তাই কম সংখ্যক কন্ধ জীব বিভ্রান্ত হয়েছে ভগবহ-তত্ম না জেনে, বহু মূর্য নিজেলের ভগবানের অবতর বিশ্ব মনে করে তার ফলে তারা বর্তমান শ্রীর প্রাণ্ডা করার পর শৃগালের শরীর প্রান্ত্র হয় যে মে সমন্ত মানুষ ভগবানের অবতরণের ভাহপর্য প্রমান্ত্রম করতে পারে না, তারের ক্তরণার অবতরণের ভাহপর্য করতে হয় অহন্ধারে মন্ত যে সমন্ত বন্ধ জীব ভগবানে ব সঙ্গে এই প্রকার নিয়ত্তর যোনিতে জন্মগ্রহণ করতে হয় অহন্ধারে মন্ত যে সমন্ত কন্ধ জীব ভগবানে ব সঙ্গে এক হন্ডায়ার অলচেন্তা করে, তারা মায়াবাদীতে পরিগত হয়।

শ্ৰোক ৯৮

একমাত্র 'অংশী'—কৃঞ্চ, 'অংশ'—অবতার । অংশী অংশে দেখি জ্যেষ্ঠ-কনিষ্ঠ-আচার ॥ ১৮ ॥

য়োকার্থ

শ্রীকৃষ্ণ হচ্ছেন সমস্ত অবভারের অবভারী এবং সমস্ত অবভারেরা হচ্ছেন তার অংশ অধবা কলা আমরা দেখতে পাই যে, অংশী এবং অংশ জোষ্ঠ ও কনিচরণে আচরণ করেন।

> শ্লোক ৯৯ জ্যেষ্ঠ-ভাবে অংশীতে হয় প্ৰভুজ্ঞান । কনিষ্ঠ-ভাবে আপনাতে ভক্ত-অভিমান ॥ ৯৯ ॥

> > শ্লোকার্থ

সমস্ত্র অবভারদের অংশী জ্যেষ্ঠভাব সমন্ত্রিত হয়ে নিজেকে প্রভূ বলে মনে করেন এবং কনিষ্ঠ বলে তিনি আহার নিজেকে ভক্ত বলে অভিমান করেন।

ভাৎপর্য

পণ্ডিত বস্তুকে অংশ বলা হয় এবং যে বস্তুর খণ্ড সেই বস্তুকে বলা হয় অংশী ভাই আংশ অথবা খণ্ড অংশীর অন্তর্গত অংশী—প্রভুর অংশ হচ্ছে ভক্ত সেটিই হচ্ছে প্রভু ও ভক্তের পরস্পর সম্বন্ধে জোন্ত-কনিষ্ঠ বা বছ-ছোট বিচার সংশ্লিষ্ট বছর নাম প্রভু ছেটির নাম ভক্তা অংশী হ ২৬ ক্ষা এবং বলদেব ও সমস্ত বিষ্ণু-অবভাব হচ্ছেন ভার অংশ তাই কৃষেত্র নিজেকে প্রভু বলে অভিমান, আর বলদেব আদি নিজেকের ভক্ত অভিমান

(到) 200

কৃষ্ণের সমতা হৈতে বড় ভড়েপদ। আখ্যা হৈতে কৃষ্ণের ভস্ত হয় প্রেমাস্পদ ॥ ১০০ ॥

য়োকার্থ

স্কুকোর সমতা থেকে ভক্তপদ বড়, কেন না তাঁর নিজের থেকেও ভক্তবৃদ্ধ শ্রীকৃত্তের অধিক প্রিয়

ভাৰপৰ্য

উপবানের সমান ইওয়ার থেকে ভগনানের ভন্তপদ শ্লেষ্ঠ, কেন না জীকৃষ্ণ তাঁর নিজের পার্থের প্রতি যে প্রকার প্রেম-বিশিষ্ট, তার থেকে তাঁর সেবকের প্রতি অধিকতর প্রেমবান জীমন্ত্রাগবতে (৯/৪/৬৮) ভগবান স্পর্টভাবে বলেছেন—

> नाथरेश क्षम्याः ग्रहाः माधूनाः क्षम्याः हृद्यः । अमन्तः एवं न कानवि नावः एक्का प्रमाणि ॥

"ওয়ানা আমার হলয় এবং আমি আমার ডফালের রদয় আমার ডাঙারা আমারে ছাড়া কিছুই প্রানে না, তেমনই, আমিও আমার ডাঙাদের ছাড়া আর কিছুই জানি না " এটিই হলে ডাঙার সঙ্গে ডাগবানের অতি নিবিত্ন সম্পর্ক।

গ্রোক ১০১

আত্মা হৈতে কৃষ্ণ উত্তে বড় করি' মানে। ইহাতে বহুত শাস্ত্র-বচন প্রমাণে ॥ ১০১ ॥

শ্লোকার্থ

শ্রীকৃষ্ণ তার ভক্তদের তার থেকে বড় বলে মনে করেন, এই সম্পর্কে শাস্ত্রে বড় প্রমাণ রয়েছে

হোক ১০১

ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। ন চ সম্বর্ধণো ন শ্রীনৈবাত্মা চ যথা ভবান্ ॥ ১০২॥ ন তথা তত্তী নয়, মে আমার; প্রিয়তমঃ—প্রিয়তম, আত্ম-যোনিং—এক্সা, ন শব্ধরঃ
—শব্ধর (শিব) নয়, ন নয়, চ ঙ, সম্বর্ধণঃ—ভগবান সম্বর্ধণ, ন—নয়, প্রীঃ—
শক্ষ্মীদেবী, ন—নয়, প্রব —অবশ্যই, আত্মা —আমি নিজে, চ—এবং, যথা যেসব, ভবান্—ভৃথি

অনুবাদ

"হে উদ্ধৰ! তুমি বেমন আমার প্রিয় ব্রহ্মা, শিব, সন্কর্মণ, লক্ষ্মী এবং স্বয়ং আমি পর্যন্ত আমার তত প্রিয় নাই "

ডাৎপর্য

এই মোকটি জীমত্বাগৰত (১১/১৪/১৫) থেকে উদ্বত

প্ৰোক ১০৪]

শ্লোক ১০৩

কৃষ্ণসাম্যে নহে তাঁর মাধুর্যাস্থাদন । ভক্তভাবে করে তাঁর মাধুর্য চর্বণ ॥ ১০৩ ॥

শ্লোকার্থ

যার। নিজেদের শ্রীকৃষ্ণের সমান বলে মনে করে, তারা কথনও গ্রীকৃষ্ণের মাধুর্য আত্মদন করতে পারে ন() ভত্তভাব অবলগ্নম করার মাধ্যমেই কেবল তা আত্মদন করা যায়

শ্ৰোক ১০৪

শাল্পের সিদ্ধান্ত এই,—বিজ্ঞের অনুভব । মুদ্দোক নাহি জানে ভাবের বৈত্তব ॥ ১০৪ ॥

প্লোকার্থ

শারের এই সিদ্ধান্ত অভিজ্ঞ ভগবন্তক্তেরা উপলব্ধি করেন মূর্য ও অসৎ লোকেরা ভগবন্তব্যির বৈশ্বব ক্যাসম করতে পারে না।

ভাৎপর্য

জীব যথন স্বারুপা মৃত্তি লাভ করে বৈকৃষ্টে টিক বিযুর্থ মাতো রূপ প্লাপ্ত হয়, তখন তাব পঞ্চে কৃষ্ণপর্যদদের সদ্দে কৃষ্ণের যে অপ্তাকৃত বনের বিনিময় হয়, সেই রঙ্গ আখাদন করা সম্ভব হয় না কৃষ্ণভাতেরা কথনও কখনও কৃষ্ণপ্রেমে আত্মহারা হয়ে তাঁদের স্বরূপ বিশ্বত হন আবাব কখনও কখনও তাঁরা নিজেদের ত্রীকৃষ্ণের সঙ্গে এক বলে সনে করেন, কিন্তু তবুও তাঁরা অধিকতর রঙ্গমাধুর্য আত্মাদন করেন সাধ্যরণ মানুষ মূর্যতাবশত ভগবানের দাসত্ব কবার অপ্তাকৃত বনের কথা বিশ্বত হয়ে জড় জগতের উপর প্রভৃত করতে চায়। কিন্তু ভবি যখন মানের সমস্ত দ্বিধা মৃক্ত হয়ে ভগবানের প্রেমমন্ত্রী সেবার মৃক্ত হয়, তখনই পাধ্যার্থিক মার্গে তার যথার্থ উন্নতি সাধিত হয়

আদি ৬

গ্রোক ১১২] শ্রীআধৈত তত্ত্ব নিরূপণ

800

শ্লোক ১০৫ ১০৬

ভক্তভাব অঙ্গীকরি' বলরাম, লক্ষ্মণ । অবৈত, নিত্যানন্দ, শেষ, সন্ধর্যণ ॥ ১০৫ ॥ কৃষ্ণের মাধ্র্যরসামৃত করে পান । সেই সূখে মত্ত, কিছু নাহি জানে আন ॥ ১০৬ ॥

শ্ৰোকাৰ্থ

বলদের, সক্ষণ আছৈত আচার্য নিজ্যানক প্রভু, শের ও সমর্থণ নিজেদের শ্রীকৃত্তর অক্ত ও দাসক্ষণে জেনে কৃষ্ণের মাধুর্য রস্যুত্ত পান করেন। সেই সুত্থে মতে হয়ে। ভাদের আর অসা কোন কথা অরপ থাকে মা।

গ্লোক ১০৭

অন্যের আছুক্ কার্য, আপনে জীকৃষ্ণ ৷ আপন-মাধুর্য-পানে ইইকা সভৃষ্ণ ॥ ১০৭ ॥

শ্লোকার্থ

আনোর কি কথা, এমন কি খ্রীকৃষ্ণ স্বয়ং তাঁর নিজের মাধ্য পান করার জন্য সত্যা হন

প্রোক ১০৮

সমাধ্য আস্থাদিজে করেন যতন ৷ ভক্তভাব বিনু নহে তাহা আস্থাদন ৷৷ ১০৮ ৷৷

শ্লোকার্থ

তিনি তার নিজের মাধুর্য আহাদন করার চেষ্টা করেন। কিন্তু ডফ্চভাব বিনা সেই রস আহাদেদ করা সম্ভব নয়।

জাৎপর্য

শ্রীকৃষ্ণ ওক্তের মপ্রাকৃত ভাব আস্বাদন করতে চেয়েছিলেন এবং তহি তিনি ভক্তভাব অঙ্গীকার করে শ্রীকৃষ্ণটেডনা মহাপ্রভুরতে আনির্ভূত হয়েছেন

শ্লোক ১০৯

ভক্তভাব অঙ্গীকরি' হৈলা অবতীর্ণ ৷ শ্রীকৃষ্ণতৈতন্যরূপে সর্বভাবে পূর্ণ য় ১০৯ ॥

শ্লোকার্থ

তাই শ্রীকৃক্ষ ভক্তভাব অঙ্গীকার করে সর্বভাবে পূর্ণ শ্রীকৃক্টতেতন্য রূপে অবতীর্ণ হয়েছেন.

শ্লোক ১১০

নানা-ভক্তভাবে করেন স্বমাধুর্য পান ৷ পূর্বে করিয়াছি এই সিদ্ধান্ত ব্যাখ্যান ॥ ১১০ ॥

শ্লোকার্থ

ছক্তভাব অঙ্গীকার করে তিনি নানাভাবে স্থাধূর্য পান করেন। সেই সিদ্ধান্ত আমি পূর্বে বিশ্লেষণ করেছি

জাৎপর্য

গৌরহরি শ্রীটেডনা মহাপ্রভূ শান্ত, মাসা, সখ্যা, বাংসলা ও মধুর—এই পাঁচটি বিভিন্ন রস আস্বাদন করে সর্বতোভাবে পূর্ণ ভিন্ন ডিন্ন ডাবাশ্রিত ডাকের ভাব গ্রহণ করে সর্বভাবপূর্ণ গৌরচন্দ্র স্বসাধুর্য পান করেন

(利本 222

অবতারগণের ডক্তভাবে অধিকার । ডক্তভাব হৈতে অধিক সুখ নাহি আর ॥ ১১১॥

য়োকার্থ

সমস্ত অবতারদের ভক্তভাবের অধিকার রয়েছে। ভক্তভাব থেকে অধিক আনন্দ আর কিছুতে নেই।

ভাৎপর্য

শ্রীনিদৃর্ব সমস্ত অবভারদের শুক্তরলে অবভারণ করে শ্রীকৃষ্ণের ভক্তরলে লীলাবিলাস করার অধিকার রয়েছে কোন অবভার যখন ঈশ্বরভাব উপেক্ষা করে প্রম সেবা শ্রীকৃষ্ণের সেবনক্রপে লীলাবিলাস করেন, তথন তিনি অধিক আনন্দ আসাদন করেন

ट्यांक ১১३

মূল ভক্ত-অবতার শ্রীসন্ধর্ণ। ভক্ত-অবতার তহি অহৈতে গণন ॥ ১১২ ॥

লোকার্থ

মূল ভক্ত-অবতার হচ্ছেন সন্ধর্বণ। প্রীঅধৈত আচার্য প্রভূতে সেরাণ অবতারদের মধ্যে গণনা করা হয়।

তাৎপর্য

মদিও শ্রীঅন্ত্রৈত আচার্য প্রভু হচ্ছেন বিশ্বুতন্ত্ব, তবুও শ্রীচৈতন্য মহাপ্রভুর পার্যদর্মণে তিনি তার সেবা করেন শ্রীবিষ্ণু যখন সেবকরণে অবতীর্ণ হন, তখন তাঁকে বলা হয় শ্রীকৃষ্ণের ৬৬-অবতার মহাবৈকুটে শ্রীসন্ধর্ণ চতুর্ব্যাহে ঈশ্বরম্পে অবস্থিত হয়েও মূল ভঙ-

লোক ১২০]

অবতার কারণাধিশারী মহাবিষ্ণু সন্ধর্ষণের আর এক প্রকাশ প্রকৃতির প্রতি তাঁথ দৃষ্টিপাতের প্রভাবে নিমিত্ত ও উপাদানরূপ কারণের মাধ্যমে এই জড় জগতের প্রকাশ হয় অধৈত প্রভু মহাবিষ্ণুর অবতার বিষ্ণুত্তত্ব সন্ধর্ষণের সমন্ত প্রকাশ পরোক্ষভাবে শ্রীকৃষ্ণের প্রকাশ। সেই সূত্রে অলৈত আচার্য প্রভু গৌর কৃষ্ণের নিড়া সেবক তাই ভিনি স্তক্ত অবতার

(制本 220

অনৈত-আচার্য গোসাঞির মহিমা অপার । বাঁহার হন্ধারে কৈন্স চৈতন্যাবতার ॥ ১১৩ ॥

হোকার্থ

শ্রীঅধৈত আচার্য প্রভুর মহিন্য অপার, তাঁর ঐকান্তিক গুরারের ফলে শ্রীটেডন্য মহাপ্রভু এই পৃথিবীতে অবতীর্থ হয়েছিলেন।

(制本 228

সংকীর্তন প্রচারিয়া সব জগৎ তারিল ৷ অবৈত-প্রসাদে লোক প্রেমধন পাইল ॥ ১১৪ ॥

চ্যোকাৰ্থ

সংকীর্তন প্রচার করে তিনি সমস্ত ঋগৎ উদ্ধার করলেন। এডাবেই শ্রীমন্ত্রৈত আচার্য প্রভূব কুপরে প্রভাবে সমস্ত পৃথিবীর মানুষ ভগবৎ শ্লেমরূপ সম্পদ লাভ করল

(制)本 224

অবৈত-মহিমা অনস্ত কে পারে করিছে। সেই লিখি, যেই শুনি মহাজন হৈতে ॥ ১১৫ ॥

য়োকাৎ

শ্রীতালৈত আচার্বের জনন্ত মহিমা কে বর্ণনা করতে পারে? মহাজনদের কাছ্ থেকে আমি যা শুনেছি, তাই এখানে শিখছি।

स्मिक ১১७

আচার্য চরশে মোর কোটি নমস্কাব : ইথে কিছু অপরাধ না লবে আমার ॥ ১১৬ ॥

শ্লোকার্থ

সেঁই অধৈত আচার্য প্রভুর চরণে আমি কোটি কোটি প্রগতি নিবেদন করি। অতএব দয়া করে আমার কোন অপরাধ নেবেদ না। (到)本 229

তোমার মহিমা—কোটিসমূদ্র অগাধ। তাহার ইয়ন্তা কহি,—এ বড় অপরাধ॥ ১১৭॥

নোকার্থ

ভোমার মহিমা কোটি কোটি সমূদ্রের মতো অগাধ। তাকে সীমিত করে বর্ণনা করা এক মহা অপরাধ

त्यांक ३३५

জয় জয় জয় শ্রীঅদ্বৈত আচার্য। জয় জয় শ্রীচৈতন্য, নিত্যানন্দ আর্য ॥ ১১৮ ॥

য়োকার্থ

(জয়) শ্রীঅবৈত আচার্ব প্রভুর জয় (জয়) শ্রীচৈতন্য মহাপ্রভুর জয় (জয়) শ্রীনিত্যানন্দ প্রভুর জয়।

(利) ない (利)

দুই প্লোকে কহিল আছৈত-তত্ত্বনিরূপণ । পঞ্চতত্ত্বের বিচার কিছু শুন, ভক্তগণ ॥ ১১৯ ॥

গ্লোকার্থ

এভাবেই দূই প্লোকে আমি শ্রীক্ষরৈত আচার্য প্রভূব তত্ত্ব নিরূপণ করলাম। এখন হে ভক্তশাশঃ সমা করে পঞ্চতত্ত্বের বিচায় বিশ্লেষণ শ্রবণ করন।

(利車 250

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ । চৈতনাচনিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১২০ ॥

ল্লোকার্থ

শ্রীল রূপ গোস্বামী ও শ্রীল বঘুনাথ দাস গোস্বামীর শ্রীপাদপন্থে আমার প্রগতি নিবেদন করে: ঠাদের কৃপা প্রার্থনা করে এবং ঠাদের পদায় অনুসরণ-পূর্বক আমি কৃঞ্চনাস শ্রীচেতন্য-চরিতামৃত বর্ণনা করছি।

ইতি 'গ্রীঅন্তৈত তক্ষ নিরূপণ' বর্ণনা করে শ্রীচেতনা চরিতামুতের আদিলীলার ষষ্ঠ পরিচ্ছেদের ভক্তিবেদান্ত তাৎপর্য সমাপ্র

সপ্তম পরিচ্ছেদ

পঞ্চতত্ত্বাখ্যান-নিরূপণ

শ্ৰোক ১

জগত্যেকগতিং নত্না হীনার্থাধিকসাধকম্ । শ্রীক্রৈতন্যং লিখাতেহস্য প্রেমডজ্রিবদান্যতা ॥ ১ ॥

জনতি—সব চাইতে পতিতের; এক—কেবল এক, পতিম—গতি, নদ্ধা—প্রণতি নিবেদন করে, হীন—হীন, জর্থ—পরমার্থ, জধিক—তার থেকে বেশি, সাধকম্—প্রদাতা, শ্রীচৈতনাম্—হীটেতনা মহাপ্রভূকে, নিখ্যতে—বর্ণনা করছি জস্য—শ্রীচৈতনা মহাপ্রভূব, শ্রেম—শ্রেম, ভক্তি—ভক্তি, ব্যানাডা—বদানাডা

অনুবাস

জগতি বা অভিযানের গতি, পরমার্থহীন ব্যক্তির মহৎ-অর্থসাধক শ্রীচৈতন্য মহাপ্রভূকে প্রণতি নিজেন করে, তাঁর প্রেমভণ্ডির বদান্যতা বর্ণনা করছি

ভাৎপর্য

মুদ্ধ স্থাপতের বন্ধনে আবদ্ধ জীব অভাও অসহায়, কিন্তু মায়ার প্রভাবে বন্ধ জীব মনে বরে, সে তার দেশ, সমাজ, বন্ধবাদ্ধর ও আগ্রীয়ারস্কনের হারা সম্পূর্ণরূপে নিরাপদ। সে প্রামে না যে, মৃত্যুর সময় কেউই ভাকে রক্ষা করতে পারবে না। জড়া প্রকৃতির নিয়ম এতেই কঠোর যে, মৃত্যুর করাল হস্ত থেকে এক জগতের কেনে নিরাপতাই আমাদের ৰকা করতে লাবে না। ভগবদগীভার (১৩/৯) বলা হয়েছে, জন্মসূত্*ভরাব্যাধি-নঃৰলোকান্দৰ্শনম*—কেউ যদি পাৰমাৰ্থিক পথে উচ্চতি সাধন করতে চায় তা হলে তাঁকে জন্ম, মুজু, জন্ম ও বাধি—প্রকৃতির এই চারটি নিয়মের কথা সর্বদাই স্মরণ রাগতে হবে ভগবানের চনদাশ্রম না করলে এই সমস্ত দৃঃখ-দুর্দশা থেকে কেউই রক্ষা পেডে পারে না। তাই প্রীচৈতনা মধ্যপ্রভাই হচ্ছেন সমস্ত বন্ধ জীবের একমাত্র আশ্রম। তাই, বৃদ্ধিমান মানুষ কোন ক্ষড় আল্লয় অবলম্বন করেন না। পঞ্চান্তরে, তিনি সর্বতোভাবে ভগবানের श्रीभारभूतवत महापाप्त इस । यहै सहस्मद भागवत्क दशा दश अकिश्रम, अश्रवा यहै अप ব্রগতে যার কিছুই নেই। প্রমেশন ভগবানকেও বন্ধা হয় অকিঞ্চনগোচর, কেন না এই জড় জগতের কোন কিছুর প্রতি খাঁর আসন্তি নেই, তিনিই কেবল তাঁলে পাচ করতে পারেন। তাই, যে সমস্ত মানুষ সর্বতোভাবে ভগবানের শরণাগত হয়েছেন এবং এই জভ জগতেৰ কোন কিছুল প্ৰভিই খাঁর আসন্তি নেই, শ্রীট্রতন্য মহাপ্রভ হচ্ছেন তাঁদের একমাত্র আহার।

সকলেই ধর্ম, অর্থ, কাম ও মোক্ষের প্রত্যান্দী, কিন্তু শ্রীচৈডনা মহাপ্রভু ওাঁর অপার করুণার প্রভাবে মোক্ষের থেকেও বড় বস্তু দান করতে পারেন তাই এই শ্লোকে ইন্যার্থাধিকসাধকম্ বলতে বোঝানো হয়েছে যে, জাগতিক বিচারে মুক্তি ধর্ম, অর্থটোতিক

ক্লোক ৪ী

উন্নতি এবং ইন্দ্রিয় কৃত্তি সাধনের থেকে শ্রের, কিন্তু মুক্তির থেকেও শ্রের হাদ্রে ভরবস্থানিও ও ভগবং-শ্রেম খ্রীচৈতনা মহাপ্রভূই হচ্ছেন সেই প্রেমভন্তির প্রদাতা। শ্রীচৈতনা মহাপ্রভূ বলেছেন, প্রেমা পুমার্থা মহান্—"ভগবং-শ্রেম হচ্ছে জীবের পরম পুরুষার্থ।" শ্রীচৈতনা চরিতামৃতের গ্রন্থকার খ্রীল কৃষ্ণধাস কবিরাজ গোস্বামী শ্রীচৈতনা মহাপ্রভূর প্রেমভন্তি প্রদানে ঠার মহাবদান্যতা বর্ণনা করার পূর্বে তার উদ্দেশ্যে তার সম্রাক্ত প্রদতি নিবেদন করেছেন

শ্লোক ২ জন্ম জন্ম সহাপ্রভু শ্লীকৃষ্ণতৈতন্য । জাহার চরপাশ্রিত, সেই বড় ধন্য ॥ ২ ॥

হ্লোকার্থ

শ্রীকৃষ্ণতৈখন্য মহাপ্রভুর জয় হোক। যিনি জার চরণাশ্রর করেছেন, তিনিই সব চাইতে ধনা।

ভাৎপর্য

প্রভূ মানে হক্ষে দশ্বর জীচিতন্য মহাপ্রভূ হচ্ছেন সকল প্রভূদের পরম প্রভূ, প্রাই তাকে মহাপ্রভূ বলা হয়। কেউ যখন জীচিতনা মহাপ্রভূর চরণাজ্যা করেন, তবন তিনি সব চাইতে ধন্য হন, কেন না জীচিতনা মহাপ্রভূর কুপার প্রভাবে তিনি ভগবানের প্রেমমানী সেবার ভরে উদীত হতে সক্ষম হন, যে শুর মৃক্তিরও অতীত।

স্ত্রোক ও

পূর্বে থর্বাদি হয় তত্ত্বে কৈল নমস্কার । ওরুতত্ত্ব কহিমাছি, এবে পাঁচের বিচার য় ৩ ॥

প্ৰোকাৰ্থ

পূর্বে আমি থাকতত্ত্ব সম্বন্ধে আলোচনা করেছি। এখন আমি পঞ্চতত্ত্বের বিচার-বিশ্লেষণ্ করতে চেষ্টা করং

ভাৎপর্য

শ্রীচৈতনা চবিতামৃতের আদিলীলার প্রথম পরিছেদে শ্রীপ কৃষ্ণাম কবিরাজ গোদ্বাসী বন্দে ওকনীশভান্ধনীশমীশাবভাবকান প্রোকে দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর ওখ বিশ্লেষণ করেছে।। সেই প্রোকে ধ্বাটি তত্ব রয়েছে, যার মধ্যে গুরুতক্ব ইতিমধ্যেই বর্ণিত হয়েছে। এবন প্রধান অন্য পাঁচটি তত্ব, যথাক্রমে ঈশতত্ব (ভগবান), প্রকাশতত্ব, অবতার তত্ব, শক্তিতত্ব ও চক্ষতত্ব সমুদ্ধে বর্ণনা করবেন।

শোক ৪ পথতেত্ব অবতীর্ণ চৈতন্যের সঙ্গে । পঞ্চতত্ব লঞা করেন সংকীর্তন রক্তে ॥ ৪ ॥

হোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রভূব সঙ্গে পঞ্চতত্ত্ব অবজীর্ণ হয়েছেন এবং এই পঞ্চতত্ত্ব নিয়েই শ্রীচৈতন্য মহাপ্রভূ মহানন্দে সংকীর্তন করেন।

ভাৎপর্য

শ্রীমন্ত্রগরতে (১১/৫/৩২) শ্রীচৈতন্য মহাপ্রভুর জাতির্ভাব সম্বন্ধে ভবিষ্যদাণী করে বলা ২মেছে—

> कृकावर्गः विवाकृषाः मामानावानावानार्यमम् । वरसाः मरकीर्जनशासिर्यकालि हि मुस्मानाः ॥

"খাঁর মূলে সর্বদা কুমনোম, যাঁর অলকাত্তি অকুমা অর্থাৎ গৌর, সেই অস, উপাদ, অন্ত ও পার্যান পরিবেক্টিড মহাপুরুষকে কলিখুলার সুবৃদ্ধিমান মানুধেরা সংকীর্ডন মঞ্জের ঘারা আনাধনা করবেন।" ঐট্রৈডনা মহাপ্রভ সর্বদাই তার স্বরূপ-প্রকাশ শ্রীনিভ্যাননা প্রভূ, তার অবভাব শ্রীওখৈত প্রভু, ঠার অন্তরঙ্গা শক্তি শ্রীগদাধ্যে প্রভু এবং কার তটেস্থা শক্তি শ্রীবাস প্রভৱ খানা পরিনেষ্টিত পরমেশর ভগবানরপে তিনি তাদের মধ্যে বিরাক্তমান সকলেনই জানা উচিত যে, প্রীটেতনা মহাগ্রভ সর্বদাই এই সমস্ত এর সঙ্গে বিরাজ করেন তাই যানন আমনা প্রীকৃষ্ণতৈওনা প্রভু নিতানন্দ শ্রীঅহৈত গদাধন শ্রীধাসাদি গৌরভজকুন--এই মহামন্ত্র উচ্চারণ পূর্বক প্রীচেওন্য মহাপ্রড়কে প্রণতি নিধেনন করি, তখন সেই প্রণতি পূর্ণতা প্রাপ্ত হয়। কৃষ্ণভাষনার অমৃতের প্রচারধরন্দে আমরা প্রথমে এই পক্ষতম্ব মহামন্ত্রের ধারা প্রীটোডনা মহাপ্রকৃত্বে প্রণতি নিবেশন করি, তারপর আমধা বলি, ছরে কৃষ্ণ ছরে कृषा कृषा कृषा हरत हरत । हरत तांत्र हरत ताम ताम ताम हरत हरत ॥ इरत कृष् মধ্যমন্ত্র কীঠনে দশটি নাম-অপরাধ রয়েছে, কিন্তু *মিড়ামানৈতন্য প্রড় নিতানন্দ শ্রীঅই*ছত গুদাধন শ্রীবাসাদি গৌরভজবৃন্দ-এই পঞ্চওছ মহামন্ত্র কীর্তনে কোন অপরাধের বালাই নেই। শ্রীচিতনা মহাপ্রভাকে বলা হয় মহাবদান। অবতার, অর্থাৎ তিনি হঞ্জেন সব চাইতে উদার অবতান, কেন না তিনি পতিত বন্ধ জীবের অপরাধ গ্রহণ করেন না তাই হরে कुका अशाबक (श्रुप कुका स्टूज कुका कुका कुका श्रुप स्टूज (श्रुप ताम स्टूज ताम स्टूज ताम स्टूज ताम स्टूज ताम स्टूज হুরে হুরে) উচ্চারণের পরিপূর্ণ ফল লাভ করতে হুলে আমাদের প্রথমে অবশাই গ্রীটেডনা মহাপ্রভুর আল্লয় গ্রহণ করতে হবে এবং পঞ্চতম মহামন্ত্র উচ্চারণ কবার পর হরে ক্ষ মহামন্ত্র কীর্তন করতে হবে। স্থা হলে ডা অত্যন্ত কার্যকরী হবে।

প্রীচিডনা মহাপ্রভুর নাম করে অনেক ডঙেবেশী প্রবক্ষক তাদের নিজেপের মনগড়া মহামান্ত্র তৈরি করে। তাদের কেউ গায়, জন্ধ নিতাই গৌর রাখে শাম হরে কৃষ্ণ হরে রাম অধবা শ্রীকৃষ্ণতৈতনা প্রভু নিতানেশ হরে কৃষ্ণ হরে রাম শ্রীবাধে গোবিদ। প্রকৃতপক্ষে, পূর্ণ পথাতত্ত্ব মহামন্ত্র (শ্রীকৃষ্ণতৈতনা প্রভু নিতানেশ শ্রীঅখৈত গাদাধর শ্রীবাসাদি গৌরভক্তকৃত্ব) উচ্চারণ করা উচিত এবং তারণর যোল নাম সমন্বিত হরে কৃষ্ণ মহামন্ত্র— হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম व्यापि च

হতে হবে কীর্তন করা উচিত কিন্তু এই সমস্ত নীতিজ্ঞানশূন্য, অধিকেক লোকেরা ব্রীচৈওনা মহাপ্রভুব প্রদত্ত পথকে বিকৃত করে। অবশাই, বেহেড় ভারাও ভক্ত, তাই ভারা ওাদের অনুভূতি সেতারে বাক্ত করতে পারে, কিন্তু প্রীচেওনা মহাপ্রভুর ওছ ভক্তদের ধারা প্রদর্শিত পদ্ম হচেছ প্রথমে শ্রীপক্ষতত্ব মহামন্ত্র উচ্চেরণ করা এবং ভারপর হবে কৃষ্ণ মহামন্ত উচ্চেরণ করা এবং ভারপর হবে কৃষ্ণ মহামন্ত ভরে কৃষ্ণ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ হরে ক্রের রাম হবে রাম রাম রাম হবে ক্রিন করা

শেষক ৫ পঞ্চতত্ব—একবন্ত, নাহি কিছু ভেদ । রস আস্থাদিতে তবু বিবিখ বিভেদ ॥ ৫ ॥

কোকাৰ্থ

পঞ্চতত্ব এক বস্তু, কেন না চিত্রর স্তরে সব কিছুই পরম। কিছু তা হলেও চিত্রর স্তরে বৈচিত্র্য রয়েছে এবং এই চিৎ-বৈচিত্র্য আত্মাদন করর স্বল্য তার বৈশিষ্ট্য বা পার্থক্য নিরূপণ করতে হয়।

ডাৎপৰ্য

শ্রীল ডক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর তার অনুভাষো পক্ষতন্ত বর্ণনা করে বলেছেন—পরম শক্তিমান পরমেশর ভগবান বিভিন্ন প্রকার কীলা প্রকাশের জনা পদাওবনালে আবিভিত হয়েছেন প্রকৃতপক্ষে তাঁদের মধ্যে কোন লার্থক। নেই, বেল না উল্লা হঞ্জেন অধ্যতপ্র। কিন্তু নীরস ভাষের ব্যতিক্রমে বিভিন্ন প্রকার অপ্রাকৃত বস আস্থাদন করার জন্য তারা বিবিধ চিৎ-বৈচিত্রা প্রকাশ করেন । বেনে ধলা হয়েছে, পরাসা শক্তিবিবিধৈক শ্রামতে— "পর্মেশন গুণাবানের পরা শক্তি বিভিন্নরপে প্রকাশিত হয়।" *বেমেব* এই উক্তি থেকে বোঝা যায় যে, চিৎ-স্কণতে অওহীন রস বা বৈচিত্র বয়েছে। শ্রীগৌবাঙ্গ শ্রীনিত্যালন্দ, শ্রীক্ষরৈত, শ্রীগদাধর ও শ্রীবাসাদি শক্ষতত্ত্বে বস্তুত কোন ওদ নেই। কিন্তু রস আবাদনের উদ্দেশো মীটিতন্য মহাগ্রড় ডফরূপে, মীনিত্যানন্দ গ্রড় ডফস্করপে, শ্রীন্রহৈও গ্রন্থ ডফ-অবতার রূপে, গদাধন প্রভু ডড়াশন্তিরূপে এবং শ্রীবাস প্রভু শুদ্ধ ভন্ত-রূপে-এই পঞ্চ প্রকারে নিবিধ বৈশিষ্ট্রায়ক্ত এই পঞ্চতত্ত্বের মধ্যে ভক্তরূপ, ভক্তথরূপ ও ভক্ত অবতারই স্বয়ং, প্রধাশ ও অংশরূপে বিষ্ণুতত্ত্ব। ভক্তশক্তি ও তদ্ধ ভক্ত--- বিষ্ণুতত্ত্বের অন্তর্গত ভদাখ্রিও অভিন্ন শক্তিভত্ত - যদিও ভগবানের চিং-শক্তি ও ভটগ্রা শক্তি পরমেশ্বর ভগনান বিষ্ণু থেকে অভিন্ন কিন্তু তা হচেৎ আহ্রিততত্ত্ব এবং শ্রীধিক হচেনে আশ্রয়তত্ত্ব। তাই, যদিও তাঁরা একই স্তরে স্থিও, তবও অপ্রাকৃত রম আশ্বাদনের জনা বিভিন্নরূপে প্রকাশিত হয়েছেন। প্রকৃতপক্ষে তাঁদের বৈষম্য কথাই সম্ভব নয়, কেন না উপাসা ও উপাসককে কোন অবস্থাতেই বিচিন্ন করা যার না। চিন্দর করে একটিকে বাদ দিছে অনাটিকে জানা খায় না

(割)申 も

পদতত্ত্বাস্থকং কৃষ্ণং ভক্তরূপ স্বরূপকম্ ৷ ভক্তাবভারং ভক্তাব্যং নমামি ভক্তশক্তিকম্ ॥ ৬ ॥

পক্ষ-ভব্ব-আম্মকম্ পক্ষভয়ের আহাস্বরূপ যিনি ঠাকে, কৃষ্মম্—শ্রীকৃষ্যকে, ভক্তরূপ দ ভক্তরূপ, স্বরূপকম্ ভক্তস্বরূপ, ভক্ত-অবভারম্—ভক্তাব্ধার, ভক্ত-আখাম্—ভক্তরূপে পরিচিত, নমামি—আমি প্রগতি নির্কেন করি, ভক্ত-স্ক্তিকম্—ভগবানের স্থাতি ।

অনুবাদ

শ্রীকৃষ্ণের ডন্ডারপ, ডন্ডারকার, ডন্ডা, ডন্ডার্শক্তি—এই পঞ্চতবাত্মক শ্রীকৃষ্ণকে আমি প্রগতি নিবেদন করি।

ভাৰপৰ্য

শ্রীনিতানন প্রভু ২০ছন শ্রীচেতন। মহাপ্রভুর স্নাতার্মণে তাঁব স্বরূপ তিনি হছেন সচিচানন বিএহ। তাঁব দেহ অপ্রকৃত এবং ভগবস্তুভিতে পর্যানক্ষয়। শ্রীচিতনা মহাপ্রভুকে এটি বলা হয় ভস্তবন্ধ এবং শ্রীনিতানন্দ শুভুকে বলা হয় ভস্তবন্ধ ও ভল্গবন্ধ শ্রীনিতানন্দ শুভুকে বলা হয় ভস্তবন্ধ ও ভল্গবন্ধ শ্রীনিতার ধরনের ভক্ত বছেছেন বিশ্বতন্ত্ব। শাস্ত্র, দাস্ত্র, সাল্য, নাংসলা ও মধুর বানের বিভিন্ন ধরনের ভক্ত বছেছেন। শ্রীস্কল পামোদর, শ্রীনাধান প্রমুখ ভক্তরা বিভিন্ন শাক্তি এই ধানা বৈদিক শাক্তের বাকা, প্রাসা শক্তিবিবিধন শ্রামতে—এই তন্ত্ব প্রহাণ হয়। এই সমস্থ ভক্তবনর নিয়ে শ্রীক্ষর ব্যাপ্তভুক্ত বিটা হয়েন স্বয়ং শ্রীকৃষ্ণ

শ্লোক ৭

স্বয়ং ভগবান্ কৃষ্ণ একলে ঈশ্বর । অহিতীয়, নন্দাস্থা, রসিক-শেখর ॥ ৭ ॥

য়োকার্থ

সমস্ত্র রুসের উৎস জীকৃষ্ণ হচ্ছেন স্বয়ং পরমেশ্বর ভগবান। তিনি অন্বিতীয়া অর্থাৎ কেউই জাঁর থেকে মহুৎ বয় অথবা সমককও নয়, কিন্তু তবুও তিনি নম্ম মহারাজের পুত্ররূপে আবির্ভত হন।

ভাহপর্য

এই স্মেকে প্রমেশন ভগবান শ্রীক্ষের যথার্থ থকন কর্মনা করে শ্রীল কৃষ্ণনাস করিয়াজ গোলামী বলেছেন যে, যদিও তিনি হচ্ছেন অধিতীয় এবং সমস্ত চিন্মা রমের উৎস, তব্ও তিনি নশ মহারাজ ও বশোধা সাধ্যের পুরুষ্ণলে আবির্ভূত হয়েছেন।

গ্লোক ৮

রাসাদি বিল্যাসী, এজললনা-নাগর ৷ আর যত সব দেখ,—তার পরিকর ৷৷ ৮ ৷৷

ट्यांक ५५]

শ্ৰোকাৰ্থ

পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ হচ্ছেন রাসন্ত্যের পরম ভোকো। তিনি হচ্ছেন রজ-ললনানের নাগর এবং আর সকলেই হচ্ছেন জার পরিকর।

ভাৎপর্য

বাসাদি বিলাসী শব্দতি আদ্রন্তে ভাৎপর্যপূর্ণ। রাসনৃত্য কেবল শ্রীকৃষ্ণই উপভোগ করতে পারেন, কেন না তিনি হক্ষেন বৃদ্ধবেদের সমস্ত পজনাদের পরম নারক। অন্য সমস্ত ছচ্ছেন তাব ভাভ ও পার্যন যদিও কেউই পদমেশর ভগবান শ্রীকৃষ্ণের সমকত হতে পারে না তবুও বহু প্রতারক পারত রয়েছে যারা শ্রীকৃষ্ণের রাসনৃত্যের অনুকরণ করে। শ্রামা মাধানদী এবং সকলেবই উচিত তাদের খেকে সাবধান ক্ষকা। রাসনৃত্য কেবল শ্রীকৃষ্ণই বিলাস করতে পারেন, অন্য কেউই ভা গারের না।

শ্লোক ৯ সেই কৃষ্ণ অবতীর্ণ শ্রীকৃষ্টেডনা । সেই পরিকরগণ সঙ্গে সব ধন্য ॥ ৯ ॥

ঞোকার্থ

সেঁই শ্রীকৃষ্ণতৈ শ্রীকৃষ্ণতৈতলা মহাপ্রভুক্তণে তার নিত্য পার্বদদের লগে নিরে অবতীর্ণ হয়েছেন তার পার্যদশণত তার্ট হতো মহিমান্তি।

(創本)0

একলে ঈশ্বর-তত্ত্ব চৈতন্য-ঈশ্বর । ডক্তভাবময় ভার গুদ্ধ কলেবর ॥ ১০ ॥

য়োকার্থ

পর্ম নিয়ন্ত্রা ও পরম পুরুষ ভগবান শ্রীটেডনা মহাগ্রভু ভক্তভাব অবলহন করেছেন, কিন্তু তবুও তার দেহ সব রকম ভড় কলুম খেকে মুক্ত বিভন্ক।

ভাৎপর্য

কুষ্ণভাবনামৃত সংখেব অধিকাংশ সদস্যই ব্রাহ্মণ পরিবাদ (থকে আসে না। অভএব পরে মখন আমরা দেখব যে, তারা ফথাযথভাবে প্রক্ষাণেটিত ওদাবলীতে যক্ত হরে বিকশিত হয়েছেন এবং প্রাথানের মতো আচরণ করছেন, তখন শাল্যাম-শিলা পূজা করার প্রচলন করা ছবে

এই মূগে শালগ্রাম শিলার পূঞা করা ভগবানের দিবনোম উচ্চারণ করার মতো এত शक्य पूर्व नम् । (भिष्ठि २(७) भावभिष्कातः— इस्तर्नाम इस्तर्नाम इस्प्रेगीरमर करनाः / करनी নাস্ট্রের নাস্ট্রের নাস্ট্রের গতিরনাথা। খ্রীল জীন গোস্বামীর মডে, নিরপরাণে নাম করন ফলে পৰম সিদ্ধি লাভ কৰা যায়। কিন্তু তথুও অন্তরের পৰিত্রতাৰ জন। মন্দ্রিরে প্রীবিত্রহের গ্রাবাধনা করামও প্রয়োজন ময়েছে। তাই কেউ যথন পরমার্থিক ডেওনায় উন্নতি লাভ করেন, এথনা পরেমার্থিক স্তরে পূর্ণকরে অধিষ্ঠিও হন, ওখন তিনি শালগ্রাম শিলা পুঞা করতে পারেম

জগয়াগ মিশ্রের হানয় থেকে শটীমাতার হানয়ে ভগবানের হাবেশের তত্ত্ব বিশ্রেবণ দরে শ্রীদ ভত্তিসিদ্ধান্ত সনস্বতী ইন্টের বলেছেন—"ভগগ্নাথ মিশ্র ও শচীমাতা হচ্ছেন নিত্রামিদ্ধ ভগনৎ-পার্যদ - ওাদের হাদয় সর্বদাই ওদ্ধ সম্বুময় এবং প্রাই ওবা ককাই नदराश्वत छशवान्त्व छत्न गाम गा । এই ७७ अगर्ज्य भागान् प्रानुद्धत काम। कन्दिङ। তাই তাকে চিম্মা স্তরে অধিষ্ঠিত হতে হলে, সর্বপ্রথমে তার হাসমকে নির্মন করতে হয়। কিন্তু সংগ্রাথ মিল্ল ও দটীমাতা সেই নকম কসুদিত চিত্ত সাধারণ মানব-মানবী ছিলেন इति अवशास्त्र अस्तुर्गधार्य निर्धक थारक, छन्न सिंहै अवशास्त्र वका इस वम्रान्य বসুদেবেই চিৎ বিলাসী বাসুদেব বা কৃষা প্রকটিও হল।"

আমাদের বুরাব্ধ হরে যে একজন সাধারণ স্থীলোক ফেরাকে মত ইন্দ্রিয়-তর্গদের মাধ্যমে গর্ভবতী হল শচীদেরী সেভাবে গর্ভবতী হননি। শচীয়াতা একজন সাধারণ ষ্ট্রীলোকের মতো গর্ভবাতী হয়েছিলেন বলে মনে করা এক মহা অপনাধ। পানমার্থিত চেত্রনার প্রবে ভগবানের সেনায় পৃথবিধে অধিষ্ঠিত হলে, তথ্ন শহীমাত্রন গর্ভ যে ভি বস্তু তা হেদযালয় করা যাবে

শ্রীমস্ত্রাগবতে (১০/২/১৬) কর্নো করা হয়েছে—

छगरामिन विद्यासा छकानामहग्रहतः । व्यविद्वमारमञ्जासम् यन व्यक्तकमृत्युरक्षः ह

হ্মীপুরের প্রথা সম্বন্ধে এই বর্গনাটি করা হয়। ভগবানের অবতার স্পুনেরের রুদরে প্রবেশ করলেন এবং ভারপর দেবকীর হলেন্তে প্রবিষ্ট হলেন , এই সম্পর্কে শ্রীল শ্রীধর স্বামী दीत विकास महामाद्या अन्यानित्वय अन्यानिर्वकृत, कीदानाधिव न वाट्रमञ्ज हेटार्यः। সাধারণ মানুয়ের মতে। ভগবানের ওতের মাধ্যমে জন্মগ্রহণ করার কোন প্রথই ওয়ে না। এই সম্পর্কে শীল কপ গোস্বামীও বলেছেন যে, শ্রীকৃষ্ণ প্রথমে এনেকড়পুতি বা বসনেবের হাদয়ে প্রকাশিত হন। তারপর জ্ঞানকাশুশুভির হাদয় থেকে দেকজীর হাদয়ে প্রকট হন। अधारवरे थांक तार्य हम्म समन बीरत बीरत वर्षित रहा भूपंहरम ग्रीहमर रहा, क्रिक

্তমন্ত্রপ্তেই দেবকীর কাংসলাক্রাল প্রেমাননাম্ভ সমূহে লালিত হয়ে, শ্রীকৃষ্ণ তারই হুদনে। ধীতা শীন্তা বহিত হতে থাকেন। ভারগন্ত দেকতীর হাতে থেকে শীক্ষা কংসের কারাগারেব। স্তিকাগুরে দেবকীর লয়ায় অলির্ভত হন তখন যোগমায়ার দারা মোহাচ্ছর হয়ে, দেবকী মনে করেন যে, তাঁর সন্তানের জন্ম হয়েছে এই বিষয়ে পূর্ণের দেবতারা পর্যন্ত বিমোহিত इस ८६ जागवरण (১/১/১) वर्गना करा इत्याद, युशालि पदमुनग्राः अनुराम्बन छगवानः তার ঘর্তে ব্যাছেন বলে মনে করে, তারা দেবকাঁকে বন্দনা করতে এসেছিলেন সেই জন। দেবতারা একন হর্গলোক খেকে মধুরায় এসেছিলেন তা থেকে বোঝা যায় যে, স্বৰ্ণলোক বেকেও সপুরা শ্রেষ্ঠ।

মশেষায়ায়ের নিত। পুএরলে ত্রীকৃষ্ণ কুদাবনে নিতা বিরাজ্যান। এই জড় জগতে ও ডিং জগতে শ্রীকৃষ্ণ নিতাকাল উপ্ল লীলাবিলাস করছেল। এই লীলায় ভগবান সব সময় সিজেকে নন্দ যাশোলার নিতাপুত্র বলে মনে করেন - গ্রীমন্ত্রাগবাতের দলম স্বয়ের ষষ্ঠ অধ্যায়েক তেতালিশ জ্যোকে বর্ণনা করা হয়েছে, উদার হৃদয় নথ বিদেশ থেকে ফিলে এনে তার পুত্র কৃষ্ণকে কোনে দিয়ে তার মন্ত্রক মান্তাং করে পরসামন লভি বৰণালন " এমনই, দেশম জন্তেৰ নবম মধ্য থেকে একুল জোকে বলা হয়েছে, এই ভগৰান ্লেপিকস্ত ত্রীকৃষ্ণ ভক্তদের পঞ্চে যেকপ সুলভ দেহাখাবাদী, এপস্থী কিবো আয়াদলী প্রানীদের পক্ষে কথনই ক্ষেত্রপ সুধলন্তা নন।"

ছাঁল ডান্দ্রিস্টান্ড সরস্থতী ডাকুর ছাঁপাদ বলদেব বিদ্যাঞ্ছণের উদ্ধৃতি দিয়ে দেবলীর গভন্মিত প্রতিবাদে প্রতি প্রতির দেবতাদের বন্দনা সম্বন্ধে বলেক্ষো 'প্রদিক সভান চন্দ্রের টান্য বাজ কৰে, তেমনই এছ সন্ধ্যয়ী দেবকী শ্বদেন পুত্র বস্পেদের কাছ থেকে কুসমন্ত্রে দীক্ষা প্রাপ্ত হয়ে জীকৃষ্ণকে তার হান্যে ধারণ করলেন (১০,২ ১৮) এই উভিন্তি ,গাকেও বোঝা যথে যে, পদমেশ্বর ভগরান আনকদন্দতি বা বস্পোরের প্রদায় থেকে দেককীর হাদয়ে প্রকাশিত হলেছিলেন - শ্রীল বলাদের বিলাভয়ানের মতে 'দেবতীৰ হাদয়' বলতে দেবতীৰ গঠ বোঝালো হয়েছে কারণ, *শ্রীমাল্লগৰতের* দশম স্বৰেল ভিত্তীয় অধ্যায়েত একচায়িল হোতক পূৰ্ণৰ দেবভাৱা বলেছেন দিষ্টাটাম্ব ভে ুঞ্জিলতা পরা পুমান হয় মাতাং ভোমার কৃষ্ণিতে (গতেঁ) প্রাচ প্রায় অমিষ্টিত স্তবাং বসুদেবের হাল্য থেকি ভংবান দেবকীর হান্যে স্থানাগুরিও হ্যোছিলেন বলতে रवाकारमा इरसरङ् त्या. जिले जनकीत ११८६ शानास्त्रीक इरप्राह्मस्त्रा।

ত্তমনই *তৈতন চরিতামূত* প্রয়ে শ্রীচৈতন। মহাপ্রভুৱ আবিভার সংগ্রেছ *বিশেষে সেবন* বেরে গোলিন্দ ১রল বলাতে বোরালো হয়েছে যে, ঠিক যেভাবে জীকুষা বসনেবের জুদয় খেকে দেকটাৰ হৃদয়ে প্ৰকলিত হয়েছিলন, ১৯৯৭ই ছীট্ৰেডনা মহাপ্ৰভূও প্ৰণন্নাথ মিশ্ৰের হানধ থেকে শতীদেশীর প্রদর্গে প্রাবাশিত হর্মেছিলেন। এটিই হচ্ছে ঐতিভান। মহাপ্রভার আবিভাবের রহস্য। সেই সূত্রে মনে রাখা উচিত খে, কর্মনই ক্লে মনে করা না হয়, প্রীচিত্রনা মহাপ্রভূ একজন সাধারণ জীবের মতে। আবির্ভুত হয়েছিলেন। এই তত্ত্বী বোঝা একটু কঠিন, কিন্তু কৃষ্ণনাম কবিরাজ গোসামীর এই বর্ণনা প্রময়সম পরা ভক্তদের পক্ষে *(भारते* दिस्त तय ।

আদি ১৩

ዓዮኤ

শ্ৰোক ৮৭

লীচৈতন্য-চরিভায়ত

হৈতে হৈতে হৈল গর্ভ ক্রয়োদশ মাস। তথাপি ভমিষ্ঠ নহে.-মিশ্রের হৈল ত্রাস র ৮৭ 1

এতাবেই তের মাস হয়ে পেল কিন্তু তবুও গর্ভন্থ লিও ভূমির্চ হল না। তহি, জগরাধ মিল অভারে উদ্বিগ্ন হলেন।

> গ্রোক ৮৮ নীলামর চক্রবর্তী কহিল গণিয়া। এই মাসে পুত্র হবে শুভক্ষণ পাঞা 🏾 ৮৮ 🖪

> > ज्ञांकार्ध

নীলাম্বর চক্রনতী (খ্রীটেডন্য মহাপ্রভুর মাতামহ) জ্যোতিব গণনা করে বলগেন যে, সেই মাসে এক ওডকলে শিশুটির জন্ম করে।

(अपिक रुक्रे

টোদশত সাতপকে মাস যে কাছন । পৌর্ণমাসীর সন্ধাকালে হৈলে শুভক্ষণ 🛊 ৮৯ 🖫

ধোকার্থ

এভাবেই ১৪০৭ শকান্সের ফাছুনী পূর্ণিমার দিন সন্মাকানে সেই বহু আকান্সিত ওলকপের উদর হল।

ছা≉পর্য

শ্ৰীল ভাতিবিদ্যোদ ঠাকুৰ ওলৈ অমৃতশ্ৰবাহ ভাষো শ্ৰীচৈতন্য মহাশ্ৰভূব ভাৰতোষ্ট্ৰী নিম্নলিশিত ভাবে প্রদান করেকেন-

FF 3809/30/22/26/80

	দিনামূ	
٩	>>	'br
54	28	⊕ F
80	99	80
30	8	২৩

শ্রীটেওনা মহাপ্রতর জন্মকোন্তী বিশ্লেষণ করে শ্রীল ভবিনিয়েন ঠানুর লিখেছেন খে, মহাপ্ৰভব জন্মকালে—মেষ বাশিতে ওক্ৰ অধিবী-নক্ষত্ৰে, সিহে-বাশিতে কেতু উৎবয়ন্ত্ৰী। নক্ষরে, চন্দ্র পূর্বকল্পনি নক্ষরে, বৃশ্চিক রাশিতে শনি জোষ্টা নক্ষরে, ধনুতে বৃহস্পতি পূর্বায়ানা-নক্ষত্রে, মকরে মঙ্গল মধনা-নক্ষত্রে, কুন্তে ববি পূর্বভাদ্রপদে, তাহ পূর্বভাদ্রপদ নকরে এবং মীন বাশিতে বৃধ উত্তরভামুপদ নকরে। সেই দিনটি ছিল সিংহ লগ্ন।

প্ৰোক ১০

সিংক-রালি, সিংক-লগ্ন, উচ্চ গ্রহণণ ৷ ষডবৰ্গ, অন্তবৰ্গ, সৰ্ব সুলক্ষণ ৰ ৯০ ॥

লোকার্থ

জ্যোতিৰ্কে অনুসাৱে সিহে বাশিতে, সিহে গায়ে, সমস্ত গ্ৰহণ্ডলি যখন অতি উচ্চে অবস্থিত ছিল, তখন মডকৰ্ম, অন্তৰ্ম আদি সমন্ত্ৰ সুলক্ষ্প প্ৰকাশিত হল।

छाद भर्ष

শ্রীল ভার্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর ছিলেন এক মহান জ্যোতির্বিদ এবং তিনি এই স্লোকের বাগায়ে বলেছেন- বডবর্গের বিভাগতাল ২চেই-ক্ষেত্র, হোরা, দেরাণ, নবাংশ, ঘা-দুনাংল ও ব্রিংশংশ। জ্যোভির্বেদ মতে লয়ের স্পটাংল অনুসারে কথিত ষড়বর্গের অধিপতি বিচার করে স্থাক্ষণ স্থির করা হয় . বৃহজ্জাতক ও অন্যান্য গ্রন্থ থেকে গ্রহ একভের পতিবিধি জানা যায়। প্রহের তাৎকালিক স্থান থেকে নির্দিষ্ট রেখাপাত করে ওভাৰণ অন্তৰ্গ গণিত হয় , এই বিশেষ জ্ঞান একমাত্ৰ হোৱা-শাস্ত্ৰবিং নামে অভিহিত বাভিনাই প্রানেন। হোরা-শান্তের ভিতিতে বিচার করে শ্রীটৈন্টেন্য মহাপ্রভার মাতামহ নীলাখন ৮এবটা ইটিচতনা মহায়ন্ত্ৰ আবিভাবের গুড়ক্স দর্শন করেছিলেন।

শ্ৰোক ১১

च-कन्प भौड़ठल मिला पर्रमन । স-কলম্ব চন্দ্রে আর কোন প্রয়োজন 🏗 ১১ 🗓

ধোকার্থ

व्यक्तमञ्ज भीत्रकृष्ट यथन मित्रा जिल्लन, कथन बात नकनव इत्स्वत कि शेरपांबान ?

(当)本 为3

এত জানি' রাত কৈল চম্রের গ্রহণ । 'কৃঞ্চ' 'কৃঞ্চ' 'হ্রি' নামে ভাসে ত্রিভূবন 🖫 ৯২ 🛚

হোকার্থ

ভা বিবেচনা করে রাস্থ পূর্বচন্দ্রকে প্রাস করল এবং ডখন 'কৃষ্ণ। কৃষ্ণ। হরি হরি।' এই নামে ব্রিভবন প্লাবিত হল।

ভাৎপর্য

জ্যোতির্বেদ অনুসারে রাজ্যুহ যখন পূর্ণচন্দ্রের সম্মুখে আনে, ওবন গ্রহণ হয়। ভারতবর্ষে এটি একটি প্রথা ছে, বৈদিক নাম্মের অনুসামী ভারতবাসীরা সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সময় গঙ্গার অথবা সমূদ্রে স্থান করেন। বৈদিক ধর্মের ঐকান্তিকভাবে অনুগমনকারী মানুষেরা গ্রহণের সময় জলে দাঁডিয়ে হরে কফ মহামন্ত উচ্চারণ করেন। ব্রীচৈতন্য মহাপ্রভূব জন্মের সময় চন্দ্রগ্রহণ হয়েছিল এবং তার ফলে খানুধ জলে ধাঁডিয়ে হরে কৃষ্ণ হরে কৃষ্ণ হরে হরে/হরে রাম হরে রাম রাম রাম হরে হরে—এই মহাময় কীর্তন করেছিলেন।

প্রোক ৯৩ জয় জয় ধর্মনি হৈল সকল ভূবন । চমংকার হৈয়া লোক ভাবে মনে মন ॥ ৯৩ ॥

<u>লোকার্থ</u>

সমার জাগাৎ হরে কৃষ্ণ মহামন্ত্রের উচ্চারণ ধ্বনিতে পূর্ণ হয়ে উঠল এবং তাই চমংকৃত হয়ে সমস্ত লোকের। মনে মনে ভাবতে লাগলেন।

> হোক ৯৪ জগৎ ভরিয়া লোক বলে—'হরি' হরি'। সেইক্ষণে গৌরকৃষ্ণ ডুমে অবতরি 1 ৯৪ ॥

> > **রোকার্থ**

এভাবেঁই সমস্ত জগতের লোক যখন পরমেশ্বর ভগবানের দাম কীর্তন করছিলেন, তখন গৌরহারি রূপে শ্রীকৃষ্ণ পৃথিবীতে অবতীর্ণ হলেন।

প্ৰোক ৯৫

প্রসন্ন হট্ল সৰ জগতের মন । 'হুরি' বলি' হিন্দুকে হাস্য করমে যকন ॥ ৯৫ ॥

য়োকার্থ

সমস্ত শ্রণাৎ তখন প্রসন্ত হল ছিন্দুরা যখন ভগবানের দিবানাম কীর্ত্তন করছিলেন, তখন ফছিন্দু যবনেরা ঠাটা করে তাঁদের জনুকরণ করে 'ছরি' 'ছরি' বলতে লাগন।

ভাৎপর্য

যদিও মুসলমানোবা অথবা অহিদ্যুৱা ভগ্রানের দিবানাম সমাধিও হবে কৃষ্ণ মহামন্ত্র কীর্তন করতে চায় না তবুও চন্দ্রগুহদের সময় নবলীকের হিন্দুরা যক্ষা মহামন্ত্র কীর্তন কর্বছিলেন, তথ্য মুসলমানের তাঁদের অনুক্রণে ভগ্রানের নাম উচ্চাঞ্চ কর্মছিল। এভারেই জীচিতনা মহাপ্রভুৱ আবিভাবের সময় মুসলমানেবাও হিন্দুদের সঙ্গে সমবেওভাবে ভগ্রানের দিবানাম উচ্চারণ করেছিল

> হোক ৯৬ 'হরি' বলি' নারীগণ দেই হুলাহুলি। স্বর্গে বাদ্য-দুত্য করে দেব কুতুহুলী ॥ ৯৬ ॥

শ্লোকার্থ

এই পৃথিবীতে খ্রীলোকেরা যখন হরিনাম উচ্চারণ করে উলুখ্বনি দিছিলেন, তখন স্বর্গের দেবতারা কৌপুহল সহকারে বাজনা বাজাছিলেন এবং নৃত্য করছিলেন।

শ্ৰোক ৯৭

প্রসর হৈল দশ দিক্, প্রসর নদীজল। স্থাবর-জন্ম হৈল জানকে বিহুল ॥ ৯৭ ॥

রোকার্থ

ভখন দশদিক আনন্দে মগ্ন হল, এমন কি নদীপ্র ভরক্ত আনন্দে উদ্বেল হয়ে উঠল। অধিকন্ত, স্থাবর ও জনম সমস্ক জীবই আনন্দে বিহুল হয়ে উঠল।

শ্ৰোক ৯৮

নদীয়া-উদয়সিরি,

পূর্ণচন্দ্র গৌরহরি,

933

কুপা করি' ইইল উদয় !

পাপ-ডমঃ হৈল নাশ,

ব্রিজগতের উল্লাস,

জগভৰি' হরিধ্বনি হয় য় ৯৮ ॥

ঝোকার্থ

সূর্য যোগালে প্রথম উদিত হয়, সেই উদরাচলের সঙ্গে নদীয়ার তুলনা করা হয়েছে, ক্ষেম দা পূর্ণচন্দ্র গৌরহরি তাঁর আহৈতৃকী কৃপার প্রভাবে এখানে উদিত হয়েছেন। তাঁর উদরের ক্ষেম ক্রগাভের পাপ-শ্রক্ষকার বিদ্যিত হয়েছে এবং তায় ফ্রামে ত্রিভূবন উল্লাসিক হয়ে। উঠেছে এবং সারা ক্রপৎ ব্যুক্তে ব্রিধ্বনি হচ্ছে

রোক ১৯

(अरेकाटन निकानस,

উঠিয়া অধৈত রাম,

নৃত্য করে আনন্দিত-মনে।

र्श्तिकाटम नवा मरम्,

ভ্রুর-কীর্ডন-রঙ্গে,

কেনে নাচে, কেহ নাহি জানে ॥ ১৯ ॥

প্লোকার্থ

সেই সময় শ্রীতাবৈত আচার্য প্রভূ শান্ত্রিপুরে ভার গৃহে আনন্দিত মনে নৃত্য করছিলেন। তিনি শ্রীহরিনাস ঠাকুরকে সঙ্গে নিয়েই নৃত্য করছিলেন এবং টাসৈঃস্বরে হরে কৃষ্ণ মহামন্ত্র কীর্তন করছিলেন। কিন্তু ভারা যে কেন নাচছিলেন, কেউ তা বৃথাতে পারছিল না।

920

ডাৎপর্য

শ্রীচেতন্য মহাপ্রভুর আনির্ভাবের সময়, শ্রীফাছৈত আচার্য প্রভু শান্তিপুরে তার বাভিতে ছিলেন হরিদাস ঠাকুর প্রায়ই তার সঙ্গে সাক্ষাং করতে যেতেন। ঘটনাক্রমে তিনি তথন সেখানে ছিলেন এবং খ্রীচৈতন। মহপ্রেড্র জন্মের সময় তারা দুজনে নৃত্য করতে শুরু করেছিলেন - কিন্তু শান্তিপুরের কেউই বৃষ্ধতে পাদছিলেন না যে, কেন এই দুজন মহাত্মা এভাবেই নৃত্য করছে।

(到本 200

দেখি' উপরাগ হাসি', শীম গলাঘাটে আসি', আনদ্ধে করিল গঙ্গাসান।

পাঞা উপরাগ-ছলে,

আপনার মনোবলে,

[আদি ১৩

<u>बाचारपरत्र फिल नाना मान 11 300 11</u>

যোক্যর্থ

চন্দ্রের এহণ হতে দেখে অধৈত আচার্য প্রস্তু ও হরিদাস ঠাকুর ভংকশাং প্রসার ঘাটে গীয়ে মহানদের গলায় সান করকেন চন্দ্রগ্রহণের হলে আছৈও আচার্য প্রভু মনোবাকে ब्रान्तभरमद नाना वस्त्र मान करतहिरमन।

ভাৎপর্য

সূর্যাপ্রকা ও চন্দ্রপ্রবার সময় হিন্দর। রাখান অথবা দলিহনের মধাসাধা দান করেন। ৩টি, व्यक्षिक व्यक्तिमें शकु करें धर्मन प्रमा दान वानगरमंत्र ममान नम्न मन कर्ताव्यन्त । जीवसानगरक বর্ণনা কর হয়েছে যে জীকুম্বের জন্মের ঠিক পরেই বসুদের সেই প্রভক্ষর উপলক্ষে ব্রাক্ষণদের দশ হাজার গভৌ দান করেছিলেন। হিন্দুদের একটি প্রচলিত প্রথা হচ্ছে যে, শিশুর জন্মের পর বিশেষ করে পুত্র সন্তানের জন্মের পর পিতা মাতারা আনন্দে নানান বস্ত্র দান করেন। প্রকৃতপক্ষে প্রীচিতনা মহাপ্রভুর ভন্মহরণ উপলক্ষেই হাছিত আচার্য প্রান্ন তা করেছিকে। কিন্তু মানুধেনা বুঝতে পারছিকেন না যে, অইছত আচার্য প্রন্তু কেন এখনভাবে বিবিধ বস্তু দান কবছেন। চন্দ্রগ্রহণের জন্য তিনি দান করেননি, সেই সময় শ্রীচেত্রনা মহাপ্রাপ্ত রুগ্রগ্রহণ করার জন্য দান করেছিলেন। শ্রীকৃষ্ণের আবিভারের প্র বস্থাৰ যেডাৰে দান করেছিলেন, ঠিক সেডাৰেই তিনি দান করেছিলেন।

(3) 本(4)

দেখি' মনে সৰিশ্বর, सार्थः, धानसभगः, ठीरतरठीरत करह इतिमाग । তোমার ঐছন রক, মোর মন পরসর, দেখি- কিছু কাৰ্যে আছে ভাস ॥ ১০১ ॥

হোকার্থ

সমন্ত প্রসংকে আনন্দময় দেবে হরিদাস ঠাকুর মনে মনে বিশ্বিত হলেন এবং ঠারেঠোরে অহৈত আচাৰ্যকে বললেন, "তুমি এভাবে নাচছ ও দান করছ যে, তা দেখে আমি অত্যন্ত রোমাঞ্চ অনুভব করছি। আমি বুরতে পারছি যে, ভোমার এই কার্যকলাপের পেছনে বিলেষ কোন উদ্দেশ্য রয়েছে।"

(अंकि ५०२

আচার্যরত্ব, শ্রীবাস, হৈল মনে সুখোল্লাস, যহি' স্থান কৈল গলাজলে ! আনক্ষে বিহুল মন, করে হরিসংকীর্তন, নানা দান কৈল মনোবলে ॥ ১০২ ॥

হোকার্থ

আচার্যবন্ধু (চন্দ্রশেশর) এবং শ্রীবাদ ঠাকুর আনন্দে উৎতুল্ল হয়ে উঠনেন এবং তংকণাৎ ঠার। গলায় পিরে লাগ করলেন। আনন্দ বিহুল চিত্তে তারা হবে কৃক মহামন্ত্র কীর্তন करत धर्भावरम वर्ष्ट् वस्त्र माम कंत्रसम्।

(関す 200

যাঁর ঘেট দেশে স্থিডি, এই মত ভক্ততি, ভাহাঁ ভাহাঁ পাঞা মনোৰলৈ ৷ নাচে, করে সংকীর্তন, আনন্দে বিতৃত মন, ঘান করে গ্রহণের ছলে ॥ ১০৩ ॥

প্ৰোকাৰ্থ

এভাবেই সমস্ত ভক্তরা যে বেখানে ছিপেন, মনোবলের খারা নৃত্য করতে লাগলেন, अरकीर्जन कतरफ जाभारतम अवर खानामा विद्युत हिएस अदर्भत हरून मान कतरङ साभारतन.

(関本)08

डाजाय-अक्टब-मात्री. नाना-प्रस्था थानी छति' অহিলা সৰে যৌতৃক দাইয়া। (का कांठा-साधा-मुख्ये, अधि' वानरकत्र भू**र्छि**, আশীর্বাদ করে সূত্র পাঞ্রর ৪ ১০৪ ৪

শ্ৰোকাৰ্থ

সব রক্ষ সম্মানিত ব্রাহ্মণ, সম্ভব্ন ও নারীগণ নানা রক্ষ উপহারে থালি পূর্ণ করে সকলে নেখানে ইোড়ক নিৰে এলেনঃ নবস্তাত শিশুটি, যাঁর অঙ্গকান্তি ছিল কাঁচা সোনার মতো উচ্ছল, তাঁরা সকলে আনন্দিত অন্তরে তাঁকে দেখে আশীর্বাদ করলেন।

950

সাবিত্রী, গৌরী, সরস্থতী, শাচী, রম্ভা, অরুদ্ধতী, আর যত দেব-নারীগণ। নানা-ছব্যে পাত্র ভরি', বান্ধণীর বেশ ধরি',

আসি' সবে করে দরশন ॥ ১০৫ ॥

শ্লোকার্থ

ব্রজ্ঞার পত্নী সাবিত্রী, শিবপত্নী গৌরী, নৃসিংহদেবের পত্নী সরস্থতী, ইস্ত্রপত্নী শুচী, বশিষ্ঠ খবির পত্নী অরুদ্ধতী স্বর্গের অব্দরা রন্তা এবং অন্য সমস্ত্র দেবনারীগণ ক্রান্দ্রণীর বেশ ধারণ করে নানা স্থব্য পাত্র ভরে, নবজাত শিশুটিকে দর্শন করতে এলেন।

তাংপৰ্য

শ্রীচৈওনা মহাপ্রভুর জন্মের পরেই প্রতিবেশী স্থীলোকেনা, গাঁরা অধিকাংশই ডিলেন ব্রাদাণপত্নী ওাঁরা ওাঁকে দর্শন করতে এসেছিলেন। তথন ব্রাদাণপত্নী বেশে সানিত্রী, গৌরী, সরস্থানী, মটী আদি স্থাপনি দেবীরা নবজাত শিশুটিকে দেখতে এসেছিলেন, সাধারণ মানুযোরা ঠানেরকে ঠানের প্রতিবেশী ব্রাদাণপত্নী বলে মনে করেছিলেন, কিন্তু প্রকৃতপক্ষে ঠারা ছিলেন প্রথমি দেবী

রোক ১০৬

অন্তরীক্ষে দেবগণ, গদ্ধর্ব, সিদ্ধ, চারণ,
স্তুতি-নৃত্য করে বাদ্য-মীত ।
নর্তক, বাদক, ভাট, নবন্ধীপে বার নাট,
সবে আসি' নাচে পাঞা প্রীত ॥ ১০৬ ॥

কোকাৰ্থ

অন্তরীকে দেবতা গন্ধর্ব, সিদ্ধ ও চারণ—এবা সকলে স্তৃতি করতে লাগলেন এবং বাল্য-নীত সহকারে নৃতা করতে লাগলেন। তেমনই ন্ববীপের সমস্ক নর্ভক, বাদক ও ভটি সকলে এসে মহা আনকে নৃত্যু করতে লাগলেন।

তাৎপর্য

স্থার্গে শোনন গায়ক, নর্তক এবং স্থাতিকার রাসেছে, তেমনই ভারতবর্ষে এখনও পেশাদার নর্তক, গায়ক ও ভাট রায়েছে। এই ভাটবা খালীবাঁধ দান করেন। গৃহে কোন উৎসব হলে, বিশেষ করে বিবাহ ও জায়োৎসবে, তাঁরা সকলে এসে সমতেত হন। এই সমস্ত পেশাদারী নানুষেনা হিন্দুগৃহেব বিভিন্ন ধরনের অনুষ্ঠানে দান গ্রহণ করে জীবিকা নির্বাহ করেন। মেটিই হচ্ছে তাদেন জীবিকা নির্বাহের উপায়। এই ধরনের মানুষেরা কথনও চাকরি করে না অথবা

চাৰবাস বা বাবসাও করে না; ভারা কেবল প্রতিবেশীদের কাছ খেলে গান গ্রহণ করে শান্তিপূর্ণভাবে জীবিকা নির্বাহ করে: *ভাটরা হজেনে এক শ্রেণীর ব্রাদ্বা*শ, যাঁরা এই ধরনেব অনুষ্ঠানে গিনে বৈদিক শান্তের উল্লেখপূর্বক প্রোক রচনা করে আশীর্বাদ দান করেন

শ্লোক ১০৭

কেবা আসে কেবা যায়, কেবা নাচে কেবা গায়, সন্তালিতে নারে কার বোল ৷ খণ্ডিলেক দুঃখ-শোক, প্রমোদপ্রিত লোক, যিশ্র হৈলা আনন্দে বিহুল ॥ ১০৭ ॥

হোকার্থ

কে আসছিল এবং কে বাছিল, কে নাচ্ছিল আর কেই বা গান করছিল, আ কেউ বুৰতে পারছিল না। কে ৰে কি বলছিল, তাও ভারা বুৰতে পারছিল না। কিন্তু তার কলে সমস্ত দুঃখ-শোক তংকলাও বিদ্বিত হয়েছিল এবং সমস্ত মানুষ পরম আনদে মন্ন হয়েছিল। এতাবেই ঋগরাও মিঋও আনদে বিহুল হয়ে উঠেছিল।

(制本 204

আচার্যরন্ধ, জীবাস, জগন্নাথমিশ্র-পাশ, আসি' তাঁরে করে সাবধান 1 করাইল জাতকর্ম, যে আছিল বিধি-ধর্ম, তবে মিশ্র করে নানা সাম ৪ ১০৮ ॥

প্রোকার্থ

চন্দ্রশেশর আচার্য ও প্রীবাস ঠাকুর উভয়েই জগন্নাথ মিপ্রের কাছে এসে নানাস্তাবে তাঁর মনোযোগ থাকর্মণ করলেন। তাঁরা বৈদিক শাস্ত্রবিধি অনুসারে জাতকর্ম সম্পাদন করলেন। তথন জগন্নাথ মিশ্রও নানা প্রকার বস্তু দান করলেন।

রোক ১০৯

যৌতুক পহিল যত, ঘরে বা আছিল কড, সব ধন বিপ্রে দিল দান। মত নর্ভক, গায়ন, ভাট, অকিঞ্চন জন, ধন দিয়া কৈল সবার মান। ১০৯ ।

য়োকার্থ

জগন্নাথ মিশ্র যা কিছু যৌড়ক পেয়েছিলেন, আর তাঁর ঘরে যা কিছু ছিল. ভা সব তিনি এক্ষেণ, নর্তক, গায়ক, ভাট ও দরিস্থদের দান করলেন এভাবেই খন দান করে তিনি ভাদের সকলকে সম্মান প্রদর্শন করলেন 익하는

(अक ५५०)

প্ৰোক ১১০

নাম তার 'মালিনী'. শ্ৰীবাসের ব্ৰাহ্মণী, चाठार्यतरङ्गत श्रेषी-मरज । সিন্দ্র, হরিদ্রা, তৈল, 🔻 🕏, কলা, নারিকেল, निया शरक नातीशण तरक ॥ ১১० ॥

গ্রোকার্থ

ন্ত্ৰীবাস ঠাকুরের পদ্ধী মালিনী চন্ত্ৰশোধন আচার্যব্যক্তর পদ্ধী ও অন্যান্য মহিলাদের সংস নিন্দুর ছরিন্তা, তৈল বই, কলা, নারকেল প্রভৃতি দিয়ে শিশুটিন প্রাণ করার জন্য মহা আমদের কেখানে একোন

তাৎপর্য

তৈল মিশ্রিত সিন্দৃৰ ঘই, কলা, নালকেল ও হরিয়া—এই সকল হচ্ছে উৎসাকে মঙ্গলমধ উপকরণ । ঘই-কলা হচ্ছে অভান্ত মঙ্গলমা। উপকরণ। তেমনই তৈল মিশ্রিত হরিপ্রা ও সিন্দুর নবজাতে শিশুর অঞ্চে লেপন করা হয়। এওলি হড়েছ মঙ্গলমহা জিনা। এবানে আমরা দেখতে পাঁই যে, পাঁচশো বছর আগে শ্রীটেডনা মহাশ্রন্থ জন্মের সময় এই ধরনের ক্রিয়াণ্ডলি নিষ্ঠা সহকারে পালন করা হও, কিন্তু বর্তমানে সচরাচর এই অনুষ্ঠানগুলি হতে দেখা মায় না আন্তকলে সাধাৰণত প্ৰসৃতি-মাতাকে হাসপাথালে পাঠান হয় এবং শিওৱ অংশার ঠিক পরে ভাকে আন্টেনেপটিক দিয়ে ধোয়াল্যে হয় এবং এ ছড়ো আন কিছু করা হয়। না

(副本 >>>

ঞ্চগৎপজ্ঞিতা আর্যা, অহৈত-আচাৰ্য-ভাৰ্যা. নাম জার 'সীভা ঠাকুরাণী'। গোল উপহার শঞা, আচার্যের আন্তা পাঞা. দেখিতে বালক-শিরোমণি ॥ ১১১ ॥

শ্লেকার্ঘ

শ্রীচৈতনা মহাপ্রান্তুর জায়ের কয়েকদিন পর, অধৈত আচার্যের পরী সমস্ত জগতের পরম আনাধ্যা সীভাদেবী অহৈত আচার্যের অনুমতি নিয়ে নানা রকম উপহার সহ সেই বালক শিরোমণিকে দেখতে গেলেন।

ভাৎপর্য

মনে হয় অবৈত আচার্যের দৃটি বাড়ি ছিল, একটি শান্তিপুৰে এবং আৰ একটি নবদীপে। যখন ইটিচতনা মহাপ্রভুধ জন্ম হয়, ভখন অহৈত আন্তর্মে তাঁৰ নবছীপের বাড়িতে ছিলেন না, তখন তিনি শান্তিপূবেৰ কড়িতে গাম কৰছিলেন। গাই পূৰ্বে উদ্ৰেখ কৰা হয়েছে (শ্লোক ১৯) যে শান্তিপুরে অহৈতের পিতৃপুরুধের গৃহে (নিজালয়) থেকে সীতাদেবী নবজাত শিও ইন্টিডেন। মহাপ্রভূকে নানা বকম উপহার দেওয়ার জন্য নবদ্বীপে এমেছিলেন

(अंक >>>

রক্তমুদ্রা-পাত্তলি, স্বর্ণের কড়ি-বউলি. স্বার্ণের অঙ্গদ, কছণ। দু-বাহুতে দিব্য শব্ধ. রুজ্যাতর মগ্রহ, चर्नमुखात नाना दात्रशं**ण ॥ ३**३५ ॥

য়োকার্থ

তিনি হাতের বালা, অঙ্গন, কম্মন, গলার হার আদি সোনার অলঙ্কার এবং পাণ্ডলি ও মলবন্ধ আদি ক্লখার অলকার নিয়ে এসেছিলেন।

গ্রোক ১১৩

কটি-পট্টসূত্র-ডোরী, ব্যায়নৰ হেমজড়ি. इक्र-शरमत यक चास्त्रव । বুনি ফোডো পট্টপাড়ী, চিত্ৰবৰ্ণ পট্টসাডী. স্বৰ্ধ-রৌপ্য-মুদ্রা বহুধন 🛚 ১১৩ 🖁

টোকার্থ

সোনায় বাঁধানো বাছের নব, রেশমী সূতার কটিবন্ধ, হাত ও পায়ের নানা রক্ষ আছরণ, সুদরভাবে দ্বাপানো রেশমি শাড়ি এবং বুনা রেশমের পাড়বিশিষ্ট শিশুর পোরাক, স্বর্ণ ব রৌপ্য মুদ্রা এবং খনরত্ব নিয়ে এসে, তিনি সেই শিশুটিকে উপহার দিয়েছিলেন।

কাৎপৰ্য

আঁছ এপড়ী সীতং সাকুৰাবীৰ দেওয়া উপহাৰগুলি থেকে বোৰা যায় 🗥 আঁছ এ আচাৰ্য এতাও ধনী ছিলেন। ব্রাহ্মণেতা যদিও সংধারণত সমাজের ধনী সম্প্রদায় নন কিন্তু শান্তিপুৰের প্রাক্ষণদের নেতা শ্রীএকৈত সাচার্য খুবই অবস্থাপন্ন ছিলেন তাই, তিনি শিশু টে কেঃ মহাপ্রভূকে নানা বক্তম অলংকার উপহার দিয়েছিলেন - কিন্তু আঁষ্টেত আচার্য প্রভূত কুল শোধ কবাৰ জনা কমলাকায় বিদাস মে ফ্লগ্লাথ পুৰীৰ বাজা মহাৰাজ প্ৰতাপকচেৰ কাছে তিনদো টাক। ছেয়েছিলেন, তা থেকে বেঝা যায় যে, এই বক্তম একজন ধনী। ব্যক্তি মিনি নানা রকম খুল্যবান প্রলংকার, শাড়ি প্রভৃতি উপহাব দিতে পারেন, অর্থচ ঠার পক্ষে তিনশো টাকার হল শোধ করাও ধেশ কঠিন ছিল। অতএব বুঝাতে হবে মে, পেই সময় টাকার মূলা একনকার খেকে কয়েক হাজার গুণ বেশি ছিল এখন তিনশো টাকার কণ শোধ কবতে কেউই অসুবিধা বোধ করেন না, আর নাধারণ মানুষেনাও এত সমস্ত মূল্যবান অলংকাশ বন্ধুর পুত্রকৈ উপহার দেন না। তথনকার ভিনশো টাকা হয়ও একনকার ত্রিশ হাঞার উকোর মতো ছিল।

দুর্বা, ধান্য, গোরোচন, হরিদ্রা, কৃক্ষুম, চন্দন, মঙ্গল-দ্রব্য পাত্র ভরিয়া ।

٩۵৮

বন্ত্র-গুপ্ত দোলা চড়ি' সঙ্গে দঞা দাসী চেড়ী. বন্তালকার পেটারি ছবিয়া 1 ১১৪ 1

বোকার্থ

দূর্ব্য ধান গোরোচন, ছবিয়া, কুমকুম, চন্দন আদি নানা রক্তম মঙ্কল প্রব্যে পাত্র ভবে এবং বছবিধ বস্ত্র ও অলংকার একটি বড় বাজে ভবে, কাপড়ে ঢাকা পান্ধিতে চড়ে, দাসীসহ সীড়া ঠাকুরান্দী জগরাথ মিশ্রের বাড়িতে একেন।

ভাৎপর্য

এই ধ্যাকে বস্ত্র গুলু মোলা কথাটি অভান্ত ভাৎপর্যপূর্ব। আন্ধ্র খোকে আয় প্রধান-মাট মহর আগে ও সন্ধ্রায় প্রীলোকেরা পাঞ্চিতে চড়ে নিকটবর্তী হালে থেকেন পাছি কাপড় দিয়ে চকা থাকত এবং জনসাধারণ সম্ভান্ত মহিলাদের কেমতে পেতেন না। আনক্ষলে এখনও এই প্রধা প্রচলিত বারাছে সংস্কৃত অসুর্যপ্রসা লক্ষণির অর্থ হছে সন্ধান্ত গ্রীকোরেরে সূর্য পর্যন্ত কোন না প্রচল সংস্কৃতিতে এই প্রথাটি বহুসভাবে প্রচলিত ছিল এবং হিন্দু-মুসল্লমান উভয় ধর্মের সন্ধান্ত মহিলাবাই নিক্তাভারে তা অনুন্তিসন কর্মতেন আমানের ক্রিলার আমানে ক্রিলার মানার ক্রিলার ক্রিলা

(割本 550

ভক্ষ্য, ভোজা, উপহার, সঙ্গে দইল বহু ভার, শচীগৃহে হৈল উপনীত ।

দেখিয়া ৰালক-ঠাম, সাক্ষাৎ গোকুল-কান,

বৰ্ণমাত্ৰ দেখি বিপরীত 🏗 ১১৫ 🕆

লোকার্থ

সীতা ঠাকুরাণী যখন নানাবিধ আহার্য, বসন-ভূষণ ও অন্যান্য উপহার নিয়ে শচীদেবীর গৃহে এলেন, তখন নবজাত শিশুটিকে দেখে তিনি অত্যন্ত আশ্চর্য হলেন, কেন না তিনি দেখালেন যে, আদের বর্ণ ব্যতীত সেই শিশুটি ঠিক গোকুলের কৃষ্ণের মতো দেখতে।

তাহপর্য

পেটারি হাছে এক প্রকার বড় সাজি বা ডালা - একটি দত্তের দুই **প্রান্তে দুটি সা**ঞ্চি লাগা**নো**

থাকে এবং তা থাঁধে করে বহন করা হয়। যারা এই ভার বহন করে, তাদের বলা হয়। ভারী। ভারীর ভার বহন করার এই পদ্ধতি এখনও ভারতবর্ষে এবং প্রাচোর অনাগ দেশে প্রচলিত রয়েছে: আমি ইন্যোনেশিয়ার জাকার্ডায় এই পদ্ধতিটি প্রচলিত থাকতে দেখেছি।

শ্রীদৈতনা মহাপ্রভর জন্মনীলা

(श्रांक ১১৬

সর্ব অঙ্গ-সূনির্মাণ, সুবর্ণ-প্রতিয়া ভান,
সর্ব অঙ্গ-স্কুলক্ষণময় :
বালকের দিবা জ্যোতি, দেখি পাইল বহু প্রীতি,
বাৎসলোতে দ্রবিল ক্রদম ॥ ১১৬ ॥

য়োকার্থ

লিওটির প্রতিটি অস সুন্ধরভাবে গঠিত, সর্বান্ধ সুলক্ষণসূক্ত এবং তার অফকান্তি ভপ্তকাঞ্চনের মতো—ঠিক যেন একটি সোনরে প্রতিমা সেই জ্যোতির্মা শিশুটিকে দেখে সীতা ঠাকুরাণী অত্যন্ত আনন্দিত হলেন এবং বাৎসল্য রসে পূর্ণ হয়ে তার হলম প্রবিশ্বত হল।

(व्यक्))१

দুর্বা, খান্য, দিল শীর্ষে, কৈল বছ আশীরে,

চিরজীবী হও দুই ভাই !

ভাকিনী-শাঁখিনী হৈতে, শক্ষা উপজিল চিতে,

ভবে নাম পুঁইল 'নিমাই' !! ১১৭ !!

লোকার্থ

তিনি শিশুটিন মন্তকে খান-দূর্বা দিয়ে আশীর্বাদ করে বললেন, "তোমরা দূভাই চিরজীরী। হও।" তাকিনী, শাখিনীরা এই শিশুটির কোনও অনিষ্ট করতে পারে বলে মনে ভয়। শেষে, তিনি সেই শিশুটির নাম রাখ্যেলন নিমাই।

ত্তাৎপর্য

ভাকিনী ও শাহিনী হচ্ছে শিং ও তার পাট্টার দুই সহচরী এবং তারা প্রেডমোনি প্রাপ্ত হচ্ছের বলে অত্যান্ত অমঙ্গলকারিনী। এই সমস্ত অ৩৬ জীকেনা নিমগাছের কাছে যেওে পারে না বলে মনে করা হয়। চিকিৎসা বিজ্ঞানেও স্থীকার করা হয় যে, নিমগাছের খবন বীজ্ঞানুনাশক ক্ষমতা রয়েছে এবং পূর্বকালে গৃহে নিমনাছ লাগানোর প্রথা ছিল ভানতবর্ষে বন্ধ বন্ধ রাজ্ঞাব পালে, বিশেষ করে উত্তর প্রদেশে হাজার হাজার নিমগাছ দেখা যায়। নিমগাছের পচন নিবারণ ক্ষমতা এও তে, আয়ুর্বেদ শাস্ত্রে কুণ্টরোগ নিরাময়েই ক্রন্য তা ব্যবহার করা হয়। চিকিৎসা বিজ্ঞানীয়া নিমগাছের নির্যাস আহরণ করার উপায়

bas

উদ্ভাবন করেছেন। এই নির্যাসকে বলা হয় মারগোসিক স্পাসিড (Margosic Acid). বিভিন্নভাবে নিমের ব্যবহার হয়, বিশেষ করে দাঁও মাজার জনা। ভারতের গ্রামন্ডলিতে শতক্ষা প্রায় নবুইজন মানুধ নিমের দাঁতন দিয়ে দাঁত মাঞ্চে। নিম্গাছের সব রকন পচন নিব্ৰিণ এবং বীজাপুনাশক ক্ষমতার জনা এবং শ্রীচৈতনা মহাশত দেহেত নিমগডের নীচে জন্মগ্রহন করেছিলেন তাই সীতা সক্রাণী তাঁব নাম রেখেছিলেন নিমাই। পরবর্তীকংলে ঠার যৌগনে তিনি নিমাই পশ্চিত নামে শ্রমিষ্ক হয়েছিলেন এবং নিকটবর্তী গ্রামগুলিতে সকলেই ওাকে সেই নামে ভাকত, যদিও ভার প্রকৃত নাম ছিল বিশন্তর।

ক্রীহৈতনা করিডামত

(副章 77年

ছিল বস্তু বিভূষণে, পুরুমাতা-স্নানদিনে, পুত্র-সহ মিঞ্জেরে সম্মানি'। শটী-মিশ্রের পূজা লঞা, মনেতে হরিব হঞা, ঘুরে আইলা সীতা ঠাকুরাণী ॥ ১১৮ ॥

য়ে দিন মাতা ও পুঞ্জ স্থান করে সৃতিকাগৃহ ভাগে করকোন, সেই দিন সীতা ঠাকুরাশী উাদের নানা রকম বছ় ও অলংকার দান কর্পেছিলেন এবং স্বধ্যাথ মিশ্রকে সন্মান প্রদর্শন ল্যুন্ডিলেন তারপর শচীমাতা ও স্কণরাথ নিজের প্রান্ত গ্রহণ করে, অত্যন্ত আনন্দিত किरक जिलि चरत किरत शिरप्रहिएनन।

ভাহপর্য

মিশুর জনোর পাঁচ দিন পরে অথবা নয় দিন পরে মাতা গলায় লান করেন অথবা প্রন্য কোন পৰিত্র স্থানে প্রান করেন এটিকে বলা হয় নিদ্ধায়ণ বা সৃতিকাণ্ড থেকে বের হওয়ান মনুষ্ঠান আঞ্চকাল সৃতিকাগৃহ হচ্ছে হাসপাতাল, কিন্তু পূর্বে প্রতিটি সম্রাপ্ত গৃহে একটি ঘৰ আলাদ করে বাখা হত, সেণানে প্রসৃতি সম্ভান প্রস্ক করেনে এবং শিওর জাগোল নাঃ দিন পদ এছে। নিস্কামণ অনুষ্ঠানের মাধামে সেই ঘব থেকে বেরিয়ে আসতেন। দশবিধ সংস্কারের মধ্যে একটি সংস্কার হচ্ছে নিদ্ধান্ত পূর্বে, বিশেষ করে বঙ্গে, উচ্চলর্শের মানুনের শিশুন জানোন চার মাস পর্যন্ত পৃথকভাবে থাকতেন। চার মাস প্র মাতা প্রস্তমে সুর্যোদ্য দর্শন করন্তেন পরবর্তীকালে উচ্চকর্পের লোকেরা, যখা ব্রাক্ষণ, ক্ষত্রিয় ও বৈশরো এই পথাটিকে সংক্ষিপ্ত করে একশ দিন এবং শৃহদের জন্য ত্রিশ দিন করা হয়। কঠাভজা ও সতীয়। সম্প্রদারে। সংকীর্তন সহকারে হরিন্ট দিলে যাত। ও শিভ ওংক্ষণ হ পরিত্র হরে যায়। পৃত্রসহ শচীদেনী ও জগরাথ মিশ্রকে সীতা উকুবাণী সম্মান পুদর্শন করেছিলেন তেমনই সীতা ঠাওবাদী যদন গুৱে ফিরে যাঞ্চিনেন, ভবন শচীনেনী ৪ জগরাথ মিল্র ঠার পূজা করেছিলেল । বঙ্গের সম্ভ্রান্ত পরিবারের সেটিই ছিল প্রথা। (関本 フンタ

পুত্ৰ পাঞা দক্ষীনাথ. ঐছে শচীজগন্তাথ, পূর্ণ ইইল সকল বাঞ্জিত। থন খান্যে ভরে ঘর. লোকমান্য কলেবর, দিনে দিনে হয় আনন্দিত ॥ ১১৯ ॥

বভাবেই লক্ষ্মীপতি নারায়ণকে ঠানের প্ররূপে পেরে লচীমাভা ও জগরার মিবের সমস্ত মনোবাঞ্চা পূর্ব হল। উচ্চের গৃহ সর্বদা ধন-ধানো পূর্ব থাকড। সকলের পূজা ঐতিভাগ মহাপ্রভাকে দিনে দিনে বর্ধিত হতে দেখে তাঁদের আনন্দও বর্ধিত হতে লাগল।

প্রীচিওনা মহাপ্রভ হচ্ছেন পরফোর ভগবান, তাই সকলেই তাঁকে সন্মান প্রদর্শন করও এখন কি স্বর্গের দেবতারা পর্যন্ত সাধারণ মানুহের বেশে সেখানে এসে, তাঁকে প্রদা নিবেদন করতেন। জনপ্রাথ মিত্র ও শ্রুটানেরী তাঁনের অপ্রাঞ্চ পুরের সম্মান দর্শন করে অন্তরে মতার প্রীত হয়েছিলেন।

の関本 りぐっ

खकच्ची, ७६, माख, মিশ্ৰ—বৈষ্ণৰ, শান্ত, ধনভোগে নাহি অভিমান । পুৱের প্রভাবে খত, খন আসি' মিলে ডত, বিশৃতীতে দিজে দেন দান ম ১২০ ম

ক্ৰোকাৰ্ঘ

স্কপন্নাথ মিল্র ছিলেন একজন আদর্শ বৈকাব। তিনি ছিলেন শাস্ত্র, সংযক্ত, গুদ্ধ ও দায় ভাই অভ ঐশর্থ ভোগ করার কোন বাসনা তাঁর ছিল না. তাঁর অপ্রাকৃত পুত্রের প্রভাবে যা কিছু মন-সম্পদ আসত, তা সর্বই তিনি শ্রীবিশ্বর সন্তুষ্টি বিধানের জনা ব্রাহ্মপদের प्रान्त कंत्ररहरू।

(副本 252)

নীলাম্বর চক্রম্বর্তী. লগ্ন গণি' হর্ষমন্তি, **उट्ड किছू करिल मिट्या**द । মহাপক্ষের চিহ্ন, লগ্নে অঙ্গে ভিন্ন ভিন্ন, দেখি. –এই ভারিবে সংসারে 🛚 ১২১ 🖁

(別年 240)

শ্রোকার্থ

গ্রীচৈতন্য মহাপ্রস্কুর জন্মনায় বিচার করে নীলাস্বর চক্রুবর্তী গোপনে জগলার মিশ্রকে বললেন যে, শিশুটির জন্মলয়ে ও দেহে মহাপুরুবের সমস্ত লক্ষণগুলি দেখা যাকে। ভাই তিনি বুঝাতে পেরেছিলেন যে, ভবিষাতে এই শিশুটি ব্রুগৎ উদ্ধার করবে।

শ্রোক ১২২

ঐত্তে প্রভু শচী-যরে,

ৰূপায় কৈল অবভারে,

যেই ইহা করয়ে প্রবণ।

গৌরপ্রভু দরাময়,

তারে হয়েন সদয়,

সেই পার ভাঁহার চরণ ॥ ১২২ ॥

য়োকার্থ

এডাবেই শ্রীটেডন্য মহাপ্রভু জার অহৈতৃকী কুপার প্রভাবে শ্রীদেবীর পুতে আবির্ভৃত হমেছিলেন। যিনি তাঁর এই জন্মলীলা প্রবণ করেন, তাঁর প্রতি নরামর গৌরপ্রভূ অভার সদয় হন এবং সেই ব্যক্তি তার শ্রীচরণে আশ্রর লাভ করেন।

প্ৰোক ১২৩

পাইয়া মানুৰ জন্ম, যে না ওনে গৌরওণ, হেন জন্ম ভার কর্থ হৈল।

পাইয়া অমৃতধুনী, পিয়ে বিষণর্ক-পানি,

জন্মিয়া সে কেনে নাহি মৈল । ১২৩ ॥

গ্রোকার্থ

মনুহাজ্য পাওয়া সত্ত্বেও যে প্রীতৈতন্য মহাপ্রভুর প্রদর্শিত পদ্ধা অবলয়ন না করে, তার জাশু বার্থ হয়। অসুতথুনী হল্পে ভগবঞ্জতির অমৃতধারা। মনুধ্যক্তর পাওরা সংস্কৃত সেঁই অমৃত পাম মা করে জড় সুধরূপ বিখার্ডের রুক যে পান করে, ভার পকে বেঁটে থেকে কোন লাভ নেই, বরং তার জন্য মরাই ভাল।

এই সম্পর্কে শ্রীমৎ প্রবোধানন সরবর্তী তার হৈতন্য-চন্দ্রামূতে (৩৭, ৩৬, ৩৪) নিম্নলিকিত মোণগুলি রচনা করেছেন—

> षारेठजनामिमः विश्वर यमि रेठजनामीश्वतम । म विष्: मर्वमाञ्चला शृषि वागावि एव बनाः १

"এই জড জগৎ অট্রেওন্যময় শ্রীটিতন্য মহাপ্রভু হচ্ছেন কৃষ্ণভাবনাস্তের মূর্ত বিগ্রহ। ডাই শাস্ত্রজ্ঞ পণ্ডিত অধবা বৈজ্ঞানিক যদি শ্রীচৈতন্য মহাপ্রভুকে বুখতে না পারে, ডা হলে অবশাই সে অথহীনভাবে এই স্বৰ্গতে ঘূৱে বেড়াছে।"

প্রদারিত-মহাপ্রেমণীয়ম্বস-সাগরে । किञ्चारुख श्रकार या मीता मीन वर मा ह

"ব্রীটোডন। মহাপ্রভুর প্রকাশের ফলে যে মহা প্রেমামূত রস দাগরের প্রদার হয়েছে, চাতে বে নিমন্দ্রিত হল না, সে অবশ্যই দীনতম থেকেও দীনতর "

> यावटीएर्थ भौतहस्य विजीर्प स्थममाग्रह । **मृ**शकानिङ इस्ट्रीस्य का मीता मीन कर मह 1

"শ্রীচৈতনা মহাপ্রভুর অবতরণ ঠিক ভগবং-প্রেমামূতের সাগরের মূড়ো সেই সাগর থেকে সুলাবান মণিরত্ব যিনি সংগ্রহ করেন না, তিনি অবশাই দীন থেকেও দীনতর " তেমনই, শ্রীমন্তাপবতে (২/৩/১৯, ২০, ২৩) বর্ণনা করা হয়েছে—

> चविज्ञात्राहिग्देश मरक्टः मृत्यः म्७१ । न यरकर्पभएषारभएन काळू नाम गमाधकः ॥

विश्न वरणाककभविक्रमान रव न भृष्ठः कर्षभृत्वे नतम्। विद्यामणी भागीतिकव मुख

न कालवाग्रङ्गतःचाश्चवाश्वः ॥

कीवश्वरवा छात्रवटाचित्वपृश न काजू भटकाश्रिमद्युव ग्रह ।

श्रीविकाशभा। यन्यक्रमाः।

भगश्रुता यस म दवन भक्तम व

"কৃষ্যভাবনা-বিহীন কোন ব্যক্তি ভথাক্ষিত খানব-সমালে মহান ব্যক্তি বলে গণ্য হতে পারে, কিন্তু প্রকৃতপক্ষে সে একটি বড় পশুর বেকে মঙ্গলকর নয় এই ধরনের বড় পণ্ডরা সাধারণত কুকুর, শুকর, উটি ও গাখাদের দারা পুরিত হয় । যে মানুর তার প্রবর্গ ইন্দ্রিয়ের দাবা গরমেশ্বর ভগরানের মহিমা শ্রবণ করে না, বৃষ্ণতে হবে যে, ভার কর্ণরন্ধা-পুটি মাঠের মধ্যে দুটি নর্তের মতো। ভার জিছা ঠিক ব্যাঙ্কের জিছার মতো, যা অর্থহীন কোলাহেল সৃষ্টি করে মৃত্যুক্তলী সর্গকে নিমন্ত্রণ করে ডেকে আনে। তেমনই, যে মানুষ মহাভাগবতের চরপরেণু প্রহণ করে না এবং ভগবানের চরণে অর্লিত ওলসীদলের প্রাণ প্রহণ করে না, সে জীবিত অবস্থায়ও মৃত।"

एक्स्ट्रे, *वीमद्वाधवर*ल (५०/५/४) वर्षना कता इसाहि—

निवस्टिर्वक्रभंगीयमानाम **छर्तीववारकाक्रमता**श्चितापार । क উत्तरहाक्ष्यानवारार भूमान विज्ञास्य विना भ्रश्नार ॥ "পশ্রদাতী বা আধাঘাতী ছাড়া কে পরমেশ্বর ভগবানের মহিমা শ্রবণ করবে নাং জড় জগতের কলুয় থেকে মৃদ্ধ পৃষ্ঠধেরা ভগবানের এই মহিমা-কীওঁন শ্রবণ করে আনন্দিড হন "

তেমনই, শ্রীমন্ত্রাগনতে (৩/২৩/৫৬) বর্ণনা করা হয়েছে, ন জীর্থপদসেবারৈ জীবারণি মৃত্যে হি সঃ— 'লেউ যদি মহাভাগবঙের শ্রীপাদপরের সেবা না করে, তা হবে আপাতদৃষ্টিতে তাকে জীবিত বলে মধে ২লেও বুখতে হবে যে, সে মৃত।"

(創本 > 48

শ্রীকৈতন্য-নিত্যানন্দ,

আচার্য অবৈতচন্ত্র,

ञ्चलभ-क्रभ-क्रप्रनाथमाम ।

ইবা-সবার শ্রীচরণ,

भिरत विभ निक्रथन.

জন্মলীকা গাইল কৃষ্ণনাস ॥ ১২৪ ॥

শ্লোকার্থ

আমান নিজধন শ্রীরৈতন্য মহাপ্রভু, নিত্যানন্দ প্রভু, আচার্য অন্ধৈতচন্দ্র, বরূপ নামোলন, মপ গোহামী এবং রযুমাথ নাম গোষোমীর শ্রীপাদপল আমান মন্তকে খারণ করে, আমি কৃষ্ণদাস কবিরান্ত গোষামী শ্রীচৈতন্য মহাপ্রভুর জন্মস্টালা বর্ণনা করলাম।

ভাৎপর্য

বৃষ্যানাস কৰিবান্ধ লোখামী শ্রীচৈতন্য মহাপ্রত্যু, নিজানন্দ গ্রন্থ, অবৈত গ্রন্থ, থকপ শানোধৰ, লগ গোখামী এখা গোখামী এখা গাঁদের সমস্ত অনুগামীদের দ্বীকার করেছে।।
বিনি প্রীল কৃষ্যান্যস ধাবিরাজ গোখামীর পদান্ধ অনুসরণ করেন, তিনি ভগবান এবং
উপরোক্ত ভগবস্থাকেরের শ্রীপাদপদ্ধকে তাঁব নিজ ধন বদে মনে করেন। জড় বিষয়াসক্র
মানুখনের জড় ধনসম্পদ ও প্রশ্নে সবই মান্নিল। প্রকৃতপক্ষে তা সম্পদ নয়, তা হছে
বন্ধন, কেন না জড় জগৎকে ভোগ করারে গিয়ে বন্ধ প্রীব গভীর দেকে গভীরতর ভাবে
কর্মবন্ধনে আবন্ধ হয়ে পড়ে। দুর্ভাগ্যবদক, বন্ধ প্রীব গভীর ঘেনে করে এবং সে এই
ধরনের সম্পত্তি সংগ্রহে অভান্ত ব্যয়া কিন্ধ ভক্ত এই ধরনের সম্পত্তিকে প্রকৃত সম্পত্তি
বলে মনে না করে, এগুলিকে কেবল কড় প্রগতের বন্ধন বলে মনে করেন। শ্রীকৃষ্ণ
যানা কান ভক্তের প্রতি অভান্ত প্রসন্ন হন, ওন্ধা তিনি তাঁর সমস্ত জড় সম্পদ হরণ
করে নেন যে কথা প্রীমন্ত্রাগ্রন্তে (১০/৮৮/৮) শ্রীকৃক্ত ব্যক্তেন, যানাহ্যনুগ্রন্থারি হবিষো
ভন্ধনাং শনৈঃ— "ভাষার ভক্তকে আমান বিশেষ অনুগ্রহ প্রশান করে থানি ভার সমস্ত
জড় সম্পদ হরণ করে নিই।" তেমনই, শ্রীকা মরোন্তম দাস উন্কৃত্ত গোয়েকে—

दम মোর निजानन, उत्पादक शैठनन, সেই মোর প্রাণক। "আমান প্রকৃত সম্পদ হছেনে নিজানন্দ প্রভু এবং শ্রীশ্রীবাধ্য-কৃষ্ণের শ্রীন্তরণ " তিনি ভার প্রার্থনার আবন্ধ বলেছেন, "হে ওগবান। দরা করে তৃমি আমাকে এই সম্পদ দান করে, ভোমার শ্রীপাদপথারূপ সম্পদ প্রভা আমি যেন আর কিছু না চাই " শ্রীল নরোন্তম দাস ঠাকুন অনেক প্রায়গার পেরেছেন যে, তার প্রকৃত সম্পদ হছে শ্রীশীরাধা কৃষ্ণের শ্রীপাদপর। দুর্ভাগাবশত, আমরা অনিতা সম্পদের প্রতি আকৃষ্ট এবং তাই প্রকৃত সম্পদকে অবংশো করছি (অবনে বতন করি' কর তেয়াগিনু)।

্যার্ডরা কর্মনত ক্রমন্ত বধুনাথ দাস গোস্বামীকে শূদ্র বলে মনে করে। কিন্তু শ্রীক কৃষকাস করিবান্ত গোস্বামী বিশেষভাবে উল্লেখ করেছেন স্বরূপ রাপ-রন্থনাথদাস। তাই যিনি বধুনাথ থাসের অপ্রাকৃত শ্রীপাদপথ সব বর্জম সমাজ ব্যবস্থার অতীত বলে জানেন, তিনিই প্রকৃত চিয়ার আনশের বন উপজোল করেন।

हें ि—'श्रीरेठकना यहाश्रभुत अधानीमा' वर्गना करत श्रीरेठकना-ठतिलाग्रस्त्र व्यक्तिमातः अस्यापन भविस्त्रसम्बद्धाना स्रक्तिस्त्रमानु स्वरूपि नयानु ।

চতুর্দশ পরিচ্ছেদ

শ্রীচৈতন্য মহাপ্রভুর বাল্যলীলা

শ্রীন ভর্তিনিন্দে ঠাকুর তার অমৃতপ্রবাহ ভাষো এই পরিছেনের সংক্ষিপ্রসার বর্ণনা করে পিবছেন "শ্রীচেতনা-গরিতামূতের এই চতুর্দল পরিছেদে বর্ণনা করা হয়েছে, কিভাবে শ্রীচৈতনা মহাগ্রন্থ হামাওড়ি দিয়ে, ক্রন্থন করে, মাটি বেয়ে, তার মাকে বৃদ্ধি দিয়ে, অতিথি রাজনকে কুলা করে, দুটি চোরের ছক্তে আরোহণ করে এবং তাদের পথ ভূলিয়ে আবার তার নিজের বাড়ির সামনে নিয়ে এসে এবং রোগের ছলে একাদেশীর দিনে হিরণা ও জগনীলের নির্বাহিত বিষয়নৈবের গ্রহণ করে তার বালালীলা বিসাস করেছিলেন এই পনিছেদে আরাও বর্ণনা করা হয়েছে, কিভাবে তিনি এক দুরত্ত বালকরালে লীলাবিলাস করেছিলেন, কিভাবে ঠার মা মুর্ছা গোলে তিনি তার মাথায় করে তার্কে নারকেল এনে দিয়েছিলেন কিভাবে তিনি গঙ্গার সিনে সমবয়সী বাদিকাদের সদ্ধে পরিহাস করেছিলেন, কিভাবে তিনি তীয়াতী পান্দীদেবীর নৈবেল গ্রহণ করেছিলেন, কিভাবে তিনি উল্লিষ্ট ফেলার হানে বনে তার মাকে দিনাজান উপদেশ দিয়েছিলেন, কিভাবে তিনি উল্লিষ্ট ফেলার হানে বনে তার মাকে দিনাজান উপদেশ দিয়েছিলেন, কিভাবে মারের আনেশে তিনি সেই এওড়ি স্থান পরিত্যাগ করেছিলেন এবং কিভাবে শ্রন্থা সহকারে তার নিজ্যার সঙ্গে আচরণ করেছিলেন।"

গ্ৰোক ১

কথখন স্থাত বস্থিন সৃদ্ধরং স্করং ভবেং। বিস্মৃতে বিপরীতং স্যাৎ প্রীচৈতনাং নমামি তম্ ॥ ১ ॥

কথজন—কোন না কোনতাবে, স্মৃত্তে—শারণ করার ফলে যদ্মিন্—খাঁকে, দুন্ধরম্—
দুন্ধর, সুকরম্—সহজসাধা, ভবেৎ—হার, বিশ্বতি—ভাঁকে ভূলে গেলে: বিপরীতম্—
বিপরীত- স্যাৎ—হার, প্রীটৈতন্যন্—প্রীটিতনা মহাপ্রস্থাকে, নমামি—আমি আমাব সম্রাজ্ব
প্রথতি নিবেদন করি, তম্—ভাঁকে।

व्यनुवाम

যাঁকে কোন না কোনভাবে শারণ করলে অভ্যন্ত কঠিন কাজও সহস্কসাধ্য ইয় এবং মাঁকে ভূলে গোলে ঠিক ভার উল্টো হয়, অর্থাৎ অভ্যন্ত সহজ কাজও দুঃসাধ্য হয়ে ওঠে, সেই প্রীচৈডন্য মহাপ্রভূতে আমি আমার সম্রন্ধ প্রগতি নিবেদন করি

ভাৎপর্ছ

শ্রীটোতনা-চরিতায়ত প্রয়ে শ্রীল প্রবোষদেন সরস্বতী ধলেছেন, "ওগবানের অতি আর কুপা লাভ করলেও জীব এত উচ্চেপ্তরে অধিষ্ঠিত হন যে, তখন তিনি জ্ঞানীদের বহু আরাজিত মুক্তিরত পরোরা করেন না। তেমনই, শ্রীটৈতন্য মহাপ্রভূব ভক্ত স্বর্গ লাভকেও নিতান্ত ভুক্ত ধলে মনে করেন। তিনি সব রকমের যোগমিন্ধিকে হেলা ভবে পরিত্যাগ করেন, কেন না ওঁপ্র ইপ্রিয়ন্তলি বিশ্বদাঁও ভাষা সংপ্রে মতো।" বিশ্বদাঁত আছে বলে সাপ অভান্ত ভীতিজনক ও ভয়ংকর কিন্তু ভার বিশ্বদাঁত যদি তেঙ্কে দেওৱা হয়, তা হলে আর কোন ভয় থাকে না। যোগের উদ্দেশ্য হচ্ছে ইন্দ্রিয়ন্তলিকে বশীভূত করা, কেন না ইন্দ্রিয়ন্তলি বিশ্বদা সর্পের মতো ভয়ংকর। কিন্তু মিনি প্রমেশ্বর ভগবানের সেবায় যুক্ত হয়েছেন, ভার ইন্দ্রিয়ন্তল সর্পের বিশ্বদাঁতগুলি ভেশে গেছে সেটিই হচ্ছে শ্রীট্রতন্য মহাশ্রভুর কুলা

হবিভক্তিবিলাস প্রস্তেও বর্ণনা করা হয়েছে যে, প্রীচৈতনা মহাপ্রভুকে স্থরণ করার ফলে অত্যন্ত কঠিন বিষয়ও সহজ্ঞবোধা হয়, কিন্তু প্রীচিতনা মহাপ্রভুকে বিশ্বত হলে অত্যন্ত সহজ্ঞবোধা বিষয়ও দুর্বোধা হয়ে ওঠে। এই উক্তির সত্যন্তা আমরা উপলক্তি করি যক্ষ্য দেখি যে, তথাকথিত সমস্ত বড় বড় বৈজ্ঞানিকেরা, যারা জনসাধারণের চোণে অত্যন্ত মহান, তারা বুঝতে পারে না যে, জীবন আমে জীবন থেকে। কারণ, তারা প্রীচৈতনা মহাপ্রভুর করুণা থেকে বক্ষিত হয়েছে তারা প্রচার করতে চায় যে, জড় পদার্থ থেকে জীবনের উদ্ভব হয়েছে, যদিও তালের সেই অনুমান তারা শত চেন্টা করেও প্রমাণ করতে পারে না আধুনিক সভাতা ভাই প্রস্তে বৈজ্ঞানিক মতবাদের ভিত্তিও এগিয়ে চলেছে। তার ফলে কেবল সমস্যানাই সৃষ্টি হজে, যা তথাকথিত বৈজ্ঞানিকেরা সনাধান করতে পারে না

গ্রীটেডনা চরিতামৃতের গ্রন্থকার শ্রীচৈডনা মহাপ্রপুর শরণাগত হয়েছেন খাতে তিনি ডীম মালালীলা বর্ণনা করতে পারেন কেন না অনুমান করে অথবা করনা করে এই ধরনের অপ্রাকৃত সাহিত্য রচনা করা যায় না। ফিনি পরমেশ্বর ভগবানের সথকে কেনেন, তিনি অবশাই ভগবানের বিশেষ কৃপা লাভ করেছেন। কেন্দ্রপ বইপড়া বিদ্যা দিয়ে এই ধরনের গ্রন্থ করনা করা সন্তব নয়।

গ্ৰোক ২

জন জন শ্রীতৈতন্য, জন নিত্যানন্দ । জয়াবৈতচন্দ্র, জয় গৌরভগুন্দ ॥ ২ ॥

নোকার্থ

প্রীতৈতন্য মহাপ্রভুর স্থায়, শ্রীময়িত্যানন্দ প্রভুর ক্ষয়, শ্রীমাইডে আচার্য প্রভুর ক্ষয় এবং শ্রীতৈতন্য মহাপ্রভুর সমস্ত ভড়ব্যুদের ক্ষয় !

হোক ৩

প্রভূব কহিল এই জন্মলীলা-সূত্র । যশোদা-কদন যৈছে হৈল শচীপুত্র ॥ ७ ॥

শ্লোকার্থ

যশোদানন্দন শ্রীকৃষ্ণ যেতাবে শচীয়াতার শুক্তরণে আবির্ভূত হলেন, তার এই স্কপ্পলীলা আমি সূত্রের আকারে বর্ণনা করলাম।

ভাৎপর্য

শ্রীল নরোন্তন দাস ঠাকুর এই বর্ণনা শ্রতিপর করে ধলেছেন থে, এখন যশ্যেদানন্দন শ্রীকৃষ্ণ শ্রীফডার পুত্র শ্রীচৈতন্য মহাপ্রভুক্তপে আবির্ভূত হয়েছেন—

उरक्खनम्म (पर्ने,

नहीम्क देख भारे.

क्तवाय हरेल मिठारे ।

শচীমাতার পুত্র নিমাই হচ্ছেন নন্দ মহারাজ ও যশোদা মায়ের পুত্র শ্রীকৃষ্ণ, আর নিত্যানন্দ প্রস্তু হচ্ছেন বলরাম।"

হোক ৪

সংক্ষেপে কহিল জন্মণীলা-অনুক্রম । এবে কহি বাল্যলীলা-সূত্রের গণন । ৪ ॥

রোকার্থ

আমি রুম অনুসারে সংক্ষেপে রুফুলীলা বর্ণনা করেছি এখন আমি সূত্রের আকারে । উরে বলোনীলা বর্ণনা করব।

ক্লোক ৫

বন্ধে চৈতন্যকৃষ্ণন্য বাদ্যলীলাং মনোহরাম্ ৷ লৌকিকীমপি ভামীশ-চেষ্ট্রয়া বলিভান্তরাম ৷৷ ৫ ৷৷

ৰুদ্ধে—আমি কলনা করি, কৈছলা-কৃষ্ণস্যা—খিনি হচ্ছেন স্বয়ং শ্রীকৃষ্ণ, সেই শ্রীক্তিখনা মহাপ্রভুব, ব্যানা-লীলাম্—বালালীলা, মনোহরাম্—খা অভাও মনোমুধ্বনর, লৌকিনীম্—গা সাধারণ বলে মনে হয়, অপি—ফদিও, তাম্—সেগ্রনি, ঈশ-চেইয়া—পরমেশ্বর ভাগানের ইচ্ছার দ্বারা, বঙ্গিত-অন্তর্নম—ভিয়ারশে প্রতিভাত হলেও যথার্থভাবে উপযুক্ত

वनुका

আমি ঐতিভল্য-কৃষ্ণের মনোমুদ্ধের বাল্যলীলা কমনা করি মদিও এই সমস্ত লীলাবিলাস একল্পন সাধারণ শিশুর কার্যকলাপের মধ্যে প্রতিভাত হয়, তবুও বৃথতে হবে বে, মেশুলি হচ্ছে পর্যেশ্য ভগ্যানের অলৌকিক লীলাবিলাস।

ভাৎপর্য

এই সম্পর্কে ভগবদ্গী*আয়* (১/১১) বলা হয়েছে---

व्यवज्ञानति यार मृणं यानृतीर छन्याधिकम् । भारः कारमकानत्त्व यम कृष्टमदश्चरम् ॥

"আমি যখন মনুষ্যরূপে অবতরণ করি, তখন মূর্বরা আমাকে অবজ্ঞা করে সব কিছুর প্রথম শিশুররূপে আমার পরম ভাব তাবা জানে না " পরমেশ্বর ভগবান এই পৃথিবীতে

লোক ১২]

অথবা এই ব্রহ্মাণ্ডে তাঁর লীলানিনাস করার জনা একজন সাধারণ মানুদের মতো বা একটি মানমন্তির মতো নিজেকে প্রকাশ করেন, কিন্তু তবুও তিনি তাঁর পন্য ঈশ্বরত্ব বজার রাখেন। ত্রীকৃষ্ণ একটি সাধারণ মানবন্তিও মতো আবির্ভূত হয়েছিলেন, কিন্তু একটি শিশুরূপেও তাঁর কর্মেকজাপ ছিল অলৌকিক। পুতনা রাক্ষ্মীকে বম করা অধাবা শিবি গোবর্ধন ধারণ করা সাধারণ শিশুর পক্ষে সন্তব নর। তেমনই, ত্রীভৈতন্য মহাপ্রভূত একজন সাধারণ মানবশিশুর মতো তাঁব বাল্যনীলা বিলাস করলেও, সেই ধরনের ক্যাকিলাপ সম্পাদন করা কোন মানব-শিশুর পক্ষে সন্তব নর। সেই কথা এই অধ্যাত্যে ধর্ণিত হয়েছে।

গোক ৬

বাল্যপীলার আবে প্রভুর উত্তান শরন। পিতা-মাতার দেখবিল চিক্ত চরণ ॥ ও ॥

सोकार्थ

ডার প্রথম বাল্যলীলায় ভগবান মখন বিহানায় গ্রহে উপুত্ হওরার লীলা করেছিলেন, ডখন সেই লীলার হলে তিনি তার পিতা-মাতাকে তার চরগঠিক প্রদর্শন করেছিলেন।

তাৎপর্য

উতাল শব্দে 'চিব হয়ে ওয়ে থাকাকে ব্যেকায় অথবা উপুড় হয়ে শোওয়াকে বোকায়।' কোথাও কোথাও উপাল শক্ষটি বাবহার করা হয়েছে, যার অর্থ হয়ে 'উঠে দাঁড়ানো'। ওার বাবালীলায় ভগবান দেয়াল ধরে উঠে দাঁড়াতে চেটা করতেন। কিন্তু একটি সাধানৰ শিশু যেমন সেই চেটা করতে গিয়ে পড়ে যায়। তেমনই ভগবানও পড়ে যেতেন এবং পড়ে গিয়ে প্রায় থাকান্তেন

শ্লোক ৭ গৃহে দুই জন দেখি লঘুপদ-চিহ্ন।

তাহে শোভে ধ্বজ, বজ্ঞ, শব্ধ, চক্র, মীন ॥ ৭ ॥

শ্লোকার্থ

ভাগবানের শৈশব লীলায় কখনও কখনও তাঁদের মরে তাঁরা জীবিষ্ণুর চরণের শব্জ, বন্ধু, চক্রু ও মীন সমন্বিত ছোট ছোট পায়ের ছাপ দেখতে পেতেন।

গ্ৰোক ৮

দেখিয়া দোঁহার চিত্তে জক্ষিন বিশায় । কার পদচিক্ত ঘরে, না পায় নিশ্চয় ॥ ৮ ॥

হোকার্থ

সেওলি কার পায়ের দ্বাপ এই কথা জারা বুখতে পার্জেন না। তার ফলে অভ্যন্ত বিশ্বয়াত্বিত হয়ে, কিভাবে এই পায়ের দ্বাপ তাঁদের ঘরে এল, তা তাঁরা ভাষতে লাসলেন। শ্লোক ৯

মিত্র কহে,—বালগোপাল আছে শিলা-সঙ্গে । তেঁহো মূর্তি হুএর হরে খেলে, জানি, রঙ্গে ॥ ৯ ॥

শ্লোকার্থ

জগমাথ মিশ্র বললেন, "লাকগ্রাম লিলার সঙ্গে বালগোপাল রয়েছেন। তিনি নিশ্চমই মূর্ত হরে মরে শেলা করেছেন।"

ভাৎপর্য

শালপ্রাম শিলা অথবা কঠি, গাধর, ধাতু কিংবা যে কোন বস্তু দিয়ে তৈরি ভগবানের শ্রীবিশ্রহকে পরমেশ্বর জগবান থেকে অভিন্ন বলে জানতে হবে বৃদ্ধি দিয়ে বিচার করেও আমরা বৃশ্বতে পারি যে, সমস্ত জড় উপাদানগুলি হচ্ছে জগবানেরই শক্তির প্রকাশ, বেহেতু ভগবানের শক্তি ও জগবান স্বয়ং অভিন্ন তাই ভগবান সর্বদাই তার শক্তিতে বিনাজনান, এবে ভক্তের বিশেষ বাসনার ফলে জগবান নিজেকে প্রকাশিও করেন তগবান মেহেতু সর্ব শক্তিমান, ভাই তিনি কর শক্তিতে নিজেকে প্রকাশ করতে পারেম। শ্রীবিগ্রহের পূলা অপবা শালগ্রাম শিলাব পূজা মৃতিপুলা না। গুড় স্তক্তের গৃহে ভগবানের শ্রীবিগ্রহ স্বয়ং ভগবানের মতেইই জাচরণ করে প্রাক্তেন

শ্লোক ১০

সেই ক্ষণে জাগি নিগতি করয়ে ব্রুপন ! অতে লংগা শচী ভারে পিয়াইল তান ॥ ১০ ॥

লোকার্থ

শচীমাতা আর জনপ্রথ মিশ্র ধর্মন বিশ্বিত হয়ে নিজেনের মধ্যে জালোচনা করছিলেন, তথ্য শিশু নিমাই জেগে উঠে কাঁদতে শুরু করেন, স্বাই শচীমাতা থাকে কোলে নিয়ে তুল পান করান।

(利4 2)

ন্তন পিয়াইতে পূত্রের চরপ দেখিল। সেই চিহ্ন পারে দেখি' মিল্লে বোলাইল ॥ ১১ ॥

শ্লোকার্থ

শচীমাতা যবন শিওটিকে স্থান করাছিলেন, ডখন তিনি তার পুরের চরণে সেই সমস্ত চিহ্নওলি দেখতে পেলেন এবং জগনাথ মিশ্রকে ডেকে সেই চিহ্নওলি দেখালেন।

গ্ৰোক ১২

দেখিয়া মিশ্রের হুইল আনন্দিত মতি। গুপ্তে বোলাইল নীলাম্বর চক্রবর্তী ম ১২ ॥

(制体 21年)

শ্ৰোকাৰ্থ

ভার পুরের পারে সেই চিহ্নওলি দর্শন করে জগল্প থিকা অভ্যন্ত জ্বানন্দিত হলেন এবং গোপনে নীলাম্বর চক্রেবতীকে ভাকলেন।

শ্লোক ১৩

চিহ্ন দেখি' চক্রবর্তী বলেন হাসিয়া। লয় গণি' পূর্বে আমি রাখিয়াছি লিখিয়া ॥ ১৩ ॥

হৌকার্থ

সেঁই চিহ্নগুলি দেখে মৃদু হেনে নীলাম্বর চক্রনতী বললেন, "লগ্ন গদনা করে পূর্বেই আমি সব লিখে রেখেছি।

(利本)8

বিক্রিশ লক্ষণ—মহাপুরুষ-ফুরণ। এই শিশু অনুস দেখি সে সব লক্ষণ । ১৪ ।

গোলার্থ

"মহাপুরুষের আলে বক্তিশটি লক্ষণ দেখতে পাওয়া বায় এবং এই শিশুটির অক্ষেও আমি সেই সৰ কয়টি লক্ষণ দেখতে পাছি।

८शक ३४

পঞ্চনীর্যঃ পঞ্চসৃক্ষঃ সপ্তরক্তঃ ষতুরতঃ । ত্রিহুস্ব-পৃথু-গন্তীরো হাত্রিশেক্লফণো মহান্ ॥ ১৫ ॥

পঞ্চ দীর্ঘঃ—পাঁচটি দীর্ঘ, পক্ষ সৃক্ষ্মঃ—পাঁচটি সৃক্ষ্ম, সপ্তান্তক্তঃ—সাতটি বক্তবর্গ, বট্ট-উরতঃ —ছয়টি উরত ক্রিকুছ—ডিনটি ছেটি, শৃথু—ডিনটি প্রশুর, বস্তীরঃ —ডিনটি গরীর, দ্বা-ক্রিশেৎ—এডাবেই বর্জিশটি, লক্ষণঃ—লক্ষণ, মহান্ত্ মহাপ্রবের।

অনুবাদ

" মহাপুরুবের অঙ্গে বৃদ্ধিনাটি সক্ষদ দেখা যায়, দেওলি হক্ষে—ভার পেহের পাঁচটি অঙ্গ দীর্ঘ পাঁচটি সূজ্ব, সাডটি রক্তবর্ণ, ছয়টি উন্নত, তিনটি হ্রস্ব, তিনটি প্রশস্ত এবং তিনটি গলীর '

ভাৎপর্য

মহাপুরানের (৮০২৭ পাঁচটি দীর্ঘ অল হচ্ছে নাসিকা, বাহ, চিবুক, চকু ও হাঁটু . পাঁচটি সৃষ্ট্র অল হচেহ ত্বক, অঙ্গুলিপর্ব, দীতা, লোম ও চুপ। সাতটি বক্তিম অল হচ্ছে চঞ্চু, পায়ের তালু হাতের তালু, নব, অধর ও ওষ্ঠ, হুমটি উন্নত অল হচেহ বুক, ওঁমা, নব, নাক, কোমৰ ও মুখ। তিনটি হ্রস্থ অল হচেহ গলা, উক্ত ও উপস্থ। তিনটি প্রশস্ত অল হছে কোমন, লগাট ও কম। তিনটি গঞ্জীর অঙ্গ হছে নাডি, কণ্ঠখন ও সন্তা। এওলি হছে মহাপুক্তমেন বভ্রিশটি গঞ্জন। সামুক্তিক শাস্ত্র থেকে এর উল্লেখ করা হয়েছে

(割本) 5

নারায়ণের চিহ্নযুক্ত শ্রীহন্ত চরণ। এই শিশু সর্ব লোকে করিবে ভারণ য় ১৬ য় POO

শ্ৰোকাৰ্য

"এই লিওটির ঞ্চিত্ত ও চরণে নারায়ণের চিত্তসমূহ রয়েছে। এই লিওটি সমস্ত জগৎ উদ্ধার করবে।

গ্লোক ১৭

এই ড' করিবে বৈষ্ণব-ধর্মের প্রচার । ইহা হৈতে হবে দুই কুলের নিস্তার র ১৭ ॥

প্লোকার্থ

"এই লিণ্ডটি বৈকৰণৰ প্ৰচার করৰে এবং তাঁর পিড়কুল ও মাড়কুল উদ্ধার করবে

ভাৎপর্য

স্বাং নারায়ণ অথবা ঠার উপযুক্ত প্রতিনিধি ছাড়া কেউই বৈধন্ধধর্ম বা ওগরস্কৃতি প্রচার করতে পারে না। যখন কোন বৈধ্যবের স্কায় হয়, তখন তিনি তাঁর পিতৃকুল ও মাতৃকুল উদ্ধার করেন।

প্রোক ১৮

মহোৎসৰ কর, সব বোলাহ বাহ্মণ ৷ আজি দিন ভাল,—কবিৰ নামকরণ ৷৷ ১৮ ৷৷

নোকার্থ

"মহোৎসবের আয়োজন কর এবং ব্রাক্ষণসের নিমন্ত্রণ কর আজ আমি এর নামকরণ করব, কেন না আজকের দিনটি অত্যন্ত ৩৩:

তাৎপর্য

বৈদিক প্রস্থা হচ্ছে নারায়ণ ও প্রাক্ষণকে কেন্দ্র করে উৎসব করা। শিশুর নামকরণ দশবিধ সংস্কারের একটি সংস্থার এবং সেদিন নারায়ণের পূজা করে ও প্রসাদ বিতরণ করে, বিশেষ করে প্রাক্ষাবদের নিয়ে উৎসব পালন করা হয়।

ধন্দন নীলাম্বৰ চক্ৰবতী, শচীমাতা ও জগল্লাগ মিশ্ৰ মহাপ্ৰাত্তৰ পাণ্ডেৰ চিহ্নগুলি চিনতে পান্তলেন, তখন ভাষা বৃষ্ণতে পেরেছিলেন যে, শিশু নিমাই কোন সাধাৰণ শিশু নয়, তিনি হক্ষেন নানায়ণেশ অবতান। অভএব ভাঙা স্থিম করেছিলেন যে, সেই শুভ দিনটিতে bra8

ল্লেক ২১]

তারা তার নামকরণ উপলক্ষে মহোৎসব করকে। এখানে আমরা দেখতে পাছি, কিতাবে তার দেহের লক্ষণের মাধ্যমে, তার কার্যকলাপের মাধ্যমে এবং শারের ভবিন্ধনানির মাধ্যমে ভগবানের অবতার চেনা যায়। বিশেষ প্রমাণের ছারাই ভগবানের অবতারকে চিনতে হয়, মূর্যদের দ্বীকৃতি অথবা বামখোলীর বলে একজনকে ভগবান বল্পনেই সে ভগবান হয়ে যায় না প্রীটেডনা মহাপ্রভুব আনির্ভাবের পর বলদেশে বহু নকল অবভারের আবির্ভাব হয়েছে, কিন্তু নিরপেক্ষ ভক্ত বা শিক্ষিত মানুহেরা বুবতে গারেন যে, কতকওলি মূর্য লোকের কথায় প্রীটেডনা মহাপ্রভু প্রীকৃষ্ণের অবভার বলে স্বীকৃতি লাভ করেনি। যথার্থ পতিতেরা শান্তপ্রমাণের মাধ্যমে তাকে চিনতে পেরেছিলেন। ধারা প্রীটেডনা মহাপ্রভুকে পরমেন্থর ভগবান বলে স্বীকার করেছিলেন, থারা সাধারণ মানুহ ছিলেন না। প্রথমে তারে পরিচয় নিরপিত হয় নীলাম্বর চক্রবর্তীর মতো তত্ত্বেরা পতিতেরা শান্তামাণের মাধ্যমে এবং পরে শ্রীল কপ গোস্বামী, গ্রীল ক্রীব গোস্বামী প্রমুখ মহান পতিতেরা শান্তামাণের মাধ্যমে থার করেছিলেন ভগবানের অবভার তার জীবনের প্রথম থোকেই ভগবান। এমন নর যে, যোগ অভ্যাস করার ছেলে হঠাৎ কেউ ভগবানের অবভার হয়ে কয়। এই ধরনের অবভারেরা মূর্যদের ম্বারাই পুজিত হয়, কোন বিচক্ষণ মানুহ কখনও তালের স্বীকৃতি সের না।

শ্লোক ১৯ সর্বলোকের করিবে ইই ধারণ, পোষণ । 'বিশ্বস্কর' নাম ইহার,—এই ড' কারণ 1 ১৯ ॥

গ্ৰোকাৰ্থ

'ভবিষ্যতে এই শিশুটি সমস্ত স্থাগথকে স্থাল করবে এবং পালন করবে। ভাই ঠার: নাম বিশ্বস্থার।''

তাৎপর্য

প্রতিতনা-ভাগবতে বর্ণনা করা হয়েছে যে, তার আবির্তাবের ফলে প্রীচৈতনা মহাপ্রভূ সমন্ত জ্বাংকে শান্তি ও সমৃদ্ধিতে পূর্ণ ব্যবেছিলেন, ঠিক যেমন পূর্বে নাবারণ বরাহরূপে এই পৃথিবীকে রক্ষা করেছিলেন যেহেতু প্রীচিতনা মহাপ্রভূ এই কলিবুগা পৃথিবীকে রক্ষা করেছেন এবং পালন করছেন, তাই তার নাম হছেছ বিশ্বস্তর, অর্থাৎ যিনি সমগ্র বিশ্বকে পালন করেন আজ থেকে পালশা বছর আগে প্রীচিতন্য মহাপ্রভূ যে অন্দোলনের সূচনা করেছিলেন, আজ তা সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়েছে এবং তার ফল আমরা সৃশ্পেইভাবে দেখতে গান্তি। এই হরে কৃষ্ণ আন্দোলনের প্রভাবে মানুর বক্ষা পাছেছে, আগ্রয় লাভ করছে এবং পালিত হছে। হাজার হাজার অনুগামী, বিশেষ করে পাশাতোর যুখ-সম্প্রদায় এই হরে কৃষ্ণ আন্দোলনে গ্লেগ পিছে এবং তার যে কড সৃদী ও কড নিরাপন্তা অনুভব করছে, তা বোঝা যায় আমার কছে লেখা তাদের কৃতজ্ঞতাপূর্ণ হাজার হাজার চিঠির মাধ্যমে অবর্থবেদ-সংহিতারও (৩/৩/১৬/৫) বিশ্বস্তর নামটির উপ্লেব রয়েছে—বিশ্বস্তর বিশ্বন্দন মা ভবসা পাহি স্বাহা।

(झॉक २०

গুনি' শচী-মিশ্রের মনে আনন্দ বাড়িল । ব্রাহ্মপ্রাহ্মণী আনি' মহোৎসৰ কৈল ॥ ২০ ॥

ল্লোকার্থ

নীলামর চক্রবর্তীর ভবিবাদশী ওনে শহীয়াতা ও জগরাথ মিশ্রের মনে মহা আমন হল এবং ব্রহমণব্রাক্ষণীদের নিমন্ত্রণ করে এনে তারা মহোৎসব করলেন।

ভাহপর্য

জন্মদিন, বিবাহ-অনুষ্ঠান, নামকরণ-অনুষ্ঠান, হাতেখড়ি প্রভৃতি উপলক্ষে ব্রাহ্মণদের ডেকে এনে মপ্তেৎসব করা একটি বৈদিক প্রথা। সমস্ত উৎসবে প্রথমে ব্রাহ্মণদের ভোজন করানো হয় এবং ব্রাহ্মণের। সন্তই ইন্সে গ্রাহ্মা বৈদিক মন্ত্র বা হরে কৃষ্ণ মহামন্ত্র উচ্চারণ করে অসমীন্দি প্রথম করেন।

লোক ২১

তবে কত দিনে প্রভুর জানু-চংক্রমণ। নানা চমংকার তথা করাইল দর্শন ॥ ২১ ॥

গ্রোকার্থ

ভার কয়েকদিন পর ব্রীটেডনা মহাপ্রভু হামাগুড়ি নিতে গুরু করলেন এবং নামা রক্ষ আশ্বর্ণ বিষয় ধর্শন করাকেনঃ

ভাহপর্য

बैरिक्टमा-जागवर्टात व्यामिश्चालत ४५६६ अधारत वर्गमा कर्ना १८३८६—

बान्-गिक हरम श्रम् भ्रम-मृनमः ।
विदेश किविनी चार्य व्यक्ति परनाइतः ॥
भ्रम निर्णतः प्रवं-श्रमतः विदेशः ।
किवा व्यप्तिः प्रवं-श्रमतः विदेशः ।
किवा व्यप्तिः प्रवं, प्राशः स्वरः, छाष्ट्रं वरतः ॥
किवा व्यप्तिः प्रवं, प्राशः स्वरः, छाष्ट्रं वरतः ॥
विदेशः भर्म श्रम् विद्या शिक्षाः ।
केव्न व्यक्तिः छाषः व्यक्तिः श्रितः ।
केव्न व्यक्तिः छाषः व्यक्तिः ।
कार्य-गर्दः परवं एषिः 'श्रमः, हाम् करतः ।
किवा श्राम्म श्रम् प्रवंतिः छारः प्रवंतनः ।
भिकामानः व्यक्तिः किवा क्रम्मनः ॥
कृतः विवा 'यमकः विन प्रवातः क्रम्मनः ॥
भूनः विवारतः सान्यः विभिन्निम्मनः ॥

ከነባ

শ্ৰোক ২২

ক্রন্দ্রনের ছলে বলাইল হরিনাম । নারী সব 'হরি' বলে.—হাসে গৌরধাম I ২২ II

শ্ৰোকাৰ্থ

जन्मरनद घरन औरित्यना महाशक नमञ्ज नातीरमत निरम रहिनाम कवारमन जनर खेला যখন হরিনাম করছিলেন, তখন মহাপ্রস্ক হাসছিলেন।

कारभर्ग

बैरिक्कन-फाग्वर्कत व्यक्तिपश्चित कर्ज़्य व्यक्तारा। जोरे लीला वर्तमः करत वना स्ट्राय

डावर कार्यम अफ कपमस्माध्य ! इतिनाय समित्य ब्राइन एउन्हर्न ह भरम मरक्छ धरे मरव वृद्धिस्थन । कामित्लाहे हतिनाम मृद्येहे नासन ॥ श्रम्भ (यहे कारम, स्मिहेकरण मातीवाच । **इ**।एक कामि निग्नां करत इतिभाकीर्यन 🛊 ७मिशा नारहम थ्रफ स्कारमञ्ज देशसा । विश्वास मकन-माती अधिकानि करत ह निवयमि भवात यमका दक्तिगम । इत्भ (बामाताम अङ,— एक हैका छान ४

শ্ৰৌক ২৩

তবে কত দিনে কৈল পদ-চংক্রমণ। শিশুগৰে মিলি' কৈল বিবিধ খেলনু ॥ ২৩ ॥

য়োকার্থ

कात करताकप्रिम शह महाश्रक कीत शंग भक्षापन करत हैंग्रिस क्य करतान बना व्यापान শিশুদের সঙ্গে মিলিড হয়ে তিনি বিবিধ খেলা খেলতে লাগলেন।

> হোক ২৪ একদিন শচী খই-সন্দেশ আনিয়া । বাটা ভরি' দিয়া বৈল,—খাও ড' বসিগ্রা ॥ ২৪ ॥

কোকাৰ্ঘ

একদিন মহাপ্রত যথন অন্যানা শিন্তদের সঙ্গে খেলা করছিলেন, তথন শ্চীয়াতা একটি বাটিতে করে বই ও সন্দেশ নিয়ে এনে তাঁকে বসে খেতে বললেন।

শ্লোক ২৫

এত বলি' গোলা শটী গহে কর্ম করিতে । লুকাঞা লাগিলা শিশু মৃত্তিকা খাইতে 🛚 ২৫ ॥

কিন্তু এই বলে শতীয়াতা হখন গৃহকৰ্ম করতে গেলেন, ছখন শিশুটি লকিয়ে লকিয়ে মাটি খোডে কাগালনঃ

শ্রোক ২৬

দেখি' শচী ধাঞা আইলা করি' হায়, হায়'। মাটি কাড়ি' লঞা কৰে 'মাটি কেনে খায়' ৪ ২৬ গ

তা দেখে পরিমাত্য 'হায়, হায়' করতে করতে সেখানে ছুটে এলেন এবং মহাপ্রভুর হাত থেকে মাটি বেশড়ে নিয়ে ভাঁকে জিল্লাসা করলেন, কোম ভিনি মাটি খাছেন।

গ্রোক ২৭

কান্দিয়া বলেন শিশু,--কেনে কর রোষ ৷ তুমি সাটি খহিছে দিলে, খোর কিবা দোষ 11 ২৭ ৪

কাদতে কাদতে শিশু নিমাই তার মাকে জিজাসা করলেন, "মা! ভূমি কেন আমার ওপর রাগ ব্যবহু? তুর্মিই তো আমাকে মাটি খেতে দিলে। তাতে আমার কি দোঘ?

শ্লোক ২৮

ষ্ট-সন্দেশ-অৱ. যতেক—মাটির বিকার 1 এহো মাটি, সেহ মাটি, কি ডেদ-বিচার 🛚 ২৮ গ

/शाकार्स

"ৰবি, সক্ষেপ অৰবা যে কোন খাদ্যদ্ৰবৃট্ট তো মাটির বিকার। এও মাটি, আর সেও মাটি। সূত্রাং ভাষের মধ্যে পার্থক্য কোখায়?

শ্লোক ২৯

মাটি—দেহ, মাটি—ভক্ষা, দেখহ বিচারি' ৷ অবিচারে দেহু দোষ, কি বলিতে পারি য় ১৯ ॥

ক্লেক ২৯]

ाणि ১८

শ্রোকার্থ

থ্রীট্রেডনা-চরিডাম্ড

"এই দেহ হচ্ছে মাটির বিকার এবং খাদাভব্যও মাটির বিকার। এই সম্বন্ধে দল্লা করে একটু বিচার করে দেখ**া কোন রকম বিচার না করে**ই ভূমি আমাকে দোব দিছে। সভরাং আমি আর কি বলতে পারি "

वि इतक् भाषानानीत्वत पर्यन, वास्य मन किन्नुक्ये क्रम नक्ष भाग क्रा दस। प्राटन श्रासाजनकानि यथा—आश्रत, निद्या, ७३ ७ रेअपून श्रादमार्थिक कीवरन मण्लूर्य निष्यातावन। কেউ যক্ষা চিন্মা স্তরে উরীত হন, তখন আরু দেহের প্রয়োগনতলি থাকে না, আর দেহকেন্দ্রিক যে সমন্ত কার্যকলাপ, ভাতে পারমার্থিক বিচার থাকে না। পক্ষান্তরে, তত বেশি কৰে খাওয়া হয়, মুমানো হয়, মৈথুন করা হয় এবং আত্মরক্ষা করা হয়, ততই বেশি করে জন্ত-জাগতিক কার্যকলালে মানুখ ভিগ্ন হয়ে পড়ে। দুর্ভাগাবদত, মানাবাদীরা ভগবন্তুভিবে দেহের কার্যকলাপ বলে মনে করে। তারা ভগলদ্গীতার (১৪/২৬) সরল বিশ্লোধনটি হান্যাক্ষম করতে লারে লা---

मार ह व्याधनाविकासम् छक्तिरगारशंन स्मवटक । म जनाम मध्येरिकालाम उक्तप्रवाद क्यांक ह

"কেউ एक निकासভাবে ভণ্ডি সহকারে ভগবানের সেবা করেন, তৎক্ষণৎ তিনি চিখায় ন্তরে উর্নীত হন এবং ওখন তার সমস্ত কার্যকলাপই চিত্রর বা অপ্রাক্ত।" এপানে প্রকান্তবার বলতে প্রকান্তত (চিন্ময়) কার্যকলাপের কথা বলা হয়েছে। সামাবাদীনা ধনিও व्यक्त(आफित्ड जीन १८॥ भावतार कना जडाड छैरमुक शा, ७५७ छ।एन कार्यकरान প্রশান্তর নাম তাদের মতে ব্রশান্তত কার্যকলাপ হচ্ছে বেদান্তপতি ও সাংবা-দর্শনের धारमाध्या किन्न धारम्ब (अदे विषयुक्त विस्तागमध्यम इर्फ्य नीयम कक्षमा कक्षमा माउँ। কেবলয়াত্র বেদাও এথকা সাংখ্যদর্শন আলোচনা কবে ভারে দীর্ঘকাল সেই স্তরে থাকতে পারে না, কেন না ভাতে চিম্মা বৈচিতা নেই।

জীবনের উদ্দেশ্য হচ্ছে বৈচিত্রাপূর্ব আনন্দ উপভোগ করা। জীব স্বাভানিক ভাবেই धानम btil (भरे कथा *(वमासभूदा* (১/১/১২) येन। इरग्रह्—*धानम्प्रारवाश्चामा*र। ভাবস্কৃতিতে সমন্ত কার্যকলাপ বৈচিত্রাপূর্ণ ও আনন্দম্য। সেই সম্বন্ধে ভগকদ্যীতায় (১ ২) বলা হয়েছে—সমস্ত বৰুমেৰ ভগৰম্ভক্তি অভ্যন্ত সহজ্ঞসাধা (সুসুখং কর্তুম) এবং ১) নিতা ও চিনায় (*অবায়ম*) নেহেক মায়াবালীরা সেই কথা বুবাতে পারে না, ভাই छाता घटन करत या जन्माना कार्यकलान (अनगर कीर्जनर विस्तार व्यवगर नामस्मवनम् প্রভৃতি, ৯৬ এবং সেত্রেড তা মায়। তাবা মনে করে যে, এই জগতে কৃষ্ণের অবতরণ এবং তাঁর লীলাবিলাসও মাধা। সূত্রাং, যেহেতু তারা সব কিছুকে মায়া ধলে মনে করে, তটি ভাগেৰকে মায়াবাদী বলা হয়

প্রকৃতপক্ষে, সদগুরুর নির্দেশ অনুসারে ভগবানের সন্তুষ্টি বিধানের জন্য সম্পাদিত সমস্তু কার্যকল্পেই চিন্মে কিন্তু যে মানুষ গুরুর নির্দেশ থংবঞ্জা করে নিজের খেয়ালখুশি

এ কার্য করে এবং মনে করে বে, ভার অর্থহীন কার্য কলাপগুলি পার্যার্থিক, সেটি ্রমায়া সদগুরুর কুপার মাধ্যমে পরমেশ্বর ভগবানের কুপা লাভ করতে হয়। ভাই ্রেগনে ওক্তনেবের সন্তুষ্টি বিধান করতে হয় এবং তিনি প্রসন্ন হলে, পর্মেশন্ত ভগবানও ্রু হয়েছেল বলে বুঝতে হবে, বিদ্ধ ৬এনের যদি আমাদের ক্রিয়াকলালে অপ্রসর এ হলে সেই সমস্ত ক্রিয়া চিত্তরে নাম্প্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুব সেই সম্বন্ধে গঙ্গে-- বস্যু প্রসাদানভগবংপ্রসাদো বস্যাপ্রসাদায় গতিঃ কুতাহলি যে সমস্ত ার্যকলাপ ওরুদেবের সন্তুষ্টি বিধান করে তা অবশাই চিখায় এবং বৃথতে হবে যে, সেই সমস্ত কার্যকলাপ ভগবানের সত্তম্ভি বিধান করে

